BANGLADESH JOURNAL OF POLITICAL ECONOMY

Bangladesh Economic Association

BANGLADESH JOURNAL OF POLITICAL ECONOMY

Vol. 8 No. 1 June, 1988

MUHIUDDIN KHAN ALAMGIR
WAHIDUDDIN MAHMUD
Editors

JUNE 1988

Editorial Advisory Board

1. Prof. Akhlaqur Rahman
2. Prof. S.A. Latifur Reza
3. Prof. Ayubur Rahman Bhuiyan
4. Prof. Solaiman Mandal
5. Prof. M.A. Hamid
6. Prof. Sekander Khan
7. Prof. Ataul Huq
8. Prof. Raihan Sharif
9. Dr. Amirul Islam
10. Mr. Abu Ahmed Abdullah

Editorial Board

1. Chairman — Prof. Rehman Sobhan
2. Executive Editors — Dr. Muhiuddin Khan Alamgir, Dr. Wahiduddin Mahmud
3. Asstt. Executive Editors — Dr. S.M. Hashemi, Mr. Anu Muhammad
4. Publication Editor — Dr. Atiur Rahman
5. Business Editors — Dr. Moinul Islam, Mr. Abdus Sattar Bhuiyan
6. Book Review Editor — Prof. Muzaffer Ahmad
7. Communication Editor — Dr. A. T.M. Zahurul Huq

Copy Editor for this Volume was Dr. Nazmul Bari.

THE BANGLADESH JOURNAL OF POLITICAL ECONOMY

Vol. 8 No. 1

২০০০ সালের বাংলাদেশ

১। ২০০০ সালের বাংলাদেশ ঃ মুশাররফ হোসেন সেলিম জাহান ১

২। ২০০০ সালের বাংলাদেশ— একটি প্রত্যুত্তর ঃ এম, সাইদুজ্জামান ৩৬

DEVELOPMENT STRATEGY FOR NORTH-WEST BANGLADESH

৩। বাংলাদেশে পল্লী উন্নয়ন কৌশল ও দারিদ্র নিরসন ঃ এম, এ, হামিদ ৪৬

৪। উত্তর-পশ্চিম বাংলাদেশের প্রেক্ষিতে শিক্ষা উন্নয়নে আঞ্চলিক বৈষম্য— একটি অর্থনৈতিক বিশ্লেষণ ঃ শাহ্ মুহাম্মদ হাবীবুর রহমান মুহম্মদ রফিকুল ইসলাম ৬৭

5. Problems and Prospects of Small and Cottage Industries in North-West Bangladesh— A Case Study of Brass and Bell Metal Industry : M. Azhar-ud-din 78

6. Fragile Profile of Energy Balance in the Western Zone of Bangladesh : M. Solaiman Mandal 86

7 Desertification, Declining Underground Water Level and Crop Production Strategy for Barendra Region of Bangladesh : Ataul Huq Ali Ashraf 94

8.	Regional Differences in Factor Substitution in Bangladesh : An Econo-metric Study	:	Tariq S. Islam M. Ismail Hossain Ahsanul Habib	102
9.	Industrialisation in North-West Region of Bangladesh : Need and Strategies for Balanced Regional Industrial Development	:	A. M. Mosharraf Hossain	107

KARL MARX, JOSEPH SCHUMPETER, J. M. KEYNES

10.	Karl Marx and His Analysis of Capitalism— Some A-Posteriori Reflections	:	Md. Nazrul Islam	113
11.	The Transition from Capitalism to Socialism : The Schumpeterian Version	:	Abu Ahmed Abdullah	144
১২।	শতবর্ষে শ্রদ্ধাঞ্জলী ঃ লর্ড জন মেনার্ড কেইন্স	ঃ	মোজাফফর আহমদ	১৬১

ECONOMIC AND MANAGEMENT PROBLEMS OF DEVELOPMENT BANKING

13.	Central Banking, Monetary Management and Related Issues with Special Reference to Bangladesh Experience	:	A. M. A. Rahim Mohammad Sohrab Uddin	182
14.	Aspects of Development Finance Institutions in Bangladesh	:	A. M. M. Shawkat Ali Nazmul Bari A. B. M. Siddique A. K. M. Shameem	205
15.	Role of Commercial Banks in Economic Developm-ent— Bangladesh Experience	:	Mohammad Hossain	228
16.	Public Enterprises and the Financial System in Bangladesh	:	Muhiuddin Khan Alamgir	255

BANGLADESH ECONOMIC ASSOCIATION, 1988

* Bangladesh Journal of Political Economy is published by the Bangladesh Economic Association. Mailing address: Bangladesh Economic Association, C/O Department of Economics, University of Dhaka, Dhaka-2.

* The price of this volume is Taka 100.00 (domestic) and US $ 10.00 (foreign). Correspondence for subscription may be sent to the Business Editor, Bangladesh Journal of Political Economy, C/O Department of Economics, University of Dhaka, Dhaka-2.

* No responsibility for the views expressed by authors in the Bangladesh Journal of Political Economy is assumed by the Editors or Publisher.

President
Prof. Muzaffer Ahmad

Vice-Presidents
Dr. Muhiuddin Khan Alamgir
Prof. Sekander Khan
Mr. M. L. Rahman
Mr. Abu Ahmed Abdullah
Mr. Shah Md. Habibur Rahman

General Secretary
Dr. Atiur Rahman

Treasurer
Mr. A.H.M. Mahbubul Alam

Joint Secretary
Mr. Md. Abdur Rab

Assistant Secretaries
Mr. A. K. M. Shameem
Mr. Zasheemuddin Ahmed

Members
Mr. Md. Akhtaruzzaman
Dr. Abdul Ghafur
Mr. Md. Siraz Uddin Miah
Mr. M.A. Sattar Bhuiyan
Dr. Md. Azhar ud-Din
Mr. Md Anisur Rahman
Ms. Fazilatun Nessa
Mr. Mushiur Rahman
Dr. Kh. Mustahidur Rahman
Mr. Nityananda Chakravorty
Ms. Fatema Zahora

২০০০ সালের বাংলাদেশ

২০০০ সালের বাংলাদেশ

মুশাররফ হোসেন *

সেলিম জাহান **

ভূমিকা

গত কয়েক দশক ধরে বাংলাদেশের সমাজ ও অর্থনীতির সরকারী নীতি ও গৃহীত ব্যবস্থা সমূহ ও বৈদেশিক সাহায্যের কাঠামো বিশ্লেষণ করলে দেখা যাবে যে এ দেশের বৃহত্তর অংশ বিশেষতঃ গ্রামাঞ্চলের উন্নয়ন প্রক্রিয়ায় কোন সাবিক গতিশীলতা অর্জিত হয়নি । অন্যদিকে এটা বিশ্বাস করার মত যথেষ্ট যৌক্তিকতা রয়েছে যে গ্রামাঞ্চলের বেশীর ভাগ লোকের জীবনযাত্রার মানের কোন উল্লেখযোগ্য উন্নতি হয়নি । বরং গ্রাম বাংলায় অনপেক্ষ ও আপেক্ষিক দারিদ্র্যের আপাতন অনেক বেড়ে গেছে এবং ষাটের দশকে সাধারণ মানুষের যে অবস্থা ছিল তার দ্রুত অবনতি ঘটেছে । রাজনৈতিক দিক থেকে স্বাধীনতার সময়ে অধিষ্ঠিত সরকারের যে রাজনৈতিক ও অর্থনৈতিক দর্শন ছিল, পরবর্তীকালে সম্পূর্ণ ভিন্ন রাজনৈতিক ও অর্থনৈতিক দর্শন সম্পন্ন সরকার ক্ষমতায় এসেছে এবং বর্তমানে যে সরকার রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত , তাদের রাষ্ট্রক্ষমতার উৎস, ধ্যান-ধারণা, নীতি ও আদর্শ স্বাধীনতার অব্যবহিত পরের সরকার থেকে সম্পূর্ণ ভিন্নমুখী । সামাজিক দিক থেকে পুরো সমাজ একটি অস্থির সময়ের মধ্যদিয়ে যাচ্ছে, যেখানে সামাজিক মূল্যবোধের অবক্ষয় প্রকট, গ্রাম-শহরের মধ্যে এবং বিভিন্ন সামাজিক শ্রেণীর মধ্যে সুযোগ ও সম্পদের মেরুকরণ দ্রুত বাড়ছে, পরিবারের সংগঠন ও সমাজে নারীর অবস্থান পাল্টাচ্ছে। আন্তর্জাতিক দিক থেকে বহির্বিশ্বের প্রেক্ষাপট বদলাচ্ছে এবং সে পরিপ্রেক্ষিতে বাইরের বিশ্ব বিশেষ করে দক্ষিণ এশিয়া, তৃতীয় বিশ্ব এবং আমাদের প্রতিবেশীদের তুলনায় আমাদের আপেক্ষিক অবস্থান এবং আমাদের বর্হিসম্পর্কের পরিবর্তন ঘটছে ।

এই প্রেক্ষাপটের প্রেক্ষিতে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে এ শতাব্দীর শেষ নাগাদ এই দেশ, সমাজ ও অর্থনীতির রূপরেখা কি হবে, কেমন হবে ২০০০ সালের বাংলাদেশের চিত্র ? প্রশ্নটির গুরুত্ব হচ্ছে যে এর উত্তরই নির্ধারণ করে দেবে আমাদের আগামী

---

* অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ।

** সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ।

প্রজন্মের মানুষের জীবন, পরবর্তী শতাব্দীতে এ দেশের সমাজ কাঠামো এবং ভবিষ্যৎ অর্থনীতির গতিময়তা। এক কথায় এ প্রশ্নের উত্তর চিহ্নিত করবে আমাদের পুরো ভবিষ্যৎ। কিন্তু এ প্রশ্নের জবাব দিতে হলে পুরো দেশ, সমাজ ও অর্থনীতি সম্পর্কে একটি ভবিষ্যৎ প্রক্ষেপণ করতে হবে। বর্তমান প্রবন্ধের মূল উদ্দেশ্য এটাই। যে বিশ্লেষণ প্রক্রিয়ার ভিত্তিতে এ প্রক্ষেপণ করা হয়েছে তা প্রবন্ধের পরবর্তী অংশে বর্ণিত হয়েছে। তবে সাধারণভাবে বলতে গেলে প্রক্ষেপণটিকে দু'টো অংশে ভাগ করা হয়েছে। প্রথম অংশে বহির্বিশ্ব ও তার পরিপ্রেক্ষিতে বাংলাদেশরে অবস্থান, এ দেশের রাজনৈতিক কাঠামো, সামাজিক সংগঠন ইত্যাদি বিষয়ের ভবিষ্যত রূপরেখা সম্পর্কে একটি চিত্র তুলে ধরা হয়েছে। দ্বিতীয় অংশে এ বৃহত্তর পটভূমির প্রেক্ষিতে এ দেশের অর্থনীতি সম্পর্কে একটি প্রক্ষেপণ গড়ে তোলা হয়েছে। এখানে উল্লেখ্য যে এই দ্বিতীয় ক্ষেত্রে বিভিন্ন সরকারী ও আন্তর্জাতিক সংস্থা যেমনঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিকল্পনা কমিশন ও বিশ্বব্যাংকের নিজস্ব প্রক্ষেপণ রয়েছে। অর্থনৈতিক ক্ষেত্রে এ সব সংস্থার প্রক্ষেপণের সঙ্গে আমাদের প্রক্ষেপণের একটি তুলনামূলক আলোচনায় আমরা প্রয়াসী হব। যে বিশ্লেষণ প্রক্রিয়ার ভিত্তিতে এ পুরো প্রক্ষেপণ গড়ে তোলা হয়েছে, তার নানা সীমাবদ্ধতা আছে, যে সব সীমাবদ্ধতা প্রবন্ধের পরবর্তী অংশে আলোচিত হয়েছে। কিন্তু সে সব সীমাবদ্ধতা সত্ত্বেও আমরা এ ধরণের উদ্যোগে ব্রতী হয়েছি প্রধানতঃ দু'টো কারণে, প্রথমতঃ এ সীমিত আঙ্গিকের প্রক্ষেপণের সাহায্যে ভবিষ্যতে এ দেশের সামগ্রিক অবস্থা কি হতে পারে সে ব্যাপারে আমরা পরিপূর্ণভাবে সুষ্ঠু না হলেও একটি প্রয়োজনীয় ইঙ্গিতবহ চিত্র আমাদের সামনে পাব যা আমাদের বর্তমান ও ভবিষ্যতের সঙ্কটকে তুলে ধরতে যথেষ্ঠ। সেই সঙ্গে সঙ্গে এ ধরণের চিত্র বর্তমান ও ভবিষ্যতের প্রয়োজনীয় ব্যবস্থা ও নীতি গ্রহণের জন্য যথাযথ দিকনির্দেশ করতে সহায়ক হবে।

উপস্থাপনের বিন্যাসের দিক থেকে বর্তমান প্রবন্ধটিকে চারটি অংশে ভাগ করা হয়েছে। প্রথম অংশে বর্তমান প্রবন্ধে ব্যবহৃত বিশ্লেষণ প্রক্রিয়াটি আলোচিত হয়েছে। দ্বিতীয় অংশে ২০০০ সাল নাগাদ বাংলাদেশের অর্থনৈতিক সম্পৃক্ত নানা দিকের একটি ভবিষ্যৎ রূপরেখা দেয়ার প্রয়াস পাওয়া হয়েছে। এ অনুগামী অংশে এ দেশের ভবিষ্যৎ অর্থনীতি সম্পর্কে একটি প্রক্ষেপণ গড়ে তোলা হয়েছে। উপসংহারমূলক কিছু মন্তব্যের মাধ্যমে প্রবন্ধটি শেষ করা হয়েছে।

বিশ্লেষণ প্রক্রিয়া

যে প্রশ্নটি এ প্রবন্ধে উত্থাপিত হয়েছে, তা গুরুত্বপূর্ণ হলেও তার সুনিশ্চিত একটি উত্তর দেয়া বেশ কঠিন। আগেই উল্লেখিত হয়েছে এ জাতীয় উত্তরের জন্য পুরো দেশ, সমাজ ও অর্থনীতি সম্পর্কে একটি ভবিষ্যৎ প্রক্ষেপণ প্রয়োজন। এ জাতীয় প্রক্ষেপণে দু'টো মৌলিক অসুবিধে বিদ্যমান। প্রথমতঃ যে কোন বিষয়ের ওপর নির্ভুল ভবিষ্যৎ প্রক্ষেপণ করতে হলে সে বিষয়ের ভবিষ্যৎ গতিধারা সম্পর্কে নিশ্চিত হতে হবে। কিন্তু এ জাতীয় প্রজ্ঞা মানুষের কাছ থেকে আশা করা যায় না। অনেক সময় মনে করা হয় যে এ ব্যাপারে বিষয়টির অতীত প্রবণতা তার ভবিষ্যৎ প্রক্ষেপণের ক্ষেত্রে সহায়ক হতে পারে। এটাও পুরোপুরি সত্য নয়। কারণ ভবিষ্যৎ অতীতের অভিন্ন প্রতিচ্ছায়া নয়। ভবিষ্যতের নিজস্ব কিছু উপাদান থাকবে যার প্রতিরূপ হয়তো অতীতে ছিল না। সে

ক্ষেত্রে কোন বিষয়ের অতীত প্রবণতা তার ভবিষ্যৎ প্রক্ষেপণে সীমিত অবদানই রাখতে পারে মাত্র । দ্বিতীয়তঃ অর্থনৈতিক, সামাজিক কিংবা রাজনৈতিক যে কোন প্রক্ষেপণের ক্ষেত্রেই যে বিষয়ে প্রক্ষেপণ করা হয়, তার নানান দিক ও মাত্রিকতা থাকে । এ সব দিক বা মাত্রিকতার মিশ্রক্রিয়ার ফলে বিষয়টির গতিধারা বেশ জটিল হয়ে ওঠে । এ ছাড়াও এ গতিধারা সম্পর্কে নিশ্চিত হতে হলে এর সঙ্গে সম্পর্কিত অথবা একে প্রভাবিত করতে পারে বিষয়সমূহ সম্পর্কে ভবিষ্যতের নির্ভুল তথ্য থাকতে হবে । এ পুরো ব্যাপারটি অসম্ভব প্রায় । এ দু'টো মৌলিক অসুবিধের কারণে রাজনৈতিক, সামাজিক বা অর্থনৈতিক প্রক্ষেপণের ক্ষেত্রে পুরো বিষয়টির ভবিষ্যৎ গতিধারা চিহ্নিত করা যায় না, বরং প্রতিটি ক্ষেত্রে নির্বাচিত কিছু সূচকের মধ্যে সংশ্লিষ্ট প্রক্ষেপণটি সীমাবদ্ধ রাখা হয় । সংশ্লিষ্ট ক্ষেত্রের ভবিষ্যৎ রূপরেখা নির্ধারণে আপেক্ষিক গুরুত্বের ভিত্তিতেই এ সূচকগুলো নির্বাচন করা হয় ।

বাংলাদেশের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ভবিষ্যৎ প্রক্ষেপণে উপরোল্লেখিত মৌলিক অসুবিধেগুলো ছাড়াও আরও দু'টো বিশেষ সমস্যা বর্তমান । প্রথমতঃ সংশ্লিষ্ট বিভিন্ন সূচকের ওপর বিশ্বাসযোগ্য উপাত্তের অনুপস্থিতি এবং দ্বিতীয়তঃ বেশীর ভাগ সূচকের ক্ষেত্রে কোন সঙ্গতিপূর্ণ অতীত প্রবণতা নেই যা ভবিষ্যৎ প্রক্ষেপণে কিছুটা সহায়ক হতে পারে । দেয় এ অবস্থার পরিপ্রেক্ষিতে বর্তমান প্রবন্ধের প্রক্ষেপণে নিম্নোক্ত বিশ্লেষণ প্রক্রিয়া ব্যবহৃত হবে । বাংলাদেশের অর্থনৈতিক সম্পৃক্ত দিকগুলোর ভবিষ্যৎ রূপরেখা নির্ণয়ে আমরা পরিমাণগত প্রক্ষেপণের পরিবর্তে গুণগত পরিবর্তন চিহ্নিত করতে প্রয়াসী হব । এর কারণ অত্যন্ত সরল । দেশের রাজনৈতিক বা সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে গুণগত পরিবর্তনই নির্দেশ করা সম্ভব তার পরিমাণগত পরিমাপ দুরূহ । এ পটভূমির পরিপ্রেক্ষিতে অবশ্য নির্বাচিত অর্থনৈতিক সূচকগুলোর ভবিষ্যৎ পরিমাণগত অবস্থা প্রক্ষেপিত হবে । সে প্রক্ষেপণের মূল ভিত্তি হবে ঐসব সূচকের অতীত ও বর্তমান প্রবণতা । এ ভিত্তি বাস্তব অবস্থার অতি-সরলীকরণ বলে মনে হতে পারে তবে প্রচলিত অবস্থার পরিপ্রেক্ষিতে তা সম্পূর্ণভাবে অনুমোদন যোগ্য । কারণ এ ন্যূনতম সহজ অনুমান সত্ত্বেও বাংলাদেশ অর্থনীতির ভবিষ্যত রূপরেখার সঙ্কটজনক অবস্থা সম্পর্কে একটি পরিষ্কার ধারণা দিতে বর্তমান প্রক্ষেপণ যথেষ্ট পরিমাণে সক্ষম ।

২০০০ সালের বাংলাদেশ—আন্তর্জাতিক, রাজনৈতিক ও সামাজিক প্রেক্ষাপট

প্রবন্ধের বর্তমান অংশে এ শতাব্দীর শেষ নাগাদ বাংলাদেশের আন্তর্জাতিক, রাজনৈতিক ও সামাজিক অঙ্গনে কতগুলো নির্বাচিত বিষয়ের ভবিষ্যৎ রূপরেখা প্রণয়নে আমরা প্রয়াসী হব । এখানে উল্লেখ্য যে, এ সমস্ত সূচকগুলো এ সব ক্ষেত্রের সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করে এবং সে প্রেক্ষিতে তারা অর্থনৈতিক উন্নয়নকেও প্রভাবিত করে । সুতরাং অর্থনৈতিক অগ্রগতির ধারার সঙ্গে সংশ্লিষ্ট হয়ে তারাই নির্ধারণ করবে কি হবে ২০০০ সালের বাংলাদেশের প্রতিকৃতি ।

বাংলাদেশের ইতিহাসের দিকে তাকালে আমরা দেখতে পাই বৃটিশ ঔপনিবেশিক শাসনের আগে এ দেশের মূল ভিত্তি ছিল 'স্ব-নির্ভর গ্রামীণ অর্থনীতি' যেখানে প্রতিটি গ্রাম আর্থ-সামাজিক দিক থেকে স্বয়ংসম্পূর্ণ ছিল এবং যেখানে সকল অর্থনৈতিক ও সামাজিক ক্রিয়াকাণ্ড স্থানীয় চাহিদা পূরণের কাজেই প্রধানতঃ পরিচালিত হত । সরকার

কর্তৃক নির্ধারিত হারে কৃষকেরা কর দিত যা স্থানীয় জমিদারেরা সংগ্রহ করত। তখনকার পুরো অবস্থাটাই ছিল স্থবির একটি প্রসারণ অবস্থার। বৃটিশ শাসনামলে বাংলাদেশের বিশেষ করে গ্রাম-বাংলার আর্থ-সামাজিক জীবনে বিরাট একটি পরিবর্তন ঘটে এবং তিনটি কারণ এ পরিবর্তনের জন্য দায়ী। প্রথমতঃ ঔপনিবেশিক শাসকেরা স্থানীয় জনগণের প্রধান খাদ্যসামগ্রী উৎপাদনের পরিবর্তে কেন্দ্রে স্বার্থে রপ্তানীযোগ্য দ্রব্য উৎপাদনে স্থানীয় কৃষকদের বাধ্য করেছিল; দ্বিতীয়তঃ শিল্প-বিপ্লব এবং কলে-কারখানায় স্বল্প ব্যয়ে প্রস্তুত জিনিসপত্রের সঙ্গে স্থানীয় কুটির শিল্প প্রতিযোগিতায় টিকে থাকতে পারছিল না, যার ফলে ঐ সব শিল্প ধ্ব ংস হয়ে যাচ্ছিল এবং তৃতীয়তঃ কর সংগ্রহের ব্যবস্থায় বিরাট পরিবর্তন আনা হয় যার উদ্দেশ্য ছিল বৃটিশ সরকারের জন্য যতদূর সম্ভব সর্বোচ্চ পরিমাণ অর্থ সংগ্রহ। এর মধ্যে প্রথম দু'টো কারণের মূলে রয়েছে ঔপনিবেশিক শাসনের ফলে কেন্দ্রের সঙ্গে এদেশের স্বয়ংসম্পূর্ণ গ্রামীণ অর্থনীতির সম্পৃক্তকরণ। এ সকল প্রক্রিয়ার ফলে এদেশের গ্রামীণ অর্থনীতিতে ক্রমে ক্রমে দারিদ্র্যের পদধ্ব নি প্রকট হয়ে ওঠে।

গ্রামীণ এলাকায় যে জমিদার শ্রেণী ছিল তাদের উদ্বৃত্ত-ভোগী শ্রেণী বলে আখ্যায়িত করা যেতে পারে। কারণ, বৃটিশ শাসকদের তারা যে কর দেবে তা চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে একটি নির্দিষ্ট অংকে স্থির করে দেয়া হয়, অথচ কৃষকদের কাছ থেকে কত কর আদায় করবে তার কোন স্থিরকৃত সীমা ছিল না। ফলে উৎপাদন-প্রক্রিয়ায় নিজেরা অংশ গ্রহণের বদলে কৃষকদের কাছ থেকে কর সংগ্রহ জমিদারদের জন্য অনেক লাভজনক হত এবং এটা একটা শোষণের প্রক্রিয়া তৈরী করে দেয়। শহর এলাকায় বৃটিশ শাসনের সহযোগিতা করার জন্য একটি সহযোগী আমলা শ্রেণী এবং তাদের ব্যবসা-বাণিজ্যে সাহায্য করার জন্য একটি স্থানীয় মুৎসুদ্দী শ্রেণী গড়ে ওঠে।

এই আমলা শ্রেণীর স্বাধীন বিকাশ এবং এই মুৎসুদ্দী শ্রেণীকে একটি জাতীয় বুর্জোয়া পুঁজিপতি শ্রেণীতে পরিণত করার প্রয়াসেই পরবর্তীকালে ভারতীয় জাতীয়তাবাদী আন্দোলনের সূত্রপাত। এই বৃহত্তর পটভূমির একটি ছোট খাতে প্রবাহিত হচ্ছিল 'পাকিস্তান আন্দোলন' যার ভিত্তি ছিল মুসলিম আমলা ও সুপ্ত মুসলিম পুঁজি যারা বৃহত্তর ভারতীয় প্রেক্ষিতে হিন্দু আমলা ও হিন্দু পুঁজিপতিদের সঙ্গে প্রতিযোগিতায় দ্রুত অগ্রসর হতে পারছিল না। সুতরাং তাদের প্রয়োজন ছিল একটি আলাদা রাষ্ট্র কাঠামোর। ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠার পরে এ দেশে আমলা শ্রেণী ও জাতীয় বুর্জোয়া পুঁজির বিকাশে মূল ভূমিকা পালন করে অবাঙ্গালীরা। কেন্দ্রীয় শাসনযন্ত্রেও তাদের ভূমিকাই ছিল মুখ্য। ফলে রাষ্ট্রযন্ত্রও বুর্জোয়া শ্রেণীর রক্ষক হিসেবে কাজ করছিল এবং তাদের শ্রীবৃদ্ধিতে সম্ভাব্য সব রকমের সহায়ক ভূমিকা পালন করছিল। এই বুর্জোয়া শ্রেণীর এবং কেন্দ্রীয় রাষ্ট্রযন্ত্রের ক্রিয়াকাণ্ডের মূল কেন্দ্র ছিল পশ্চিম পাকিস্তান এবং জাতিগত দিক থেকে তারা ছিল অবাঙ্গালী। সুতরাং স্বাভাবিকভাবেই তারা বাংলাদেশের প্রতি একটি ঔপনিবেশসুলভ মনোভাব গড়ে তুলেছিল, যার ফলশ্রুতিতে বাংলাদেশ নানান ক্ষেত্রে বিভিন্ন উপায়ে শোষিত হচ্ছিল। তবে এ কথাও সত্য যে, এই পাকিস্তানী আমলা ও পুঁজিপতি শ্রেণীর কনিষ্ঠ সহযোগী হিসেবে একটি ক্ষুদ্রকায় বাঙ্গালী আমলা ও পাতি-পুঁজিপতি শ্রেণী এদেশে গড়ে উঠেছিল। তবে যে শ্রেণীটির উদ্ভব পরবর্তী সময়ে

বাংলাদেশের ঘটনা প্রবাহকে সবচাইতে বেশী প্রভাবান্বিত করেছিল তা হচ্ছে একটি শিক্ষিত মধ্যবিত্ত বাঙ্গালী শ্রেণী । এখানে অবশ্য উল্লেখ্য যে এই সমস্ত শ্রেণীর উদ্ভব ও বিকাশ ছিল শহর-কেন্দ্রিক । গ্রাম-বাংলায় যদিও ১৯৫০ সালে জমিদারী প্রথার বিলোপ সাধন করা হয় এবং ষাটের দশকে গ্রামীণ অবকাঠামো গড়ে তোলার জন্য সরকারী বিনিয়োগ বৃদ্ধি পায়, তবু কৃষি-পণ্যের মূল্য আপেক্ষিকভাবে কম হওয়ায় এবং ব্যবসা ও টাকা ধার দেয়ায় আপেক্ষিক লাভ বেশী হওয়ায় বৃহৎ জোতদার বা বড় চাষীরা নিজেরা কৃষি উৎপাদনে অংশ গ্রহণ কিংবা কৃষি উৎপাদনে বিনিয়োগকে লাভজনক মনে করত না । আর সত্যিকার ভাবে, কৃষি উৎপাদনে বিনিয়োগের আগাম বর্গাদারের কাছ থেকে যে উদ্বৃত্ত পাওয়া যেত, তার চাইতে কম ছিল । সুতরাং জমি ক্রয় করাটা কৃষিতে উৎপাদনশীলতা বাড়ানোর চাইতে বেশী লাভজনক ছিল । ফলে বৃহৎ জোতদারদের জমির পরিমাণ বেড়ে যাচ্ছিল এবং এর ফলশ্রুতিতে প্রান্তিক চাষী বা ভূমিহীন চাষীর সংখ্যাও বৃদ্ধি পাচ্ছিল । এ প্রক্রিয়ায় সরকারী নীতিমালা সব সময়েই বৃহৎ চাষীদের সহায়ক ছিল । ফলে গ্রামীণ অর্থনীতিতে মেরুকরণ অত্যন্ত দ্রুতগতিতে এগুচ্ছিল এবং বেড়ে যাচ্ছিল গ্রামীণ দারিদ্র্যের আপাতন ।

পঞ্চাশ দশকের মাঝামাঝি সময় থেকে বোঝা যাচ্ছিল যে পাকিস্তানী রাষ্ট্র কাঠামোর মধ্যে বাঙ্গালী জাতির জাতিগত স্বকীয়তা, রাজনৈতিক স্বায়ত্ব-শাসন, অর্থনৈতিক নিরাপত্তা ও অগ্রগতি সম্ভব নয় । সুতরাং ধীরে ধীরে বিভিন্ন আন্দোলনের মাধ্যমে বাঙ্গালী জাতীয়তাবাদের জন্ম এবং ১৯৭১ সালে বাঙ্গালী জাতি আরেকবার নিজস্ব রাষ্ট্রকাঠামো গড়ে তোলার জন্য চূড়ান্ত সংগ্রামে লিপ্ত হয়, যার ফলশ্রুতিতে ১৯৭১ সালে জন্ম হয় স্বাধীন সার্বভৌম বাংলাদেশের ।

আন্তর্জাতিক প্রেক্ষাপট

বর্তমান বিশ্বের আন্তর্জাতিক প্রেক্ষাপটে বাংলাদেশের অবস্থিতি ঐতিহাসিকভাবে দু'টো বিষয় দ্বারা নির্ণীত হয়েছে— প্রথমতঃ বহির্বিশ্বের পরিবর্তন এবং দ্বিতীয়তঃ বাংলাদেশর বৈদেশিক নীতি । এখানে এটা অবশ্য নির্দ্বিধায় বলা যায় যে, এ ব্যাপারে দ্বিতীয় কারণটি প্রধান ভূমিকা নিয়েছে । আমাদের স্বাধীনতা সংগ্রামে ভারত ও সমাজতান্ত্রিক বিশ্ব যে ইতিবাচক ভূমিকা রেখেছিল এবং মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন সরকার যে বৈরীভাব পোষণ করেছিল তা সর্বজনবিদিত । স্বাধীনতার পর রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত সরকার ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রকে অন্যতম দু'টো রাষ্ট্রীয় মৌল আদর্শ বলে ঘোষণা করে । সুতরাং সে সময়ে আমাদের বৈদেশিক নীতি ছিল জোট নিরপেক্ষ, বিপদের বন্ধু বিশেষতঃ ভারত ও সমাজতান্ত্রিক বিশ্বের সঙ্গে সহমর্মিতা এবং স্বাধীন একটি পররাষ্ট্রনীতির অনুসরণ। ধ্ব ংসপ্রাপ্ত বাংলাদেশ অর্থনীতির পুনর্বাসন ও পুনর্গঠনের জন্য বহির্বিশ্বের বিভিন্ন উৎস থেকে বিপুল পরিমাণে বৈদেশিক সাহায্য আসে, কিন্তু তার বেশীর ভাগই ছিল মানবিক কারণপ্রসূত এবং সে কারণে শর্তহীন । কিন্তু বাংলাদেশ অর্থনীতিকে একটি শক্ত ভিত্তির ওপর দাঁড় করানোর আগেই বহিঃবিশ্বের তৎকালীন ঘটনা প্রবাহ আমাদের অর্থনীতির ওপর বিরূপ প্রতিক্রিয়া হানে । সেটি হচ্ছে ১৯৭৪ সালে আন্তর্জাতিক বাজারে খাদ্য শস্য, জ্বালানী তেলের মূল্যবৃদ্ধি, যা আমাদের বাণিজ্য ঘাটতিকে প্রকট করে তোলে ।

১৯৭৫ সালে সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে আমাদের বৈদেশিক নীতির ক্ষেত্রে নাটকীয় পরিবর্তন ঘটে। '৭৫ উত্তরকালে ক্ষমতায় অধিষ্ঠিত সরকার সমূহ রাষ্ট্রীয় দর্শনের দিক থেকে ব্যক্তিগত উদ্যোগ প্রসূত উন্নয়নে বিশ্বাসী হওয়ায় আমাদের রাষ্ট্রীয় মৌলনীতি থেকে সমাজতন্ত্র বাদ পড়ে। এর ফলশ্রুতিতে পুঁজিবাদী বিশ্ব বিশেষতঃ মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের বৈপ্লবিক উন্নতি ঘটে। অন্যদিকে অন্য একটি রাষ্ট্রীয় মৌলনীতি ধর্মনিরপেক্ষতা বাদ দেয়ার কারণে এবং ইসলামী আদর্শকে রাষ্ট্রীয় আদর্শ হিসেবে গ্রহণের ফলে ইসলামী বিশ্ব বিশেষ করে সৌদী আরব ও তার প্রতিবেশী দেশসমূহের সঙ্গে বাংলাদেশের ঘনিষ্ঠ সংযোগ স্থাপিত হয়। এ সংযোগ স্থাপনের পেছনে দু'টো কারণ খুব জোরালো ছিল— প্রথমটি নিঃসন্দেহে দার্শনিক অভিন্নতা এবং দ্বিতীয়টি তেলের মূল্য বৃদ্ধির ফলে নব্য সম্পদের অধিকারী আরব বিশ্ব থেকে বৈদেশিক সাহায্য পাওয়া।

পুঁজিবাদী বিশ্ব ও ইসলামী মহলের সঙ্গে সুসম্পর্কের ফলশ্রুতিতে প্রচুর পরিমাণ বৈদেশিক সাহায্য ও ঋণ বাংলাদেশ লাভ করতে থাকে। দাতা দেশগুলোর দিক থেকে এ জাতীয় সাহায্য দেয়ার কারণ ছিল মূলতঃ তিনটি। প্রথমতঃ তাদের প্রতি সহানুভূতিশীল এবং তাদের স্বার্থরক্ষাকারী সরকারকে মদদ দেয়া, দ্বিতীয়তঃ তাদের দেশের বহুজাতিক প্রতিষ্ঠানগুলোর জন্য একটি বাজার প্রকল্প সাহায্যের মাধ্যমে এ দেশে সৃষ্টি করা এবং তৃতীয়তঃ স্বাধীনতার পর এ দেশে যে নব্য ধনিক শ্রেণীর সৃষ্টি হয়েছে (যে সৃষ্টি প্রক্রিয়া সামাজিক প্রেক্ষাপট অংশে বর্ণিত হবে) সে শ্রেণীর সম্পদ বৃদ্ধিতে সাহায্য করা, যেহেতু এ শ্রেণীটি পুঁজিবাদী বিশ্বের ধনিক শ্রেণীর কনিষ্ঠ সহযোগী ও তাদের স্থানীয় স্বার্থরক্ষাকারীর ভূমিকা পালন করে বিশ্বস্ততার সাথে তাদের পারস্পরিক স্বার্থে। বাংলাদেশের পক্ষ থেকে ক্রমবর্ধমান ঋণ গ্রহণের মৌলিক কারণ হচ্ছে বর্ধিত বিনিয়োগ হার ও স্থবির দেশজ সঞ্চয় হারের মধ্যকার এবং বর্ধিত আমদানী ও ধীর-প্রসারমাণ রপ্তানী আয়ের মধ্যকার ফারাক পূরণ, আমদানী শুল্ক সরকারের প্রধানতম আয়ের উৎস বিধায় বৈদেশিক সাহায্যের মাধ্যমে অন্ততঃ বর্তমান আমদানীর মাত্রা বজায় রাখা এবং রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত সরকারের ক্ষমতার উৎস শ্রেণী সমূহের সম্পদ বৃদ্ধির সুযোগ সৃষ্টি ও উন্নত বিশ্বে তাদের সমতুল্য শ্রেণীর বিদ্যমান ভোগের অনুকরণীয় ভোগ স্পৃহা মেটানো। বর্ধিত হারে বৈদেশিক ঋণ গ্রহণ এবং ক্রমবর্ধমান আমদানীর মাধ্যমে বাংলাদেশ ক্রমান্বয়ে আন্তর্জাতিক পুঁজিবাদী বিশ্বের সঙ্গে নিবিড়ভাবে সম্পৃক্ত হয়ে গেছে। এ সম্পৃক্তকরণের ফলশ্রুতিতেই বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল ইত্যাদি সংস্থাগুলো আমাদের দেশজ নীতি প্রণয়নে শুধুমাত্র হস্তক্ষেপই করছে না, বরং সে নীতি নির্ধারণেও নিয়ামক ভূমিকা পালন করছে।

প্রশ্ন হচ্ছে আগামী বছরগুলোতে আমাদের অর্থনীতি যে আন্তর্জাতিক বিশ্ব ও প্রেক্ষাপটের মুখোমুখি হবে তার স্বরূপ কি হবে এবং তার সঙ্গে বাংলাদেশের সম্পর্কইবা কি হবে ? আন্তর্জাতিক বিশ্বে গত কয়েক বছরে রাজনৈতিক ও অর্থনৈতিক দিক থেকে যে প্রবণতা বিদ্যমান, তাতে নিশ্চিতভাবে বলা যায় যে, ভবিষ্যৎ দিনগুলোতে পুঁজিবাদী বিশ্ব আরও বৃহত্তর সঙ্কটের মধ্যে পড়বে এবং অর্থনৈতিক মন্দা এ বিশ্বের পৌণঃপুনিক বৈশিষ্ট্য হয়ে দাঁড়াবে। সে অবস্থায় তৃতীয় বিশ্বের দেশগুলোর রপ্তানীর বিরুদ্ধে

আন্তর্জাতিক বাজারে নানান ধরণের সংরক্ষণের দেয়ালই শুধু গড়ে উঠবেনা, আমদানীর ক্ষেত্রেও তারা নানা রকমের সমস্যার সম্মুখীন হবে। মন্দার কারণে এ সব দেশে বৈদেশিক সাহায্য আসার পরিমাণ হবে সীমিত এবং তার সঙ্গে যুক্ত থাকবে আরও কঠিন সব শর্ত। উন্নত দেশগুলো কর্তৃক নিয়ন্ত্রিত সংস্থাসমূহের নিয়ন্ত্রণও তৃতীয় বিশ্বের অভ্যন্তরীণ নীতি নির্ধারণেও ক্রমবর্ধমান হারে হস্তক্ষেপ করবে। অন্যদিকে বাংলাদেশর ভবিষ্যৎ সরকারের শ্রেণীচরিত্র যদি বর্তমান সরকারের শ্রেণীচরিত্রের চেয়ে ভিন্নতর না হয়— যে সম্ভাবনাকে রাজনৈতিক প্রেক্ষাপটে আলোচনা করা হয়েছে— তা'হলে পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত কারণ সমূহের জন্য বাংলাদেশ অর্থনীতি আন্তর্জাতিক পুঁজিবাদী বিশ্বের সঙ্গে আরও সম্পৃক্ত হয়ে যাবে। এ সম্পৃক্তকরণের প্রভাব যেমন আমাদের বৈদেশিক সম্পর্কের ক্ষেত্রে পড়বে, তেমনি পড়বে আমাদের ভবিষ্যৎ অর্থনীতির ওপর। পুঁজিবাদী বিশ্বের সঙ্গে দৃঢ় সম্পর্কের কারণে সমাজতান্ত্রিক বিশ্বের সঙ্গে আমাদের সম্পর্ক হয়তো কিছুটা শিথিল হয়ে আসবে। সত্যিকার অর্থে— শেষোক্ত জোটের সঙ্গে আমাদের বিদ্যমান সম্পর্ক খুব একটা উষ্ণ নয়। তবে সমাজতান্ত্রিক বিশ্বের মধ্যে চীনের সঙ্গে আমেরিকার উষ্ণ সম্পর্কের পরিপ্রেক্ষিতে সোভিয়েত ইউনিয়ন ও চীনের মধ্যে তুলনামূলকভাবে চীনা জোটের সঙ্গে আমাদের সম্পর্কের সম্ভাবনা বেশী। জোট নিরপেক্ষতার কথা আমাদের সরকার জোর গলায় সরবে বললেও জোটনিরপেক্ষতার প্রশ্নে আমাদের অনুসৃত নীতি খুব একটা জোরালো নয়। ভবিষ্যতেও এর বৈপ্লবিক পরিবর্তন আশা করা যায় না। ফলে তৃতীয় বিশ্বের সঙ্গে সংহতির প্রশ্নেও ভবিষ্যতে আমরা অত্যন্ত প্রগতিবাদী কিংবা নেতৃত্বমূলক ভূমিকা পালন করব, এটাও নিতান্ত দুরাশার সামিল। ইসলামী বিশ্বের সঙ্গে সম্পর্ক জোরালোকরণের প্রশ্নে সরকার অত্যন্ত উদগ্রীব হবে নিঃসন্দেহে— এ ব্যাপারে বতমান প্রবণতাই সে দিকে ইঙ্গিত করছে। আমাদের দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) গঠিত হয়েছে, যার প্রতিষ্ঠায় বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করছে। কিন্তু সার্কের অধিভুক্ত দেশসমূহের রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থানের দিক থেকে আপেক্ষিক বৈষম্যের কারণে এ থেকে বাংলাদেশ কতখানি উপকৃত হবে, সে ব্যাপারে যথেষ্ট সন্দেহের অবকাশ রয়েছে।

ভবিষ্যতের আন্তর্জাতিক বিশ্ব ও সে প্রেক্ষাপটে বাংলাদেশের অবস্থানের পরিপ্রেক্ষিতে আমাদের অর্থনীতিতে তার কি প্রভাব পড়বে, তা অর্থনৈতিক প্রক্ষেপণের সময়ে বিশদভাবে আলোচিত হবে এবং সে আলোচনায় আন্তর্জাতিক প্রেক্ষাপটের বিভিন্ন আঙ্গিক ও মাত্রিকতা থেকে এ বিষয়টি আলোচনায় আমরা প্রয়াসী হব।

রাজনৈতিক প্রেক্ষাপট

১৯৭১ সালের স্বাধীনতার পরে যে জাতীয়তাবাদী সরকার বাংলাদেশে প্রতিষ্ঠিত হয়, তারা গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা জাতীয়তাবাদ এ চারটিকে রাষ্ট্রীয় মৌলনীতি হিসেবে গ্রহণ করে। নবগঠিত সরকারের সামনে লক্ষ্য ছিল তারা কি সিদ্ধান্ত ও কর্মকাণ্ডের ক্ষেত্রে অর্থনৈতিক পুনর্গঠন, পুনর্বাসন ও উন্নয়নকে প্রাধান্য দেবে না কি দেশরক্ষা ও আইন-শৃংখলার চাহিদাকে মুখ্য ভূমিকা দেবে। তদানীন্তন সরকার প্রথমটির ওপরেই সর্বাধিক গুরুত্ব আরোপ করে এবং দেশরক্ষাকে কম প্রাধান্য দেয়।

শেষোক্ত বিষয়ে কম গুরুত্ব দেয়ার কারণ ছিল যে তদানীন্তন সরকার প্রতিবেশী দেশসমূহ থেকে কোন রকমের আক্রমণ আশংকা করত না এবং বাংলাদেশের ভৌগোলিক ও রাজনৈতিক অবস্থানের পরিপ্রেক্ষিতে সঙ্গত কারণেই এ দেশের জন্য একটি বিরাট সশস্ত্র বাহিনী রাখার প্রয়োজন অনুভব করেনি । তা ছাড়া এ জাতীয় প্রয়োজন অনুভব না করার আরও একটি মৌলিক কারণ আছে । পৃথিবীর বিভিন্ন নব্য স্বাধীনতা প্রাপ্ত দেশ বা যে সব দেশ পরোক্ষ বৈদেশিক নিয়ন্ত্রণে পরিচালিত রয়েছে তারা তাদের রাজনৈতিক দূর্বলতার কারণে একটি শক্তিশালী সামরিক বাহিনীর প্রয়োজনীয়তা অনুভব করে । মুক্তিযুদ্ধের মাধ্যমে যে সরকার বাংলাদেশে প্রতিষ্ঠিত হয়েছিল, তারা দূর্বল ছিল না । সুতরাং শক্তিশালী সামরিক বাহিনীর মদদ পুষ্ট হবার কোন প্রয়োজন তাদের ছিল না । তারা সঙ্গতভাবেই মনে করত যে দেশের অভ্যন্তরীণ আইন শৃংখলা রক্ষা ও সীমান্তে চোরাচালান রোধের জন্য পুলিশ, বাংলাদেশ রাইফেল্‌স এর মত প্রতিষ্ঠানকে জোরদার করাই যথেষ্ট । অন্যদিকে রাজনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত সরকার দেশের শাসনকার্য পরিচালনা করবে ।

এই দর্শনের ভিত্তিতে নবগঠিত রাষ্ট্রের প্রয়োজন অনুভব করে তদানীন্তন সরকার বাংলাদেশের ধ্ব ংসপ্রাপ্ত অর্থনীতিকে পূর্ণ উজ্জ্বীবিত করার লক্ষ্যে অর্থনৈতিক পুনর্গঠন, পুনর্বাসন ও উন্নয়নকেই তাদের মৌলিক কাজ হিসেবে চিহ্নিত করে । সমাজতন্ত্রকে অর্থনীতির মূলনীতি হিসেবে গ্রহণ করা হয় এবং সমস্ত অর্থনীতির জন্য কেন্দ্রীয় পরিকল্পনা গৃহীত হয় । প্রশাসনিক ও অনুৎপাদনশীল ব্যয়কে ন্যূনতম পর্যায়ে রাখার প্রচেষ্টা চালানো হয় । পরবর্তীতে বিশদভাবে নীতি গ্রহণ ও তার বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও পরিকল্পনার দিক থেকে বিকেন্দ্রীকরণের প্রয়োজনীয়তা অনুভব করা হয় । পরিকল্পনা গ্রহণ করা হয় যে জেলা পর্যায়ে প্রশাসন ও উন্নয়নের দায়িত্বভার ন্যস্ত করা হবে জনপ্রতিনিধিদের ওপর, যারা স্থানীয় প্রয়োজনের পরিপ্রেক্ষিতে প্রশাসন পরিচালনা করবেন এবং স্থানীয় উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়িত করবেন । এর মূল লক্ষ্য ছিল দু'টো, প্রথমতঃ কেন্দ্রীয় প্রশাসনের বজ্রমুষ্ঠি থেকে স্থানীয় প্রশাসন ও উন্নয়ন কর্মকাণ্ডকে মুক্তি দেয়া এবং দ্বিতীয়তঃ উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে জড়িত ব্যক্তিবর্গের কর্মকাণ্ডকে সরাসরিভাবে জনগণের কাছে দায়ী করা ।

১৯৭৫ সালের রাজনৈতিক পট পরিবর্তনের কারণে এ পরিকল্পনা কখনোই বাস্তবায়িত হয়নি । ১৯৭৫ সালের পরে যে সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হয়, তারা চিন্তায়, দর্শনে, কর্মে ছিল ১৯৭২-এর সরকার থেকে সম্পূর্ণ আলাদা । বেসরকারী খাতকেই অন্যকথায় পুঁজিবাদী উন্নয়নের ধারাকেই উন্নয়ন কর্মকাণ্ডে উৎসাহিত করা হয় এবং স্বাভাবিকভাবেই পরিকল্পিত অর্থনীতির দর্শনকে কম গুরুত্ব দেয়া হয় । কেন্দ্রীয় শাসন ক্ষমতাকে আরও কেন্দ্রীভূত করা হয় এবং সরকার পরিচালনার ব্যয় অত্যন্ত বেড়ে যায় । সশস্ত্র বাহিনীকে সম্প্রসারিত ও পুনর্গঠিত করা হয় এবং দেশরক্ষা খাতে ব্যয় সর্বাধিক স্তরে উন্নীত করা হয়, শুধু তাই নয়, বরং দেশের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে সশস্ত্র বাহিনী একটি গুরুত্বপূর্ণ নিয়ামক শক্তি হিসেবে আবির্ভূত হয় পাকিস্তানী ঐতিহ্যের সূত্র ধরে । এর সহযোগী হিসেবে আত্মপ্রকাশ করে বাংলাদেশ আমলের শুরুতে অবদমিত আমালতন্ত্র এবং সরকারের আনুকূল্য লাভকারী একটি ধনিক শ্রেণী । রাষ্ট্রক্ষমতার মূল উৎস হয়ে দাঁড়ায় এই তিনশ্রেণী । পুঁজিবাদী বিশ্বের সঙ্গে সম্পর্কের

কারণে যে প্রচুর মূলধন বিদেশ থেকে আসতে থাকে তার মাধ্যমে সৃষ্ট সুবিধা ও সম্পদের সিংহভাগ এ শ্রেণীগুলো ভোগ করতে থাকে এবং কেন্দ্রীয় সরকারের একটি সহযোগী শ্রেণী গ্রাম-বাংলায় সৃষ্টি করার উদ্দেশ্যে এ সম্পদের একটা অংশ গ্রামের স্থানীয় প্রশাসনের সঙ্গে জড়িত প্রতিপত্তিশলালী ও ধনিকশ্রেণীর হাতে পৌঁছে দেয়ার ব্যবস্থা করা হয় । তথাকথিত গ্রাম-উন্নয়নের নামে এ প্রক্রিয়াটি সম্পন্ন হয় । সুতরাং আন্তর্জাতিক পর্যায়ে যে একটি কেন্দ্র- পরিসীমা সম্পর্ক ছিল উন্নত ও অনুন্নত বিশ্বের মধ্যে; অনুন্নত দেশসমূহের, যার মধ্যে বাংলাদেশও অন্তর্ভুক্ত, অভ্যন্তরীণ কাঠামোর মধ্যেও সে রকমের একটি কেন্দ্র পরিসীমা সম্পর্কের বিস্তৃতি ঘটে ।

১৯৮২ সালে আবার রাজনৈতিক পরিবর্তন কিছুই হয়নি, যতটা হয়েছে ক্ষমতার হাত বদল । পুরো দেশকে সামরিক শাসনের অধীনে নিয়ে আসা হয় । সশস্ত্র বাহিনীর ক্ষমতাকে শুছু সংহতই করা হয়নি, দেশীয় কর্মকাণ্ডের প্রতিটি ক্ষেত্রে তাদের অনুপ্রবেশ ঘটে যা পূর্ববর্তী সরকারের আমলে ঘটেনি । প্রশাসনিক দিক থেকে বিকেন্দ্রীকরণের নামে উপজেলা প্রশাসনের সৃষ্টি হয়, যার আসল উদ্দেশ্য কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রক্ষমতায় যারা জড়িত তাদের আনুকূল্য আশ্রয়ী শ্রেণীকে স্থানীয় পর্যায়ে ক্ষমতার অধিকারী করা, যে সম্পর্কে থেকে ক্ষমতার প্রশ্নে সম্পদ ভাগাভাগির প্রশ্নে উভয় দলই লাভবান হতে পারে । অর্থনৈতিক দিকে থেকে পুঁজিবাদী ব্যবস্থাকে আরও পাকাপোক্ত করার সব ব্যবস্থা গ্রহণ করা হয়, যে সে ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশ ও সাহায্য যোগায় বিশ্বব্যাংক ও মার্কিন সাহায্য সংস্থাগুলোর মত সংস্থাগুলো । বর্তমান বছরে একটি তথাকথিত গণতান্ত্রিক নির্বাচনের মাধ্যমে সামরিক শাসন অপসৃত হয়েছে এবং একটি অসামরিক সরকার প্রতিষ্ঠিত হয়েছে সত্য, কিন্তু তার সঙ্গে সামরিক শাসনামলের সরকারের সঙ্গে মৌলিক পার্থক্যতো দূরের কথা, বাহ্যিক পার্থক্যও নেই ।

১৯৭৫ পরবর্তী সব সরকারের মত বর্তমান সরকারেরও ক্ষমতার মূল উৎস— সেনাবাহিনী, আমলাতন্ত্র ও একটি ধনিকশ্রেণী । কোন কোন ক্ষেত্রে এরা পরস্পর পরস্পর থেকে অভিন্ন। শাসনতন্ত্রে স্থায়ীভাবে সেনাবাহিনীর ভূমিকাকে চিহ্নিত করার চেষ্টা চলছে বলে শোনা যায় । বর্তমান সরকারের পরিচালকেরা বুর্জোয়া শ্রেণীর রক্ষক না হয়ে নিজেরাই বুর্জোয়া শ্রেণীতে পরিণত হয়েছে । সরকারের ক্ষমতার উৎস যারা তাদের সন্তুষ্ট রাখার জন্য তার প্রয়োজন হচ্ছে অধিকতর সম্পদের, অথচ বৈদেশিক সাহায্যের পরিমাণ প্রকৃত অংকে কমে যাচ্ছে। এ অবস্থায় সরকারকে দেশজ সম্পদ আহরণে দমনমূলক কিছু ব্যবস্থা নিতে হবে । ফলশ্রুতিতে একদিকে যেমন উন্নয়নের জন্য অর্থের যোগান কমে যাবে, তেমনিভাবে নষ্ট হবে রাজনৈতিক স্থিতিশীলতা । যার কিছু কিছু লক্ষণ আমরা এখনই লক্ষ্য করছি । সম্পদ পাচার হয়ে যাচ্ছে বিদেশে ক্রমবর্ধমান হারে । শুধু সম্পদ পাচারই নয়, উচ্চবিত্তের মানুষেরা তাদের ছেলেমেয়েদের বিদেশে শিক্ষা দিচ্ছে এবং দেশের বাইরে চাকুরী নিয়ে দেশ ত্যাগের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। যারা যেতে পারবে না তাদের কষ্ট ক্রমবর্ধমান সামাজিক সংঘাতে বাড়বে । তাই শুধু আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রতিষ্ঠানসমূহের উপর নির্ভর না করে ফাসিস্ত কায়দায় একটি নিপিড়ণমূলক সংগঠন গড়ে তুলতে তারা প্রবৃত্ত হবে ।

গ্রাম কিংবা শহরে দারিদ্র্যের আপাতন ক্রমবর্ধমান হারে বেড়ে যাচ্ছে, ভবিষ্যতে এ

প্রক্রিয়ার কারণে সমাজে মেরুকরণ বেড়ে যাবে দ্রুত । গ্রামীণ সমাজে গত কয়েক দশক ধরে ভূমিহীনতা ক্রমাগত ভাবে বেড়ে গেছে এবং ভবিষ্যতেও এ প্রবণতা অব্যাহত থাকবে । নাগরিক জীবনেও দুঃসময় বেড়ে যাচ্ছে বৃহত্তর জনগোষ্ঠীর জন্য । এ সবের পরিপ্রেক্ষিতে আগামী দিনগুলোতে রাজনৈতিক প্রেক্ষাপট কি হবে ? সময় যতই যাচ্ছে, বিকল্প ব্যবস্থার অনুপস্থিতিতে, ততই বর্তমান সরকার তাদের অবস্থানকে সংহত করবে এবং তাদের গণবিরোধী কার্য-কলাপ চালিয়ে যাবে ।

সামাজিক প্রেক্ষাপট

বাংলাদেশের মত দেশের সামাজিক প্রেক্ষাপট অত্যন্ত বিস্তৃত এবং এর নানান দিক আছে । এর একদিকে যেমন আছে সামাজিক শ্রেণী বিন্যাস, তেমনি তার অন্যদিকে রয়েছে পারিবারিক সংগঠন, সামাজিক প্রতিষ্ঠান, জনগণের দৃষ্টিভঙ্গী, মূল্যবোধ ইত্যাদি বিষয়গুলো । সামাজিক শ্রেণী বিন্যাসের দিক থেকে বিচার করলে ১৯৭২ সাল থেকেই সব সরকারের আমলে রাষ্ট্রযন্ত্রের আনুকূল্যে একটি নব্য ধনিক শ্রেণী সৃষ্টি হয়েছে । এ প্রক্রিয়া অত্যন্ত ধীরগতিতে শুরু হয়েছিল ১৯৭২-৭৫ সময়কালের মধ্যে, বিস্তারলাভ করেছে ১৯৭৫-৮২ সালের মধ্যে এবং অত্যন্ত সংগত রূপ লাভ করেছে বর্তমান সময়ে । সত্যিকার অর্থে বর্তমান সময়ে এ ধনিকশ্রেণী ও রাষ্ট্রযন্ত্রের সঙ্গে সম্পৃক্ত লোকজন অভিন্ন ব্যক্তিত্ব । এদের বৈশিষ্ট্য হচ্ছে যে, উৎপাদন প্রক্রিয়ার সঙ্গে এদের যোগাযোগ ঘনিষ্ট নয়, বরং এদের সম্পদের স্ফীতি ঘটেছে ব্যবসা, ঠিকাদারী, আমদানী-রপ্তানীর সঙ্গে এদের সংযুক্তির মাধ্যমে । এরা রাষ্ট্রীয় অর্থ ও সম্পদের সিংহভাগ নিয়ে নিচ্ছে এবং তা গচ্ছিত রাখছে রাষ্ট্রের বাইরে । এ ধনিক শ্রেণীর সংখ্যা ধীরগতিতে হলেও ক্রমান্বয়ে বাড়ছে । অন্যদিকে যে মধ্যবিত্ত শ্রেণী আমাদের সব সংগ্রামের নেতৃত্ব দিয়েছে, তারা ভেঙ্গে যাচ্ছে অর্থনৈতিক ও সামাজিক দিক থেকে । সামাজিক শ্রেণী বিন্যাসের ভাঙ্গন পরিলক্ষিত হচ্ছে সমভাবে গ্রামীণ ও নাগরিক সমাজে ।

পারিবারিক সংগঠনের দিক থেকে বিচার করলে এ দেশের এ সংগঠনের দু'টো প্রবণতা সুস্পষ্ট হয়ে ওঠে । প্রথমতঃ সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তিত অবস্থার পরিপ্রেক্ষিতে একান্নবর্তী পরিবার ভেঙ্গে গ্রামে কিংবা শহরে একক পরিবার গড়ে উঠছে এবং দ্বিতীয়তঃ শহরাঞ্চলে এবং কিছুটা গ্রামাঞ্চলেও পরিবার পরিকল্পনার প্রসারের সঙ্গে সঙ্গে ছোট পরিবারকে আদর্শ হিসেবে গ্রহণ করা হয়েছে । আগামী বছরগুলোতে এ প্রবণতা অক্ষুন্ন থাকবে বলে মনে হয় । পরিবারের মধ্যে নারীর মর্যাদাকে নতুন আঙ্গিক থেকে দেখা হচ্ছে এবং নারী তার পারিবারিক গণ্ডী ছাড়িয়ে বাইরের কর্মক্ষেত্রে অধিক সংখ্যায় বেরিয়ে আসছে । ফলে পরিবারের আঙ্গিনায় জীবন-যাত্রার অভ্যাস পাল্টাচ্ছে, পাল্টাচ্ছে খাদ্যাভ্যাস ও ভবিষ্যতে সমাজের বিভিন্ন শ্রেণী বিশেষতঃ মধ্যবিত্তদের মধ্যে মেয়েদের শিক্ষার হার দ্রুত বাড়বে এবং তারা অধিকসংখ্যায় মজুরী বা বেতন ভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে ।

এ জাতীয় পরিবর্তনের অন্যতম কারণ হবে ভবিষ্যতে গ্রাম ও শহর উভয়াঞ্চলে শিক্ষা ও গণমাধ্যমের— সংবাদপত্র, রেডিও ও টেলিভিশনের প্রসার । আবার অন্যদিকে এ শতাব্দী নাগাদ বাংলাদেশের মানুষের দৃষ্টিভঙ্গী ও মূল্যবোধ কি হবে তার অনেকটাই

নির্ভর করবে ভবিষ্যতে শিক্ষা ও গণমাধ্যমের প্রসারের এবং তার প্রকৃতির ওপর । শিক্ষা বা গণমাধ্যম যদি গণমুখী না হয়, তা'হলে তা একটি বিশেষ শ্রেণীর স্বার্থই রক্ষা করবে, বৃহত্তর জনগোষ্ঠীর কোন উপকারে আসবে না । এ ছাড়াও এ প্রক্রিয়া সামাজিক অপরাধ বাড়াবে যার ফলশ্রুতিতে সমাজে আইন শৃঙ্খলার অবনতি ঘটবে । অবশ্য এর অন্যতম কারণ হবে ভবিষ্যতের সামাজিক সংঘাতও ।

ভবিষ্যতের সমাজকাঠামোর ওপর প্রযুক্তির একটা প্রভাব পড়বে । প্রযুক্তি বলতে আমরা শুধু যন্ত্রকেই বোঝাচ্ছি না বরং মানুষের জ্ঞান ও দক্ষতার দিগন্তকেও বোঝাচ্ছি। সেই দৃষ্টিভঙ্গী থেকে বিচার করলে প্রযুক্তির উন্নয়নের উপরই নির্ভর করছে ২০০০ সালে এদেশের সমাজ কি কাঠামো গ্রহণ করবে । আজ তথ্য ও জ্ঞান-বিজ্ঞানের আদান-প্রদানের দ্রুততার কারণে সারা বিশ্ব ছোট হয়ে আসছে এবং আমরাও বিশ্বের অন্যান্য অংশের উন্নয়ন, সেখানকার জীবনযাত্রার মান সম্পর্কে অতি দ্রুত অবহিত হচ্ছি। এ শতাব্দী শেষে বাংলাদেশে কি জাতীয় মানুষ চাই, সমাজের কি রূপরেখা আমাদের কাম্য, সে লক্ষ্যে পৌছুতে হলে আমাদের প্রয়োজন যথাযথ প্রযুক্তির, যার ভিত্তি হবে দেশজ সম্পদ ও জ্ঞান । কিন্তু সেটা আমরা ততক্ষণ অর্জন করতে পারব না, যতক্ষণ আমাদের উন্নয়ন কর্মকাণ্ড বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল থাকবে । কারণ বৈদেশিক সাহায্য প্রযুক্তিনিরপেক্ষ নয় এবং যে প্রযুক্তি হবে নিঃসন্দেহে পুঁজিঘন । সে জাতীয় প্রযুক্তির অনুপ্রবেশ ও প্রসার এদেশের মানুষের মন, মানসিকতা ও জীবনকে প্রভাবিত করবে নিশ্চিতভাবে ।

তবে অর্থনীতিতে যত শিল্পের প্রসার ঘটবে, যত উন্নততর প্রযুক্তির অনুপ্রবেশ ঘটবে, ততই এদেশের মানুষের জীবনের জটিলতা বাড়বে, সামাজিক জটিলতাও বৃদ্ধি পাবে । সে জটিলতার কারণে আগামী দিনের মানুষের বিভিন্ন সত্ত্বার মধ্যে বিরোধ ঘটবে, দ্বন্দ অনিবার্য হয়ে উঠবে আমাদের ভিন্ন ভিন্ন ব্যবহারের মধ্যে । ব্যক্তি মানুষ আর সামগ্রিক সমাজের মিত্রক্রিয়ার মাধ্যমেই গড়ে উঠবে এ শতাব্দীর শেষ নাগাদ এ দেশের সমাজ কাঠামো ।

২০০০ সালের বাংলাদেশ— অর্থনৈতিক প্রক্ষেপণ

পূর্ববর্তী অংশে ২০০০ সাল নাগাদ বাংলাদেশের আন্তর্জাতিক, রাজনৈতিক ও সামাজিক প্রেক্ষাপট আলোচিত হয়েছে । এ বৃহত্তর প্রেক্ষিত কোন দেশের অর্থনৈতিক উন্নয়নকে প্রভাবিত করে নিঃসন্দেহে, কিন্তু এ বৃহত্তর প্রেক্ষাপটের মধ্যে একটি আপেক্ষিক ক্ষুদ্রতর প্রেক্ষিত থাকে, যা অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত । এ প্রেক্ষিতকে সীমিত সংজ্ঞায় একটি দেশের আর্থ-সামাজিক অবকাঠামো বলা যেতে পারে । ২০০০ সাল নাগাদ বাংলাদেশর একটি অর্থনৈতিক প্রক্ষেপণ করার আগে এ শতাব্দী শেষে এ কাঠামোর কোন কোন দিকের ভবিষ্যত রূপরেখা সম্পর্কে আলোচনা করতে আমরা প্রয়াসী হব ।

বাংলাদেশের ভবিষ্যত অর্থনৈতিক উন্নয়নে আমাদের প্রাকৃতিক ও মানব-সম্পদের ভবিষ্যত অবস্থা অন্যতম নিয়ামক ভূমিকা পালন করবে । আমাদের জ্ঞাত প্রাকৃতিক সম্পদের মধ্যে প্রাকৃতিক গ্যাস অন্যতম । ১৯৮৫ সালের বাংলাদেশ জ্বালানী পরিকল্পনা

প্রকল্পের বিবরণীতে অনুমতি হয়েছে যে, ২০০০ সালে নাগাদ পূর্বাঞ্চল ভূমিতে অবস্থিত গ্যাসকূপগুলোতে ১০ ট্রিলিয়ন কিউবিক ফিট এবং সমুদ্রের গ্যাসকূপে আরও ১ ট্রিলিয়ণ কিউবিক ফিট গ্যাসের সঞ্চয় থাকবে। সে প্রকল্পের বিবরণীতে এ অনুমানকে অত্যন্ত বাস্তব সম্মত বলে উল্লেখ করা হয়েছে। তবে অন্য আর একটি প্রাকৃতিক সম্পদ আমাদের উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত। সেটি হচ্ছে আমাদের পানি সম্পদ। অথচ প্রতি বছর বন্যা বা প্লাবনের কারণে এটি আমাদের সম্পদ না হয়ে দায় হয়ে দাঁড়ায়। সুতরাং প্রাকৃতিক সম্পদকে ভবিষ্যতে আমাদের আরও সুষ্ঠুভাবে কাজে লাগাতে হলে দু'টো জিনিস নিশ্চিত করতে হবে। প্রথমতঃ সম্পদ যাতে দায় না হয়ে ওঠে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দ্বিতীয়তঃ যে সব সম্পদ অনাবিষ্কৃত ও অনাহরিত রয়ে গেছে, তার আবিষ্কার, আহরণ ও ব্যবহার নিশ্চিতকরণ।

প্রাকৃতিক সম্পদের উন্নয়নের সঙ্গে সঙ্গে মানব-সম্পদ উন্নয়নও অর্থনৈতিক উন্নয়নের অন্যতম পূর্ব শর্ত। মানব-সম্পদ উন্নয়নের দু'টো দিক আছে— একদিকে শিক্ষার প্রসার, অন্যদিকে স্বাস্থ্য ও সুচিকিৎসা নিশ্চিতকরণ। শিক্ষার প্রশ্নে একটি কথা আমরা প্রথমেই বলতে পারি যে, প্রাথমিক শিক্ষা মানুষের ন্যূনতম মানবিক প্রয়োজনের একটি। ১৯৮৫ সালে এ দেশের ৬ থেকে ১০ বছর শিশুদের সংখ্যা ছিল ১৪.৭ মিলিয়ন যার মধ্যে মাত্র ৮.৭ মিলিয়নের (শতকরা প্রায় ৬০ ভাগের) স্কুলের খাতায় নাম ছিল [১৪]। সত্যিকারভাবে যারা নিয়মিত স্কুলে যায়, তাদের সংখ্যা আরও অনেক কম। যাদের খাতায় নাম আছে, তাদের সঠিকভাবে শিক্ষা দিতে হলে ০.১৫ মিলিয়ন প্রাইমারী শিক্ষক, ০.০৯ মিলিয়ন শ্রেণীকক্ষ এবং ৩০ মিলিয়ন বইয়ের প্রয়োজন। বলা নিষ্প্রয়োজন, আমাদের দেশের প্রাইমারী শিক্ষার অবস্থা এ প্রয়োজন থেকে বহুদূরে। বিশ্বব্যাংক প্রাক্কলন করেছে যে ২০০০ সাল নাগাদ এ দেশে ৬ থেকে ১০ বছরের শিশুর সংখ্যা হবে ১৬.৪ থেকে ১৯.৯ মিলিয়নের মধ্যে, যার মধ্যে শতকরা ৭৩ থেকে ৮৯ ভাগ স্কুলে নাম লেখাবে [১৪]। তবে বিশ্বব্যাংক এক প্রশ্নে নিরব থেকেছে যে, এ শেষোক্ত সংখ্যা-এর অতীত প্রবণতার সঙ্গে সঙ্গতিপূর্ণ কিনা কিংবা নাম লেখানো ছাত্র-ছাত্রীর কতজন শেষ পর্যন্ত টিকে থাকবে। যারা নাম লেখাবে তারা সবাই যদি শেষ পর্যন্ত স্কুল ছেড়ে না দেয়, তা'হলে এ শতাব্দী নাগাদ ০.২৪ মিলিয়ন প্রাইমারী শিক্ষক ও ০.১৪ মিলিয়ন শ্রেণীকক্ষ প্রয়োজন হবে। শতকরা ৫০ ভাগ বই পুনর্বার ব্যবহৃত হবে এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে দু'টো ছাত্রের জন্য একটি পাঠ্য-পুস্তক এ হিসেবে ২০০০ সাল নাগাদ প্রাথমিক পর্যায়ে ২৭ মিলিয়ন পাঠ্য-পুস্তক লাগবে। সুতরাং প্রশ্ন থেকে যাচ্ছে এ শতাব্দী নাগাদ সবার জন্যে ন্যূনতম প্রাথমিক শিক্ষা দেয়া কি সম্ভব হবে ?

প্রশ্ন থেকে যাচ্ছে ২০০০ সাল নাগাদ সবার জন্য স্বাস্থ্য প্রশ্নেও। দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় মোট ব্যয়ের শতকরা ৪.৯ ভাগ বরাদ্দ ছিল স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা খাতে। অথচ অন্য সব কথা বাদ দিলেও প্রতিষেধক প্রকল্পের অধীনের যাদের আনার কথা ছিল, সে লক্ষ্যমাত্রার মাত্র শতকরা ২ ভাগ অর্জিত হয়েছে দ্বিতীয় পাঁচসালা পরিকলপনার আওতায়। সাম্প্রতিক সময়ে মাথাপিছু হাসপাতাল, শয্যার সংখ্যা কিংবা প্রতিজন ডাক্তারের ক্ষেত্রে রোগীর সংখ্যা ইত্যাদি সূচকের ক্ষেত্রে সমষ্টিগত দিক থেকে কিছুটা উন্নতি হয়েছে সত্য, কিন্তু এদেশের বৃহত্তর জনগোষ্ঠীর স্বাস্থ্য বা চিকিৎসা সুবিধার

তেমন কিছু উন্নতি হয়নি, বরং অবনতিই ঘটেছে । ১৯৮০ সালে গ্রামাঞ্চলে প্রতি হাজারে যেখানে শিশু মৃত্যু হার ছিল ১০৩.৫; ১৯৮২ সালে তা গিয়ে দাঁড়ায় ১২০.৮ । শতকরা মাত্র ৪.৯ ভাগ গ্রামে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে । ১৯৮১-৮২ সালে প্রতিবছর প্রতিটি গৃহস্থালীর মাত্র ১৯ টাকার ঔষধ লভ্য ছিল [১] । সুতরাং ২০০০ সাল নাগাদ বর্তমান দেয় অবস্থার পরিপ্রেক্ষিতে এ ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন হবে, টো ভাবা বাতুলতা মাত্র ।

ভৌত অবকাঠামোর ক্ষেত্রে সড়ক ও রেলপথের যথেষ্ট উন্নতি হয়েছে সত্য, কিন্তু নদীর নাব্যতা কমে যাওয়ায়, জলযানের প্রযুক্তিগত উন্নতি কম হওয়ায় নদী পথের উন্নতি ততটা লক্ষ্যণীয় নয় । তবু সামগ্রিকভাবে যোগাযোগ ব্যবস্থার বেশ উন্নতি হয়েছে । ভবিষ্যতে এ উন্নয়ন ধারার ওপর দেশের উন্নয়ন প্রক্রিয়া অনেকাংশে নির্ভর করবে । তবে এ উন্নয়নের একটি বিরূপ প্রতিক্রিয়া গ্রামীণ অর্থনীতিতে পড়ছে । যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে গ্রামীণ অর্থনীতি নগর কেন্দ্রের বাজারের সঙ্গে সম্পৃক্ত হয়ে গেছে নিবিড়ভাবে । ফলে গ্রামে উৎপাদন ব্যবস্থা স্থানীয় চাহিদা মেটানোর পরিবর্তে নগর কেন্দ্রের চাহিদা মেটানোর কাজেই ব্যবহৃত হচ্ছে। এতে গ্রামের বিত্তশালী কৃষক বা মধ্য স্বত্ত্বলোপী একটি শ্রেণী লাভবান হচ্ছে নিঃসন্দেহে, কিন্তু তা দরিদ্র চাষী যে সরাসরিভাবে নগর-কেন্দ্রের বাজারের সঙ্গে জড়িত নয়, তার কোন লাভ হচ্ছে না । ভবিষ্যতে উপরোল্লিখিত সম্পৃক্তিকরণ আরও বাড়লে গ্রামীণ আয়ের বৈষম্য আরও বেড়ে যেতে বাধ্য ।

আগামী দিনগুলোতে এদেশের বিভিন্ন অর্থনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নকে প্রভাবিত করবে । ইদানীংকালে গ্রামাঞ্চলে সম্পদ বিতরণ স্থানীয় পর্যায়ের প্রশাসন কাঠামোর মধ্য দিয়ে করার ব্যবস্থা এবং ক্রমাগতভাবে বন্টন ব্যবস্থার বেসরকারীকরণ করার ফলে গ্রামের দরিদ্র শ্রেণী সম্পদের উৎপাদন উপাদানের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। 'কাজের বিনিময়ে খাদ্য' ইত্যাদি কর্মসূচী কিংবা স্বেচ্ছাসেবী বিভিন্ন প্রতিষ্ঠানের নেয়া প্রকল্প জরুরী স্বল্প মেয়াদী ব্যবস্থা বলে ধরে নেয়া যেতে পারে । কিন্তু এ সব কর্মসূচী গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে আত্মতোষণ পর্যায়েই রেখে দেবে এবং কোন অবস্থাতেই গ্রামীণ অর্থনীতিতে দীর্ঘ মেয়াদী উন্নয়নের গতিময়তা সৃষ্টি করবে না । শিল্পখাতে সরকারী খাতকে ক্রমশঃ ছোট করে নিয়ে আসা হচ্ছে এবং শিল্প, ব্যাংক, বীমা ইত্যাদি প্রতিষ্ঠানগুলোকে বর্ধিত হারে বেসরকারী খাতে ফেরত দিয়ে দেয়া হচ্ছে। এর ফলে যারা ইতিমধ্যেই রাষ্ট্রযন্ত্রের আনুকূল্যে সম্পদ কুক্ষিগত করেছে, তারাই এ বিরাষ্ট্রীকৃত প্রতিষ্ঠানের মালিকানা লাভ করছে । এর ফলে নগর অর্থনীতিতেও সম্পদের বৈষম্য বাড়ছে । সামাজিক দিক থেকেও শ্রেণীগত সচলতা অনেক কমে গেছে । সুতরাং সামাজিক শ্রেণী বিন্যাসের নীচের থেকে ওপরে ওঠা অনেক কষ্টসাধ্য, যেহেতু সে ওঠার জন্য যে যে জিনেসের প্রয়োজন তার প্রতিটি ক্ষেত্রে প্রতিবন্ধকতা আছে এবং তা ডিঙানো দুঃসাধ্য প্রায় । সুতরাং সমাজে উর্ধগামী উল্লম্ফন সচলতায় প্রবেশাধিকার নিতান্ত সীমিত । দেশের মধ্যে আঞ্চলিক সচলতা যোগাযোগ, সংবাদ আদান-প্রদানের উন্নতি এবং অর্থনৈতিক প্রয়োজনের ফলে অনেক বেড়েছে । আন্তর্জাতিক ক্ষেত্রে সত্তুরের দশকে যে সচলতা পরিলক্ষিত হয়েছিল, আশির দশকে এসে আন্তর্জাতিক বিশ্বের মন্দা এবং

ফলশ্রুতিতে উন্নত দেশসমূহের সংরক্ষণশীল নীতির ফলে তা অনেক কমে গেছে ।

রাষ্ট্রীয় পর্যায়ে আমলাতন্ত্র অত্যন্ত শক্তিশালী, তেমনি শক্তিশালী নব্য একটি ধনিক শ্রেণী । ইদানীংকালে দেশের সবচেয়ে শক্তিশালী রাজনৈতিক ও অর্থনৈতিক শক্তি হিসেবে আত্মপ্রকাশ করেছে সশস্ত্র বাহিনী । এ অবস্থায় দেশের পেশাজীবীরা প্রত্যেক দলের স্বার্থকে সামগ্রিক স্বার্থ থেকে বিচ্ছিন্ন অবস্থায় দেখছে । ফলে দেশে আন্দোলন হচ্ছে, তবে সেটা পেশাভিত্তিক আন্দোলন । সে আন্দোলনে দেশের জনগণের বেশীর ভাগের কোন অংশগ্রহণ নেই, যার ফলে বর্তমানের অনভিপ্রেত আর্থ-সামাজিক অবকাঠামো বদলানোর জন্য একটি গণ আন্দোলন গড়ে তোলা যাচ্ছে না । এ অবস্থা চলতে থাকলে এবং যথাযথ নেতৃত্বের অভাব থাকলে অবস্থা যতই বিস্ফোরন্মুখ হোক না কেন, তা একটি গণ আন্দোলনে রূপান্তরিত হয়ে বর্তমান অবস্থাকে বদলাবে না ।

এ আর্থ-সামাজিক অবকাঠামোর পরিপ্রেক্ষিতে আমরা এ শতাব্দীর শেষ নাগাদ বাংলাদেশের জন্য একটি অর্থনৈতিক প্রক্ষেপণে ব্রতী হব । অর্থনৈতিক প্রক্ষেপণের কতগুলো সূচককে আমরা চিহ্নিত করেছি যার ক্ষেত্রে প্রক্ষেপণ পরিচালিত হবে । এ সব সূচকগুলো হচ্ছে জনসংখ্যা, নগরায়ণ, শ্রমশক্তি, মোট জাতীয় উৎপাদন, তার কাঠামো ও বন্টন, খাদ্য চাহিদা ও ঘাটতি, সঞ্চয় ও বিনিয়োগ, রপ্তানী ও আমদানী এবং বৈদেশিক সাহায্য । আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি এ সব সূচকের ভবিষ্যৎ গতিধারাই নির্ধারণ করবে ২০০০ সাল নাগাদ বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে ।

জনসংখ্যা

জনসংখ্যার ক্ষেত্রে বাংলাদেশ বর্তমানে এক ক্রান্তিকাল অতিক্রম করছে । দেশে কয়েক দশক ধরে অশোধিত মৃত্যুহার উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে । অশোধিত জন্মহারও কমে এসেছে, যদিও এক্ষেত্রে হ্রাসের হার সম্পর্কে কোন সঠিক ধারণা করা রীতিমত কষ্টকর । উপাত্ত ভিত্তির দূর্বলতার কারণে ঠিক কত বছর পরে এদেশে নীট প্রজনন হার এককে এসে দাঁড়াবে সে সম্পর্কে কোন সুনির্দিষ্ট উপসংহারে উপনীত হওয়া নিতান্ত দুঃসাধ্য ।

বাংলাদেশের ভবিষ্যৎ জনসংখ্যা সম্পর্কে বিভিন্ন প্রতিষ্ঠান বা সংস্থার প্রক্ষেপণ রয়েছে । প্রজনন ও মৃত্যুহার সম্পর্কে অনুমানের নানান রকম ভিন্নতা থাকার কারণে তাদের ফলাফলেও দুস্তর পার্থক্য বিদ্যমান । সবচাইতে আশাবাদী প্রক্ষেপণে অনুমিত হয়েছে যে প্রজনন হার ১৯৮১ সালের ৬.৩ থেকে ২০০১ সাল নাগাদ ২.১ এ নেমে আসবে এবং এদেশে জন্মের সময়ে যে আয়ুর আশা থাকে যদি বাস্তবে আয়ুষ্কাল সেই ৪৮ বছরই থাকে তা'হলে ২০০০ সাল নাগাদ বাংলাদেশে জনসংখ্যা দাঁড়াবে ১১৬ মিলিয়নে । অন্যপ্রান্তে সবচাইতে নৈরাশ্যবাদী প্রক্ষেপণে বলা হয়েছে যে, বর্তমানের প্রজনন হার যদি এ শতাব্দীর শেষ নাগাদ অপরিবর্তিত থাকে কিন্তু মানুষের আয়ুষ্কাল বেড়ে যদি ৬০ বছরে পৌছায় তা'হলে ২০০০ সালে আমাদের জনসংখ্যা হবে ১৬৪ মিলিয়ন । অন্যসব প্রক্ষেপণের ফলাফল এ দু'প্রান্তসীমার মধ্যে অবস্থান করছে এবং এর মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বিশ্ব ব্যাংক ও পরিকল্পনা কমিশনের প্রক্ষেপণের ফলাফল সারণী ১ এ

দেয়া হল । এ সব প্রক্ষেপণের ফলাফলের ভিন্নতার কারণ হচ্ছে তাদের অনুমানের ভিন্নতা; যেমন বিশ্বব্যাংকের প্রথম প্রাক্কলনে অনুমিত হয়েছে যে ২০০৫ সাল নাগাদ এদেশে নীট প্রজনন হার হবে এক, অন্যদিকে তাদের দ্বিতীয় প্রাক্কলনে অনুমিত হয়েছে যে, ২০৩৫ সাল নাগাদ এদেশে নীট প্রজনন হার এককে এসে দাঁড়াবে ।

পরিকল্পনা কমিশনের প্রক্ষেপণ সম্পর্কে কিছু বক্তব্য প্রয়োজন । এ প্রক্ষেপণটি ১৯৮৩ সালে করা হয় এবং অন্যান্য দু'টো প্রতিষ্ঠানের প্রাক্কলনের তুলনায় এখানে প্রাক্কলিত সংখ্যাটি অপেক্ষাকৃতভাবে অনেক কম ।

সারণী ১.

বাংলাদেশের জনসংখ্যা প্রক্ষেপণ

(মিলিয়নে)

সংস্থা		বছর ১৯৮১	বছর ২০০০ (প্রক্ষেপিত)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	প্রক্ষেপণ ১	৮৯.৯	১৪২.১
	প্রক্ষেপণ ২	৮৯.৯	১৩৯.৭
	প্রক্ষেপণ ৩	৮৯.৯	১৩১.৭
বিশ্বব্যাংক	প্রক্ষেপণ ১	৮৯.৯	১২৬.৬
	প্রক্ষেপণ ২	৮৯.৯	১৪১.০
পরিকল্পনা কমিশন		৮৯.৯	১২৮.৩

সূত্র ঃ [৫,১৩,৯]

সারণী ২

বর্তমান প্রবন্ধ অনুসারে বাংলাদেশের জনসংখ্যা প্রক্ষেপণ

(মিলিয়নে)

	১৯৮১	২০০০ (প্রক্ষেপিত)
মোট জনসংখ্যা	৮৯.৯	১৪১.১
পুরুষ	৪৬.৫ (৫১.৭%)	৭৩.০ (৫১.৯%)
মহিলা	৪৩.৪ (৪৯.৩%)	৬৮.১ (৪৯.১%)

(বন্ধনীর মধ্যকার সংখ্যাসমূহ প্রাসঙ্গিক উপাত্তকে শতকরা হিসাবে দেখিয়েছে ।

প্রশ্ন হচ্ছে পরিকল্পনা কমিশনের প্রাক্কলনটি কতখানি যৌক্তিক ? দ্বিতীয় পাঁচশালা পরিকল্পনায় লক্ষ্য ছিল যে ১৯৯০ সাল নাগাদ এদেশে নীট প্রজনন হার এককে নামিয়ে নিয়ে আসা হবে যার পরিপ্রেক্ষিতে এদেশের সন্তান-উৎপাদনক্ষম দম্পতিদের শতকরা ৩৭.৫ ভাগকে পরিবার পরিকল্পনার আওতায় নিয়ে আসা হবে । এটা বলার অপেক্ষা রাখে না যে এ লক্ষ্যমাত্রার ধারে কাছেও আমরা যেতে পারিনি, যার পরিপ্রেক্ষিতে তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় লক্ষ্য নির্ধারিত হয়েছে যে ২০০০ সাল নাগাদ এ দেশের নীট প্রজনন হারকে এককে নিয়ে আসতে হবে । বর্তমানে সরকার বলছেন যে, তৃতীয় পরিকল্পনার শেষ বছরে তারা জনসংখ্যা বৃদ্ধির হার বর্তমান শতকরা ২.৪ ভাগ থেকে শতকরা ১.৮ এ নিয়ে আসতে প্রয়াসী । এটা করতে হলে অশোধিত জন্মহারকে প্রতিহাজারে ৩৯ জন থেকে ১৯৯০ সাল নাগাদ প্রতিহাজারে ৩১ জনে নিয়ে আসতে হবে এবং এর জন্য হাতে সময় আছে ৩ বছরের মত । যে দেশে এখনও শতকরা ৭৫ ভাগ সন্তান-উৎপাদনক্ষম দম্পতি পরিবার পরিকল্পনার আওতার বাইরে, সেখানে এ লক্ষ্যমাত্রা কি নিতান্ত স্বাপ্নিক নয় ?

যেহেতু আগামী বছরগুলোতে অশোধিত জন্ম ও মৃত্যু হার সম্পর্কে কোন সঠিক সিদ্ধান্তে পৌছানো নিতান্ত দুষ্কর, সেখানে যদি নিতান্ত সরল এ অনুমানটিও ধরা হয় যে আগামী ১৪ বছরে এদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১৯৮১ সালের জনগণনায় নিরূপিত হার অর্থাৎ শতকরা ২.৪ ভাগ হারে বৃদ্ধি পাবে, তা'হলে যে চিত্রটি আমরা পাই তা রীতিমত ভয়াবহ । ২০০০ সাল নাগাদ এ প্রক্ষেপণ অনুসারে, যা সারণী ২ এ বর্ণিত হয়েছে, আমাদের দেশের জনসংখ্যা দাঁড়াবে ১৪১ মিলিয়নে, যার শতকরা ৫১.৯ ভাগ পুরুষ এবং শতকরা ৪৯.১ ভাগ মহিলা । এ প্রাক্কলনের কয়েকটি বৈশিষ্ট্য আছে যেমন, এটা পূর্বোল্লিখিত চরম প্রান্তসীমায় অবস্থানকারী প্রাক্কলনের মধ্যবর্তী অবস্থায় অবস্থান করছে এবং দ্বিতীয়তঃ এটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দু'টো এবং বিশ্বব্যাংকের আপেক্ষিক বাস্তব সম্মত প্রাক্কলনের সঙ্গে সঙ্গতিপূর্ণ । সুতরাং এ প্রাক্কলনের সঙ্গতি, প্রাসঙ্গিকতা ও বাস্তবতা নিঃসন্দেহে অত্যন্ত শক্ত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত ।

নগরায়ন

নগরায়নের যে প্রসঙ্গটি এখানে মূলতঃ আলোচিত হচ্ছে তা হল জনসংখ্যার গ্রাম ও নগর ভিত্তিক বন্টন । নাগরিক জনসংখ্যা বৃদ্ধির হার প্রধানতঃ দু'টো জিনিসের উপর । প্রথমতঃ নাগরিক জনসংখ্যার স্বাভাবিক প্রবৃদ্ধির হার এবং দ্বিতীয়তঃ গ্রাম থেকে শহরে প্রচরণের হার । প্রথম ব্যাপারটি বর্তমান নগরকেন্দ্রের প্রসারণ ও গ্রামীণ এলাকার নগর কেন্দ্রে রূপান্তরের ওপর নির্ভরশীল । সুতরাং অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং ভবিষ্যৎ গ্রামীণ উন্নয়ন পরিকল্পনার উপর প্রথম বিষয়টি নির্ভরশীল । প্রচরণের বিষয়টিও এ দু'টো বিষয় দ্বারা প্রভাবিত হবে নিঃসন্দেহে, তবে প্রচরণ সম্পর্কে সঠিক সিদ্ধান্ত অত্যন্ত কঠিন, কারণ প্রচরণ প্রক্রিয়াটি জটিল একটি অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, নৃতাত্ত্বিক এবং ঐতিহাসিক প্রক্রিয়ার পারস্পরিক মিশ্রক্রিয়ার ফলশ্রুতি ।

১৯৬১ সালে এদেশের জনসংখ্যার মাত্র ৬ ভাগ নগরাঞ্চলে বাস করত । গত দু'দশকে

জনসংখ্যার গ্রামীণ নগর বন্টনে বিরাট পরিবর্তন পরিলক্ষিত হয় । ১৯৬১ থেকে ১৯৭৪ সালে এদেশের মোট জনসংখ্যা প্রবৃদ্ধির হার ছিল শতকরা ২.৬ ভাগ, কিন্তু একই সময়ে নাগরিক জনসংখ্যা বৃদ্ধির হার ছিল শতকরা ৭ ভাগ। এর অন্যতম কারণ ষাট এবং সত্তুরের দশকে গ্রামাঞ্চলের মানুষের ব্যাপকহারে নগর কেন্দ্র সমূহে আগমন । গত ষাট দশকে গ্রামীণ জনসংখ্যা যেখানে শতকরা ১.২৫ ভাগ হারে বাড়ছিল, সেখানে ১৯৭৪ থেকে ১৯৮১ সালের মধ্যে নাগরিক জনসংখ্যা প্রবৃদ্ধির হার ছিল শতকরা ১১ ভাগ। অবশ্য এ সময়কালের মধ্যে নাগরিক জনসংখ্যা বৃদ্ধির এ উচ্চহারের অন্যতম কারণ হচ্ছে ১৯৮১ সালে প্রশাসনিক দিক থেকে বহু গ্রামীণ কেন্দ্রকে নগরকেন্দ্র হিসেবে ঘোষণা । কিন্তু সে বিষয়টির জন্য যদি প্রয়োজনীয় সংশোধন করা হয় এবং ১৯৭৪ সালে যেগুলো পৌরসভা হিসেবে চিহ্নিত ছিল সে সব নগর কেন্দ্রের মধ্যেই যদি আলোচনা সীমিত রাখি, তা'হলে ১৯৭৪ থেকে ১৯৮১ সালের মধ্যে এ দেশে নগরকেন্দ্রের জনসংখ্যা প্রবৃদ্ধির হার ছিল শতকরা ৭ ভাগ।

১৯৮১ সালের জন গণনা অনুসারে সে সমস্ত কেন্দ্র নগরকেন্দ্র হিসেবে বিবেচিত এবং সরকার কর্তৃক ঘোষিত হয়েছে, সেখানে দেশের মোট জনসংখ্যার শতকরা ১৫ ভাগ বাস করত । বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হিসেবে ২০০০ সাল নাগাদ এ দেশের জনসংখ্যার শতকরা ৩৫.৬ ভাগ লোক নগরে বাস করবে [৫] । পরিকল্পনা কমিশনের মতানুসারে ২০০০ সাল নাগাদ এদেশে নাগরিক জনসংখ্যা হবে ৩৮ মিলিয়নের মত [৯] । বিশ্বব্যাংক মনে করছে যদি গ্রামীণ উন্নয়ন কর্মসূচী গ্রামীণ নাগরিক প্রচরণের হার উল্লেখযোগ্য হারে কমিয়ে নিয়ে আসতে সক্ষম হয়, তা'হলে ভবিষ্যৎ নাগরিক জনসংখ্যা প্রবৃদ্ধির হার হবে শতকরা ৫ ভাগ, যার ফলশ্রুতিতে এ শতাব্দীর শেষ নাগাদ আমাদের নাগরিক জনসংখ্যা ৩২ মিলিয়নে পৌছুবে [১২] । এখানেও সংখ্যার এ বিভিন্নতার পেছনে কাজ করছে অনুমানের ভিন্নতা ।

আমাদের প্রক্ষেপণে আমরা অনুমান করেছি যে, আগামী দিনগুলোতে নাগরিক জনসংখ্যার স্বাভাবিক প্রবৃদ্ধির হার হবে শতকরা ২ ভাগ এবং গ্রাম থেকে শহরে প্রচরণের হার হবে শতকরা ৩.৬ ভাগ। সামগ্রিকভাবে দেশের জনসংখ্যা প্রবৃদ্ধি হারের তুলনায় নাগরিক জনসংখ্যার স্বাভাবিক প্রবৃদ্ধির হার কম বলে অনুমান করা হয়েছে, কারণ প্রথমতঃ নগর কেন্দ্রসমূহে পুরুষ ও মহিলার আনুপাতিক হার কম এবং দ্বিতীয়তঃ গ্রামের তুলনায় শহরের পরিবার পরিকল্পনা গ্রহণকারী দম্পতির সংখ্যা তুলনামূলকভাবে বেশী । প্রচরণ বিষয়ে অনুমানের ক্ষেত্রে আমরা এ বিষয়ে অন্যান্য গবেষকদের অনুমানের মধ্যে সবচেয়ে আশাবাদী অনুমানটিকেই প্রামাণ্য বলে ধরে নিয়েছি । উপরোল্লিখিত অনুমানের ভিত্তিতে বলা যায় যে ২০০০ সাল পর্যন্ত আমাদের নাগরিক জনসংখ্যা প্রবৃদ্ধির হার হবে ন্যূনতমপক্ষে শতকরা ৫.৬ ভাগ প্রতি বছরে এবং এভাবে চলতে থাকলে এ শতাব্দী নাগাদ আমাদের মোট জনসংখ্যার শতকরা ২৮ ভাগ নগরে বাস করবে । ১৯৬১ সাল থেকে এদেশে নাগরিক জনসংখ্যা বৃদ্ধির হারকে যদি বিশ্লেষণ করা হয়, তা'হলে আগামী ১৪ বছরের জন্য এদেশে নাগরিক জনসংখ্যার শতকরা ৬.৫ ভাগ প্রবৃদ্ধির হারকে অবাস্তব বলে মনে করার কোন সঙ্গত কারণ নেই । নাগরিক জনসংখ্যা বিষয়ে আমাদের প্রক্ষেপণের ফলাফল সারণী ৩-এ প্রদত্ত হল ।

নগরায়নের এ উচ্চ প্রবৃদ্ধি হারের কারণে গ্রাম শহরের মধ্যে জনসংখ্যা বন্টনের ক্ষেত্রে প্রচণ্ড পরিবর্তন দেখা দেবে যার ফলশ্রুতিতে আগামী কয়েক দশকের মধ্যে বাংলাদেশের নগর কেন্দ্রসমূহে বাসস্থান, অবকাঠামো সুযোগ সুবিধা ও উৎপাদন কর্মকাণ্ডের জন্য সুবিশাল বিনিয়োগের প্রয়োজন হবে । ১৯৮১ সালের শতকরা ১৫ ভাগ থেকে বাংলাদেশে নগরসমূহে বসবাসরত জনসংখ্যা যদি ২০০০ সালে মোট জনসংখ্যার শতকরা ২৮ ভাগে গিয়ে দাঁড়ায়, তবে দেশের প্রতিটি পৌরসভা বাসস্থান, স্বাস্থ্য সুবিধা ও অন্যান্য সেবাদানের ক্ষেত্রে দ্রুত বর্ধিত নাগরিক জনসংখ্যার ক্রমবর্ধমান চাহিদা মেটানোর ব্যাপারে ভীষণ অসুবিধের সন্মুখীন হবে । শহরে বস্তিবাসীর সংখ্যা বেড়ে যাবে এবং সরকারী সম্পদের বেশীর ভাগ অংশই ব্যয়িত হবে দ্রুত বর্ধমান নাগরিক জনসংখ্যা কর্তৃক আরোপিত সংকট কাটিয়ে ওঠার জন্য ।

সারণী ৩

বাংলাদেশের নাগরিক জনসংখ্যার প্রক্ষেপণ

(মিলিয়নে)

	১৯৮১	২০০০ (প্রক্ষেপিত)
নাগরিক জনসংখ্যা	১৪.১	৩৯.৭
পুরুষ	৭.৯ (৫৬.০%)	২১.৯ (৫৫.২%)
মহিলা	৬.২ (৪৪.০%)	১৭.৮ (৪৪.৮%)
গ্রামীণ জনসংখ্যা	৭৫.৮	১০১.৩
পুরুষ	৩৮.৫ (৫০.৮%)	৫১.১ (৫০.৪%)
মহিলা	৩৭.৩ (৪৯.২%)	৫০.২ (৪৯.৬%)

(বন্ধনীর মধ্যকার সংখ্যাসমূহ প্রাসঙ্গিক উপাত্তকে শতকরা হিসেবে দেখিয়েছে ।)

এখানে একটি প্রাসঙ্গিক প্রশ্ন হচ্ছে যে ভবিষ্যতে নাগরিক জনসংখ্যা বৃদ্ধি কি মূলতঃ ঐতিহ্যবাহী নগর কেন্দ্রগুলোতেই কেন্দ্রীভূত হবে না কি নব-ঘোষিত নগর কেন্দ্রগুলিই ক্রমবর্ধমান নাগরিক জনসংখ্যা বৃদ্ধির সিংহ ভাগ বহন করবে ? ১৯৫১ সালের জন গণনা অনুসারে পাঁচটি বৃহৎ নগর কেন্দ্রে— ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও নারায়ণগঞ্জ-এ দেশের নাগরিক জনসংখ্যার শতকরা ৪০ ভাগ বাস করত । ১৯৬১ সালে এ শহরগুলোতে নাগরিক জনসংখ্যার শতকরা ৪৫ ভাগ বাস করত আর ১৯৭৪ সালে নাগরিক জনসংখ্যার প্রায় অর্ধেক এ শহরগুলোর অধিবাসী ছিল । ১৯৮১ সালে এ সংখ্যা শতকরা ৪৫ ভাগে নেমে আসে, কিন্তু তার প্রধান কারণ ১৯৮১ সালে রাতারাতি এক প্রশাসনিক ঘোষণার মাধ্যমে বহু গ্রামীণ এলাকাকে নগরকেন্দ্র হিসেবে ঘোষণা করা । ১৯৭৪ থেকে ১৯৮১ এ পাঁচটি নগরকেন্দ্রে নাগরিক জনসংখ্যা প্রবৃদ্ধির হার ছিল শতকরা

৮.৫ ভাগ যা ১৯৭৪ সালের সমস্ত পৌরসভার জনসংখ্যা ১৯৭৪-৮১ সময়কালে যে হারে বেড়েছে, তার চাইতে বেশী ।

এ বিশ্লেষণ থেকে এটাই প্রতীয়মান হয় যে, আগামী দিনগুলোতেও ঐতিহাসিক দিক থেকে যেগুলো নগরকেন্দ্র হিসেবে বিবেচিত, সেখানেই ভবিষ্যতে হয়ত নাগরিক জনসংখ্যা কেন্দ্রীভূত হবে । কারণ এ কেন্দ্রগুলোই ভবিষ্যতেও উন্নয়ন কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে যাবে । নবঘোষিত নগর কেন্দ্রগুলোতে প্রশাসনিক দালান-কোঠাই গড়ে উঠবে, কিন্তু কোন অর্থেই সেখানে অর্থনৈতিক ক্রিয়া-কর্মের বিস্তৃতি ঘটছে না । ফলে গ্রামের মানুষ ভাগ্যান্বেষণে পাড়ি জমাচ্ছে ঐতিহ্যগত নগর কেন্দ্রগুলোর দিকে ।

নাগরিক জনসংখ্যার দ্রুত বৃদ্ধি থেকে দু'টো উপসংহার অত্যন্ত জোরালোভাবে উপস্থাপিত করা যায় । প্রথমতঃ নগরকেন্দ্র সমূহে প্রচরণের অন্যতম কারণ হচ্ছে গ্রামীণ অর্থনীতির ক্রমাগত অবক্ষয় যা আর গ্রামীণ মানুষকে বেঁচে থাকার অবলম্বন সরবরাহ করতে পারছে না । দ্বিতীয়তঃ নগরায়নের এ দ্রুত বিস্তৃতি সত্বেও আগামী বহুদিন ধরে আমাদের জনসংখ্যার সিংহভাগ গ্রামে বাস করবে এবং ক্রমবর্ধমান এ গ্রামীণ জনসংখ্যাকে বাঁচিয়ে রাখার জন্য গ্রামাঞ্চলে অর্থনৈতিক কর্মকাণ্ডের আশু বিস্তৃতি ও উন্নয়ন একান্তভাবেই প্রয়োজন ।

শ্রমশক্তিঃ যোগান ও আত্মভূতকরণ

জনগণনায় প্রাপ্ত সংখ্যা থেকে বাংলাদেশে শ্রমশক্তির যোগান ও তার আত্মভূতকরণ সম্পর্কে কোন সঠিক তথ্য পাওয়া নিতান্তই অসম্ভব । ১৯৬১ সালের জনগণনা অনুসারে দেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশের কিছু বেশী দেশের অসামরিক শ্রমশক্তি হিসেবে বিবেচিত হতে পারে । ১৯৭৪ সালের জনগণনায় মহিলা শ্রমশক্তির সংজ্ঞা পরিবর্তিত হয়, যার ফলে শ্রমশক্তিতে মহিলাদের শতকরা অনুপাত নাটকীয়ভাবে কমে যায় । ১৯৮১ সালে জনগণনায় দেশের শ্রমশক্তি সঠিকভাবে তেমন কোন উল্লেখযোগ্য প্রয়াস নেয়া হয় নি । সংজ্ঞাসমূহের প্রায়শঃ পরিবর্তনের কারণে এবং দেশের শ্রমশক্তি নিরূপণে একটি সুনির্দিষ্ট মানদণ্ড গ্রহণে সরকারী ব্যর্থতার কারণে জনগণনায় শ্রমশক্তি বিষয়ে আমরা পরস্পর বিরোধী ফলাফলে সন্মুখীন হই । যেমন সারণী ৪-এ দেখানো হয়েছে যে ১৯৬১, ১৯৭৪ এবং ১৯৮১ এ তিনটি জনগণায় মোট জনসংখ্যায় কর্মক্ষম বয়ঃকালের জনগোষ্ঠীর অনুপাত ক্রমানুয়ে বেড়েছে । এ ফলাফল অত্যন্ত প্রত্যাশিত কারণ উচ্চ জন্মহার বছর সমূহের জনগোষ্ঠী কর্মক্ষম বয়ঃকালে প্রবেশ করার ফলে গত দু'দশকে কর্মক্ষয় বয়ঃকালের জনগোষ্ঠীর প্রবৃদ্ধির হার সামগ্রিক জনসংখ্যা প্রবৃদ্ধির হারের চাইতে বেশী ছিল । সুতরাং মোট জনসংখ্যায় যদি কর্মক্ষম বয়ঃকালের জনগোষ্ঠীর অনুপাত বেড়ে যায়, তা'হলে অর্থনীতিতে তেমন কোন মৌলিক পরিবর্তনের অনুপস্থিতিতে এটা স্বাভাবিকভাবেই প্রত্যাশিত যে দেশের শ্রমশক্তি মোট জনসংখ্যা কিংবা কর্মক্ষম বয়ঃকালের জনগোষ্ঠীর অনুপাত হিসেবে বেড়ে যাবে । অথচ ঠিক এর উল্টো ফলাফলটিই আমরা সারণী ৪-এ প্রত্যক্ষ করি । এর কি কোন সঙ্গত ব্যাখ্যা আছে ? নিশ্চয়ই বিগত বছরগুলোতে কর্মক্ষম জনগোষ্ঠীর ক্রমবর্ধমান অংশ স্বেচ্ছামূলক ভাবে

কাজ করা থেকে বিরত থাকতে চায় নি ? নিশ্চয়ই স্কুল, কলেজ কিংবা সামরিক বাহিনীতে যোগদানকারী লোকদের সংখ্যা নাটকীয়ভাবে বেড়ে যায় নি কিংবা ষাটোর্দ্ধ

সারণী ৪

বাংলাদেশের কর্মক্ষম বয়ঃকালের জনগোষ্ঠী ও শ্রমশক্তি, ১৯৬১—৮১।

বছর		মোট	পুরুষ	মহিলা
১৯৬১	মোট জনসংখ্যার শতকরা অনুপাতে দশ বছর ও তদুর্ধ বছরের জনগোষ্ঠী	৬২.৯	৬৪.৩	৬১.৬
	মোট জনসংখ্যার শতকরা অনুপাতে শ্রমশক্তি	৩৪.৩	৫৬.৩	১০.৬
	দশ বছর ও তদুর্ধ বছরের জনগোষ্ঠীর শতকরা অনুপাতে শ্রমশক্তি	৫৪.৪	৮৭.৬	১৭.২
১৯৭৪	মোট জনসংখ্যার শতকরা অনুপাতে দশ বছর ও তদুর্ধ বছরের জনগোষ্ঠী	৬৪.৮	৬৬.০	৬৩.৪
	মোট জনসংখ্যার শতকরা অনুপাতে শ্রমশক্তি	২৮.৭	৫৩.১	২.৩
	দশ বছর ও তদুর্ধ বছরের জনগোষ্ঠীর শতকরা অনুপাতে শ্রমশক্তি	৪৪.৩	৮০.৪	৩.৭
১৯৮১	মোট জনসংখ্যার শতকরা অনুপাতে দশ বছর ও তদুর্ধ বছরের জনগোষ্ঠী	৬৬.৮	৬৭.৫	৬৬.১
	মোট জনসংখ্যার শতকরা অনুপাতে শ্রমশক্তি	২৭.১	৪৯.৯	২.৮
	দশ বছর ও তদুর্ধ বছরের জনগোষ্ঠীর শতকরা অনুপাতে শ্রমশক্তি	৪০.৫	৭৩.৯	৪.৩

বয়সের লোকেরা অধিক সংখ্যায় নিষ্ক্রিয় থাকতে চায় নি । বরং অর্থনৈতিক বাস্তবতা এর উল্টোটাই নির্দেশ করবে । তা'হলে যখন জনসংখ্যায় কর্মক্ষম বয়ঃকালের জনগোষ্ঠীর অনুপাত বেড়ে যায়, তখন কি করে মোট জনসংখ্যা শ্রমশক্তির অনুপাত কমে

যায় ? এর কারণ একটিই এবং সেটা হল জনগণনায় শ্রমশক্তির প্রদর্শিত সংখ্যা ঠিক নয় এবং তাতে অব-প্রাক্কলন রয়েছে । ১৯৮১ সালের জনগণনায় সে অব-প্রাক্কলন সংশোধিত হলে ১৯৮১ সালে বাংলাদেশের মোট শ্রমশক্তি জনগণনায় প্রদর্শিত ২৩.৬ মিলিয়নের পরিবর্তে ২৭.৩ মিলিয়ন থেকে ৩১.৪ মিলিয়নের মধ্যে ছিল বলে দেখানো যায়, যার মধ্যে ২৩.১ থেকে ২৬.৬ মিলিয়নের মত ছিল গ্রামীণ জনশক্তি এবং বাকিটা নাগরিক শ্রমশক্তি । সংশোধিত গ্রামীণ জনশক্তির মধ্যে ২০.৫ থেকে ২১.৯ মিলিয়ন হবে পুরুষ ।

শ্রমশক্তির সংজ্ঞা বা তার নিরূপণের মাঝেই যদি ত্রুটি এবং অব-প্রাক্কলন থাকে, তা'হলে সে ক্ষেত্রে প্রক্ষেপণ আরও দুরূহ হয়ে পড়ে । তবু দু'টো সংস্থার প্রক্ষেপণ— বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো [৫] এবং বিশ্বব্যাংক[১২]— আমাদের সামনে রয়েছে যা সারণী ৫-এ উপস্থাপিত হল ।

সারণী ৫

বাংলাদেশের শ্রমশক্তির প্রক্ষেপণ

(মিলিয়নে)

		১৯৮৫ (প্রক্ষেপিত)	২০০০ সাল (প্রক্ষেপিত)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	মোট শ্রমশক্তি	৩০.১	৪৬.৫
	পুরুষ	২৮.৭	৪৪.৫
	মহিলা	১.৪	২.০
বিশ্বব্যাংক প্রক্ষেপণ ১	মোট শ্রমশক্তি	৩৩.০	৫২.৮
	পুরুষ	২৮.৫	৪০.৬
	মহিলা	৪.৫	১২.২
প্রক্ষেপণ ২	মোট শ্রমশক্তি	৩৩.০	৫৪.২
	পুরুষ	২৮.৫	৪১.৫
	মহিলা	৪.৫	১২.৭

বিশ্বব্যাংকের প্রথম প্রাক্কলনে অনুমিত হয়েছে যে ২০০৫ সালে বাংলাদেশ নীট প্রজনন হার একক হবে এবং দ্বিতীয় প্রাক্কলনে সংশ্লিষ্ট বছর হচ্ছে ২০০৫ ।

সূত্রঃ [৫,১২]

এ দু'টো প্রতিষ্ঠানের প্রক্ষেপণে দু'টো বিষয় লক্ষ্যণীয় । প্রথমতঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রাক্কলিত সংখ্যা বিশ্বব্যাংকের যে কোন প্রাক্কলনের চাইতে আপেক্ষিক ভাবে অনেক কম এবং দ্বিতীয়তঃ বিশ্বব্যাংকের প্রাক্কলনে নারী শ্রমশক্তির পরিমাণ অনেক বেশী । আসলে প্রথম বিষয়টি সম্ভবতঃ দ্বিতীয় বিষয়টির প্রলম্বন মাত্র । বিশ্বব্যাংকের প্রক্ষেপণে নারী শ্রমশক্তি বেশী হওয়ার অন্যতম কারণ হচ্ছে তারা অনুমান করেছে যে এ শতাব্দীর শেষ নাগাদ শ্রমশক্তিতে মহিলাদের অংশগ্রহণ হার শতকরা ২৫ ভাগ হবে, যা বর্তমানের অবস্থার চাইতে কয়েকগুণ বেশী ।

উপরে আলোচিত শ্রমশক্তি প্রক্ষেপণের বিবিধ অসুবিধের পরিপ্রেক্ষিতে আমরা আমাদের প্রক্ষেপণে একটি সহজ পদ্ধতি অনুসরণ করেছি, যা একটা বাস্তবসম্মত ও প্রাসঙ্গিক ফলাফল দিতে পারবে। আমরা আমাদের প্রক্ষেপণের ভিত্তি হিসেবে নিয়েছি ১৯৮০ সালে পরিচালিত বাংলাদেশ জনশক্তি জরীপ। সে জরীপে প্রাপ্ত মোট জনসংখ্যায় শ্রমশক্তির আনুপাতিক হারকে আমরা আমাদের প্রক্ষেপণের ভিত্তি হিসেবে ব্যবহার করেছি এ অনুমানের প্রেক্ষিতে যে ২০০০ সাল নাগাদ এ অনুপাত সমূহ অপরিবর্তিত থাকবে। প্রাপ্ত ফলাফল সারণী ৬-এ দেয়া হল।

সারণী ৬

বর্তমান প্রবন্ধ অনুসারে বাংলাদেশের শ্রমশক্তি প্রক্ষেপণ

(মিলিয়নে)

	১৯৮১ (অনুমিত) *	২০০০ (প্রক্ষেপিত)
মোট শ্রমশক্তি	২৮.০	৪৪.০
পুরুষ	২৩.২	৩৬.৪
মহিলা	৪.৮	৭.৬
নাগরিক শ্রমশক্তি	৪.৫	১৪.৫
পুরুষ	৩.৮	১২.৫
মহিলা	০.৭	২.০
গ্রামীণ শ্রমশক্তি	২৩.৫	২৯.৫
পুরুষ	১৯.৪	২৩.৯
মহিলা	৪.১	৫.৬

* ১৯৮০ সালের বাংলাদেশ জনশক্তি জরীপের ভিত্তিতে প্রাপ্ত।

বিশ্বব্যাংকের প্রাক্কলনের সঙ্গে আমাদের প্রাক্কলনের পার্থক্যের মূল উৎস হচ্ছে শ্রমশক্তিতে নারীশ্রমের অংশগ্রহণ হার সম্পর্কে বিশ্ব ব্যাংকের অনুমিত সংখ্যা অত্যন্ত উচ্চ এবং প্রচলিত অবস্থার পরিপ্রেক্ষিতে কিছুটা অবাস্তব। আগামী বছরগুলোতে নারীশ্রমের অংশগ্রহণের হার এ অর্থনীতিতে বেশ বেড়ে যাবে, তাতে সন্দেহ নেই, কিন্তু আর মাত্র ১৪ বছরের মধ্যে তা ৫/৬ গুণ বেড়ে যাবে এ ধরণের অনুমান বাস্তব-বর্জিত। বরং আমাদের প্রাক্কলনে দেখানো হয়েছে যে, ২০০০ সাল নাগাদ এদেশে নারীশ্রমের পরিমাণ প্রায় দ্বিগুণ হয়ে যাবে, সেটাই অনেক বেশী প্রাসঙ্গিক। আমাদের প্রাক্কলনে এটাও দেখানো হয়েছে যে, শ্রমশক্তি বৃদ্ধির মূল চাপ গিয়ে পড়বে নগরকেন্দ্রগুলোতে যেখানে এ শতাব্দীর শেষ নাগাদ শ্রমশক্তি তিনগুণের বেশী হয়ে যাবে। নগরকেন্দ্রের প্রসারণের সঙ্গে সঙ্গে, নাগরিক জনসংখ্যা দ্রুত বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এবং গ্রামীণ অর্থনীতির ক্ষয়িষ্ণুতার প্রেক্ষিতে এ হিসাবও অত্যন্ত বাস্তব সম্মত।

বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা প্রতিবছর গড়ে ২.২ মিলিয়ন হারে বাড়ছে । যদি আমরা অনুমান করি যে, প্রতিবছর এ জনসংখ্যার এক তৃতীয়াংশ শ্রমশক্তিতে প্রবেশ করে, তা'হলে বাংলাদেশ প্রতিবছর গড়ে শ্রমশক্তি বাড়ছে ৭.৫০ লক্ষ করে । প্রশ্ন হচ্ছে প্রতিবছরের এ বাড়তি জনশক্তি অর্থনীতিতে কি করে আত্মভূত হচ্ছে ? এ প্রশ্নটিকে আমরা সামগ্রিক অর্থনীতির দৃষ্টিকোণ এবং গ্রামীণ অর্থনীতির দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করার চেষ্টা করব । অর্থনীতিতে বাড়তি শ্রমশক্তির আত্মভূতকরণ সম্পর্কে এ ব্যাপারে বিভিন্ন সংস্থার প্রাক্কালনে যথেষ্ট পার্থক্য আছে । কোন কোন আশাবাদী বিশ্লেষণে বলা হয়েছে যে, যথাযথ উন্নয়ন সাধিত হলে প্রতি বছর কৃষিখাতে ২ লক্ষ অতিরিক্ত লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে [১০,১২] । অন্যান্য প্রাক্কলনে দেখানো হয়েছে যে, যদি বর্তমান আত্মভূতকরণের প্রবণতা অব্যাহত থাকে, তা'হলে কৃষিখাত প্রতি বছর মাত্র ১ লক্ষ অতিরিক্ত লোকের কর্মসংস্থান করতে পারবে [৮] । শিল্পখাতে বর্তমানে বাৎসরিক শ্রম আত্মভূতকরণের ক্ষমতা ৪০ থেকে ৫০ হাজার লোক । সেবামূলক খাত সমূহে আরও অতিরিক্ত ১৪০—১৫০ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে । যদি আগামী বছরগুলোতে এ দু'টো খাতের আত্মভূতকরণের হার দ্বিগুণও হয়ে যায়, তা'হলে ভবিষ্যতে শিল্প ও সেবামূলক খাতসমূহ যৌথভাবে বছরে ৪০০ হাজারের বেশী লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবে না । সুতরাং সব রকমের আশাবাদী ধ্যান-ধারণার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ অর্থনীতি ভবিষ্যতে প্রতি বছর ৬ লক্ষ লোকের বেশী আত্মভূত করতে পারবে না, যার পরিপ্রেক্ষিতে প্রতি বছর ১.৫০ থেকে ২ লক্ষ লোক কাজ পাবে না । এর মানে দাঁড়াচ্ছে পুরো অর্থনীতিতে ক্রমে ক্রমে লভ্য শ্রমশক্তি ও নিয়োজনের মাত্রার মধ্যকার বর্তমান ফাঁক বিস্তৃত থেকে বিস্তৃততর হবে ।

যদি ধরে নেয়া হয় যে, প্রতি বছরের বর্ধিত শ্রমশক্তির মধ্যে ৩.৫০ থেকে ৪ লক্ষ লোক গ্রামে থেকে যায় তা'হলে গ্রামীণ অর্থনীতিতে নিয়োজনের ক্ষেত্রে নীট ফলাফল কি আসে ? যদি অত্যন্ত আশাবাদী অনুমানের ভিত্তিতে ধরেও নেই যে, গ্রামীণ কৃষিখাত ১.৫০ থেকে ২ লক্ষ অতিরিক্ত লোকের কর্মসংস্থান প্রতি বছর করতে পারবে, তা'হলেও আমরা কি আশাব্যঞ্জক কোন ছবি পাই ? গ্রামাঞ্চলে অবস্থিত ক্ষুদ্র শিল্পখাতে বাড়তি শ্রমশক্তি আত্মভূতকরণের হার প্রতি বছর ২০ হাজারের বেশী হবে না । সেব্য খাতসমূহ ও উন্নয়ন প্রকল্পগুলোতে সরাসরি নিয়োজন এ দু'টো মিলে গ্রামীণ অর্থনীতিতে প্রতি বছর বাড়তি ৩০ হাজারের বেশী কিছু লোকের কর্মসংস্থান হয় । সুতরাং এর মানে হচ্ছে যে, গ্রামীণ অর্থনীতির এবং দেশের সামগ্রিক অর্থনীতির বর্তমান গতিধারা যদি ভবিষ্যতে অব্যাহত থাকে, তবে প্রতি বছর গ্রামীণ অর্থনীতিতে অতিরিক্ত শ্রমশক্তির মাত্র অর্ধেকের কিছু বেশী লোকের কর্মসংস্থান হবে ।

১৯৮০ সালের বাংলাদেশ জনশক্তি জরীপ থেকে এটা সুস্পষ্ট যে, বাংলাদেশ অর্থনীতিতে বিপুল পরিমাণে অপূর্ণাঙ্গ কর্মসংস্থান রয়েছে । পুরুষ কৃষি শ্রমিকের ক্ষেত্রে অপূর্ণাঙ্গ কর্মসংস্থানের মাত্রা শতকরা ২২ ভাগ এবং নারী কৃষি শ্রমিকের ক্ষেত্রে তা শতকরা ৪২ ভাগ। সুতরাং উচ্চতর গ্রামীণ নাগরিক প্রচরণ হার সত্ত্বেও আগামী দশকগুলোতে গ্রামবাংলায় বেকারত্ব ও অপূর্ণাঙ্গ কর্মসংস্থান ভীষণভাবে বেড়ে যাবে । গ্রামীণ অর্থনীতির কর্মসংস্থানের ক্ষেত্রে এই প্রায় স্থবির অবস্থা কর্মসংস্থানে উৎসুক

সকলের নিয়োজনের সুযোগ কমিয়ে দেবে । প্রত্যেকের জন্যেই বছরে নিয়োজিত দিনের সংখ্যা কমে যাবে এবং সেই সঙ্গে সঙ্গে হ্রাস পাবে প্রত্যেকের মোট মজুরী প্রাপ্তি । গ্রামীণ শ্রমশক্তির নিয়োজন ও আয়ের এ হ্রাস গ্রামাঞ্চলে দারিদ্র্যের আপাতন বাড়াতে বাধ্য ।

আগামী দিনগুলোতে বর্ধিত ও অপূর্ণাঙ্গ কর্মসংস্থান সামগ্রিকভাবে সকল শ্রেণীর উপরই বিরূপ প্রতিক্রিয়া ফেলবে, তবে যে কোন দৃষ্টিভঙ্গী থেকে তার সবচেয়ে বিরূপতম প্রতিক্রিয়া পড়বে শিক্ষিত বেকার জনগোষ্ঠীর ওপর । গত দশকগুলোতে এ দেশে উচ্চ শিক্ষায় শিক্ষিত জনগোষ্ঠী বিপুল পরিমাণে বেড়ে গেছে । ১৯৭০ সালে দেশের সবকটি শিক্ষাবোর্ড থেকে মোট ৫৩,৩৪৪ জন ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক সনদ লাভ করে, ১৯৮৩-৮৪ সালে সে সংখ্যা বেড়ে গিয়ে দাঁড়ায় ১,০১,৪১৫ জন; অর্থাৎ প্রায় দ্বিগুণ। ১৯৬৯-৭০ সালে আমাদের বিশ্ববিদ্যালয় সমূহে ছাত্র সংখ্যা ছিল ১৩,৮৮৮ জন; ১৯৮৩-তে তা গিয়ে দাঁড়ায় ৪০,৫৯১ জনে; অর্থাৎ প্রায় তিনগুণ। সুতরাং এটা সুস্পষ্ট যে, সময়ের সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষিত জনগোষ্ঠী ক্রমেই বেড়ে গেছে । প্রশ্ন হচ্ছে এদের আত্মভূত করার যথেষ্ট সুযোগ কি আমরা সৃষ্টি করতে পেরেছি ? বেসরকারী খাতে আমাদের বিনিয়োগ অত্যন্ত কম; ১৯৭৯-৮০ সালে এদেশে বেসরকারী খাতে স্থির বিনিয়োগ ছিল ১৯৭২/৭৩ সালের স্থিরকৃত মূল্যে ৪০৮২.৮ মিলিয়ন টাকা এবং ১৯৮৩-৮৪ সালে তার পরিমাণ ছিল ৫০৫৮.৪ মিলিয়ন টাকা; চার বছরে এবৃদ্ধি মোটেই উল্লেখযোগ্য নয় । তাছাড়া এ প্রবন্ধের অনুগামী অংশে আমরা আলোচনা করেছি যে, বিভিন্ন কারণে বেসরকারী খাতের বিনিয়োগ সরাসরিভাবে উৎপাদন ক্রিয়াকর্মে না হয়ে ব্যবসা, ঠিকাদারী, ভূমি ক্রয় ইত্যাদি কর্মকাণ্ডে হচ্ছে এবং ভবিষ্যতেও হবে । রাজনৈতিক দর্শনের কারণে বর্তমানে সরকারী বিনিয়োগের বেশীর ভাগই প্রত্যক্ষ উৎপাদনশীল কাজের পরিবর্তে অবকাঠামো নির্মাণের নামে দালান-কোঠা, রাস্তাঘাট নির্মাণে সীমাবদ্ধ থাকবে । অধিকন্তু, সাম্প্রতিক বেশ কিছুকাল ধরে সরকারী চাকুরীতে নতুন নিয়োগ সম্পূর্ণ বন্ধ করে রাখা হয়েছে । এ অবস্থায় শিক্ষিত জনগোষ্ঠীর নিয়োজনের সুযোগ এ অর্থনীতিতে ক্রমান্বয়ে সঙ্কুচিত হয়ে আসছে । ভবিষ্যতে এ সঙ্কট আরও ঘনীভূত হবে মনে হয় । উচ্চশিক্ষা যেহেতু সামাজিক সচলতা বাড়ায়, তাই উচ্চশিক্ষার্থী এবং উচ্চশিক্ষাপ্রাপ্ত জনগোষ্ঠীর পরিমাণ বেড়ে যাবে । অন্যদিকে অর্থনীতিতে তাদের আত্মভূতকরণের বর্তমাণ প্রবণতা বহাল থাকলে ভবিষ্যতে শিক্ষিত বেকারের সংখ্যা অনপেক্ষভাবে তো নিশ্চয়ই, মোট বেকার জনগোষ্ঠীর অনুপাত হিসেবেও বেড়ে যেতে বাধ্য । এ অবস্থা সমাজে প্রচণ্ড রকমের অস্থিতিশীলতা ও সংঘাতের সৃষ্টি করবে, যার লক্ষণগুলো ইতিমধ্যেই পরিস্ফুট ।

সত্তুরের দশকের মাঝ থেকে দেশজ খাত ছাড়াও বাংলাদেশের শ্রমশক্তির নিয়োজনের একটি ক্ষেত্র তৈরী হয় মধ্যপ্রাচ্যের তেল রপ্তানিকারক দেশসমূহে । সে সময়ে তেল রপ্তানিকারক দেশসমূহের একটি একচেটিয়ামূলক সংস্থা গঠনের মাধ্যমে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের মূল্য কয়েক গুণ বৃদ্ধি করায় মধ্যপ্রাচ্যের তেল উৎপাদন ও রপ্তানিকারক দেশসমূহের জাতীয় আয় ও বৈদেশিক মুদ্রা অর্জন দ্রুত বেড়ে যায় । ফলে এসব দেশসমূহ তাদের এ বর্ধিত আয় দ্বারা অর্থনীতির বিভিন্ন খাতের অবকাঠামো

নির্মাণ ও অন্যান্য উন্নয়ন কাজে প্রয়াসী হয় । এ সব দেশে পেশাজীবি, দক্ষ এবং অদক্ষ শ্রমিকের স্বল্পতাহেতু তারা ভারত, পাকিস্তান, বাংলাদেশ প্রভৃতি দেশ থেকে শ্রমশক্তি নিয়োজনে প্রয়াসী হয় । ফলে সত্তুর দশকের মাঝামাঝি সময় থেকে আমাদের দেশ থেকে বহু পেশাজীবী, দক্ষ ও অদক্ষ শ্রমিক মধ্য প্রাচ্যের বিভিন্ন দেশে চাকুরী নিয়ে চলে যায় । এ থেকে আমাদের বেশ কিছু শ্রমিক যেমন মধ্য প্রাচ্যের অর্থনীতিগুলোতে নিয়োজিত হয়, তেমনি তা থেকে আমাদের বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হয় ।

কিন্তু আশির দশক থেকে এ দৃশ্যপট বদলে যাচ্ছে বলে মনে হয় । আন্তর্জাতিক বাজারে তেলের মূল্য হ্রাস পাওয়ায় এবং মধ্য প্রাচ্যের দেশগুলোর বিভিন্ন অবকাঠামো নির্মাণকার্য প্রায় সমাপ্ত হওয়ায় সে সব দেশে আমাদের শ্রমশক্তির নিয়োজন বৃদ্ধির সম্ভাবনা কমে আসছে । এতে শুধুমাত্র আমাদের দেশ থেকে জনশক্তি রপ্তানির হার এবং তা থেকে আয়বৃদ্ধির হারই যে শুধু কমে আসছে তাই নয়, বরং ঐ সব দেশ থেকে আমাদের দেশীয় শ্রমিক, বিশেষতঃ বেশ কিছু অদক্ষ শ্রমিক দেশে ফেরত আসছে । সুতরাং বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক বাজারে আমাদের শ্রমশক্তির নিয়োজনের সম্ভাবনাই যে সংকুচিত হচ্ছে তাই নয়, সেখান থেকে ক্রমবর্ধমান হারে ফিরতি শ্রমশক্তিকেও ভবিষ্যতে দেশজ অর্থনীতিতে আত্মভূত করতে হবে ।

মোট দেশজ উৎপাদনঃ কাঠামো ও বন্টন

বাংলাদেশের মত একটি অর্থনীতিতে মোট দেশজ উৎপাদনের প্রায়শঃই হ্রাসবৃদ্ধি ঘটে । এর অন্যতম কারণ আমাদের দেশজ উৎপাদনে কৃষিখাতের প্রাধান্য । এ ছাড়াও পরিবর্তিত আন্তর্জাতিক অবস্থা দেশজ অর্থনীতির অস্থিতিশীলতাকে বাড়িয়ে দেয় । এ জাতীয় অর্থনীতিতে দীর্ঘ সময়ে গড়পড়তা প্রবৃদ্ধির হার কত হবে তা চিহ্নিত করা রীতিমত কষ্টসাধ্য ।

ঐতিহাসিক দিক থেকে বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের গতিধারা বিশ্লেষণ করলে কয়েকটি সুস্পষ্ট প্রবণতা চিহ্নিত করা যায় যেমনঃ ঐতিহাসিক দিক থেকে স্বল্প, মধ্য বা দীর্ঘ মেয়াদে বাংলাদেশ অর্থনীতির মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধির হার সব সময়েই শতকরা ৫ ভাগের কম ছিল । এমন কি ষাটের দশকের প্রবৃদ্ধির স্বর্ণযুগেও আমাদের প্রবৃদ্ধির হার ছিল শতকরা ৪.২ ভাগ। লভ্য উপাত্ত থেকে জানা যায় যে, ১৯৬৯-৭০ সাল থেকে ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত ১৯৭২-৭৩ সালের স্থির মূল্যে এ দেশের মোট দেশজ উৎপাদনের বাৎসরিক গড় প্রবৃদ্ধির হার ছিল শতকরা ২.৫ ভাগের কম । অবশ্য সাম্প্রতিক সময়ে অর্থাৎ গত ৭/৮ বছরে আমাদের মোট দেশজ উৎপাদনের বাৎসরিক গড় প্রবৃদ্ধির হার ছিল শতকরা ৩.৫ ভাগ। দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনাকালে মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধি হারের লক্ষ্যমাত্রা ছিল শতকরা ৫.৪ ভাগ, অথচ সেখানে বাস্তবে যে প্রবৃদ্ধির হার অর্জিত হয়েছে তা হচ্ছে শতকরা ৩.৮ ভাগ।

এ অর্থনীতির অতীত গতিধারার ভিত্তিতে যদি ভবিষ্যৎ প্রক্ষেপণ করা হয়, তা'হলে এটা বিশ্বাস করা অত্যন্ত কষ্টকর যে, আগামী বছরগুলোতে এ অর্থনীতিতে মোট দেশজ উৎপাদনের একটি উচ্চতর প্রবৃদ্ধির হার অর্জন সম্ভব । বাস্তব দৃষ্টিকোণ থেকে দেখতে

গেলে আগামী ১৪ বছরে মোট দেশজ উৎপাদনের ক্ষেত্রে শতকরা ৪ ভাগের চেয়ে বেশী বাৎসরিক গড় প্রবৃদ্ধির হার অর্জন নিতান্ত দুরাশার সামিল ।

কিন্তু তবু তৃতীয় পাঁচসালা পরিকল্পনায় দেশজ উৎপাদনের প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা বার্ষিক শতকরা ৫.৪ ভাগে রাখা হয়েছে । খুব সম্ভবতঃ দ্বিতীয় পাঁচসালা পরিকলপনার ফলাফলের আলোকে পরিকল্পনা কমিশন কিছুটা হলেও আপেক্ষিক বাস্তবতার পরিচয় দিয়েছে । তা না হলে পরিকল্পনা কমিশন তাদের দীর্ঘ যোজনামূলক পরিকল্পনার চিন্তা ভাবনায় যে চিত্রকল্প গড়ে তুলেছিলেন তাতে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম পাঁচসালা পরিকল্পনার শেষ বছরগুলোতে জাতীয় আয়ের প্রবৃদ্ধির হার শতকরা ৭.০, ৭.৪ এবং ৭.২ ভাগ হবে বলে অনুমান করেছিল । এ অনুমানের মানে দাঁড়াচ্ছে যে, ১৯৮৪-৮৫ থেকে ১৯৯৯-২০০০ সাল সময়কালের মধ্যে বাংলাদেশের জাতীয় আয় শতকরা ১৭৫ ভাগ বাড়বে এবং ২০০০ সাল নাগাদ এদেশের মাথাপিছু আয় ১৯৭২-৭৩ এর স্থিরকৃত মূল্যে ১৬৪৩ টাকা হবে । অথচ ১৯৪৯-৫০ থেকে ১৯৬৪-৬৫ সময়কালের মধ্যে এবং ১৯৬৯-৭০ থেকে ১৯৮৩-৮৪ সময়কালের মধ্যে এদেশের জাতীয় আয় যথাক্রমে শতকরা ৬০ এবং শতকরা ৩৬ ভাগ হারে বেড়েছে । সেখানে আগামী ১৪ বছরের মধ্যে বাংলাদেশের জাতীয় আয় কোন মন্ত্রবলে শতকরা ১৭৫ ভাগ বাড়বে ? তেমনিভাবে ২০০০ সাল নাগাদ এ দেশের মাথাপিছু আয় ১৯৭২-৭৩ এর স্থিরকৃত মূল্যে ১৬৪৩ টাকা হওয়া মানে আগামী ১৪ বছরে বাংলাদেশের জনসংখ্যা ৪৪ মিলিয়ন বৃদ্ধি পেলেও এদেশের প্রকৃত মাথাপিছু আয় দ্বিগুণ হয়ে যাবে । এটা নিতান্ত অবাস্তব একটি ধারণা ।

মোট দেশজ উৎপাদনের খাত ওয়ারী প্রবৃদ্ধি হার বিচার করলে দেখা যায় যে, পরিকল্পনা কমিশনের উপাত্ত নির্দেশ করছে যে, ১৯৬৯-৭০ থেকে ১৯৮৩-৮৪ সালের মধ্যে কৃষিখাতের প্রবৃদ্ধির হার ছিল বাৎসরিক শতকরা ১.৮ ভাগ এবং শিল্পখাতের সংশ্লিষ্ট সংখ্যা ছিল ২.৭ অথচ গত পাঁচ বছর অর্থাৎ ১৯৭৯-৮০ থেকে ১৯৮৪-৮৫ সময়কালের মধ্যে কৃষিখাতের প্রবৃদ্ধির হার শতকরা ৩.৫ ভাগ ও শিল্প খাতে তা শতকরা ৪.৮ ভাগ এবং অন্যান্য খাতে তা শতকরা ৩.৮ ভাগ ছিল বলে পরিকল্পনা কমিশন মন্তব্য করেছে । কিন্তু বিশ্বব্যাংকের নিজস্ব প্রাক্কলন অনুসারে একই সময়কালে কৃষিখাতে প্রবৃদ্ধির হার শতকরা ২.২ ভাগ, যার মধ্যে শস্য খাতে প্রবৃদ্ধির হার শতকরা ২.০ ভাগ এবং শিল্পক্ষেত্রে প্রবৃদ্ধির হার শতকরা ২.৫ ভাগ, নির্মাণ ও জন উপযোগমূলক খাতে প্রবৃদ্ধির হার শতকরা ৫.২ ভাগ, ব্যবসা এবং যোগাযোগের ক্ষেত্রে প্রবৃদ্ধির হার শতকরা ৫.৬ ভাগ এবং অন্যান্য সেবামূলক কাজের খাতে প্রবৃদ্ধির হার শতকরা ৪.৫ ভাগ ছিল [১৪] । এর মধ্যে বিশ্বব্যাংকের প্রাক্কলন অধিকতর যৌক্তিক বলে মনে হয় কারণ তাদের প্রাক্কলন অতীতের দীর্ঘমেয়াদী প্রবণতার সঙ্গে সঙ্গতিপূর্ণ ।

কৃষি উন্নয়নের বর্তমান গতিধারা ভবিষ্যতে বজায় ভাকলে আগামী দিনগুলোতে কৃষি উৎপাদন বাৎসরিক শতকরা ২ ভাগের বেশী বাড়বে না । অতীত প্রবণতা বহাল থাকলে নির্মাণ, শিল্প ও জ্বালানী খাতের সম্মিলিত প্রবৃদ্ধির হার হবে শতকরা ৪.৫ ভাগ। অবশ্য সেবা খাতসমূহ সম্ভবতঃ শতকরা ৬ ভাগের বেশী হারে বাড়বে । এ অবস্থার পরিপ্রেক্ষিতে ২০০০ সাল নাগাদ আমাদের প্রক্ষেপণ অনুসারে মোট দেশজ উৎপাদনে

কৃষিখাতের অংশ বর্তমানের শতকরা ৫০/৫৫ ভাগ থেকে শতকরা ৪০/৪২ অংশে নেমে আসবে: নির্মাণ, শিল্প ও জ্বালানী খাতের সম্মিলিত অংশ বর্তমানের শতকরা ১০ ভাগের তুলনায় সামান্য কিছু বৃদ্ধি পাবে । তবে যে খাতের অংশ ২০০০ সাল নাগাদ বাংলাদেশের দেশজ উৎপাদনে সব চাইতে বড় ভূমিকা রাখবে তা হচ্ছে সেবামূলক খাত । দেশজ উৎপাদনের কাঠামো প্রসঙ্গে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এক প্রক্ষেপণে বলা হয়েছে যে, ২০০০ সালে দেশজ উৎপাদনে কৃষির ভাগ বর্তমানের শতকরা ৫০ ভাগ থেকে শতকরা ৩৭ ভাগ, শিল্পের ভাগ বর্তমানের ১০ ভাগ থেকে শতকরা ২১ ভাগ এবং অন্যান্য খাতের ভাগ শতকরা ৪০ থেকে শতকরা ৪২ ভাগে পরিবর্তিত হবে [৫] । এ প্রক্ষেপণের অযৌক্তিকতা প্রমাণ করতে একটি বিষয়ই যথেষ্ট এবং তা হচ্ছে শিল্পের ভাগের দিকে দৃষ্টি দেয়া । আগামী ১৪ বছরে শিল্পের ভাগ মোট দেশজ উৎপাদনে কি করে দ্বিগুণের বেশী হয়ে যাবে তা এদেশের শিল্পখাতের অতীত প্রবণতার সঙ্গে পরিচিত যে কারুরই বুদ্ধির অগম্য । তবে দেশজ উৎপাদনে ভবিষ্যৎ খাতওয়ারী ভাগের ক্ষেত্রে যে কথাটি সুস্পষ্টভাবে বলা যায়, তা হচ্ছে কৃষিখাতের শতকরা হিসেবে আপেক্ষিক গুরুত্ব হ্রাস এবং সেবামূলক খাতের প্রভূত বিস্তৃতি । যে কোন দেশের সেবামূলক খাতের দ্রুত বিস্তৃতি দু'টো জিনিসকে নির্দেশ করে— প্রথমতঃ দেশের প্রকৃত উৎপাদনভিত্তি ততটা প্রসার লাভ করছে না এবং দ্বিতীয়তঃ যেহেতু সেবামূলক খাত প্রধানতঃ শহরাঞ্চলে সীমিত, সুতরাং গ্রামীণ অর্থনীতির অবক্ষয় ।

আলমগীর ও বার্লেজের গবেষণায় দেখা গেছে যে, ১৯৪৯-৫০ সাল থেকে ১৯৬৯-৭০ সাল পর্যন্ত এ দেশে আয়ের বন্টন ক্রমাগত নগরাঞ্চলের দিকে ঝুঁকেছে [৪] । ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের কারণে উৎপাদন ব্যবস্থায় উদ্ভূত বিশৃংখলা এবং এর ফলশ্রুতিতে শিল্প ও সেবা খাতসমূহের উৎপাদনের আপেক্ষিক হ্রাসের ফলে স্বাধীনতার পর পরই মোট জাতীয় আয়ে গ্রামীণ আয়ের অংশ বেড়ে গিয়েছিল । কিন্তু অর্থনীতির পুনর্বাসনের সঙ্গে সঙ্গে গ্রামীণ নাগরিক আয় বন্টনের পুরোনো প্রবণতা আবার প্রকট হয়ে ওঠে । বিশ্বব্যাংকের এক প্রাক্কলন অনুসারে ১৯৭৩-৭৪ সালে এ দেশে মোট জাতীয় আয়ের শতকরা ৭৯ ভাগ উদ্ভূত হত গ্রামে [১১]; কিন্তু ১৯৭৯-৮০ সাল নাগাদ এ অংশ এসে দাঁড়ায় শতকরা ৭৩ ভাগেরও কম ।

যেহেতু কৃষি সংক্রান্ত কর্মকাণ্ডই গ্রামীণ আয়ের মূল উৎস, আমরা অত্যন্ত যৌক্তিকভাবেই অনুমান করতে পারি যে, আগামী দশকে গ্রামীণ আয়ের প্রবৃদ্ধির হার শতকরা ২ ভাগের বেশী হবে না । এর মানে হচ্ছে যে, পুরো অর্থনীতির জন্য প্রক্ষেপিত শতকরা ৪ ভাগ সার্বিক প্রবৃদ্ধি হারের পরিপ্রেক্ষিতে জাতীয় আয়ের গ্রামীণ ও নাগরিক বন্টনের বঙ্কিমতা নগর কেন্দ্র সমূহের দিকে অত্যন্ত বেড়ে যাবে । এ বিষয়টিকে একটু ভিন্নতর দৃষ্টিকোণ থেকেও দেখা যায় । আগেই বলা হয়েছে যে, ২০০০ সাল নাগাদ জাতীয় আয়ে সেবামূলক খাত একটি বিরাট অবদান রাখবে । কিন্তু যেহেতু এখাতের বেশীর ভাগ কর্মকাণ্ড শহরাঞ্চলে সীমাবদ্ধ, এ খাত থেকে উদ্ভূত বর্ধিত আয়ের বেশীর ভাগই নগর কেন্দ্রগুলোতে চলে যাবে, যার ফলশ্রুতিতে গ্রামীণ নাগরিক আয় বন্টনে বঙ্কিমতা বৃদ্ধি পেতে বাধ্য । যদি অনুমান করে নেই যে, অতীতে অর্থাৎ ১৯৭৩-৭৪ থেকে ১৯৭৯-৮০ সময়কালে আমাদের জাতীয় আয়ে নাগরিক অংশ যে হারে বেড়েছে,

ভবিষ্যতেও যদি সে হার অক্ষুন্ন থাকবে, তা'হলে এ শতাব্দীর শেষ নাগাদ আমাদের জাতীয় আয়ে নাগরিক অংশ হবে শতকরা ৫১ ভাগ এবং গ্রামীণ অংশ শতকরা ৪৯ ভাগ। যেহেতু তখনও দেশের প্রায় দুই-তৃতীয়াংশ লোক গ্রামে বাস করবে গ্রামাঞ্চলের তুলনায় শহরাঞ্চলের মাথাপিছু আয় শুধু বেশীই হবে না, তা আপেক্ষিকভাবে দ্রুতগতিতে বেড়ে যাবে । গবেষণায় দেখা গেছে যে, নগর কেন্দ্রসমূহে এবং বহির্বিশ্বের বাজারে গ্রামীণ অর্থনীতি কর্তৃক বিক্রয়কৃত কৃষিজাত পণ্যসমূহ, বিশেষতঃ খাদ্যসামগ্রী গ্রামীণ অর্থনীতির তুলনায় দ্রুতহারে বাড়ছে । সুতরাং গ্রামীণ জনগোষ্ঠীর প্রবৃদ্ধির চেয়েও যদি গ্রামীণ অর্থনীতির উৎপাদনের হার বেশী হয়, তবুও গ্রামাঞ্চলের লোকের ভোগ সম্ভাব্যতা বাড়বে না ।

বাংলাদেশে গ্রামীণ দারিদ্র্যের প্রবৃদ্ধি নিম্নোক্ত কারণসমূহের দ্রুততর হচ্ছেঃ (ক) গ্রামাঞ্চলে উৎপাদনের প্রবৃদ্ধির হারের স্বল্পতা, (খ) গ্রামীণ অর্থনীতিতে সম্পদের মালিকানা ও আয়ের কেন্দ্রীভূতকরণ, (গ) গ্রামীণ অর্থনীতিতে তুলনামূলকভাবে কম বিনিয়োগ এবং (ঘ) গ্রামাঞ্চল থেকে শহরাঞ্চলে সম্পদের স্থানান্তর । এ কথা আগেই উল্লেখিত হয়েছে যে, এমন সম্ভাবনা খুবই কম যে, আজ বাংলাদেশে যে সমস্ত অর্থনৈতিক ও সামাজিক শক্তি তৎপর সেগুলো আগামী ১৪ বছরে এমনভাবে বদলে যাবে যে, গ্রামীণ অর্থনীতির বর্তমান সম্পদ ধারণ বা আয়ের কেন্দ্রীভূতকরণ প্রক্রিয়া রাতারাতি বদলে যাবে ।

খাদ্যশস্যের লভ্যতা

বাংলাদেশ সরকার ও বাংলাদেশকে অনুদানকারী দেশ ও সংস্থাসমূহের মতে এদেশের জনগণের দৈনিক মাথাপিছু খাদ্যশস্য চাহিদা— যার মধ্যে চাল ও গমই সিংহভাগ অধিকার করে আছে— সাড়ে পনের আউন্স। প্রাপ্ত সমীক্ষাসমূহে দেখা যায় যে, এ সমাজে বিশেষতঃ নিম্ন আয়ের গৃহস্থালীতে খাদ্য চাহিদার আয়ের স্থিতিস্থাপকতা খুব বেশী । সুতরাং যদি মাথাপিছু আয় বেড়ে যায়, তা'হলে খাদ্য চাহিদা দৈনিক মাথাপিছু ১৫.৫ আউন্সের চাইতে বেশী হতে বাধ্য । বর্তমানে আমাদের দৈনিক মাথাপিছু খাদ্যশস্যের লভ্যতা ১৫.৫ আউন্সের চেয়ে বেড়ে গেছে । সঙ্গে সঙ্গে খাদ্যশস্যের মূল্যও বেড়ে গেছে । এর পরিপ্রেক্ষিতে এটা অনুমান করা নিতান্ত অযৌক্তিক হবে যে দৈনিক ১৫.৫ আউন্স খাদ্যশস্য সকল ভোক্তার চাহিদা মেটাবে, বিশেষতঃ যেখানে আয় বন্টনে বৈষম্য আছে এবং তা ভবিষ্যতে আরও বাড়বে ।

হামিদ খাদ্যশস্যের মূল বছরের চাহিদা, জনসংখ্যা বৃদ্ধির হার প্রকৃত মাথাপিছু আয় বৃদ্ধি, চাহিদার আয় স্থিতিস্থাপকতা ইত্যাদির ভিত্তিতে প্রক্ষেপণ করেছেন যে, ২০০০ সাল নাগাদ এদেশের জনগণের মোট খাদ্যশস্য চাহিদা হবে ২৬.০৪ মিলিয়ন টন [৭] । উৎপাদন অপেক্ষকের সাহায্যে তিনি দেখিয়েছেন যে, এ শতাব্দী নাগাদ খাদ্যশস্যের নীট দেশজ উৎপাদন হবে ১৭.৭৮ মিলিয়ন টন । সুতরাং ২০০০ সাল নাগাদ খাদ্যশস্যের ঘাটতি হবে ৮.২৬ মিলিয়ন টন, যে ঘাটতি হামিদের মতে ১৯৮৪-৮৫ সালে ছিল ৩.৭৮ মিলিয়ন টন মাত্র । এর মানে হচ্ছে আগামী ১৫ বছরের মধ্যে এদেশে খাদ্যশস্য ঘাটতি দ্বিগুণের বেশী বেড়ে যাবে ।

আমরা আরও নমনীয় অনুমানের ভিত্তিতে বিষয়টিকে বিশ্লেষণ করার চেষ্টা করি। খাদ্যশস্যের দৈনিক মাথাপিছু ভোগ চাহিদা যদি ১৫.৫ আউন্সে স্থির রাখা হয়, তা'হলে ১৯৮৩-৮৪ সালে আমাদের মোট খাদ্যশস্যের চাহিদা ছিল ১৫.২ মিলিয়ন টন। অথচ ঐ বছর আমাদের নীট দেশজ খাদ্যশস্য উৎপাদন ছিল ১৩.৮ মিলিয়ন টন। অর্থাৎ ঐ বছর ঘাটতির পরিমাণ ছিল ১.৪ মিলিয়ন টন। মনে করা যাক ২০০০ সাল নাগাদ আমাদের দেশে খাদ্যশস্যের দৈনিক মাথাপিছু ভোগ চাহিদা ১৫.৫ আউন্সে অপরিবর্তিত থাকবে। আমাদের প্রক্ষেপণে অনুমান করা হয়েছে যে, এ শতাব্দীর শেষ নাগাদ আমাদের জনসংখ্যা হবে ১৪১ মিলিয়ন। সুতরাং ২০০০ সালে আমাদের দেশে খাদ্যশস্যের মোট চাহিদা হবে ২২.২ মিলিয়ন টন। আমরা আগেই বলেছি যে, প্রাপ্ত সব বাস্তবসম্মত উপাত্ত নির্দেশ করে যে, খাদ্যশস্য উৎপাদনের প্রবৃদ্ধির হারের অতীত প্রবণতা ছিল বাৎসরিক শতকরা ২ ভাগ। ভবিষ্যতে যদি এ প্রবণতা বহাল থাকে, তা'হলে ২০০০ সাল নাগাদ আমাদের খাদ্যশস্যের নীট দেশজ উৎপাদন হবে ১৯ মিলিয়ন টন। সুতরাং বর্তমানে যেখানে আমাদের বাৎসরিক খাদ্যশস্যের ঘাটতি ১.৫ মিলিয়ন টনের মত, এ শতাব্দীর শেষের দিকে তা বেড়ে গিয়ে দাঁড়াবে ৩ মিলিয়ন টনের ওপর, অর্থাৎ বর্তমান ঘাটতির দ্বিগুণেরও বেশী। ভবিষ্যতে খাদ্যশস্যের ঘাটতির এ ক্রমবর্ধমান প্রবণতাকে একটি বাক্যেই প্রমাণ করা যায়, অন্ততঃ আমাদের অনুমানের প্রেক্ষিতে। ভবিষ্যতে জনসংখ্যা প্রবৃদ্ধির হার ধরা হয়েছে শতকরা ২.৪ ভাগ আর খাদ্যশস্য উৎপাদনের প্রবৃদ্ধির হার ধরা হয়েছে শতকরা ২ ভাগ। সুতরাং খাদ্যশস্য চাহিদা আর তার দেশজ সরবরাহের মধ্যকার তফাৎ ক্রমাগত বেড়ে যাবে।

এখন দেশজ খাদ্যশস্যের ঘাটতি আমরা মেটাই খাদ্যশস্য আমদানীর মাধ্যমে। দেখা যাক সেখানে বিশ্ব পরিস্থিতি ২০০০ সাল নাগাদ কেমন হবে ? একটি সমীক্ষায় দেখা যায় যে, ১৯৭০ সালে অনুন্নত বিশ্বের মোট খাদ্যশস্য ঘাটতির পরিমাণ ছিল ২৩.৭ মিলিয়ন টন আর সেখানে খাদ্যশস্যের প্রধান প্রধান রপ্তানীকারক দেশসমূহের মোট রপ্তানী ছিল ৭৩.৯ মিলিয়ন টন। ২০০০ সাল নাগাদ সংশ্লিষ্ট সংখ্যাসমূহ দাঁড়াবে ৯৫ মিলিয়ন টন এবং ১৬৫.৫ মিলিয়ন টনে [২]। তার মানে দাঁড়াচ্ছে ১৯৭০ থেকে ২০০০ সাল নাগাদ বিশ্বের প্রধান প্রধান খাদ্যশস্য রপ্তানীকারক দেশসমূহ থেকে রপ্তানী বাড়বে দ্বিগুণেরও কিছু বেশী, কিন্তু একই সময়ে অনুন্নত বিশ্বের খাদ্য ঘাটতি বাড়বে ৪ গুণেরও বেশী। বিশ্ব প্রেক্ষাপটে এ অবস্থা হলে প্রতিটি অনুন্নত দেশই তার খাদ্যশস্য ঘাটতি মেটাতে মোট রপ্তানীকৃত শস্যের জন্যে একে অন্যের সঙ্গে প্রতিযোগিতা করবে। ফলে শস্যের মূল্য আন্তর্জাতিক বাজারে বাড়বে বলে মনে হয়। সুতরাং কোন একটি অনুন্নত দেশকে হয় উচ্চমূল্যে শস্য আমদানী করতে হবে, অথবা তা না করতে পারলে সে দেশে ক্ষুধার আপাতন বেড়ে যাবে।

সঞ্চয় বনাম বিনিয়োগ

বাংলাদেশ অনুমিত বিনিয়োগের পরিমাণ থেকে নীট বৈদেশিক সাহায্যের পরিমাণ বাদ দিয়ে মোট জাতীয় সঞ্চয়ের পরিমাণ নির্ণয় করা হয়। এর ফলে এক বছর থেকে অন্য বছরে নির্ণীত সঞ্চয়ের পরিমাণের মধ্যে বিপুল পার্থক্য লক্ষিত হয় এবং সঞ্চয় আচরণে কোন সুনির্দিষ্ট ধারা খুঁজে পাওয়া যায় না। পুরো ষাটের দশকে এদেশে মোট

জাতীয় সঞ্চয় ক্রমাগত বেড়ে গেছে । ১৯৬৯-৭০ সালে জাতীয় সঞ্চয় মোট দেশজ উৎপাদনের শতকরা ৯ ভাগ ছিল । স্বাধীনতার ঠিক পরে পরেই সঞ্চয়ের ক্ষেত্রে বিরাট পরিবর্তন লক্ষ্য করা যায় এবং আমাদের সঞ্চয় হার ভীষণভাবে কমে আসে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বিশ্বব্যাংক ও পরিকল্পনা কমিশন কর্তৃক উপস্থাপিত অনুমিত সঞ্চয়ের পরিমাণে বেশ পার্থক্য দেখা যায় । অবশ্য এর সবগুলোতেই বলা হয়েছে যে, বিগত দশকে এ দেশে জাতীয় সঞ্চয় দেশজ উৎপাদনের শতকরা ৫ ভাগের কম ছিল । প্রাক্কলিত বিনিয়োগের পরিমাণেও যথেষ্ট পার্থক্য পরিলক্ষিত হয় । বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মতে সত্তুর দশকের মাঝামাঝি পর্যন্ত আমাদের বিনিয়োগের পরিমাণ মোট দেশজ উৎপাদনের শতকরা ১০ ভাগ ছিল । বিশ্বব্যাংকের সমীক্ষায় অবশ্য দেখানো হয়েছে যে, সত্তুর দশকের মাঝামাঝি পর্যন্ত আমাদের বিনিয়োগের পরিমাণ মোট দেশজ উৎপাদনের শতকরা ১০ থেকে ১২ ভাগের মধ্যে ছিল । বিশ্বব্যাংকের সমীক্ষায় আরও বলা হয়েছে যে, গত কয়েক বছরে মোট দেশজ উৎপাদনের অনুপাত হিসেবে এ দেশের বিনিয়োগ প্রভূত পরিমাণে বেড়ে গেছে । কত কয়েক বছরে, বিশ্বব্যাংকের মতে, গড়পড়তা এই আনুপাতিক হার ছিল শতকরা ১৭ ভাগের কিছু বেশী । অতএব প্রাপ্ত সকল সমীক্ষায় দেখা যায় যে, সত্তুর দশকের সঙ্গে যদি সাম্প্রতিক সময়ের তুলনা করা হয়, তা'হলে বিনিয়োগ ও সঞ্চয়ের মধ্যকার তফাৎ ক্রমাগতভাবে বেড়ে গেছে ।

পরিকল্পনা কমিশন ভবিষ্যতের বিনিয়োগ ও সঞ্চয় সম্পর্কে যে প্রক্ষেপণ করেছে তাতে বলা হয়েছে যে, ১৯৭৯-৮০ সালের বিনিয়োগ হার দেশজ উৎপাদনের শতকরা ১৫.৯ ভাগ থেকে ২০০০ সাল নাগাদ তা শতকরা ২১.৫ ভাগে গিয়ে দাঁড়াবে [৯] । একই সময়কালে জাতীয় সঞ্চয় হারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংখ্যাদ্বয় হচ্ছে শতকরা ৪.৩ ভাগ এবং শতকরা ১২.৩ ভাগ। আমরা জানি যে, জাতীয় সঞ্চয়, অভ্যন্তরীণ সঞ্চয় ও বহিঃর্বিশ্ব থেকে উৎপাদন-উপকরণ থেকে উদ্ভূত নীট আয়ের যোগ ফলের সমান । বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মতে গত সাত বছরে আমাদের অভ্যন্তরীণ সঞ্চয় মোট দেশজ উৎপাদনের শতকরা ২ থেকে ৩ ভাগের মধ্যে ছিল । বিশ্বব্যাংকের প্রাক্কলনেও দেখা যায় যে, ১৯৮১-৮২ সাল ছাড়া গত কয়েক বছরে অভ্যন্তরীণ সঞ্চয় হার বার্ষিক শতকরা ২ থেকে ৩ ভাগের মধ্যে ছিল । আগামী বছরগুলোতে এই সঞ্চয় হারে কোন নাটকীয় পরিবর্তন নিতান্ত অপ্রত্যাশিত । অন্যদিকে পূর্বোল্লিখিত কারণসমূহের জন্য মধ্যপ্রাচ্যে আমাদের শ্রমশক্তির বাজার সঙ্কুচিত হয়ে আসলে ভবিষ্যতের বছরগুলোতে বিদেশ থেকে প্রাপ্ত শ্রমআয় কমে আসতে পারে । সুতরাং ভবিষ্যতে জাতীয় সঞ্চয় হার বাড়া তো দূরের কথা, তা বর্তমান পর্যায়ে থাকবে কিনা, সে ব্যাপারেই যথেষ্ট সন্দেহ আছে । সে ক্ষেত্রে কোন অনুমানের ভিত্তিতে পরিকল্পনা কমিশন মনে করছেন যে, ১৯৭৯-৮০ থেকে ১৯৯৯-২০০০ সাল এ ২০ বছরের মধ্যে এদেশের জাতীয় সঞ্চয় হার শতকরা ৩০০ ভাগ বৃদ্ধি পাবে, তা বোঝা দুঃসাধ্য ।

আগামী দশকগুলোতে প্রয়োজনীয় বিনিয়োগেরপরিমাণ নির্ধারণ করার ক্ষেত্রে দু'টো জিনিস বিবেচনা করা দরকারঃ ক) পুঁজি- উৎপাদন অনুপাত এবং খ) উৎপাদনের প্রক্ষেপিত বৃদ্ধি হার । ষাট দশকের পর থেকেই বর্ধিত পুঁজি- উৎপাদন অনুপাত এ দেশে প্রভূত পরিমাণ বেড়ে গেছে । সুতরাং ষাট দশকের তুলনায় একই প্রবৃদ্ধি হার বজায়

রাখতে এখন আমাদের দেশজ উৎপাদনের একটি বৃহত্তর ভাগ বিনিয়োগ করার প্রয়োজন হয়ে পড়ে । আমাদের প্রক্ষেপণে অনুমান করেছি যে, আগামী ১৪ বছরে প্রবৃদ্ধির হার এ দেশে গড়পড়তা প্রবৃদ্ধির হারের চেয়ে কিছু বেশী হবে, অর্থাৎ শতকরা ৩.৫ ভাগের পরিবর্তে শতকরা ৪ ভাগ। সুতরাং এটা পরিস্ফুট যে, গত দশকের তুলনায় আগামীতে বিনিয়োগ অনেক বাড়াতে হবে । অন্যদিকে পূর্ববর্তী অনুচ্ছেদেই আমরা বলেছি যে, প্রচলিত অবস্থার পরিপ্রেক্ষিতে জাতীয় সঞ্চয় হার কমে যেতে পারে । এ অবস্থায় আগামী দশকে দেশজ উৎপাদনের বর্ধিত প্রবৃদ্ধি হারের সঙ্গে সঙ্গে বিনিয়োগ ও জাতীয় সঞ্চয়ের মধ্যকার বর্তমান তফাৎ আরও বেড়ে যাবে ।

আমাদের দেশের বিনিয়োগ ও সঞ্চয় কাঠামোর ভবিষ্যৎ রূপরেখা বিশ্লেষণ করার চেষ্টা করলে কয়েকটি বৈশিষ্ট্য বেরিয়ে আসবে । প্রথমতঃ বিনিয়োগের ক্ষেত্রে দেশজ বেসরকারী বিনিয়োগ ভবিষ্যতে প্রকৃত উৎপাদন কর্মকাণ্ডের পরিবর্তে ঠিকাদারী, ব্যবসা, সরবরাহ, কাজ, ভূমি ইত্যাদি ক্রিয়াকাণ্ডে প্রবাহিত হবে । এর মূল কারণ দু'টো— প্রথমতঃ যারা বিনিয়োগকারী তারা এ সব ক্রিয়াকাণ্ডের মাধ্যমেই বিনিয়োগযোগ্য সম্পদ অর্জন করেছে এবং দ্বিতীয়তঃ প্রকৃত উৎপাদন কর্মকাণ্ডের পরিবর্তে এ সব কর্মকাণ্ডে আগম হার অনেক বেশী । সরকার যদিও বিদেশী বেসরকারী বিনিয়োগকে এ অর্থনীতিতে আকৃষ্ট করতে প্রাণপাত করছেন, তবু বর্তমানের অস্থিতিশীল রাষ্ট্র, সমাজ ও অর্থনৈতিক ব্যবস্থায় বিদেশী বেসরকারী বিনিয়োগ খুব একটা এদেশে আসবে না । বর্তমানে প্রতি বছর দেশের বাইরে থেকে মাত্র ১ মিলিয়ন যুক্তরাষ্ট্রীয় ডলার বেসরকারী বিনিয়োগ হিসেবে আসে, যেখানে সরকারী বৈদেশিক সাহায্যের পরিমাণ বার্ষিক ১২০০-১৩০০ মিলিয়ন ডলারের মত । ভবিষ্যতে বিদেশী বেসরকারী বিনিয়োগ প্রবণতা পরিবর্তিত হওয়ার সম্ভবনা খুব কম । সরকারী বিনিয়োগের ক্ষেত্রে শুধু একটা কথাই যথেষ্ট বিভিন্ন ক্ষেত্রে অবকাঠামো গড়ার নামে তার সিংহভাগেই ভৌত কাঠামো বিশেষতঃ দালান কোঠা, ঘর-বাড়ী, রাস্তা-ঘাট নির্মাণের কাজেই ব্যয়িত হচ্ছে। সঞ্চয়ের ক্ষেত্রে যে কথাটি প্রয়োজনীয় সেটি হচ্ছে সমাজে সম্পদের ও আয়ের বর্ধিত মেরুকরণের সঙ্গে সঙ্গে সঞ্চয়ের সিংহভাগই হয়তো নব্য ধনিক শ্রেণীর কাছ থেকে আসবে । কিন্তু পূর্বোল্লিখিত কারণে তারা তা প্রকৃত উৎপাদন কর্মকাণ্ডে বিনিয়োগ করবে না । বরং তাদের জমাকৃত সঞ্চয়ের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য তারা তাদের সঞ্চয় বিদেশে পাচার করবে । এ প্রক্রিয়াটি স্বাধীনতা পরবর্তীকাল থেকেই শুরু হয়ে গেছে এবং ভবিষ্যতে এ সমাজের শ্রেণীগুলোর মধ্যকার বর্ধিত মেরুকরণের ফলে এ প্রক্রিয়াটি আরও জোরদার হবে । এর মানে দাঁড়াবে আগামী বছরগুলোতে বাংলাদেশ অর্থনীতিতে প্রয়োজনীয় বিনিয়োগ ও লভ্য দেশজ সঞ্চয়ের মধ্যে তফাৎ আরও বিস্তৃত হবে ।

রপ্তানী ও আমদানী

গত দশকে বাংলাদেশে রপ্তানী ও আমদানী ক্ষেত্রে যে সমস্ত পরিবর্তন হয়েছে, বিশেষতঃ টাকায় বিচার করলে, তার সঠিক প্রকৃতি নির্ধারণ করা রীতিমত কষ্টসাধ্য । স্বাধীনতার অব্যবহিত পরেই বাংলাদেশী মুদ্রার অবমূল্যায়ণ করা হয় । ১৯৭৫ সালে আবারও এর অবমূল্যায়ণ ঘটে । সত্তর দশকের শেষার্ধ থেকে টাকার বহির্মূল্য ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে । ষাট দশকে যুক্তরাষ্ট্রের ১ ডলার এ দেশীয় মুদ্রায় ৪.৬ এককের সমান

ছিল, আজ যুক্তরাষ্ট্রীয় ১ ডলার সরকারী হারেই ৩০ টাকার বেশী । সত্তুর দশকের প্রথম দিক থেকেই বাংলাদেশের রপ্তানীযোগ্য ও আমদানীকৃত পণ্যসমূহের মূল্যস্তর ভীষণভাবে ওঠানামা করেছে । সুতারাং টাকায় প্রকাশ করলে আমাদের আমদানী ও রপ্তানীর মূল্য আমাদের মোট দেশজ উৎপাদনের অনুপাত হিসেবে স্বাধীনতার পর থেকেই বিপুল পরিমাণে বেড়ে গেছে । কিন্তু স্থিরকৃত মূল্যে যুক্তরাষ্ট্রীয় মুদ্রামানে প্রকাশ করলে আমাদের মোট রপ্তাণীমূল্য সারা সত্তুরের দশকে অপরিবর্তিত ছিল । শুছুমাত্র গত চার বছরে স্থিরকৃত মূল্যে আমাদের মোট রপ্তানীমূল্য কিছুটা বেড়েছে । আমদানী ক্ষেত্রে অবশ্য স্থিরকৃত মূল্যে যুক্তরাষ্ট্রীয় মুদ্রামানে প্রকাশ করলেও আমাদের মোট আমদানীর মূল্য ক্রমাগতভাবে বেড়ে গেছে । গত দশকের প্রথমদিকে স্থিরকৃতমূল্যে এদেশে মোট আমদানীর বার্ষিক মূল্য ছিল ৬০০ থেকে ৭০০ মিলিয়ন ডলার, আশির দশকে যা প্রায় তিন চার গুণ বেড়ে গেছে । আমদানীকৃত দ্রব্যের মূল্য বৃদ্ধি ও দেশজ প্রয়োজন বজায় রাখতে বিগত দশকে আমদানীখাতে ব্যয় বেড়েছে যার ফলে বাণিজ্য ভারসম্যে ঘাটতি বেড়ে গেছে ।

ঐতিহাসিকভাবে মোট দেশজ উৎপাদনের অনুপাত হিসেবে আমাদের রপ্তানীর পরিমাণ শতকরা ৬/৭ ভাগ। আগামী বছরগুলোতে এ অনুপাত অন্ততঃ অপরিবর্তিত রাখতে হলেও আমাদের প্রকৃত রপ্তানীর বাৎসরিক প্রবৃদ্ধির হার হতে হবে শতকরা ৪ ভাগ, যেহেতু আমরা অনুমান করেছি যে, ভবিষ্যতে বার্ষিক এ হারে আমাদের দেশজ উৎপাদন বৃদ্ধি পাবে । যে ভবিষ্যৎ আন্তর্জাতিক প্রেক্ষাপট আমরা আগেই বর্ণনা করেছি, তার পরিপ্রেক্ষিতে প্রকৃত রপ্তানীর ক্ষেত্রে এ প্রবৃদ্ধির হার অর্জন অসম্ভব প্রায় । তবুও অত্যন্ত আশাবাদী হয়ে ধরা যায় যে, ভবিষ্যতে রপ্তানী ক্ষেত্রে এ জাতীয় প্রবৃদ্ধি অর্জনে আমরা সক্ষম হব যার ফলশ্রুতিতে প্রকৃত রপ্তানী ও দেশজ উৎপাদনের অনুপাত ২০০০ সাল নাগাদ ও বর্তমানের শতকরা ৬/৭ ভাগে অপরিবর্তিত থাকবে । বিশ্বব্যাংকের সমীক্ষা অনুসারে স্থিরকৃত মূল্যে আমাদের আমদানী গত কয়েক বছর ধরে গড়ে মোট দেশজ উৎপাদনের শতকরা ২২ ভাগ [১৩] । বাংলাদেশে খাদ্যশস্য চাহিদার ক্ষেত্রে আমাদের প্রক্ষেপণে দেখানো হয়েছে যে, আগামী বছরগুলোতে খাদ্যশস্যের আমদানী বাড়াতে হবে । এ দেশের অতীত ফলাফলে বিশ্লেষণে দেখা যায় যে, খাদ্যশস্য ভিন্ন অন্য সব খাদ্যসামগ্রীর উৎপাদন গত দশকে কমে গেছে । সুতরাং শুধুমাত্র যে খাদ্যশস্যের আমদানীই বাড়াতে হবে তাই নয়, খাদ্যশস্য ছাড়াও তেল-বীজ, ডাল, দুগ্ধজাত দ্রব্য এ সব অতিপ্রয়োজনীয় সামগ্রীর আমদানীও ক্রমাগতভাবে বাড়াতে হবে । এর মানে হচ্ছে যে আগামী দশকগুলোতে প্রাথমিক দ্রব্যসামগ্রীর আমদানী অনপেক্ষ দিক থেকেও বেড়ে যাবে । আমাদের আমদানী কাঠামো বিশ্লেষণ করলে দেখা যায় যে বাংলাদেশের ক্রমবর্ধমান আমদানীর মূল কারণ হচ্ছে উৎপাদন প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় মাধ্যমিক দ্রব্যসামগ্রী ও পুঁজিগত দ্রব্য সামগ্রীর ক্রমবর্ধমান চাহিদা । আগামী দিনগুলোতে দেশে বর্ধিত উৎপাদন ক্রিয়াকাণ্ডের ফলে এ জাতীয় দ্রব্য সমূহরে আমদানী আরও বাড়ানোর প্রয়োজন হবে । তবুও অত্যন্ত সহজ একটি অনুমান আমরা ধরে নেই যে, আগামী বছরগুলোতেও আমাদের প্রকৃত আমদানী ও দেশজ উৎপাদনের বর্তমান অনুপাত, অর্থাৎ শতকরা ২২ ভাগ, অপরিবর্তিত থাকবে । এর মানে দাঁড়াচ্ছে যে, আমরা ধরে নিচ্ছি যে আমাদের রপ্তানী ও আমদানীর মধ্যকার বর্তমান তফাৎ, অর্থাৎ মোট দেশজ

উৎপাদনের শতকরা ১৫/১৬ ভাগ, ভবিষ্যৎ বছরগুলোতেও অপরিবর্তিত থাকবে। প্রকৃতপক্ষে ভবিষ্যতের আন্তর্জাতিক ও জাতীয় প্রেক্ষাপটের পরিপ্রেক্ষিতে ঐ তফাৎ আরও বৃদ্ধি পাওয়ার কথা। কিন্তু তবু যদি আমরা এ জাতীয় একটি সহজ ও নমনীয় অনুমানে অটল থাকি তা'হলেও ক্রমবর্ধমান দেশজ উৎপাদনের ফলে আগামী দশকগুলোতে অনপেক্ষভাবে এ তফাৎ ক্রমানুয়ে বেড়ে যাবে।

আগামী দিনগুলোতে আমাদের আমদানী কাঠামোতে উপরোল্লিখিত বিষয়গুলো ছাড়াও অন্য একটি মাত্রিকতা যোগ হবে। তা হচ্ছে আমদানী ক্ষেত্রে সরকারের আরও নমনীয় নীতি গ্রহণ এবং এ দেশে একটি নব্য ধনিক শ্রেণীর সম্পদের স্ফীতির কারণে ভবিষ্যতে আমদানী কাঠামোতে ভোগ্যপণ্য, এমনকি বিলাস দ্রব্যের ভাগ বেড়ে যেতে পারে। এখানে উল্লেখ্য যে, বর্তমানেই এ প্রবণতা বেশ জোরদার হয়ে উঠেছে এবং আইনসম্মত উপায়ে এ জাতীয় ভোগস্পৃহা না মেটানো গেলে বেআইনী উপায়ে তা করা হচ্ছে। ফলে দেশে বিদেশী দ্রব্যের চোরাচালান অসম্ভব বেড়ে গেছে এবং রাষ্ট্রীয় পর্যায়েও এ সমস্যাটিকে স্বীকৃতি দেয়া হচ্ছে। তবে বর্তমান অবকাঠামো বজায় থাকলে ভবিষ্যতে এ সমস্যা আরও জটিল হয়ে উঠবে বলে মনে হয়। রপ্তানী কাঠামোর দিকে ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে তাকালে দেখা যায় পঞ্চাশের দশকে আমাদের রপ্তানীর সিংহভাগই ছিল প্রাথমিক পণ্য কিংবা কাঁচামাল। পরবর্তী দশকে আমরা অপ্রাথমিক পণ্যও রপ্তানী করতে শুরু করি। তবে সত্তুর দশকের মাঝামাঝি সময় পর্যন্ত আমরা গুটি কয়েক প্রচলিত পণ্যই বাইরে রপ্তাণী করতাম। পরবর্তী সময়ে আমাদের রপ্তানী কাঠামোতে অপ্রচলিত পণ্যের ভাগ ক্রমানুয়ে বেড়ে যায় এবং বর্তমানে আমাদের রপ্তানীর এক তৃতীয়াংশেরও বেশী অপ্রচলিত পণ্য। তবে প্রশ্ন হচ্ছে এ ক্ষেত্রে আমাদের ভবিষ্যৎ সম্ভাবনা কতখানি ? দেয় অবস্থার পরিপ্রেক্ষিতে সে সম্ভাবনা খুব উজ্জ্ল বলে মনে হয় না।

আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে আর একটি মন্তব্য প্রয়োজন। এ বাণিজ্যের মাধ্যমে আমাদের গ্রামীণ অর্থনীতি থেকে সম্পদের স্থানান্তর হয়েছে। ১৯৭২-৭৩ সালে থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত আমাদের গ্রামীণ খাত থেকে বহিঃবিশ্বে রপ্তানীর মূল্য ছিল ৩৬৯২ মিলিয়ন ডলার আর একই সময় সংশ্লিষ্ট আমদানীর পরিমাণ ছিল ৯৯৯ মিলিয়ন ডলার [৩]। এর মানে হচ্ছে এদেশের গ্রামীণ খাত বহিঃবিশ্বের সঙ্গে বাণিজ্যে একটি উদ্বৃত্ত বজায় রেখেছে যে উদ্বৃত্ত বহিঃবিশ্বের সঙ্গে আমাদের শহুরে খাতের বাণিজ্য ঘাটতি মেটাতে ব্যবহৃত হয়েছে। সুতরাং বাংলাদেশের গ্রামীণ দারিদ্র্যের জন্য আমাদের বহিঃবাণিজ্য অনেকাংশেই দায়ী।

বৈদেশিক সাহায্য

স্বাধীনতার আগেও বাংলাদেশ অর্থনীতিতে খাদ্য ঘাটতি, বিনিয়োগ ও সঞ্চয় এবং ষাট দশকের শেষের দিকে রপ্তানী ও আমদানীর মধ্যে তফাৎ ছিল, যেগুলো পূরণ করতে বাংলাদেশ উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক সাহায্য পেয়েছিল। স্বাধীনতার অব্যাবহিত পরে অর্থনীতির পুনর্বাসন ও পুনর্গঠনের জন্য বৈদেশিক সাহায্য প্রাপ্তি বিপুল পরিমাণে বেড়ে যায়। ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত বাংলাদেশকে সর্বসাকুল্যে ১৬.৫ বিলিয়ন ডলার

সাহায্যের প্রতিশ্রুতি দেয়া হয়েছে যার মধ্যে ১১.৭ বিলিয়ন ডলার ইতিমধ্যেই ব্যয় করা হয়েছে । বর্তমান সময়ে বৈদেশিক সাহায্যের বিভিন্ন প্রকারের মধ্যে প্রতিশ্রুত সাহায্যের শতকরা ১৫ ভাগের মত খাদ্য সাহায্য, শতকরা ২৮ ভাগের মত পণ্য সাহায্য এবং শতকরা ৫৭ ভাগ প্রকল্প সাহায্য । ইদানিং সময়ে প্রতিশ্রুত সাহায্যের মধ্যে প্রকল্প সাহায্যের ভাগ ক্রমান্বয়ে বাড়ছেই । প্রকল্প সাহায্যের শতকরা মাত্র ১৭ ভাগ কৃষি, গ্রামীণ অবকাঠামো নির্মাণ ও বন্যা নিয়ন্ত্রণে ব্যয়িত হয় । এ সাহায্যের সিংহভাগ (শতকরা ৬২ ভাগ) লাভ করে নগরকেন্দ্রিক শিল্প, জ্বালানী ও যোগাযোগ খাত । খাদ্য সাহায্যের বেশী ভাগ অংশের সুবিধে লাভ করে নাগরিক জনগোষ্ঠী । আসলে খুব পরিষ্কার করে বললে বলা যায় যে, রাষ্ট্রযন্ত্রের সম্পৃক্ত নগরকেন্দ্রিক একটি বিশেষ শ্রেণীই বৈদেশিক সাহায্যের মূল সুবিধে ভোগ করে ।

পূর্ববর্তী অংশসমূহের আলোচনা ও বিশ্লেষণ থেকে এটা সুস্পষ্ট যে, ভবিষ্যতে খাদ্য ঘাটতি, বিনিয়োগ ও সঞ্চয় এবং রপ্তানী ও আমদানীর মধ্যকার যে তফাৎ ক্রমবর্ধমান হারে বেড়ে যাবে বলে আমরা আশংকা করছি, তা পূরণ করতে হলে ভবিষ্যতের বাংলাদেশ অর্থনীতিতে বৈদেশিক সাহায্যের প্রয়োজন, গুরুত্ব ও পরিমাণ বেড়ে যাবে । তবে আমাদের প্রক্ষেপিত ভবিষ্যৎ আন্তর্জাতিক প্রেক্ষাপটের প্রেক্ষিতে এর পরিমাণ বৃদ্ধি প্রয়োজনের তুলনায় যথেষ্ট না হওয়ার সম্ভাবনাই বেশী । সে ক্ষেত্রে সরকারকে প্রাপ্ত সব সম্পদ ব্যবহারের মাধ্যমে আমদানীর সাহায্যে প্রয়োজনীয় ভোগ্য পণ্য নিয়ে আসা বনাম উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্যে প্রয়োজনীয় বিনিয়োগ নিশ্চিতকরণ এদু'টো বিকল্পের মধ্যে বাছাই করতে হয়, তা'হলে সামাজিক বিশৃংখলা এড়ানো এবং সরকারের সঙ্গে সম্পৃক্ত জনগোষ্ঠীকে সন্তুষ্ট রাখার উদ্দেশ্যে সরকার খুব সম্ভবতঃ ভোগপণ্য আমদানী বজায় রাখতে সচেষ্ট হবে । এর ফলে উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সম্পদের প্রাপ্তি ভীষণভাবে কমে যাবে । বাংলাদেশের মত একটি দেশে, যে তার উৎপাদন ক্রিয়াকাণ্ডের জন্য মাধ্যমিক ও পুঁজিগত দ্রব্যসামগ্রীর আমদানীর উপর নির্ভরশীল, সেখানে উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় এ জাতীয় পণ্যের আমদানী হ্রাসের ভয়াবহ পরিণতি সহজেই অনুমেয় ।

উপসংহার

অত্যন্ত সরল কিছু অনুমানের ভিত্তিতে বাংলাদেশের জন্য ২০০০ সাল নাগাদ যে প্রক্ষেপিত চিত্র পাওয়া গেল, তা রীতিমত ভয়াবহ । এ অনুমানগুলোকে আরও পরিশোধিত করা গেলে এ ভয়াবহতার মাত্রা বাড়বে বই কমবে না । আমাদের সরলীকৃত অনুমানের ভিত্তিতেও আমরা দেখতে পাই যে, আগামী ১৫ বছরে আন্তর্জাতিক ক্ষেত্রে আমরা একটি আপেক্ষিক অবন্ধুসুলভ বহিঃবিশ্বের সন্মুখীন হব, রাজনৈতিক ক্ষেত্রে জনসমর্থনহীন, অ-গণমুখী রাষ্ট্রযন্ত্রের অধীনে থাকব, সামাজিক ক্ষেত্রে আরও বৃহত্তর বৈষম্য প্রধান সমাজ কাঠামোয় বাস করব । অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সরাসরি সম্পৃক্ত যে আর্থ-সামাজিক কাঠামো আমরা লাভ করব তা উন্নয়ন সহায়ক না হওয়ার সম্ভাবনাই বেশী ।

অর্থনৈতিক দিক থেকে আর ১৪ বছরের মধ্যে জনসংখ্যা বিপুল পরিমাণে বেড়ে যাবে, নগরায়নের বিস্তৃতি হবে অত্যন্ত দ্রুত এবং তার জন্য প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ

সুবিধা সৃষ্টি হবে রীতিমত কষ্টসাধ্য । দেশের শ্রমশক্তি যে হারে বাড়বে, অর্থনীতির আত্মভূতকরণ ক্ষমতা সে হারে বাড়বে না । এর ফলশ্রুতিতে বেকার সমস্যা প্রকট হয়ে উঠবে । বেকার জনগোষ্ঠীর মধ্যে শিক্ষিত বেকারের সংখ্যা ক্রমানুয়ে বেড়ে যাবে । যা সামাজিক অস্থিতিশীলতা ও সংঘাতকেই আরও ঘনীভূত করবে । দেশের মোট জাতীয় আয়ের বন্টিমতা বৃদ্ধি পাবে এবং সেই সঙ্গে বাড়বে গ্রামীণ দারিদ্র্যের আপাতন । খাদ্য ঘাটতি, বিনিয়োগ সঞ্চয় এবং রপ্তানী আমদানী ফারাক ক্রমানুয়ে বেড়ে যাবে, যা পূরণ করতে দেশ ক্রমবর্ধমান হারে বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল হয়ে পড়বে, খুব সম্ভবতঃ যে সাহায্য প্রয়োজনীয় মাত্রায় পাওয়া যাবে না ।

যদি আন্তর্জাতিক প্রেক্ষাপটের কোন পরিবর্তন না হয়, দেশের বর্তমান রাজনৈতিক, সামাজিক অবকাঠামো অপরিবর্তিত থাকে এবং বর্তমানের অনুসৃত সরকারী নীতি ও কার্যক্রম বজায় থাকে, তা'হলে আর দেড় দশকের মধ্যে উপরোল্লিখিত অবস্থার মুখোমুখী আমরা হব এবং যার ফল আমাদের কারো জন্য শুভ হবে না । সুতরাং এটা এড়াতে হলে এখন থেকেই সবার সঠিক সচেতনতার প্রয়োজন এবং এর পরিপ্রেক্ষিতে বিকল্প ব্যবস্থা, কাঠামো ও নীতিমালা গ্রহণ আশু প্রয়োজন । মনে রাখতে হবে যে সময় আমাদের সর্বাৎকৃষ্ট নিয়ামক না হয়ে সর্বোৎকৃষ্ট হন্তা হয়ে দাঁড়াতে পারে ।

গ্রন্থপঞ্জী

১. জাহান সে ঃ গ্রাম-বাংলার দারিদ্র্যঃ প্রবণতা ও পরিমাণ, ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকা, চতুর্বিংশ সংখ্যা, ১৯৮৬.

২. Ford Foundation : Word Food Situation— 1985 and 2000 Dhaka, 1974.

৩. North-South Institute : Rural Poverty in Bangladesh : A Report to the Like-Minded Group, 1985.

৪. Alamgir, M and Berlage. L : Bangladesh : National Income and Expenditure, 1949/50—1969/70, Research Monograph No. I. Bangladesh Institute of Development Studies, Dhaka, 1974.

৫. Bangladesh Bureau of Statistics : Bangladesh Population Census, 1981— Analytical Findings and National Tables, Government of Banlgadesh, Dhaka, 1984.

৬. Bangladesh Bureau of Statistics : Statistical Year Book of Bangladesh, 1982-83, Government of Bangladesh, Dhaka, 1984.

৭. Hamid, M.A. : Food Demand-Supply Projections : Bangladesh 1978—2000, Paper prepared for the Special Seminar on Food Policy and Development Strategy of Bangladesh, Bangladesh. Economic Association, Dhaka, 1980.

৮. Murshed, S.M.M. et. al : Crop Sector Output and Employment Growth in Bangladesh Agriculture, 1967—70 to 1979—82 (Mimeo), Bangladesh Agricultural University, Mymensingh, 1984.

৯. Planning Commission : Thought on Perspective Planning, Government of Bangladesh, Dhaka, 1983.

১০. Stepanek, J.F. : Bangladesh-Equitable Growth, Pergamon Press, New York, 1979.

১১. World Bank : Bangladesh : Foodgrain Self Sufficiency and Crop Diversification, Report No. 3953 BD, Washington D.C., 1982.

১২. World Bank : Bangladesh ; Selected Issues in Rural Employment, Report No. 4292-BD, Washington D.C., 1983.

১৩. World Bank : Bangladesh : Economic Trends and Development Administration, Volume I and, II, Report No. 4822-BD, Washington D.C., 1984.

১৪. World Bank : Bangladesh Economic Development and Population Growth, Volume-III, Report No. 5409, Washington D.C., 1985.

২০০০ সালের বাংলাদেশ—একটি প্রত্যুত্তর

এম সাইদুজ্জামান*

আলোচনার শুরুতেই দুটো বিষয় উল্লেখ করা বাঞ্ছনীয় বলে মনে করি ;

(ক) উত্থাপিত সুচিন্তিত প্রতিবেদনটির ওপর আলাচনা ও মন্তব্য করতে গিয়ে অত্যন্ত সতর্কতা ও সাবধানতা অবলম্বন করতে হবে এবং

(খ) আমার মন্তব্য নিতান্তই নিজের অভিজ্ঞতার ভিত্তিতে নিজস্ব অনুধাবন এবং আমি যা বলব তা সরকারের মন্ত্রী হিসেবে নয় বরং এ সমিতির একজন আজীবন সদস্য হিসেবে ।

আজকের আলোচনায় উত্থাপিত বিষয়টি হচ্ছে '২০০০ সালের বাংলাদেশ' । কেন ২০০০ সাল ? আমি মনে করি এটি একটি উপমামূলক শব্দ মাত্র, আসলে ভবিষ্যতের প্রেক্ষাপট ও সম্ভাব্য অবস্থা সম্পর্কে আলোচনাই এ সভার মূল উদ্দেশ্য । তবে ২০০০ সালের একটি তাৎপর্য্য আছে । সেদিনকার ২০০০ সাল আর আজকের ২০০০ সালে অনেক তফাত । আমরা যখন ছোট ছিলাম, স্কুলে পড়তাম তখন ২০০০ সাল সম্বন্ধে লিখতে দিলে কল্পনার ফানুস আকাশে উড়িয়ে দিতাম—মহাশূন্যে ভ্রমণ, বৈজ্ঞানিক আবিস্কার, অভাবনীয় প্রাচুর্য্য, আর কত কি ! ১৯৩০ সালে লর্ড কেইনস তাঁর বিখ্যাত বই 'Economic Possibilities for our Grandchildren' এ বলেছিলেন যে তাঁর দৌহিত্র/দৌহিত্রীদের সময় হবে অর্থনৈতিক সংগ্রাম ও বঞ্চনা মুক্ত । তাঁর ভবিষ্যত বংশ-ধরেরা যা নিয়ে ব্যস্ত থাকবে তা হবে বেঁচে থাকার শিল্প এবং সংস্কৃতির পরিশোধিত আনন্দ । বলা বাহুল্য এটা আজকের উন্নত বিশ্বের জন্যও প্রযোজ্য নয়, এ অঞ্চলের তো কথাই ওঠে না । ২০০০ সালের সে মোহময় আকর্ষণ আর নেই । একটু ভাবলে দেখা যাবে যে আজকের তুলনায় ২০০০ সাল আগামীকালের মত, যেমন ১৯৭৪ সাল আজকের তুলনায় যেন গতকাল । কিন্তু আজকে যারা কিশোর-কিশোরী তাদের জন্য ২০০০ সালের বাংলাদেশ প্রত্যাশার সম্ভাবনায় পূর্ণ ; তারা নিশ্চয়ই রঙ্গীন ভবিষ্যতের কথা ভাবছে । তাই আজকের এ আলোচনার বিষয়টি গুরুত্বপূর্ণ ।

লেখকদ্বয় তাঁদের প্রবন্ধে স্পষ্টভাবে বলেছেন যে, তাঁদের বিশ্লেষণ ও প্রতিবেদন একটি প্রক্ষেপণ; যদিও তাঁরা বলেছেন যে, 'ভবিষ্যত অতীতের অভিন্ন প্রতিচ্ছবি নয় ।' আমি

---

* প্রাক্তন অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।

আরও যোগ করব যে তাঁদের প্রক্ষেপণটি তাঁদের নিজস্ব কতগুলো অনুমানের ওপর ভিত্তি করে করা হয়েছে। তবে নিঃসন্দেহে লেখকদ্বয়ের বিশ্লেষণাত্মক প্রক্ষেপণ একটি সুপ্রচেষ্টা, কারণ এ প্রক্ষেপণ বিগত দু'দশকের ঘটনার ওপর ভিত্তি করে করা হয়েছে। কিন্তু একই কারণে তাঁদের প্রক্ষেপণটি হয়ে গেছে অতীতভিত্তিক মূল্যায়ণ। তবুও তাঁদের বিশ্লেষণ অত্যন্ত মূল্যবান। লেখকদ্বয় তাদের প্রতিবেদনের উপসংহারে বলেছেন ঃ ২০০০ সাল নাগাদ যে চিত্র পাওয়া যায় তা 'রীতিমত ভয়াবহ'; তখন আমরা একটি অবন্ধুসুলভ বহিঃর্বিশ্বের সম্মুখীন হব ; আরও বৃহত্তর ও বৈষম্য-প্রধান সমাজ কাঠামোয় বাস করব; তখনকার আর্থ-সামাজিক কাঠামো উন্নয়ন সহায়ক হবে না; জনসংখ্যা বিপুল পরিমাণে বেড়ে যাবে; প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ-সুবিধা সৃষ্টি হবে রীতিমত কষ্টসাধ্য; জাতীয় আয়ের বক্ষিমতা বৃদ্ধি পাবে; দেশ ক্রমবর্ধমান হারে বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল হয়ে পড়বে এবং সম্ভবতঃ সে সাহায্য প্রয়োজনীয় মাত্রায় পাওয়া যাবে না। তাঁরা আরও বলেছেন, এ কারণে এখন থেকেই সবার সঠিক সচেতনতা প্রয়োজন এবং তার পরিপ্রেক্ষিতে একটি বিকল্প ব্যবস্থা ও কাঠামো গ্রাহণ আশু প্রয়োজন।

কিন্তু 'বিকল্প ব্যবস্থা' সম্বন্ধে তাঁরা কিছুই বলেননি। এতে আমরা কিছুটা হতাশ হয়েছি। সার্বিকভাবে দেখতে গেলে তাঁদের এ প্রক্ষেপণ নিতান্তই নৈরাশ্যজনক। কিন্তু কিছু কিছু বিষয় তাঁরা উল্লেখ করেছেন যেগুলোর প্রতি দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন, যেমন ঃ—

(ক) সমাজে নারীর ভূমিকার পরিবর্তন,

(খ) বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ ও তার সম্ভাবনা,

(গ) রপ্তানী, বিশেষতঃ অ-প্রচলিত পণ্যের রপ্তানী বৃদ্ধি ও

(ঘ) অদুর ভবিষ্যতে গ্রামাঞ্চলে প্রযুক্তির বিস্তার।

কিন্তু মানব সম্পদ কিভাবে কাজে লাগানো যায় তার কোন উল্লেখ কিংবা বিশ্লেষণ তাঁরা করেননি; যদি আকস্মিকভাবে প্রাকৃতিক সম্পদ আবিষ্কৃত হয় তবে ২০০০ সাল কেমন হবে সে সম্বন্ধে কোন ইংগিত তাঁদের প্রবন্ধে নেই। গ্রামাঞ্চলে প্রযুক্তির বিস্তার হলে তার অভাবনীয় অনুকূল প্রতিক্রিয়া কি হতে পারে তা তারা উল্লেখ করেননি।

লোক সংখ্যা বৃদ্ধি সম্পর্কে তাঁদের যে দুশ্চিন্তা সে সম্পর্কে আমরা সবাই সচেতন। ২০০০ সাল নাগাদ এ দেশে লোকসংখ্যা হবে ১৩/১৪ কোটি। কিন্তু জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে গেলে ২০০০ সালে কেন, তার কিছু পরেও দীর্ঘমেয়াদী কার্যক্রম ও কার্যসূচীর ব্যতিক্রমী কোন ব্যবস্থা গ্রহণ বাস্তবধর্মী নয়। এখানে কোন নাটকীয় পরিবর্তন, নাটকীয়ভাবে জনসংখ্যা বৃদ্ধির হারের হ্রাসের কোন সম্ভাবনা নেই। এক্ষেত্রে ধারণা, পরিকল্পনা কিংবা প্রক্ষেপণ যথেষ্ট নয়, প্রয়োজন হচ্ছে সাংগঠনিক উন্নয়নের যা বর্তমান সরকার করছেন এবং যা করে যেতে হবে। এ ব্যাপারে আমাদের অবিচল প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। তবে বিষয়টি রাষ্ট্রীয় নীতির ওপর বিশেষভাবে নির্ভরশীল। বাংলাদেশের জনসংখ্যা সমস্যা সম্বন্ধে বিশ্ব ব্যাংকের প্রাক্তন প্রেসিডেন্ট রবার্ট

ম্যাকনামারা বলেছেন যে, এখানে প্রয়োজন একটি দৃঢ় উৎসাহীকরণ ও নিরুৎসাহীকরণ ব্যবস্থা । এ ধরনের ব্যবস্থা নিতে হলে সরকার এবং জাতিকে এক যোগে সিদ্ধান্ত নিতে হবে যা সবচেয়ে জনপ্রিয় নাও হতে পারে । বর্তমান প্রবন্ধের লেখকদ্বয় এ ব্যাপারে কোন ব্যতিক্রমধর্মী সমাধান, প্রচলিত পদ্ধতির কোন পরিবর্তন সম্বন্ধে কিছু উল্লেখ করেননি ।

লেখকদ্বয় তাঁদের প্রবন্ধে বলেছেন, 'ভবিষ্যতে বাংলাদেশের অর্থনীতিতে বৈদেশিক সাহায্যের প্রয়োজন, গুরুত্ব ও চাহিদা বেড়ে যাবে ।' এটি একটি বাস্তবধর্মী অনুধাবন । তাঁরা বলেছেন যে, আগামীতে বিনিয়োগ অনেক বাড়াতে হবে । এটিও সত্যি, কিন্তু কিভাবে তা করা যায়, কিভাবে অভ্যন্তরীণ সম্পদ ও সঞ্চয় বৃদ্ধি করা যায় সে সম্বন্ধে তাঁরা কিছু বলেননি । লেখকদ্বয় তাঁদের প্রবন্ধে বলেছেন, 'বাস্তব দৃষ্টিকোণ থেকে শতকরা ৪ ভাগের বেশী বাৎসরিক গড় প্রবৃদ্ধি সম্ভব নয় ।' কোন হিসাবে বাস্তব ? এটা কি সরকারের চরিত্র নিরপেক্ষ ? তা'হলে তাঁদের বিশ্লেষণ ও মন্তব্যের অধিকাংশই অর্থহীন হয়ে পড়বে । তাঁরা আরও বলেছেন যে, অবকাঠামো সৃষ্টি হবে রীতিমত কষ্টসাধ্য । কিন্তু পরে আরও বলা হয়েছে যে, বৈদেশিক সাহায্যে প্রকল্প সাহায্যের পরিমাণ বেড়ে যাবে । যদি তাই হয়, তবে কেন অবকাঠামো সৃষ্টি করা কষ্টসাধ্য হবে ? এটাও তো সর্বজনবিদিত যে এমনকি খাদ্য সাহায্য দাতাগুলো ক্রমেই শর্ত আরোপ করছে যে, খাদ্য সাহায্য দিয়ে কর্মসংস্থান করে অবকাঠামো সৃষ্টিতে সহায়তা করতে হবে ।

লেখকদ্বয় বলেছেন যে, 'অর্থনীতি ক্রমবর্ধমান হারে বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল হবে', 'প্রয়োজনীয় মাত্রায় সাহায্য পাওয়া যাবে না' এবং 'অবন্ধুসুলভ বহিঃবিশ্বের সম্মুখীন হবে ।' অর্থাৎ তাঁরা একটা বৈরী আন্তর্জাতিক বৈদেশিক সাহায্য ও পুঁজির পরিবেশ সম্পর্কে বলেছেন । এটা হয় তো বর্তমানে সত্যি, কিন্তু এটা চিরকালের জন্য বৈরী থাকবে একথা আমি বিশ্বাস করি না । কারণ ঃ

(ক) আন্তর্জাতিক সাহায্যের পরিমাণ, চরিত্র ও আন্তর্জাতিক পুঁজি প্রবাহ পারস্পরিক স্বার্থের ওপর নির্ভরশীল । এ সম্পর্কে আমি পরে আরও বলব ;

(খ) পঞ্চাশ, ষাট ও সত্তুর এর দশকে বৈদেশিক সাহায্যের ভিত্তি ছিল মূলতঃ রাজনৈতিক । কিন্তু এখন দেখা যাচ্ছে যে, পারস্পরিক স্বার্থ সম্পর্কে দাতা দেশগুলো সজাগ হচ্ছে ;

(গ) বৈদেশিক সাহায্য সম্পর্কে স্থবিরতা কিংবা বিভ্রান্তি—এটা মূলতঃ শিল্পোন্নত দেশে একটা বিশেষ রাজনৈতিক দৃষ্টিকোণের ভিত্তিতে গড়ে উঠেছিল । ধারণা ছিল যে, শিল্পোন্নত দেশগুলো একটি বদ্ধ কাঠামোর মাধ্যমে তাদের প্রবৃদ্ধি বাড়িয়ে যেতে থাকবে— উত্তর আমেরিকা, পশ্চিম ইউরোপ ও জাপান নিজেদের মধ্যে বাণিজ্য ও পুঁজি প্রবাহ মোটামুটিভাবে সীমাবদ্ধ রেখে তাদের প্রবৃদ্ধি বাড়াবে । কিন্তু এ চিন্তাধারার পরিবর্তন ঘটেছে— স্বার্থের পারস্পরিকতা সম্পর্কে উপলব্ধি ফিরে আসছে । 'বেকার (Becker) পরিকল্পনা' বা 'বেকার (Becker) উদ্যোগকে' আমি বলব সে উপলব্ধির

প্রাথমিক ও সীমিত উপসর্গ । আমরা যদি জাপানের কথা ভাবি তাহলে দেখব জাপানকে তার নিজস্ব স্বার্থে; রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থেই উন্নয়নশীল দেশগুলোর জন্য সাহায্য বাড়াতে হবে ।

(ঘ) ২০০০ সালে শিল্পোন্নত ও উন্নয়নশীল দেশগুলো সম্পর্কে যদি ভাবা যায়, তাহলে দেখা যাবে যে তখন তাদের জনসংখ্যা সম্পর্কিত কাঠামো হবে সম্পূর্ণ ভিন্ন। শিল্পোন্নত দেশগুলোতে আনুপাতিকভাবে জনগোষ্ঠিতে বৃদ্ধির সংখ্যা বেড়ে যাবে এবং উন্নয়নশীল দেশগুলোতে জনসংখ্যায় তারুণ্যের হার বৃদ্ধি পাবে । তখন বিশ্বের উৎপাদন কাঠামো —সেটা শুধুমাত্র ভোগ্যপণ্যের ক্ষেত্রেই নয় বরং মূলধন সামগ্রীর ক্ষেত্রেও—এ জনগোষ্ঠীর চাহিদার স্বরূপ দ্বারা নির্ণীত হবে । বাংলাদেশও এ ব্যাপারে একটি ব্যতিক্রম হবে না । শিল্পোন্নত দেশগুলোকে নিজেদের স্বার্থেই এদিকে দৃষ্টি দিতে হবে ।

বৈদেশিক সাহায্যের ওপর আমাদের নির্ভরশীলতা বাড়বে—এটা সত্যি ; তবে এখানে বিবেচ্য বিষয় আপেক্ষিক ও অনপেক্ষ নির্ভরশীলতা । অনপেক্ষ হিসাবে নির্ভরশীলতা বাড়লেও আপেক্ষিক হিসাবে কেন তা বাড়বে তা স্পষ্ট নয় । তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতার পরিমাণ নির্ধারিত হয়েছে মোট বিনিয়োগের শতকরা ৫৫ ভাগ। দেশের কতিপয় অর্থনীতিবিদ আত্মনির্ভরশীলতা ভিত্তিতে একটি বিকল্প পরিকল্পনা করা সম্ভব কিনা সে সম্বন্ধে সমীক্ষা করেছেন । বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের অনুরোধে প্রখ্যাত অর্থনীতিবিদ ডঃ ওয়াহিদুল হক সম্প্রতি এক সমীক্ষা ও বিশ্লেষণে নির্ধারণ করেছেন যে, বৈদেশিক সাহায্যের পরিমাণ কমিয়ে যদি সব মৌলিক ভোগকে স্থির করে দেয়া হয়, তবে আগামী পাঁচ বছরে জাতীয় আয় প্রবৃদ্ধির হার শতকরা ৩.৯ ভাগ হতে পারে ; কিন্তু তখনও পরিকল্পিত বিনিয়োগের শতকরা ৫২ ভাগ বৈদেশিক সাহায্য থেকে আসতে হবে । এর সঙ্গে যদি অমৌলিক ভোগ স্থির করে দেয়া হয় তবে এ প্রবৃদ্ধির হার শতকরা ৬ ভাগে উন্নীত হতে পারে ; তবুও বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীলতা থাকবে শতকরা ৪৮ ভাগ। অধ্যাপক হক আরও বলেছেন যে, শতকরা ৪৮ ভাগের নীচে নির্ভরশীলতা নামিয়ে নিয়ে এলে সেটা দেশের অর্থনীতির পক্ষে মঙ্গলজনক না হয়ে বরং ক্ষতিকর হবে । প্রশ্ন হচ্ছে অধ্যাপক ওয়াহিদুল হক যে ধরনের কৃচ্ছতা সাধনের কথা বলেছেন, সমাজ কি সে ধরনের কৃচ্ছতা মেনে নিতে রাজী আছে ? আমার ধারণা ঃ

(ক) আমাদের জনগণ পরিবর্তণ গ্রহণ করার জন্য প্রস্তুত ;

(খ) তারা কাজ করতে এবং সে কাজের বিনিময়ে আয় পেতে চায় এবং

(গ) স্বার্থত্যাগ, পরিবর্তন ও কষ্ট মেনে নিতে নাগরিক জনগোষ্ঠীর অনীহা আমাদের গ্রামীণ জনগোষ্ঠীর চাইতে বেশী । এখানে উল্লেখ্য যে, উত্থাপিত প্রবন্ধের সমস্ত বিশ্লেষণই নাগরিক জনগোষ্ঠীর দৃষ্টিকোণ থেকে করা হয়েছে ।

আমি মনে করি বিশ্বের যে কোন অন্য একটি উন্নয়নশীল দেশের চেয়ে বাংলাদেশের বৈদেশিক সাহায্যের প্রয়োজন বেশী । আমরা যদি আমাদের জনসংখ্যামূলক কাঠামোর

কথা ভাবি, বর্তমান মাথাপিছু আয়ের কথা ভাবি, প্রাকৃতিক সম্পদের লভ্যতা সম্বন্ধে ভাবি এবং আমাদের জনগণের জীবন-যাত্রার মান একটি ন্যূনতম গ্রহণযোগ্য পর্যায়ে উন্নীত করতে হলে যা প্রয়োজন তার কথা ভাবি, তবে বৈদেশিক সাহায্যের অবশ্যই প্রয়োজন হবে। এটাও উল্লেখ করা প্রয়োজন যে বাংলাদেশ মাথাপিছু যে বৈদেশিক সাহায্য পেয়ে থাকে এটা অনেক মধ্যআয় ও নিম্ন আয়ের দেশের চেয়ে কম। যেটা মনে রাখা প্রয়োজন তা হল আজকের পৃথিবীতে বৈদেশিক সাহায্য, বিশেষতঃ সুবিধাজনক শর্তমূলক সাহায্যের জন্য প্রচণ্ড রকমের প্রতিযোগিতা ও প্রতিযোগিতামূলক চাহিদা রয়েছে। আজ আমরা যা পাব এবং আত্মভূত করতে পারব, তা আগামী দিনের জন্য প্রামাণ্য-মাত্রা হয়ে দাঁড়াবে। সাহায্যদাতা দেশগুলোর দৃষ্টি এখন ক্রমেই আফ্রিকা মহাদেশের উপর নিবদ্ধ হচ্ছে। এ পরিস্থিতিতে বৈদেশিক সাহায্য প্রবৃদ্ধির সম্ভাবনা বাড়াতে হলে এটা আমাদের স্বার্থেই নিশ্চিত করতে হবে যে আমরা ক্রম বর্ধমান হারে প্রয়োজনীয় ও লাভজনকভাবে অধিক থেকে অধিকতর সাহায্য ব্যবহার করতে পারি। কিন্তু এটা অন্য বিষয়ের শর্তসাপেক্ষ— যার সম্পর্কে পরে কিছু বলব।

আমি আগেই বলেছি যে উত্থাপিত প্রবন্ধে বলা হয়েছে যে, 'বিকল্প ব্যবস্থা কাঠামো ও নীতিমালা গ্রহণ আশু প্রয়োজন', কিন্তু কি এই ব্যবস্থা সে সম্পর্কে কিছু বলা হয়নি। আমি এ বিকল্প ব্যবস্থা সম্বন্ধে কিছু বলতে চাই ঃ

(ক) উপস্থাপিত প্রবন্ধের প্রক্ষেপণ আমাদের জনগণের ক্ষমতা ও দক্ষতা সম্পর্কে একটি স্থবির অনুমানের ভিত্তিতে করা হয়েছে। যথাযথ উৎসাহের প্রেক্ষিতে আমাদের জনগণের ইতিবাচক প্রতিক্রিয়ার ব্যাপারে তাদের ক্ষমতা এবং সচেতনতা সম্পর্কে আমাদের পূর্ণ আস্থা থাকা উচিত। সাধারণ মানুষ পরিবর্তিত ব্যবস্থার সাথে নিজেদের যেভাবে খাপ খাইয়ে নিতে পারে সেটা মনে রেখেই উৎপাদন নীতিমালা ও উৎপাদন ব্যবস্থা প্রণয়ন করতে হবে।

(খ) জনগণ উৎসাহে সাড়া দেবে, পৃষ্ঠপোষকতায় নয়। জাতীয় আয় পৃষ্ঠপোষকতা দিয়ে বাড়ানো সম্ভব নয়, একমাত্র উৎসাহ দিয়েই তা সম্ভব। তৈরী পোশাক শিল্পে যে উদ্দীপনা ও মৌলিক পরিবর্তন আমরা লক্ষ্য করেছি— এদেশের মানুষ, পুরুষ ও মেয়েরা, কিভাবে প্রচণ্ড বাধার বিরুদ্ধে এবং স্বল্প অভিজ্ঞতা নিয়ে নিজেদেরকে ব্যাপ্ত করে সমাজে মৌলিক পরিবর্তনের সুযোগ সৃষ্টি করেছে, তা উদাহরণস্বরূপ উল্লেখ করা যেতে পারে। এ শিল্পের প্রসারে, উৎপাদন ব্যবস্থায় ও নিয়ন্ত্রণে অনেক দুর্বলতা রয়েছে সন্দেহ নেই— কাপড় চোরাচালান হয়েছে, শ্রমিক শোষিত হয়েছে— কিন্তু এগুলো সংশোধনযোগ্য। এক হিসেবে দেখা গেছে যে যদিও এ শিল্পে সংযোজিত মূল্য হয়ত শতকরা ২৫ ভাগ, তবুও এ সৃষ্টমূল্যের প্রায় সবটাই সঞ্চয় হিসেবে অর্থনীতিতে প্রতিফলিত হচ্ছে।

(গ) খাদ্য উৎপাদনের ক্ষেত্রে আমরা বিগত পাঁচ বছরে দেখেছি যে, উৎসাহের মাধ্যমে উৎপাদন বাড়ানো সম্ভব। এটা বলতে হবে যে, আমরা এ বিষয়ে যথোপযুক্ত মনোযোগ দেইনি, উৎসাহের সর্বোৎকৃষ্ট গুচ্ছ নিয়ে এখনও বিতর্কের অবকাশ আছে, এ জাতীয় গুচ্ছের প্রকৃষ্ট নমুনার রূপরেখা এখনও আমরা গড়ে তুলতে পারিনি, সাংগঠনিক ও কাঠামোগত বিষয়াদি এখানে

মতৈক্যের ভিত্তিতে সমাধান করা যায়নি । কিন্তু আপনারা সকলেই স্বীকার করবেন যে, এ ব্যাপারে সম্ভাবনা যথেষ্ট রয়েছে । ভূমি সংস্কারের সম্ভাবনাকে কেন আমরা এড়িয়ে যাব ? আজকের এ সভায় যারা উপস্থিত রয়েছেন, তাদেরই অনেকে সমীক্ষার দ্বারা দেখিয়েছেন যে ভূমি সংস্কার করে কৃষি ও খাদ্য উৎপাদন বৃদ্ধি সম্ভব ।

(ঘ) শিক্ষা ব্যবস্থা, শিক্ষার প্রসার, প্রাথমিক, কারিগরী ও উচ্চশিক্ষার যথোপযুক্ত বিন্যাস করে এবং জনসংখ্যা পরিকল্পনা নীতির সঙ্গে তার সমন্বয় করে উৎসাহের ভিত্তিতে একটি বিস্তৃত ভিত্তিসম্পন্ন তুলনামূলক সুবিধার সুযোগ আমরা অবশ্যই নিতে পারি । তৈরী পোশাক শিল্প কেবল একটা উদাহরণ— অন্যান্য ক্ষেত্রও আবিস্কার করতে হবে । আমি মনে করি যুক্তিযুক্ত রাজস্ব নীতি এবং অন্যান্য উৎসাহমূলক ব্যবস্থাদির সঠিক সংযুক্তির মাধ্যমে বাংলাদেশে আগামী দশ বছরে ৫০০ থেকে ১০০০ মিলিয়ন ডলার মূল্যের রপ্তানীমুখী বৈদ্যুতিক শিল্প গড়ে তোলা সম্ভব । কিছুদিন আগে যে ক্ষুদ্র শিল্প প্রদর্শনী চলছিল তা দেখলে সত্যি চোখ খুলে যায়, আমাদের মানুষের উদ্ভাবনী শক্তি ও দক্ষতা সম্বন্ধে আমাদের মনে উৎসাহের সঞ্চার হয় । এদেশের লোক দূরদর্শন, বেতার ছাড়াও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি সম্পূর্ণ নিজস্ব উদ্যোগে সংযোজন করছে এবং সেই সঙ্গে এসবের বিভিন্ন অংশ স্থানীয়ভাবে প্রস্তুত করছে । যদিও এগুলো প্রাথমিক অবস্থায় আছে, আমি শুধু এর সম্ভাবনা সম্বন্ধে ইঙ্গিত ও উদাহরণ দিয়েছি ।

(ঙ) কৃষি ও শিল্পে সম্পদের অধিকারের ক্ষেত্রে অবস্থাটিকে যদি ন্যায় সঙ্গত ও বৈষম্যহীন করা যায়, তাহলে উৎপাদন ও কর্ম সৃষ্টিতে বিরাট পরিবর্তন আসতে পারে । আমাদের বর্তমান প্রচেষ্টা হচ্ছে সম্পদের বৃত্তাকার একটি প্রবাহ নিশ্চিতকরণ, এ সম্বন্ধে সরকারের সর্বশেষ পদক্ষেপ তার ইঙ্গিত বহন করে । সমাজের সকল স্তরে, বিশেষ করে সর্বনিম্ন স্তরে যাতে শোষণ বন্ধ করা যায় এই পদক্ষেপ তারই সূচনা ।

(চ) উৎপাদন ও রপ্তানীতে অভ্যন্তরীণ ও বহিঃর্বিশ্ব থেকে অভিঘাতের সম্ভাবনা রয়েছে । আমরা তাদের সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন করতে পারব না, কিন্তু এ ব্যাপারে যা করা যেতে পারে তা হচ্ছে এদের প্রভাব ন্যূনতম করার জন্য নীতিক্রম ও বিনিয়োগ গ্রহণ। আমরা অনুমান করতে পারি না এবং তা করাও উচিৎ নয় যে বছরের পর বছর আমরা উৎপাদনে ব্যর্থ হব । যে অবকাঠামোর সৃষ্টি হয়েছে তার মূল পর্যন্ত ব্যবহার অপরিহার্য, কিন্তু সে ব্যবস্থা অসম্পূর্ণ । উদাহরণ হিসেবে বলা যায় যে, গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প, কর্ণফুলী, মুহরী ও চাঁদপুর সেচ প্রকল্প, তিস্তা বাঁধ প্রকল্প ইত্যাদি । আমাদের দেশে কৃষি ক্ষেত্রে যে উৎপাদনের সম্ভাবনা রয়েছে, বর্তমানে তার এক তৃতীয়াংশ থেকে অর্ধেক পর্যন্ত মাত্র বাস্তবায়িত হচ্ছে।

মোদ্দা কথা হল প্রবৃদ্ধির জন্য যা প্রয়োজন তা হচ্ছে বিনিয়োগযোগ্য সম্পদ ও বৈদেশিক মুদ্রা সম্পদ কিভাবে আহরণ করা যায়, কিভাবে জাতীয় সঞ্চয়ের হার বাড়ানো যায়, কিভাবে রপ্তানী-আমদানী বাড়ানো/কমানো যায়, কিভাবে বৈদেশিক সাহায্যের ব্যবহার বাড়ানো যায়— তার জন্য কর্মসূচী প্রণয়ন করা । জাতীয় সঞ্চয় আসবে সরকারী ও বেসরকারী খাত থেকে । দেশে বর্তমানে যে কর ব্যবস্থা রয়েছে তার দক্ষ ব্যবহার, অবাঞ্ছিত অপচয় রোধ, নাগরিক ও গ্রামীণ সম্পত্তির উপর ধার্য করের যথার্থকরণ ইত্যাদি রাজস্ব আদায় বৃদ্ধির বিপুল সম্ভবনার ইঙ্গিত দেয় । আমি মনে করি যে এ ধরনের বাস্তবমুখী পদক্ষেপ যদি গ্রহণ করা যায়, তবে জাতীয় সঞ্চয় হার সম্বন্ধে তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় যে প্রক্ষেপণ করা হয়েছে, তা সহজেই আগামী পাঁচ বছরে দ্বিগুণ করা যাবে । দ্বিতীয়তঃ রাষ্ট্রায়ত্ব বিভিন্ন শিল্প ও সংস্থা থেকে লভ্যাংশ ও উদ্বৃত্ত উল্লেখযোগ্য পরিমাণে বাড়ানো সম্ভব, যদি প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে প্রশাসনিক শৃংখলা উন্নীত করে দক্ষতা বাড়ানো যায় । আর বেসরকারী খাতকে যথোপযুক্ত উৎসাহ দিয়ে এবং একই সঙ্গে আর্থিক শৃঙ্খলা ও সংশ্লিষ্ট আইনসমূহের যথাযথ প্রয়োগের মাধ্যমে, এই খাতের সঞ্চয় উল্লেখযোগ্য পরিমাণে বাড়ানো সম্ভব ।

সার্বিকভাবে যা প্রয়োজন তা হল কঠিন ব্যবস্থা বেছে নেয়া । কঠিন ব্যবস্থার মানেই একনায়কতান্ত্রিক বা নিয়ন্ত্রিত সরকার, যদিও এ জাতীয় কাঠামো কঠিন ব্যবস্থা গ্রহণে সহায়ক হতে পারে । গুণার মির্ডাল তাঁর বিখ্যাত বিশ্লেষণে 'নমনীয় রাষ্ট্র' ও 'অনমনীয় রাষ্ট্রের' মধ্যে বেছে নেয়ার যে স্বাধীনতার কথা বলেছেন আমি তার কথাই বলছি । আমার মতে 'গণতন্ত্র' ও 'অনমনীয় রাষ্ট্রের' মধ্যে কোন অসঙ্গতি নেই । আমাদের যা প্রয়োজন তা হচ্ছে গণতন্ত্রের ওপর ভিত্তি করে একটি অনমনীয় রাষ্ট্র। একটা কথা অত্যন্ত বাস্তব যা আমাদের মনে রাখতে হবে, তা হল স্বাধীনতার পরবর্তী প্রথম দশকে আমাদের দেশে বিভিন্ন মতবাদের যে সব সরকার ক্ষমতায় ছিলেন, সবাই কঠিন ব্যবস্থা নিতে ইতঃস্তত করেছেন । এর কারণ হয়ত জনগণের দুঃখ-কষ্টের সাম্প্রতিক ইতিহাস— প্রথমে পাকিস্তানী ব্যবস্থায় এবং পরবর্তী সময়ে মুক্তিযুদ্ধের সময়ে সবারই মনে জাগরুক ছিল । এখন আমরা এমন একটি পর্যায়ে এসেছি সেখানে সরকার কঠিন ব্যবস্থা নিতে প্রস্তুত, যার বেশ ক'টি প্রমাণ ও ফলাফল আমরা পেয়েছি এবং এ ক্ষেত্রের সম্ভাবনাসমূহকে আমাদের খাটো করে দেখলে চলবে না । এ ক্ষেত্রে পূর্বশর্ত হল যে, যারা এ ব্যবস্থায় সুবিধাপূর্ণ স্থানে অবস্থান করছে, তাদের দুঃখ-কষ্ট ও শৃংখলা মেনে নিতে ও ভাগ করে নিতে প্রস্তুত থাকতে হবে ।

খাদ্য, সার এবং জ্বালানী, এগুলোই হচ্ছে আমদানী প্রতিকল্পনের গুরুত্বপূর্ণ ক্ষেত্র । বিনিয়োগ সঠিক দিকেই পরিচালিত হচ্ছে এবং আরও বিনিয়োগের প্রয়োজন । রপ্তানী সম্ভাবনাকেও পরিপূর্ণভাবে কাজে লাগাতে হবে । উদাহরণ হিসেবে বলা যায় ঃ— (ক) কৃষি-নির্ভর/সামুদ্রিক পণ্য, (খ) চামড়াজাত সামগ্রী ও প্রক্রিয়াজাত চামড়া, (গ) তৈরী পোশাক, (ঘ) বৈদ্যুতিক পণ্যাদি এবং (ঙ) গ্যাস-নির্ভর পণ্য, বিশেষতঃ সার । কিন্তু অন্যান্য সম্ভাবনাও রয়েছে । উৎসাহ এবং কম নিয়ন্ত্রিত বিনিয়োগ সুযোগের সংযুক্তি এ সব সম্ভাবনার বাস্তবায়নে সাহায্য করবে । কিছুদিন আগে সিলেটে তেল আবিষ্কৃত হওয়ার সংবাদ আপনারা নিশ্চয়ই শুনেছেন । এ সম্ভাবনাকেও আমাদের মনে রাখতে হবে ।

আমি আগেই বলেছি যে আন্তর্জাতিক অবস্থা চিরকাল বৈরী থাকবে না। সম্প্রতি বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার অষ্টম কিস্তির জন্য দাতা দেশগুলোর অঙ্গীকারণ ১২.৪ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে, যা পূর্ববর্তী সময়ে সপ্তম কিস্তির সময় ছিল ৯ বিলিয়ন ডলার। 'বেকার উদ্যোগের' কথা আমি আগেই উল্লেখ করেছি। এর ভিত্তিতে মধ্য-আয় ও নিম্ন-আয়ের দেশসমূহে পুঁজি প্রবাহ বৃদ্ধির ব্যবস্থা করা হচ্ছে। আন্তর্জাতিক পুঁজি প্রবাহের জোয়ার ভাঁটাকে যে সব গতিময় পরিবর্তন প্রভান্বিত করে, সেগুলোকে আমাদের উপেক্ষা করলে চলবে না। সম্প্রতি আমি ইসলামাবাদে একটি সম্মেলনে যোগ দিতে গিয়েছিলাম। এতে বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী, জাতিসংঘ আন্তর্জাতিক জরুরী শিশু তহবিল, বিশ্ব খাদ্য কর্মসূচী, যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, যুক্তরাজ্যের বৈদেশিক উন্নয়ন সংস্থা, সুইডিশ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, কানাডীয় আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, নেদারল্যান্ডের সাহায্য সংস্থা এ সব প্রতিষ্ঠানের প্রধানগণ এবং দায়িত্ব সম্পন্ন বেশ কয়েকজন মন্ত্রী পর্যায়ের কর্মকর্তা সমবেত হয়েছিলেন। এ ছাড়া এ সভায় যোগ দেন জাতিসংঘের দু'নম্বরের কর্মকর্তা,আন্তর্জাতিক অর্থনৈতিক সহযোগিতা সংস্থার মহাপরিচালক এবং অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থার সভাপতি। এ সব সংস্থা ও দেশগুলো মিলিতভাবে প্রতি বছর প্রায় ৫০ বিলিয়ন ডলার পরিমাণ সাহায্যের কর্মসূচী প্রণয়ন করে। এ আলোচনায় সুপারিশ করা হয় যে দক্ষিণ এশীয় সহযোগিতা সংস্থাভুক্ত দেশগুলো যদি ২০০০ সাল নাগাদ তাদের জনগণের জন্য সার্বজনীন প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য রক্ষা,নিরাপদ খাবার পানি সরবরাহ, সার্বজনীন প্রতিষেধক কর্মসূচী ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত কার্যসূচী পৃথক পৃথকভাবে প্রণয়ন করে সমন্বিতভাবে 'দক্ষিণ এশীয় সহযোগিতা সংস্থা ২০০০' কার্যসূচী হিসেবে প্রস্তাব প্রণয়ন করেন, তবে সাহায্য দাতা দেশ ও সংস্থাগুলো উৎসাহিত হয়ে বর্ধিত সাহায্য প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন— এ রকম আশাবাদ অবাস্তব হবে না।

কিন্তু অধিকতর বৈদেশিক সাহায্য পেতে হলে আমাদের সঠিক কর্মসূচী ও প্রকল্প প্রণয়ন করতে হবে এবং আমাদের ফলাফল উন্নীত করতে হবে। ফলাফলের সূচকগুলো হল ঃ (ক) দেশজ সম্পদ যোগানের ক্ষেত্রে আমাদের নিজস্ব প্রচেষ্টা, (খ) সাহায্য, বিশেষতঃ খাদ্য সাহায্যের ক্ষেত্রে সমতা ও (গ) উন্নয়ন প্রচেষ্টায় দারিদ্র্য দূরীকরণমুখীকরণ। প্রকল্প সাহায্য নিশ্চয়ই বাড়বে, যা উত্থাপিত প্রবন্ধের লেখকদ্বয়ও বলেছেন, কিন্তু আমাদের প্রয়োজন অধিক পরিমাণে স্থানীয় ব্যয় সংকুলানের জন্য সাহায্য। এটা বিনিয়োগ বৃদ্ধির, বিশেষতঃ সামাজিক খাতে বিনিয়োগ বৃদ্ধির জন্য অপরিহার্য। এর পূর্বশর্ত হবে সঞ্চয় বাড়ানোর ব্যাপারে আমাদের নিজস্ব প্রচেষ্টা, কর্মসূচী ও প্রকল্প প্রণয়নে ও বাস্তবায়নে আমাদের নিজস্ব ক্ষমতা সৃষ্টি।

ভবিষ্যতে অর্থনৈতিক কর্মকাণ্ডে ও কর্মসংস্থানের দ্রুত প্রসার করতে হলে আমাদের বাজার ও উৎসাহভিত্তিক ব্যবস্থার দিকে যেতে হবে। এ সম্বন্ধে কিছু বলা প্রয়োজন। উৎসাহ ও বিকেন্দ্রীকরণ বিষয়ে নতুন করে মূল্যায়ণ করা হচ্ছে। এমন কি কেন্দ্রীয় পরিকল্পিত অর্থনীতি, যাকে আমরা অ-বাজার অর্থনীতি বলে আখ্যায়িত করে থাকি, তারাও এ জাতীয় কর্মসূচী গ্রহণ করছে। এ জাতীয় পরিবর্তনই বিশ্বের সব জায়গায়

ঘটছে এবং এটা স্বীকার করার ব্যাপারে কোন রকমের দ্বিধা থাকার সুযোগ নেই। হাঙ্গেরী, চীন এমনকি সোভিয়েত রাশিয়া, ভিয়েতনাম ও আমাদের প্রতিবেশী দেশেও এর প্রতিফলন হচ্ছে।

উপসংহারে বলতে চাই যে আমি নৈরাশ্য ও হতাশার কারণ দেখি না। আমি আশাবাদী। যদি বিগত পঁচিশ বছরে দক্ষিণ এশিয়াকে সামগ্রিকভাবে দেখি, এখানকার ১০০ কোটি লোক দীর্ঘ পথ অতিক্রম করে এসেছে। পঞ্চাশ-ষাটের দশকে যে প্রক্ষেপণ করা হয়েছিল, তাতে অনেকেই ধারণা করেছিলেন যে ঃ (ক) দক্ষিণ এশিয়া একটি শূন্য ঝুড়ি অবস্থায় অবস্থান করবে, (খ) এখানকার জনসংখ্যা বৃদ্ধির হার গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকবে না এবং (গ) কিছুদিন পর পরই নিয়মিতভাবে এখানে দুর্ভিক্ষের প্রাদুর্ভাব ঘটবে। ১৯৮০-৮৫ সালের মধ্যে এ ১০০ কোটি লোক তাদের জাতীয় আয় বাৎসরিক শতকরা ৫ ভাগ হারে বাড়িয়েছে। এটা প্রমাণ করে যে সংগঠন গড়ে তোলা, সুষ্ঠু ব্যবস্থাপনা এবং নিশ্চিত রাজনৈতিক সংকল্প, যা উন্নত বহিঃবিশ্বের অবস্থার কারণে আরও ইতিবাচক হতে পারে, থাকলে প্রবৃদ্ধির হার বৃদ্ধির ত্বরণ অসম্ভব নয়।

আমরা যদি বাংলাদেশের দিকে তাকাই তা'হলে দেখব, বিগত ৫ বছরে খাদ্য উৎপাদনের হার জনসংখ্যা উৎপাদনের হার ছাড়িয়ে গেছে, কৃষি খাতে আমাদের চাষীরা উন্নত প্রযুক্তি গ্রহণ করেছে, এক দশকের ওপর এ দেশে কোন দুর্ভিক্ষ হয়নি, এদেশে ব্যবহৃত সারের শতকরা ৭৫ ভাগ এখন এ দেশেই উৎপাদিত হয়, খাদ্য-শস্য ভিন্ন অন্যান্য কৃষিজাত পণ্যের উৎপাদনের দিকে মনোযোগ দেয়ার ব্যাপারে একটি ক্রমবর্ধমান ও সুস্পষ্ট সচেতনতা দেখা দিয়েছে, সত্তুর দশকের প্রথম দিকে যখন জনসংখ্যা বৃদ্ধির হার প্রায় শতকরা ৩ ভাগ ছিল, এখন তা প্রায় শতকরা ২.৪৫ ভাগে নেমে এসেছে, পরিবার পরিকল্পনা সম্পর্কে এখন আর কোন বিভ্রান্তি নেই, সমাজে নারীরা একটি সক্রিয় ভূমিকা পালন করছে, পাঁচ বছর আগে যেখানে আমাদের জ্বালানী চাহিদার শতকরা ৪৫ ভাগ অভ্যন্তরীণ সম্পদ থেকে আসত, আজ সেখানে এ চাহিদার শতকরা ৬০ ভাগ অভ্যন্তরীণ উৎস থেকে আসছে এবং গত পাঁচ বছরে জ্বালানী আমদানীর পরিমাণ মোটামুটিভাবে স্থিরকৃত হয়ে আছে, গত পাঁচ বছরে ডলারেও আমাদের রপ্তানী আয় শতকরা ৫০ ভাগ বেড়েছে এবং গত ৮ বছরে অপ্রচলিত পণ্যের রপ্তানী প্রায় তিনগুণ বেড়েছে।

চার দিকে দারিদ্র দূরীকরণের প্রয়োজনীয়তা সম্পর্কে ক্রমবর্ধমান সচেতনতা দেখা যাচ্ছে। গ্রামীণ উন্নয়ন এবং প্রাথমিক স্বাস্থ্য ব্যবস্থার ক্ষেত্রে আমরা দেশজ সংগঠন ও নমুনা গড়ে তুলতে সক্ষম হয়েছি যা বিশ্বব্যাপী মনোযোগ আকর্ষণে সমর্থ হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে গ্রামীণ ব্যাংক প্রকল্প, মৌখিক জলশূন্যতা নিরোধক নিরামক ব্যবস্থা ইত্যাদি। বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, যেমন গণস্বাস্থ্য কেন্দ্র, বাংলাদেশ গ্রামীণ উন্নয়ন কেন্দ্র, প্রশিখা ইত্যাদির মাধ্যমে সামাজিক খাতে বেসরকারী প্রচেষ্টা বিস্তৃততর হচ্ছে, যাতে বেসরকারী প্রচেষ্টায় সামাজিক সমস্যা সমাধানের সম্ভাবনা প্রতিফলিত হচ্ছে।

২০০০ সাল সম্বন্ধে চিন্তা করলে অর্থনৈতিক প্রেক্ষিতে বাদ দিয়েও আর কিছু বলতে হয় ঃ

(ক) ২০০০ সালে জীবিত মুক্তিযোদ্ধাদের সংখ্যা হবে নগণ্য এবং ততদিনে প্রায় সব বাংলাদেশীর কাছেই মুক্তিযুদ্ধ একটি অতীত ঘটনায় পরিণত হবে ।

(খ) তখনকার প্রজন্মের মানুষেরা, বিশেষ করে প্রায় ১০ কোটি তরুণ, আমরা যতখানি আশা করি তার চাইতে কম কৃতজ্ঞ থাকবে এবং এখনই যদি আমরা যথাযথ ব্যবস্থা গ্রহণ না করি তা হলে যে সুযোগ আমরা হারাব তার প্রতি সম্ভবতঃ অঙ্গুলি নির্দেশ করবে । তারা হয়তো জানতে চাইবে তাদের স্বপ্নের বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় দক্ষ অর্থনৈতিক ও সামাজিক কাঠামো গড়ে তোলায় কেন আমরা ব্যর্থ হয়েছি ।

(গ) ঐতিহাসিকভাবে আমরা শোষিত হয়েছি এটা তারা মেনে নেবে, কিন্তু তারা যুক্তি দেখাবে যে এ কথা প্রাসঙ্গিক নয় । আমরা হয়তো বলব যে আমরা দরিদ্র ছিলাম কিন্তু তারা যুক্তি দেখাতে পারে যে কোন কোন পরিবর্তনের জন্য অর্থ প্রয়োজন হয় না— প্রয়োজন হয় সাহস ও দূরদৃষ্টির ।

(ঘ) একটি সমন্বিত এবং উন্নতিশীল জাতি গঠনের প্রচেষ্টায় প্রয়োজন কার্যকরী একটি সরকারের, কিন্তু কার্যকরী সরকারের জন্য আবার প্রয়োজন দায়িত্ব এবং সামাজিক শৃঙ্খলার দৃঢ় নিশ্চিতকরণ। রাজনৈতিক গণতন্ত্রে যদি কাজ করতে হয়, তা'হলে সামাজিক শৃঙ্খলা একটি অত্যাবশ্যকীয় শর্ত ।

দুঃখ-কষ্ট এবং স্বার্থত্যাগের প্রয়োজন যখন দেখা দেয় তখন ঃ

(ক) এটা সাধারণ মানুষের কাছে ব্যাখ্যা করার ব্যাপারে শিক্ষাজীবিদের একটি দায়িত্ব আছে ;

(খ) এটা শুধু মাত্র সরকারের একার দায়িত্ব নয় ;

(গ) কৃচ্ছ্রতা ও স্বার্থত্যাগ এবং উন্নয়নের মধ্যে যে কার্যকরণ সম্পর্ক তা জনগণের কাছে ব্যাখ্যা করার দায়িত্ব শুধু সরকারের নয় ।

আলোচিত প্রবন্ধে এ সব বিষয়গুলো অন্তর্ভুক্ত হয়নি । সেদিক থেকে প্রবন্ধটি আমাদের কাঙ্খিত মাত্রায় পৌছতে পারেনি । এর মধ্যে, কেউ বলতে পারেন, প্রচুর আদর্শগত কচকচি আছে । নিশ্চিতভাবে আমরা আরও বেশী বাস্তবতা ও প্রায়োগিক দৃষ্টিভঙ্গী এ প্রবন্ধে আশা করেছিলাম ।

DEVELOPMENT STRATEGY FOR NORTH-WEST BANGLADESH

বাংলাদেশে পল্লী উন্নয়ন কৌশল ও দারিদ্র্য নিরসন

এম, এ হামিদ *

১ পটভূমি

দারিদ্র্য নিরসনই পল্লী উন্নয়নের মূল প্রতিপাদ্য বিষয়। এ ব্যাপারে পল্লী অর্থনীতিবিদদের মধ্যে কোন দ্বিমত না থাকলেও এই উদ্দেশ্য অর্জনের কৌশল প্রণয়নের ক্ষেত্রে তাঁদের মধ্যে মত-পার্থক্য প্রচুর। বাংলাদেশে বিভিন্ন সময়ে নানা রকমের (বিভিন্ন মাত্রার গুরূত্বসহ) কৌশল প্রয়োগ হয়েছে। কিন্তু দারিদ্র্য নিরসনের মাপকাঠিতে এদের চূড়ান্ত ফলাফল ঋণাত্বক বৈ ধনাত্বক হয়নি। প্রাপ্ত তথ্য থেকে জানা যায় ঃ দারিদ্র্য সীমার নীচে (২২৭৩ ক্যালোরী) বসবাসকারী পল্লী পরিবারের সংখ্যা ১৯৬২-৬৩ সালে ৫৩% থেকে বৃদ্ধি পেয়ে ১৯৭৫-৭৬ সালে ৫৯% এবং ১৯৮৪-৮৫ সালে ৬৪%। ভূমিহীন পরিবারের সংখ্যা ১৯৫০ সালে ১৭.২% থেকে বৃদ্ধি পেয়ে ১৯৮৪-৮৫ সালে ৫৬.৫%, পরিবার পিছু আবাদকৃত জমির পরিমাণ ১৯৭৭ সালে ১.৪২ হেক্টর থেকে হ্রাস পেয়ে ১৯৮৩-৮৪ সালে ০.৯৩ হেক্টর এবং ০.৬০ হেক্টর (১.৫ একর) জমি আবাদকারী পরিবারের সংখ্যা ১৯৬০ সালে ৩৩% থেকে বৃদ্ধি পেয়ে ১৯৮২ সালে ৪৮.৭ এ দাঁড়ায়। অধিকন্তু, ১৯৮৩-৮৪ সালে কৃষিতে প্রকৃত মজুরী ১৯৬৩-৬৪ সালের তুলনায় ছিল মাত্র ৬৪% [১০,১১]।

বাংলাদেশের পল্লী অর্থনীতির ক্রমবর্ধমান অবনতির এই চিত্র আজ অনেককেই ভাবাতে শুরু করেছে। পল্লী উন্নয়নে অনুসৃত কৌশল সমূহের আপাতঃদৃশ্য গুণাবলী যতই আকর্ষণীয় হোক না কেন, হয়ত এদের মধ্যে কোথাও না কোথাও বিরাট গলদ রয়েছে যার জন্য পল্লীর অবস্থা আজ এত দূর্দশাগ্রস্ত। বাংলাদেশে পল্লী উন্নয়নের ক্ষেত্রে অনুসৃত কৌশলগুলো পর্যালোচনা করে এদের বিশেষ বিশেষ দুর্বলতা চিহ্নিত করা এবং দারিদ্র্য নিরসনের নিরিখে একটি বিকল্প কৌশলমালা রচনা করার প্রচেষ্টাই এই প্রবন্ধের মূল উদ্দেশ্য।

---

* অধ্যাপক, অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

২ বর্ত্তমানে প্রচলিত কৌশল সমূহের মূল্যায়ন

২.১ উফশী প্রযুক্তি

এশিয়ার অনেক দেশের তুলনায়ই (বিশেষ করে জাপান ও কোরিয়া) বাংলাদেশের ভূমির উৎপাদনশীলতা অনেক কম। এ কারণেই অনুমিত হয় যে, উফশী প্রযুক্তি ব্যবহার করে যদি কৃষির উৎপাদনশীলতা বাড়ানো যায় তাহলে তা শুধু ভূমি মালিকদের আয়ই বৃদ্ধি করবে না বরং এর সাথে জড়িত সবার (যেমন বর্গাদার ও মজুর শ্রমিক) আয়ও বেড়ে যাবে। ভূমি মালিকদের বর্দ্ধিত আয় একদিকে যেমন কৃষিকে আরও আধুনিকীকরণ করতে সহায়ক হবে, অন্য দিকে কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প এবং কৃষি-সহায়ক শিল্পও গড়ে উঠবে। সার্বিক পল্লী উন্নয়নের ভিত্তি এখান থেকেই শুরু হওয়া সম্ভব। এ জন্যই উফশী প্রযুক্তি (অথবা বীজ-সার-সেচ প্রযুক্তি) পল্লী উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে বহুদিন থেকেই বাংলাদেশে বিবেচিত হয়ে আসছে।

এ প্রযুক্তির বহুল প্রচার ও ব্যবহার শুরু হয়েছে প্রায় দুই দশক আগে থেকে। উফশী বীজ, রাসায়নিক সার (ইউরিয়া, এম, পি ও টি, এস, পি) এবং বিভিন্ন ধরনের আধুনিক সেচ পদ্ধতি (গভীর নলকূপ, অগভীর নলকূপ, শক্তি চালিত পাম্প, অভিকর্ষ শক্তি চালিত পাম্প ইত্যাদি) ব্যবহৃত হচ্ছে এখন যত্রতত্র। ১৯৮৪-৮৫ সাল নাগাদ প্রায় ৬০ লাখ একর জমি এই কৌশলের মাধ্যমে চাষ হয়েছে। আলোচ্য প্রসংগে আমাদের প্রশ্ন ঃ পল্লী উন্নয়নের অর্থাৎ দারিদ্র্য নিরসনের ক্ষেত্রে এই কৌশল কতখানি কার্যকর ?

এ প্রসংগে গবেষণালব্ধ ফলাফল পাওয়া যায় অনেক। তবে এগুলো মোটামুটি একই ধরনের ; পার্থক্য মাত্রাগত, প্রকারগত নয়। এই কৌশল কৃষি উৎপাদনশীলতার ওপর দর্শনযোগ্য প্রভাব রেখেছে। চাষের ধরনের আমূল পরিবর্তন হয়েছে (দেশী শস্যের পরিবর্তে উফশী ফসল কিংবা পতিত জমিতে বাড়তি ফসল আবাদ হচ্ছে)। চাষের নিবিড়তা উল্লেখযোগ্য ভাবে বেড়ে গেছে। সেচ বর্হিভূত জমিতে যেখানে চাষের তীব্রতা মাত্র ১২০% সেচ এলাকায় তা ১৬০% থেকে ১৬৪% [১৭]। হেক্টর প্রতি ফলনও সেচ এলাকায় অনেক বেশী। উফশী বোরো ধানের ফলন যেখানে প্রতি হেক্টরে ২.৭৮ টন, দেশী বোরোর ক্ষেত্রে তা মাত্র ১.৫০ টন। এই প্রযুক্তিতে অন্যান্য প্রভাবের মধ্যে অধিকতর কর্মসংস্থান সৃষ্টিও বিশেষভাবে উল্লেখযোগ্য। সেচ এলাকার জমিতে শ্রমের ব্যবহার অসেচ এলাকার তুলনায় প্রায় দ্বিগুণ। নিম্নে দারিদ্র্য নিরসনে এই কৌশলটির ভূমিকা সম্পর্কে আলোকপাত করা হলো।

প্রথমেই যে বিষয়টি সকলের দৃষ্টি আকর্ষণ করে তা হলো সেচ এলাকা সম্প্রসারণে অগ্রগতি। বিশ্ব ব্যাংকের মতে নৌ পরিবহন, মাছ চাষ, অন্যান্য পানির ব্যবহার নিশ্চিত করেও বাংলাদেশের মোট আবাদি জমির প্রায় ৬২% জমিতে সেচ দেয়া সম্ভব, কিন্তু ১৯৮৪-৮৫ সাল নাগাদ বিভিন্ন আর্থ-সামাজিক, রাজনৈতিক এবং প্রযুক্তিগত কারণে এর পরিমাণ দাঁড়ায় মাত্র ২৬% [১৩]। এটিকে সর্বোচ্চ সীমা হিসেবে চিহ্নিত করতে হবে; কারণ, যে জমি পরিপূরক সেচের আওতায় আনা হয় বা কোন কোন সময় যদি বৃষ্টির পানিতেও সেচের কাজ হয়ে যায়, সে জমিও বাংলাদেশে সেচ এলাকা হিসেবে গণ্য করা

হয় । আলোচনার খাতিরে যদি ধরেও নেওয়া হয় যে দেশের এক-চতুর্থাংশ জমিতে সেচ দেয়া হচ্ছে, তবুও প্রশ্ন থেকে যায়, যারা সুবিধা পাচ্ছেন তাঁরা কারা ? এতে কি দারিদ্র্য নিরসন হচ্ছে ?

এ কথা নিঃসন্দেহে বলা যায় যে এর সুবিধা পাচ্ছেন প্রাথমিকভাবে যাঁরা জমির মালিক তাঁরাই । এই বর্দ্ধিত আয় পল্লী উন্নয়নে কতটুকু সহায়ক হবে তা নির্ভর করবে ঐ আয় খরচের প্রকৃতির ওপর । এক সমীক্ষায় দেখা যায় সেচ থেকে প্রাপ্ত আয়ের সিংহভাগই খরচ হয় মাত্র দু'টো খাতে, ভোগ (৩২%) এবং জমি ক্রয় (৩১%)। কৃষি যন্ত্রপাতির জন্য ব্যয় হয় মাত্র ২% । বাকী অর্থ ব্যয় হয় শিক্ষা, ব্যবসা, চিকিৎসা, ইত্যাদি খাতে । এখানে আরও উল্লেখ প্রয়োজন যে যাঁরা জমি ক্রয় করেন, তাঁদের প্রায় সবই বড় কৃষক; পক্ষান্তরে যাঁরা ভোগের জন্যে ব্যয় করেন, তাঁদের অধিকাংশই ক্ষুদে কৃষক [১৭;৯৯] । অন্য একটি সমীক্ষায় দেখা যায় যে সমস্ত ধনবান কৃষক তাঁদের নগদ টাকা শিল্প স্থাপনের (বিশেষ করে ওয়ার্কশপ স্থাপনে) জন্যে বিনিয়োগ করতে আগ্রহী ছিলেন, তাঁরা তা বাস্তবায়ন করতে সমর্থ হননি প্রধানতঃ দুটো কারণেঃ এক, তাঁদের প্রযুক্তিগত জ্ঞান একেবারেই সীমিত, এবং দুই, নেতৃত্বদানকারী সংস্থার (বি,এ,ডি,সি) উদাসীনতা এবং অদক্ষতা [১৮] । মূলতঃ এ দুটো কারণেই কৃষি ও অকৃষি খাতের মধ্যে সংযোগ স্থাপন সম্ভব হয়ে উঠছে না । তাই বাধ্য হয়েই তাঁরা তাঁদের অর্থ জমি কেনার কাজে ব্যবহার করছেন । বলা বাহুল্য, অতি সম্প্রতি এ ব্যাপারে কিছু সংস্কার নীতি (পরে আলোচিত হয়েছে) ঘোষিত হলেও, ক্ষুদে কৃষকদের জমি বিক্রয়ের হাত থেকে বাঁচানোর কোন কার্যকরী আইন প্রণীত হয়নি । যারা জমি বিক্রি করতে বাধ্য হন তাদের সমস্যার মূল কারণগুলোও কি খুঁটিয়ে খুঁটিয়ে দেখা হচ্ছে ? মনে হয় না । এক প্রবন্ধে দেখানো হয়েছে যে, এর মূল কারণ গুলোর মধ্যে রয়েছে বিপদের সময় মহাজনদের নিকট ঋণ গ্রহণ এবং তার জন্যে অবিশ্বাস্য হারে সুদ প্রদান । ভোগ ও পূর্ব ঋণ পরিশোধের জন্যেও লোকজন ঋণ গ্রহণ করতে বাধ্য হয় তাও সর্বজনবিদিত [১৫] । অধিকন্তু; এই বর্দ্ধিত আয়ের একটা অংশ কৃষি করের মাধ্যমে আদায় করে তা পল্লী উন্নয়নের জন্যে ব্যয় করার নীতিও আজ পর্যন্ত সাফল্যের মুখ দেখতে পারেনি ।

উফশী প্রযুক্তির সুবিধা শুধুমাত্র জমির মালিকরাই পাচ্ছেন, এটা সম্পূর্ণ সত্য নয় । বর্গাচাষী এবং মজুর শ্রমিকরাও এ সুবিধার অংশীদার হবার কথা । এটা সম্পূর্ণ সত্য হলে আলোচ্য কৌশলটি পল্লী উন্নয়নের সহায়ক হতে পারে ।

মাঠ তথ্য থেকে জানা যায় যে, আজও বাংলাদেশের বিভিন্ন এলাকায় আধা-আধি অংশের ভিত্তিতে বর্গাদারী প্রথা প্রচলিত রয়েছে । অনেক পল্লী গবেষকই দাবী করেছেন বর্গাদার সমস্ত খরচ বহন করে অর্ধেক ফসল মালিককে দিলে তাদের অংশের অনুপাত দাঁড়ায় ২২% (বর্গাদার) ঃ ৭৮% (মালিক)। অন্য একটি গবেষণায় দেখা যায়, যদি বর্গদারদের পারিবারিক শ্রমের যোজিত মূল্য ধরা হয় তাহলে অনেক ফসলের ক্ষেত্রেই (১৯টি ফসলের মধ্যে ১০টিতে) বর্গাদারের নীট আয় হয় ঋণাত্বক [১৯ ; ১৬৪] । এই যদি বাস্তব অবস্থা হয়, তবে বর্গাদারেরা উফশী প্রযুক্তির মাধ্যমে তাদের দারিদ্র্যর হাত থেকে মুক্তি পাচ্ছেন, সে আশা অসার হয়ে যায় । ঐ সীমিত এলাকায় মজুর শ্রমিকদের অন্ততঃ একটি মৌসুমে কিছু বাড়তি কাজের সংস্থান হয়েছে নিঃসন্দেহে । সেচ এলাকায়

শ্রমিকদের বর্ধিত চাহিদার জন্যে তারা কিছুটা বাড়তি মজুরিও পেয়েছে, কিন্তু তাকে কি অন্ততঃ "সর্বনিম্ন" মজুরী বলা যায় ? একটি গবেষণা রিপোর্টে দেখানো হয়েছে যে, ঐ সময় শ্রমিকেরা মোটামুটি দৈনিক ১৬ টাকা হারে (খাবার মূল্য ধরে নিয়ে, যদি থাকে) মজুরি পেয়েছে [১৮ ; ১২৭] । তখন (১৯৮১-৮২) ঐ এলাকার চালের খুচরা মূল্য ছিল সের প্রতি টাকা ৫.৭৮ । এই হিসেবে তাদের সর্বনিম্ন মজুরি হবার কথা টাকা ২০.২৫ । তাহলে প্রকৃত মজুরি দাঁড়ায় প্রায় ২০% কম । সুতরাং বোঝা যাচ্ছে, বর্তমানের আর্থ-সামাজিক কাঠামোতে সেচের সুবিধা জমির মালিকদের মাধ্যমে চুঁইয়ে অতি সামান্যই বর্গাদার বা মজুর শ্রমিকদের হাতে পৌছাচ্ছে।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিঃসন্দেহে বলা যায় দারিদ্র্য নিরসনের মাপকাঠিতে পল্লী উন্নয়নের জন্যে উফশী প্রযুক্তির ব্যবহার একটি আবশ্যিক শর্ত হতে পারে, কিন্তু পর্যাপ্ত শর্ত নয় ।

২.২ উৎসাহব্যঞ্জক মূল্য

সরাসরি উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে এটি আর একটি কৌশল । এই কৌশলটি প্রণয়নের পেছনে যে যুক্তিটি কাজ করে তা'হলো ঃ কৃষকেরা তাদের বাজারজাতকৃত মোট ফসলের সিংহভাগই বিভিন্ন কারণে ধানকাটা মৌসুমের পরপরই বিক্রি করে দেয় । এ সময় তুলনামূলকভাবে ফসলের দাম অনেক কম থাকে বিধায় তারা বাড়তি উৎপাদন বৃদ্ধির উৎসাহ হারিয়ে ফেলে । তাই মনে করা হয় যে যদি তাদেরকে ঐ সময় বিক্রীত ফসলের ন্যায্য মূল্য দেওয়া হয়, তা'হলে তারা বাড়তি উৎপাদন করার চেষ্টা করবে এবং দারিদ্র্য নিরসনের পথ সুগম হবে । খাদ্য সংগ্রহ নীতি কর্মসূচীর মাধ্যমে এই কৌশলটি বাস্তবায়ন করা হয় । উহা সংগ্রহ কালে কৃষকদের চলতি বাজার মূল্যের চাইতে অতিরিক্ত দাম (উৎসাহব্যঞ্জক মূল্য) দেবার কথা । এর মাধ্যমে মূল্য স্থিতিশীল হবে বলেও আশা করা হয় ।

উৎসাহব্যঞ্জক মূল্য কৌশলটি পঞ্চাশ দশকের শেষার্ধ থেকেই এদেশে (তখনকার পূর্ব পাকিস্তান) প্রচলিত আছে । আগে শুধু ধান / চাল সংগ্রহ করা হত, এখন গমও এর তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে । এই ক্ষেত্রে আরও একটি পরিবর্তন এসেছে, তা হলো বাধ্যতামূলক সংগ্রহের পরিবর্তে স্বেচ্ছাধীন প্রথার প্রচলন । এই খাদ্য সংগ্রহ কর্মসূচীর মাধ্যমে উৎসাহব্যঞ্জক মূল্য কৌশলটি পল্লী উন্নয়নের (বিশেষ করে দারিদ্র্য নিরসনে) জন্যে কতটুকু ভূমিকা পালন করছে, তা নিম্নের আলোচনা থেকে অনুমান করা যাবে ।

(ক) এই কর্মসূচীর অন্তর্নিহিত তাৎপর্য অনুযায়ী সংগ্রহমূল্য অবশ্যই বাজার মূল্যের বেশী হতে হবে; তা না হলে সেটিকে উৎসাহব্যঞ্জক মূল্য হিসেবে গণ্য করা যায় না । কালীন-সারির তথ্য বিশ্লেষণ করে ইসলাম দেখিয়েছেন যে ১৯৫৯-৬০ থেকে ১৯৭৫-৭৬ সময়ের মধ্যে একমাত্র ১৯৭৫-৭৬ সাল বাদে (সে বছরে সংগ্রহ মূল্য বাজার মূল্যের চাইতে ৩% বেশী ছিল) কোন বছরেই সংগ্রহ মূল্য বাজার মূল্যের চাইতে বেশী ছিল না [২৩] । অন্যান্য বছরে সংগ্রহ মূল্য ও বাজার মূল্যের অনুপাত ০.৫৮(১৯৭৪-৭৫) থেকে ০.৮৭(১৯৬২-৬৩) এর মধ্যে উঠানামা করেছে । তৃতীয় পরিকল্পনায় প্রদত্ত তথ্যে দেখা যায় যে উক্ত অনুপাত ১৯৭৯-৮০ সালে ০.৬৮ থেকে বেড়ে ১৯৮১-৮২ সালে ০.৮৯ এ

উন্নীত হয় [১০;১৫১] । কিন্তু পরবর্তী বছর গুলোতে তা ক্রমাগত হ্রাস পেয়ে ১৯৮৪-৮৫ সালে ০.৬৫ এ দাঁড়ায় । তা'হলে প্রমাণিত হলো যে, কোন মানেই প্রাপ্ত সংগ্রহ মূল্যকে উৎসাহব্যঞ্জক মূল্য বলে অভিহিত করা যায় না ।

(খ) এর পরেও প্রশ্ন রয়েছে, কৃষি উৎপাদন সত্যিকার অর্থেই কি মূল্যসুবেদী (price sensitive) ? উত্তর নির্ভর করবে উৎপাদন মূল্য স্থিতিস্থাপকতা পরিমানের ওপর । একটি অর্থনৈতিক গবেষণায় দেখা যায় বাংলাদেশে কৃষি উৎপাদন মূল্য স্থিতিস্থাপকতা মোটামোটি ০.১৩ থেকে ০.১৮ এর মধ্যে সীমিত [২] ।যদি এই পরিমাপ গ্রহনযোগ্য হয় তা'হলে এর তাৎপর্য হলো যে, ১% উৎপাদন বৃদ্ধির জন্যে ১০% মূল্য কমাতে হবে । আবার আমরা যদি সংগ্রহ মূল্য স্থিতিস্থাপকতা একক বলে ধরে নেই তা'হলে প্রতি ১% সংগ্রহ-পরিমান বৃদ্ধির জন্যে ১% মূল্য বৃদ্ধির প্রয়োজন হয় [৬] । সোজা কথায় উৎসাহব্যঞ্জক মূল্যের মাধ্যমে (অন্ততঃ যতটুকু অভিজ্ঞতা পাওয়া যায় তার ভিত্তিতে) কৃষি উৎপাদন বৃদ্ধি করে পল্লী উন্নয়ন ত্বরান্বিত করা হবে, সে আশা দূরাশা ছাড়া কিছুই নয় ।

(গ) আবার, সংগ্রহ মূল্য বাজার মূল্যের ওপর কতখানি প্রভাব বিস্তার করে তা অবশ্য অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকা সাপেক্ষে নির্ভর করবে সংগ্রহ পরিমাণের উপর । পরিকল্পনা কমিশন মনে করেন এ পরিমাণটি অন্ততঃ ১.৫ মিলিয়ন টন হওয়া উচিত (১৯৮৫ সালের অবস্থায়) [১০ ; ১৫২] । প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, এই পরিমাণ শস্য কোন বছরেই সংগ্রহ করা সম্ভব হয়নি । একমাত্র ১৯৮১-৮২ সালে প্রচুর শস্য উৎপাদন এবং মোটামুটি ভাল সংগ্রহ মূল্যের (অনুপাতটি ছিল ০.৮২) কারণে এই সংগ্রহের পরিমাণ ১.২ মিলিয়ন টনে উপনীত হয়েছিল । অন্যদিকে বাংলাদেশের মোট উৎপাদনের মোটামুটি ২৯% বাজার জাত হয় [২] । এই হিসাব মোতাবেক ১৯৮৪-৮৫ সালের (উদাহরণ স্বরূপ) মোট ১৬ মিলিয়ন টন খাদ্যশস্য উৎপাদনের মধ্যে ৪.৬ মিলিয়ন টন বাজার জাত হয়েছিল । দ্বিতীয় পরিকল্পনা নাগাদ গড়ে ০.৪ মিলিয়ন টন খাদ্য শস্য সংগৃহীত হয়েছিল, যা মোট বাজারজাতকৃত খাদ্য শস্যের মাত্র ৮.৭%। এই পরিমান সংগ্রহীত খাদ্য শস্য বাজার মূল্যের উপর কতখানি কার্যকরী প্রভাব বিস্তার করতে পেরেছে তা সহজেই অনুমেয় ।

(ঘ) পরিশেষে, এই উৎসাহব্যঞ্জক মূল্যের সুবিধা (যদি হয়ে থাকে) প্রকৃত পক্ষে কারা ভোগ করছে সেটাও জানা দরকার । প্রথমেই দেখা যাক শস্য বিক্রি করে কারা ? স্বভাবতঃই এর উত্তর হবে, যাদের অতিরিক্ত ফসল উৎপাদিত হয়, মূলতঃ তারাই ; কেবল তাদের পক্ষেই বেশী পরিমাণ শস্য দূরের রাস্তায় নিয়ে যাওয়া সম্ভব । কিন্তু আসলে এই কৃষকেরাই কি সংগ্রহ কেন্দ্রে ফসল বিক্রি করে ? মাট তথ্য থেকে জানা যায় যে মাত্র ৭% থেকে ২২% ধান/চাল সরাসরি কৃষকেরা বিক্রি করে, বাকী গুলো যোগান দেয় ব্যবসায়ীরা [২৩;৯৬] । অতি সম্প্রতি পরিচালিত অন্য একটি গবেষণায় দেখা যায় যে কৃষকদের কাছ থেকে এখন ধান/চাল সরাসরি কেনা হয় না বললেই চলে । তাহলে বুঝা যাচ্ছে, এই সংগ্রহ কর্মসূচীর মাধ্যমে যদি কোন সুবিধা হয়ে থাকে তার গ্রহীতারা হচ্ছেন মূলতঃ দালাল ও ফড়িয়ারা ।

উপরোক্ত আলোচনা থেকেই এটাই প্রতীয়মান হয় যে, উৎসাহব্যঞ্জক মূল্য

উৎপাদনের ওপর কোন অর্থপূর্ণ প্রভাব রাখতে সমর্থ হয়নি । তাহলে, আমরা প্রশ্ন করতে পারি, একে কি সত্যিকার অর্থেই পল্লী উন্নয়নের কৌশল হিসেবে পরিগণিত করা যায় ?

২.৩ কর্মসংস্থান সৃষ্টি

অর্থনীতির ইতিহাসে উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কর্মসংস্থান সৃষ্টি সব সময়ই সমান গুরুত্ব পেয়ে আসছে । তবে আলোচ্য প্রসংগে এই কর্মসংস্থান সৃষ্টি একটু ভিন্ন প্রকৃতির । পল্লীর জনগণ, বিশেষ করে যারা ভূমিহীন অথচ জীবন ধারণের জন্যে পরোক্ষ ও প্রত্যক্ষ ভাবে ভূমির উপর নির্ভরশীল, কৃষির আবর্তক মৌসুমের কারণে তারা প্রতি বছর একটি বিশেষ সময়ে (সাধারণতঃ শুষ্ক মৌসুমে) বেকার থাকতে বাধ্য হয় এবং দুঃখ কষ্টে দিন কাটায় । এ কারণেই পরিকল্পনাবিদরা কর্মসংস্থানকে একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে বরাবরই চিহ্নিত করে আসছেন । অবশ্য ইদানীং কালে ঐ কৌশলটার গুণগত মান বৃদ্ধি কল্পে এর পূর্বে বিভিন্ন ধরনের শব্দ যোগ করা হচ্ছে, যেমন "লাভজনক" "উৎপাদনশীল", ইত্যাদি ।

পল্লী উন্নয়নের এই কৌশলটি বাংলাদেশে বিভিন্ন পূর্ত কর্মসূচীর মাধ্যমে বাস্তবায়ন করা হয় । সত্যিকার অর্থে এ দেশে পল্লী পূর্ত কর্মসূচীটি কুমিল্লার কোতওয়ালী থানায় সামাজিক গবেষণাগারের পল্লী গবেষণারই ফসল । এর মূল উদ্দেশ্য দুটো ঃ (এক) কৃষি ও যাতায়াতের ক্ষেত্রে ভৌত কাঠামো নির্মাণ এবং (দুই) যখন মাঠে কাজ থাকে না তখন কিছু কর্মসংস্থান সৃষ্টি । ১৯৭৪ সালে দেশে যখন দুর্ভিক্ষাবস্থা বিরাজ করছিল, তখন আরও একটি সহযোগী কর্মসূচী— "কাজের বিনিময়ে খাদ্য"— চালু করা হয় । পরবর্তী পর্যায়ে অবশ্য এই শেষোক্ত কর্মসূচীটি প্রথমটির চাইতে বেশী গুরুত্বপূর্ণ হয়ে উঠে । আমরা এখন দারিদ্র্য নিরসনের নিরিখে পল্লী উন্নয়নে এই কৌশলটির ভূমিকা নিয়ে দু'চারটা বক্তব্য রাখবো ।

এই কৌশলটির একটি দুর্বল দিক হলো যে এর সুবিধা শুধুমাত্র একটি নির্দিষ্ট এবং সংক্ষিপ্ত সময়ের মৌসুমের জন্যে প্রযোজ্য । বৃষ্টি-বাদলের সময়েও যে ভূমিহীন কৃষকেরা বেকার থেকে আধপেট খেয়ে বা না খেয়ে থাকতে পারে, সে ব্যাপারে এই কর্মসূচীর কোন বিবেচনা নেই । এখন প্রশ্ন, এই নির্দিষ্ট মৌসুমে কৌশলটি কর্মসংস্থান সৃষ্টি করে পল্লী উন্নয়নে কতখানি সাহায্য করে ? আলমগীর দেখিয়েছেন যে পল্লী পূর্ত কর্মসূচীর মাধ্যমে ১৯৬২-৬৩ থেকে ১৯৭০-৭১ সাল পর্যন্ত গড়ে প্রতি বছরে ৩৪.০৪ মিলিয়ন শ্রমদিবস সৃষ্টি করে এবং তা ১৯৭১-৭২ থেকে ১৯৭৬-৭৭ সালে হ্রাস পেয়ে ১৪.০৩ মিলিয়ন এ দাঁড়ায় [৩;১২২] । তিনি দেখান যে এই কর্মসূচীর মাধ্যমে প্রাপ্ত শ্রম দিবস দেশের মোট শ্রম দিবসের শতকরা এক ভাগও হয় না । পরবর্তী পর্যায়ে অবস্থার কিছুটা পরিবর্তন ঘটেছে । কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর মাধ্যমে দ্বিতীয় পরিকল্পনা সময় কালে প্রায় ১,১৫৬ মিলিয়ন শ্রম দিবসের সৃষ্টি হয় এবং পূর্ত কর্মসূচীর ৩৪.০০ মিলিয়ন সহ সর্বমোট শ্রম দিবস দাঁড়ায় ১,১৯০ মিলিয়ন [১০] । এই হিসাব যথাযথ সতর্কতার সঙ্গে ব্যবহার করতে হবে । কারণ, এই পরিমাণের প্রতিদিনের জন্য ২ সের গম ধরা হয়েছে । এ থেকে যে একটি উল্লেখযোগ্য পরিমাণ গম (কম পক্ষে ২৫%) নষ্ট, অপচয়

কিংবা চুরি হয় তা বিবেচনায় আনা হয়নি । পরিকল্পনা কমিশনের উক্ত হিসাব ব্যবহার করলেও দেখানো যায় যে, বাংলাদেশের মোট প্রাপ্ত শ্রম দিবসের (মোট জন সংখ্যা ঃ ৯৫.৫ মিলিয়ন ১৯৮২-৮৩ সালে, মধ্যম বছর, অসামরিক শ্রম ৩১.২৫% ঃ অর্থাৎ মোট সংখ্যা = ২৯.৮৪ মিলিয়ন) অর্থাৎ ২৯.৮৪ মিলিয়ন × ৩০০ দিন = ৮,৯৫৩ মিলিয়ন শ্রম দিবসের মাত্র ২.৬% হয় ।

উপরিলিখিত দিকটি ছাড়াও সর্বশেষ হিসাবটির আরও একটি দুর্বল দিক রয়েছে । ঐ ২.৬% কর্মসংস্থান একেবার্র নতুন, সে কথা বলা ঠিক হবে না । কারণ, যেহেতু এই কর্মসূচীতে মজুরীর হার বেশী, সেহেতু মজুর শ্রমিকেরা তাদের নিজস্ব তুলনামূলক ভাবে কম উৎপাদনশীল কাজ ছেড়ে দিয়ে এই কাজে যোগদান করে । আহমেদ ও হোসেন তাঁদের প্রবন্ধে দেখিয়েছেন যে প্রায় ৪৫% শ্রমিক এ ধরনের স্ব-নিয়োজিত শ্রম ছেড়ে উক্ত কর্মসূচীতে কাজ করেছে [১] । এতে অন্যান্যদের তুলনায় আয় বেড়েছে শতকরা ১০ থেকে ১১ ভাগ। অধিকন্তু, উল্লেখিত প্রবন্ধে আরও বলা হয়েছে যে মজুরীর হার বেশী হবার দরুন অন্যান্য ভাড়াকারী কৃষকেরা শ্রম ভাড়া নেয়া কমিয়ে দিয়েছেন । তাঁদের সমীক্ষা অনুযায়ী প্রায় ১৮% কৃষক এমনটি করেছেন বলে স্বীকার করেছেন ।

এই সমস্ত কর্মসূচীর দ্বারা যে ধরনের কাজ করা হয় তার মধ্যে রয়েছে রাস্তা ঘাট নির্মাণ, কালভার্ট নির্মাণ, ডোবা-পুকুর খনন বা সংস্কার, ইত্যাদি । সংগৃহীত তথ্য থেকে জানা যায় যে, বিভিন্ন নীতি বহির্ভূত কাজের জন্যে (যেমন কোন কাজ না করেই একই স্থানে পুকুর খনন ও মাটি ভরাট করে রাস্তা তৈরী) এবং বিশেষ করে সম্পাদিত কাজের সাথে পল্লী উন্নয়নের সার্বিক কর্মকাণ্ডের কোন কার্যকর সংযোগ না থাকায়, পল্লী উন্নয়নের উপর এর প্রভাব একেবারেই দুর্বল । যেটুকু সুবিধাও বা হয়, তার সবটুকু জমির মালিকরা বা বিত্তবান লোকেরাই ভোগ করে ।

অতএব পল্লী পূর্ত কর্মসূচী ও কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী গুলোর প্রসংগে সংঘটিত নীতি বহির্ভূত কাজের সম্প্রসারণের কথা বাদ দিলেও দারিদ্র্য নিরসনে এগুলোর ভূমিকা একেবারেই নগন্য ।

২.৪ প্রাতিষ্ঠানিক পল্লী ঋণ যোগান

পল্লী উন্নয়নে প্রাতিষ্ঠানিক ঋণের গুরুত্ব অপরিসীম, এই ধরনের ঋণ পল্লীর জনগণের শুধু যে স্থানীয় মহাজনদের আকাশ চুম্বি সূদের হার থেকেই রেহাই দেয় না বরং তাদেরকে নগদ টাকার যোগান দিয়ে উফশী প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করে, কৃষি ফসল বাড়াতেও সাহায্য করে । ঋণ এমন এক শক্তিশালী উপকরণ যা এর ব্যবহারকারীদের আয় বাড়াতে এবং এমনকি সম্পদের মালিক হতেও সাহায্য করে । ঠিক এরূপ চিন্তা ধারাই বর্তমানে প্রাতিষ্ঠানিক ঋণপ্রদান ব্যবস্থা সম্প্রসারণ করছে ।

পঞ্চাশ দশকের দিকে যেখানে মোট পল্লী ঋণের শতকরা ৫ ভাগও প্রাতিষ্ঠানিক উৎস থেকে পাওয়া যেত না, সেখানে বর্তমানে প্রায় শকতরা ১৫/২০ ভাগে দাঁড়িয়েছে । মূলতঃ চারটি প্রাতিষ্ঠানের মাধ্যমে পল্লী ঋণ বিতরণ করা হচ্ছে, যথাঃ (ক) বাংলাদেশ ব্যাংক, (খ) রাষ্ট্রয়াত্ব বাণিজ্যিক ব্যাংক, (গ) বাংলাদেশ সমবায় ব্যাংক এবং (ঘ) বি, আর, ডি,

বি । পল্লী ঋণের পরিমাণ বেশ দ্রুত গতিতে বেড়েছে । ১৯৭২-৭৩ সালে যেখানে মাত্র টাকা ৩২.১৫ কোটি বিতরণ করা হয়, তা ক্রমশঃ বেড়ে ১৯৭৯-৮০ সালে ২৮২.০৯ কোটি টাকা এবং ১৯৮৪-৮৫ সালে ১১৪৯.৮৪ কোটি টাকায় দাঁড়ায় । এর মধ্যে কৃষি ব্যাংকের অংশ ৫৩% ভাগ (১৯৮৪-৮৫ সালে)। এই রূপ বর্দ্ধিত হারে পল্লী ঋণ বিতরণ দারিদ্র্য নিরসনে কতখানি কার্যকর প্রভাব রাখছে তা অবশ্যই মূল্যায়নের দাবী রাখে।

প্রথমতঃ এই প্রাতিষ্ঠানিক উৎস পল্লী জনগণের মোট চাহিদার কত অংশ পূরণ করছে ? ঋণের চাহিদার সঠিক হিসাব সহজ নয় । তবে আলোচনার জন্যে একটি অতি সরলীকরণ মডেল বিবেচনা করা যায় । বাংলাদেশে মোট ৯.১৭ মিলিয়ন হেক্টর আবাদি জমি রয়েছে । প্রতি হেক্টরে যদি টাকা ৫,০০০ (একরে প্রায় ২,০০০ টাকা) ঋণের চাহিদা ধরি, তা হলে মোট পরিমাণ দাঁড়ায় টাকা ৪৫,৮৫০ মিলিয়ন । এই হিসেবে ১৯৮৪-৮৫ সালে বিতরণকৃত ঋণ মোট চাহিদার মাত্র এক-চতুর্থাংশ। তৃতীয় পরিকল্পনা দলিলে ১৯৮৪-৮৫ সালে ১,১৩১ কোটি টাকার ঋণ বিতরণের কথা উল্লেখ করে বলা হয়েছে যে ঋণের অংক এত মোটা হওয়া সত্ত্বেও এই পরিমাণ মোট কৃষি উৎপাদনের যোজিত মূল্যের ৭.৪% অংশ মাত্র [১০;১৩৩] । আসলেই ঋণের এই পরিমাণ দেখে এই কৌশলের যথার্থতা বিচার করা যুক্তি সংগত হবে না । এর আসল মানদণ্ড হওয়া উচিত— ঋণ কিভাবে ব্যবহৃত হয়েছে, কি ধরনের গ্রহীতা ঋণ ব্যবহার করেছে এবং কত অংশ ঋণ পরিশোধিত হচ্ছে।

শেষোক্ত মানদণ্ডটিই প্রথমে বিবেচনা করা যাক । সত্যিকার অর্থে বিতরণকৃত ঋণ যদি পরিশোধিত না হয় তাহলে সেই ঋণ বিতরণ এবং ব্যবহারের মধ্যে যেমন দুর্বলতা থাকার সম্ভাবনা থাকে, ঠিক তেমনি অন্যদিকে ঋণলগ্নী প্রতিষ্ঠানগুলোও নিজের পায়ে দাঁড়াতে না পেরে হয় দেউলিয়া হয়ে যায় কিংবা অতি মাত্রায় সরকারের উপর নির্ভরশীল হয়ে পড়ে । ইউনুস ১৯৭৯ সাল পর্যন্ত বিতরণকৃত ঋণ ও পরিশোধিত ঋণের তথ্য বিশ্লেষণ করে দেখিয়েছেন বিভিন্ন বছরে পরিশোধের হারের তারতম্য থাকলেও গড়ে ৬৫% ঋণ আদায় হয়েছে [২৫;২৬৮] । বি.বি.এস এর ১৯৮২ সালের পরিসংখ্যান অনুযায়ী এই পরিশোধের হার ১৯৭৮-৭৯ সালের ৬৮.৬% থেকে ক্রমাগত কমে ১৯৮২-৮৩ সালে ৪৯.৭% হয় [৮] । তৃতীয় পরিকল্পনায় বলা হয়েছে মোট বকেয়া ঋণের পরিশোধিত হার ১৯৮০-৮১ সালে ৩৬% থেকে হ্রাস পেয়ে ১৯৮৪-৮৫ সালে ২১% এ দাঁড়িয়েছে [১০;১৩৩] । কিন্তু এই পরিশোধিত হারের মধ্যেও শুভঙ্করের ফাঁকি রয়েছে । মাঠ তথ্য থেকে জানা যায় যে উপরের চাপে কিংবা স্বীয় অবস্থান দৃঢ় করার লক্ষ্যে ঋণ লগ্নী প্রতিষ্ঠানসমূহ অন্ততঃ দুটো পদ্ধতিতে আরও খারাপ পরিশোধের হার গোপন রাখার চেষ্টা করে । এক, "পেপার ট্রানজাক্সন" এর মাধ্যমে সুদসহ পুরাতন ঋণের সমপরিমাণ (কোন কোন সময় বেশী পরিমাণও) অর্থ বরাদ্দ করে নতুন ঋণ হিসেবে দেখানো হয় এবং দুই, ঋণ পরিশোধের মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও বহুদিন ধরে তা বকেয়া খাতায় না তুলে চলতি ঋণ হিসেবেই দেখানো হয় । শওকত আলী তাঁর এক নিবন্ধে দেখিয়েছেন যে কৃষির উৎপাদন বৃদ্ধি ও বিতরণকৃত পল্লী-ঋণের সাথে কোন সম্পর্ক নেই [৪] । তাঁর যুক্তির সপক্ষে তিনি দেখান যে, ১৯৭২ থেকে ১৯৮৫ সালের

মধ্যে যেখানে পল্লী ঋণ বিতরণের চক্র বৃদ্ধির হার ৩২%, সেখানে খাদ্য উৎপাদন বৃদ্ধির হার মাত্র ৩.৫% । উৎপাদনের সাথে যে ঋণের সম্পর্ক নেই কিংবা একেবারেই দুর্বল তা অন্য একটি সমীক্ষার ফলাফল থেকে নিশ্চিত হওয়া যায় । এটি একটি অর্থনৈতিক গবেষণা । গবেষক খাদ্য উৎপাদনকে নির্ভরশীল চলক এবং আধুনিক সেচের আওতার জমির পরিমাণ ও বিতরণকৃত ঋণের পরিমাণকে স্বাধীন চলক হিসেবে নিয়ে একটি সমীকরণ পরিমাপ করেছেন । তাতে দেখা গেছে বিতরণকৃত ঋণের সহগ (যদিও ধনাত্বক) মাত্র ০.২০৩ এবং তাও পরিসংখ্যানগত দিক থেকে মোটেই নির্ভরযোগ্য নয় । তাই তিনি মন্তব্য করেন যে উৎপাদন ও ঋণের মধ্যকার সম্পর্ক একেবারেই দুর্বল [২২;৫] ।

যে ঋণ বিতরণ করা হয়েছে, তার গ্রহীতা কারা ? এ প্রশ্নের উত্তরের জন্য আমরা বাংলাদেশ কৃষি ব্যাংককে উদাহরণ হিসেবে ধরতে পারি । এক পরিসংখ্যানে দেখা যায় ঃ (ক) ক্ষুদে কৃষকদের (যাদের জমি ০.৫ একর থেকে ২.৫ একর) মোট ঋণের অংশ ১৯৭৫-৭৬ সালে ৫৪.৭% থেকে হ্রাস পেয়ে ১৯৮১-৮২ সালে ৩২.১% হয়েছে, পক্ষান্তরে, বড় কৃষকদের (যাদের জমি ১২.৫১ একরের বেশী) অংশ একই সময়ে ৪.৬% থেকে বৃদ্ধি পেয়ে ২০.১% হয়েছে । (খ) ঋণ বন্টনের মধ্যেও চরম বৈষম্য বিদ্যমান: যেমন ১৯৮০-৮১ সালে নীচের ৫৬% কৃষক ৩২% ভাগ ঋণ পেয়েছে, পক্ষান্তরে, উপরের ১.৬% কৃষক ২০% ঋণ পেয়েছে [৭] । এই তথ্য অবশ্য বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব। মাঠ তথ্য থেকে আরও বেশী বৈষম্যের চিত্র পাওয়া যায় ।

প্রাতিষ্ঠানিক পল্লী ঋণের ফলাফল সম্পর্কে উপরে যে তথ্যাদি পরিবেশিত হয়েছে তা থেকে সহজেই পল্লী উন্নয়নে ঋণের ভূমিকা সম্পর্কে সকলেই সন্দিহান হতে বাধ্য । কিন্তু এর জন্য দায়ী কে ? পল্লী ঋণ নিজেই না যারা তাকে ব্যবহার করে বা করায় তারা ? পল্লী গবেষকরা হয়তঃ তাঁদের অভিজ্ঞতা থেকে নানা ধরনের সমস্যার কথা বলবেন— যেমন, সময়মত, পরিমানমত ঋণ না দেয়া ; বহু প্রাতিষ্ঠানিক ঋণ সংস্থা ; সুদের উচুঁ হার ; ফসল নষ্ট হয়ে যাওয়া, অর্থ ফরৎ না দেবার মানসিকতা ; ইত্যাদি । কিন্ত আমি পাঠকদের শুধুমাত্র নিচের সমস্যার দিকেই দৃষ্টি আকর্ষণ করব ।

প্রাতিষ্ঠানিক পল্লী ঋণ যে ভাবে পরিচালিত হচ্ছে তা দেখে মনে হওয়া স্বাভাবিক যে, এর মূল উদ্দেশ্য পল্লীর জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন না হয়ে রাজনৈতিক উদ্দেশ্য হাসিলই বেশী প্রাধান্য পাচ্ছে। জাতীয় নির্বাচনের পূর্বে বিশেষ ঋণ চালু করা কিংবা ঋণ আদায় স্থগিত করা কিংবা সুদ মওকুফ করা এমনকি সমস্ত বকেয়া ঋণ মওকুফ করা, ইত্যাদি পদক্ষেপ এরূপ চিন্তার খোরাক যোগায় । কোথায় কত টাকা কিংবা কোন কাজে কত টাকা ঋণ দিতে হবে তা আজও "ঢাকা" থেকে নির্দেশিত হচ্ছে। এই নির্দেশই মূলতঃ স্থানীয় ব্যাংক ম্যানেজারদের ব্যাংকের নিয়ম কানুন শিথিল করে অতিরিক্ত ঋণ বিতরণ করতে প্ররোচনা যোগায় কিংবা বাধ্য করে । গ্রামের ধনী, টাউট, জাতীয় রাজনীতির সাথে সম্পর্কিত ব্যক্তিরা নানান ছলে-বলে-কৌশলে ম্যানেজারদের থেকে বিশেষ সুবিধা আদায় করে । প্রদত্ত/প্রাপ্ত তথ্যে কিংবা প্রমাণ পত্রে বিভিন্ন কিসিমের গড়মিল বা অভাব থাকার জন্যে যে যন্ত্রটি ব্যবহার করা হয় তা সকলের পরিচিত, ঐ

"ঘুষ", যাকে আভিজাত্যের খোলস পড়িয়ে বলা হয় "পারসেনটেজ" । গত এক যুগের অভিজ্ঞতা থেকে দৃঢ় ভাবে বলতে চাই, এই ঘুষের উপর মূলতঃ নির্ভর করেই যেখানে যেখানে ঋণ দেয়া হয়েছে, সেই সব ঋণই আজও বাকী পড়ে আছে । এই ধরনের ঋণই মূলতঃ যে উদ্দেশ্যে দেয়া হয়, সেক্ষেত্রে ব্যবহাত না হয়ে অন্য উদ্দেশ্যে ব্যবহাত হয় । সেচের জন্যে অগভীর নলকূপ ঋণের মাধ্যমে নিয়ে তা দিয়ে নৌকা চালানো কিংবা ধান ভানার কাজে ব্যবহাত করা, গরু কেনার জন্যে ঋণ নিয়ে তা দিয়ে মেয়ের বিয়ে দেয়া, জমি কেনা কিংবা ব্যবসা করা ইত্যাদি তো আজ নিত্য নৈমিত্তিক ঘটনা । মৃত ব্যক্তির নামে ঋণ নেয়ার খবর কাগজে উঠলে লোকজন তা পড়তেও আর আগ্রহ প্রকাশ করে না ।

অতএব, প্রাতিষ্ঠানিক পল্লী ঋণকে উন্নয়নের কৌশল হিসেবে ব্যবহার করতে হলে মানুষের (ঋণ গ্রহীতা ও ঋণ দাতা) নৈতিকতার দিকটাও লক্ষ্য রাখতে হবে । তা না হলে অপচয়, অপকার ও দূর্নীতির সয়লাব বিরাজ করতে থাকবে তা থেকে পরিত্রানের কোনও উপায় থাকবে না ।

২.৫ সমবায় ঋণ

আমাদের প্রয়োজনের তুলনায় সম্পদ একেবারেই অপ্রতুল । এই সীমিত সম্পদ যদি সমবায়ের নীতিতে ব্যবহার করা যায়, তাহলে সেই সম্পদের পূর্ণ এবং কার্যকরী ব্যবহার যেমন নিশ্চিত হবে, তেমনি ধনী-গরীবের মধ্যে বিদ্যমান বৈষম্যও দূর করা সম্ভব হবে । এ ধরনের বিশ্বাসের ভিত্তিতেই বাংলাদেশে পল্লী উন্নয়নের ক্ষেত্রে "সমবায়" উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে ব্যবহাত হচ্ছে।

এই অঞ্চলে (এখন বাংলাদেশ) সমবায় আন্দোলন ১৯০৪ সাল থেকে শুরু হলেও, ষাট দশকের গোড়ার দিকে কুমিল্লায় আখতার হামিদ খানের নেতৃত্বে যে দ্বি-স্তর বিশিষ্ট সমবায় গড়ে উঠেছিল আজকে বাংলাদেশে সেটিই বহুল প্রচলিত, সর্বাধিক গুরুত্বের দাবীদার । এই পদ্ধতি বিভিন্ন সময় বিভিন্ন নামে সাধারণ ভাবে পরিচিতি লাভ করেছে । প্রথম ছিল কুমিল্লা সমবায়, পরে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী এবং সর্বশেষে হয়েছে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড । এতে প্রথম স্তরে রয়েছে গ্রাম ভিত্তিক কৃষি সমবায় সমিতি (কে, এস, এস) এবং দ্বিতীয় স্তরে থানা ভিত্তিক (এখন উপজেলা ভিত্তিক) কেন্দ্রীয় সমবায় সমিতি । ১৯৬০ সালে মাত্র ৩টি থানা থেকে শুরু করে ১৯৮৪-৮৫ সাল নাগাদ সর্ব মোট ৪৪৮টি উপজেলা এই কর্মসূচীর আওতায় আনা হয়েছে । এই সময়ের মধ্যে প্রায় ২৩ লাখ সদস্য নিয়ে প্রায় ৬২ হাজার কৃষি সমবায় সমিতি গঠিত হয়েছে যাতে মূলধন রয়েছে প্রায় ৩২ কোটি টাকা । এর কৃষি ঋণের পরিমাণ ১৯৭৮-৭৯ সালে টাকা ১১.৭৯ কোটি থেকে বেড়ে ১৯৮২-৮৩ সালে টাকা ৪৮.৯৪ কোটি হয় । এই পাঁচ বছরে গড়ে কৃষি ঋণের পরিমাণ ছিল টাকা ২৮.২১ কোটি ।

পল্লী উন্নয়নের কৌশল হিসেবে বি,আর,ডি,বি এর ভূমিকা ইতিমধ্যে অনেকেই মূল্যায়ন করেছেন । ফলাফল মোটামুটি অভিন্ন। উদাহরণ হিসেবে মূল ফলাফল গুলো তুলে ধরা হলো ।

বি,আর,ডি,বি'র উপস্থিতি কুমিল্লা মডেলের বদনাম ছাড়া আর কিছুই নয় । কুমিল্লা মডেলের সব ক'টি অংশই (সমবায়, পল্লী পূর্ত কর্মসূচী, উপজেলা সেচ কর্মসূচী ও উপজেলা প্রশিক্ষণ ও উন্নয়ন কেন্দ্র) বাস্তবায়নের দায়িত্ব নিয়েই তৎকালীন "সমন্বিত" পল্লী উন্নয়ন কর্মসূচীর জন্ম হয়েছিল । কিন্তু বাস্তবে এটা শুধুমাত্র একটি অংশ (সমবায়) নিয়েই নাড়াচাড়া করছে, ফলাফলও এ কারণেই অন্যান্য সমবায় আন্দোলনের চাইতে মোটেই ভিন্ন হয় নি । যেহেতু ঋণ প্রদান এর মূল দায়িত্ব তাই এ কাজে কৃষির উপর কিছুটা ভাল প্রভাব পড়া অস্বাভাবিক নয় । তবে প্রশ্ন উঠেছে যে এর মাধ্যমে সেই সমবায়ী চেতনা কিংবা 'ধনী-গরীব সবারই সমভাবে উন্নয়ন' ; তার কি হলো ? এক গবেষণায় দেখা যায় যে সবচাইতে পুরাতন দু'টো (৩টার মধ্যে) উপজেলায় যত সদস্য এই সমিতির অন্তর্ভুক্ত হয়েছে, তাদের প্রায় সবাই বড় কৃষক [১৬] । তাদের আবাদি জমির পরিমাণ (৪.২০ একর) যা অসদস্যদের চাইতে ৪৭% বেশী । ভূমিহীন বা ক্ষুদে কৃষকদের সংখ্যা নিতান্তই নগণ্য । কার্যকরী সংসদের সবার জমিই গড় জমির চাইতে অনেক উপরে । তখনকার সময়ে কার্যকরী সংসদের একজন সদস্যের ঋণের পরিমাণ (টাকা ১,০৮২), যা একজন সাধারণ সদস্যের ঋণের প্রায় সাড়ে চার গুণ। অথচ টাকা পরিশোধ না করার ব্যাপারে এরাই অগ্রণী । এই ছবি দেখেই কেউ কেউ প্রতিষ্ঠানকে "বড় লোকের ক্লাব" বলে আখ্যায়িত করেছেন ।

ঋণ পরিশোধের দিক থেকে এই প্রতিষ্ঠানের অবস্থা অন্যের চাইতে খুব একটা ভাল নয় । ১৯৭৯ সাল পর্যন্ত মোট ঋণের ৬৯% পরিশোধিত হয় [২৫] । পরবর্তী বছর গুলোয় এই পরিশোধের হার কিছুটা বেড়ে গেলেও ১৯৮২-৮৩ সালে আবার ৫৪% নেমে আসে। জন্মের পরে পাঁচ বছরের মধ্যে প্রতিটি কেন্দ্রীয় সমিতি নিজের পায়ে দাঁড়ানোর কথা থাকলেও আজ পর্যন্ত একটি সমিতিও এই পর্যায়ে আসতে পারেনি ।

বি,আর,ডি,বি-এর সমবায় ঋণ সম্পর্কে শিকড় নাড়ানো যে অভিযোগটি উত্থাপিত হচ্ছে তাহলো যে সমস্ত সমবায় সমিতি (৬২ হাজার) গড়ে উঠেছে তার কত অংশ সত্যিকার অর্থে "সমবায়" ? মাঠ তথ্য থেকে জানা যায় যে, এদের অধিকাংশই কাগজ-সর্বস্ব সমবায় । ঋণ পাবার আশায় ভুয়া সদস্য তালিকা তৈরী করে ভুরি ভুরি সমবায় গঠিত হয়েছে ও হচ্ছে। বি,আর,ডি,বি'র কর্মকর্তারা জেনে শুনেই নিজেদের স্বার্থে এরূপ 'সমবায়' দিনের পর দিন পুষে যাচ্ছেন । গরমিলের ক্ষেত্রে, আগের মতই ঘুষ বা "পারসেনটেজ" সমাধান এনে দিচ্ছে। মনে পড়ে সমবায় ঋণকে উন্নয়নের হাতিয়ার হিসেবে জোরদার করার উদ্দেশ্যে উত্তর-পশ্চিম বাংলাদেশে একটি অগভীর নলকূপ প্রকল্পে (আই,ডি,এ ক্রেডিট নং ৭২৪) কত গুলো বিশেষ সুবিধা দেয়াও হয়েছিল । একটি নির্দিষ্ট কোটা এবং কম ডাউনপেমেন্ট (দুই হাজার টাকার স্থলে এক হাজার টাকা) দিয়ে এই সমিতি গুলোকে ঋণে অগভীর নলকূপ দেবার কর্মসূচী ছিল । একটি গবেষণায় দেখানো হয়েছে উক্ত কর্মসূচীর আওতায় দ্বৈবচয়ন পদ্ধতিতে যে ১৯টি অগভীর নলকূপ বাছাই করা হয়েছিল তার ১৮টি ছিল ভুয়া সমবায় । যে একটি সত্যিকার সমবায় ছিল তাও ছিল বাপ-বেটা ও নিকট আত্মীয়-স্বজনের সমবায় [১৭;১৬৬-৭] ।

২.৬ গরীবদের পৃথক প্রতিষ্ঠান

যেহেতু প্রাতিষ্ঠানিক উৎস থেকে বিতরণকৃত ঋণের সিংহভাগই পাচ্ছে বড় কিংবা মাঝারী কৃষক, সেহেতু মনে করা হলো যে গরীবদের জন্য আলাদা কোন লগ্নী প্রতিষ্ঠান না থাকলে সত্যিকারের দারিদ্র্য নিরসন তথা পল্লী উন্নয়ন অসম্ভব । এই অনুমিত সত্যকে সামনে রেখেই সৃষ্টি হয়েছে গরীবদের জন্য পৃথক ব্যাংক— গ্রামীন ব্যাংক ১৯৭৬ সালে । যে অনুমানসিদ্ধ কল্পনাটি যাচাই করার জন্য গ্রামীণ ব্যাংকের আত্মপ্রকাশ, তা হলো ঃ যদি কঠোর তদারকীর মাধ্যমে যুক্তিসংগত শর্তে গরীবদের (এবং শুধুমাত্র গরীবদের) আর্থিক সম্পদ দেয়া হয়, তাহলে তাদেরকে দারিদ্র্যের চক্র থেকে বের করে নিয়ে আসা সম্ভব । প্রাথমিকভাবে একটি "প্রকল্প" হিসেবে কাজ শুরু করে এই প্রতিষ্ঠান ১৯৮৩ সাল থেকে একটি পৃথক পূর্ণাঙ্গ সরকারী ব্যাংক হিসেবে কাজ করছে । এর পরিশোধিত মূলধনের পরিমাণ টাকা ৩০ মিলিয়ন, যার ৪০% এর মালিক সরকার, ৪০% ঋণ গ্রহীতা সদস্য-সদস্যারা এবং বাকী ১০% বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক । বর্তমানে এই ব্যাংকের অর্থ সংস্থান দিচ্ছে মূলতঃ একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান, আই, এফ, এ,ডি (কৃষি উন্নয়নের আন্তর্জাতিক তহবিল)।

১৯৮৭ সালের ফেব্রুয়ারী পর্যন্ত গ্রামীণ ব্যাংক ৫,৪৫২টি গ্রামে কাজ করছিল । এর মোট সদস্য সংখ্যা প্রায় ২.৪৭ লাখ, যার মধ্যে ৭৫% ই মহিলা । ঐ সময় পর্যন্ত সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ টাকা ১,৫৮৩ মিলিয়ন, যার মধ্যে মহিলাদের অংশ ছিল ৬১% । বস্তুতঃ দুস্থ মহিলাদের উপর অধিক গুরুত্ব দেয়াটাই গ্রামীণ ব্যাংকের একটি মূল বৈশিষ্ট্য । এই ব্যাংকের সবচাইতে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো যে খেলাপী ঋণের পরিমাণ মাত্র ১.৩৫% । পরিশোধকৃত ঋণের পরিমাণ ৯৭% এরও বেশী । ঋণ আদায়ের ব্যাপারে এই ব্যাংকের কার্যকারিতা অনন্য । এর একটি সঞ্চয়ী তহবিল আছে, তাতে এ পর্যন্ত মহিলাদের ৬০% অংশ সহ সর্বমোট টাকা ১২২.৪০ মিলিয়ন জমা হয়েছে । পাঁচ জনের সমন্বয়ে গঠিত গ্রুপের যে কোন সদস্য/সদস্যা অন্য সদস্য/ সদস্যাদের সম্মতিক্রমে এই তহবিল থেকে ঋণ নিতে পারে । আলোচ্য সময়ের মধ্যে সদস্যরা প্রায় ৪৪.১ মিলিয়ন টাকা এই তহবিল থেকে ঋণ নিয়েছে । এ ছাড়াও রয়েছে আপদকালীন তহবিল যাতে জমা রয়েছে মোট টাকা ২৪.২ মিলিয়ন । এই ব্যাংক যেহেতু মোটামুটি ভূমিহীনদের নিয়েই কারবার করে, সেহেতু এর সিংহভাগ ঋণই ব্যবহৃত হয় অকৃষি কাজের জন্য । উদাহরণ স্বরূপ, ১৯৮৪ সালে মোট বিতরণ কৃত ঋণের মাত্র ১.৬% ব্যবহৃত হয়েছিল কৃষি ও বনায়নের জন্যে, ২৮.৩% গবাদি পশু ও মাছ চাষের জন্যে, ২৩.৪% প্রক্রিয়াজাত ও শিল্পায়নের জন্যে ৩৫.৫% ব্যবসা ও দোকানদারীর জন্যে এবং বাকীটা অন্যান্য খাতে [১৫] । উল্লেখ্য, মহিলা সদস্যারা সবচাইতে বেশী টাকা নেয় গবাদি পশু ও মাছ চাষের জন্যে এবং পুরুষরা ব্যবসা ও দোকানদারীর জন্যে ।

এ পর্যায়ে আগ্রহী পাঠকের মনে প্রশ্ন জাগতে পারে, এই ঋণের টাকা সত্যিকার অর্থে কারা পেয়েছে বা পাচ্ছে ? গ্রামীণ ব্যাংক থেকে ঋণ পেতে হলে তাকে ভূমিহীন অথবা তার মোট আবাদি জমির পরিমাণ ৫০ শতাংশের বেশী হবে না কিংবা তার কৃষি সম্পদের বাজার মূল্য মধ্যম শ্রেণীর ঐ পরিমাণ জমির মূল্যের অধিক হবে না এই শর্ত

কি বাস্তবে রূপান্তরিত হয়েছে ? বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বি,আই,ডি,এস)-এর গবেষণালব্ধ ফলাফল থেকে জানা যায় যে, এই শর্তটি বাস্তবেও রূপায়িত হয়েছে [১] । এতে দেখানো হয়েছে যে মোট ঋণ গ্রহীতাদের মধ্যে ২.৭% ছিল যাদের আবাদি জমির পরিমাণ এক একরের (০.৪০ হেক্টর) বেশী, শতকরা ৫২ জনের কোন কৃষি জমি ছিল না এবং মাত্র ২.৭% কৃষকের ২.৫ একরের (এক হেক্টর) বেশী জমি ছিল । এই রিপোর্টে আরও দেখা যায় যে ৬২% ঋণ গ্রহীতাদের অকৃষি সম্পদের মূল্য ছিল এক হাজার টাকা বা তার নীচে এবং মাত্র ৬.২% এর ছিল পাঁচ হাজার টাকা বা তার উপরে । অতএব দেখা যাচ্ছে যে, গ্রামীন ব্যাংকের ঋণের সুবিধা মূলতঃ (৯৫%) "টারগেট" গ্রুপের লোকজনই ভোগ করছে ।

এই ঋণ ব্যবহারে ঋণ গ্রহীতাদের কি আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়েছে ? উক্ত রিপোর্টের তথ্য ব্যবহার করে এর জবাব দেয়া যায় । এতে দেখানো হয়েছে যে "নিয়ন্ত্রিত" গ্রামবাসীদের এবং অন্যান্য ভূমিহীনদের তুলনায় গ্রামীন ব্যাংকের সদস্যদের বার্ষিক আয় যথাক্রমে ৩১% ও ১৮% বেশী । পরিবার পিছু স্থির সম্পদের মূল্য গ্রামীণ ব্যাংকের সদস্যদের তুলনামূলক ভাবে বেশী (নিয়ন্ত্রিত গ্রামের তুলনায় প্রায় ২৫%)। এ থেকে বুঝা যাচ্ছে যে গ্রামীণ ব্যাংকের ঋণ গ্রহীতারা ঋণ নিয়ে আর্থিক ভাবে লাভবান হচ্ছেন ।

উপরোক্ত বিশ্লেষনাত্বক তথ্যের ভিত্তিতে আমরা কি তা হলে গ্রামীণ ব্যাংককে দারিদ্র্য নিরসণের তথ্য পল্লী উন্নয়নের একটি যথোপযুক্ত কৌশল কিংবা মডেল হিসেবে চিহ্নিত করতে পারি ? শুধু "হ্যাঁ" বা "না" বলে এর সঠিক উত্তর দেয়া যুক্তি সংগত হবে না । জাতীয় পর্যায় গ্রামীণ ব্যাংককে একটি "আদর্শ কৌশল" হিসেব বিচার করতে হলে নিম্নের মন্তব্যগুলো বিশেষ বিবেচনার দাবী রাখে।

এক, অতীতের তুলনায় গ্রামীণ ব্যাংক এখন দ্রুত সম্প্রসারিত হচ্ছে। তবুও গত এক দশকে ৮৬ হাজার গ্রামের মাত্র ৬% এর আওতায় এসেছে । এই গতিতে চললে হিসেবে দেখা যায়, সমগ্র বাংলাদেশকে এর আওতায় আনতে আরও ১০০—১৫০ বছর সময় লাগবে । দুই, গ্রামীণ ব্যাংক "টারগেট" গ্রুপদেরকেই মূলতঃ ঋণ দিচ্ছে। কিন্তু সব লোকদেরকেই কি এর আওতায় আনতে পেরেছে ? আহমদ ও হোসেন তাঁদের এক গবেষণায় দেখান যে, ভূমিহীন কৃষকদের সংখ্যা মোট "টারগেট" গ্রুপের প্রায় এক তৃতীয়াংশ হলেও, গ্রামীন ব্যাংক তাঁদের অংশ মোট ঋণ গ্রহীতার মাত্র এক দশমাংশ [১] । অতএব সব চাইতে দরিদ্র লোকদের সামান্য অংশই গ্রামীণ ব্যাংকের আওতায় এসেছে । এটা হচ্ছে আর একটি কারণে তা হলো একই ব্যক্তিকে বার বার ঋণ দেবার রীতি । কেউ কেউ এমন অভিযোগও করেন যে বার বার ঋণ দেয়া পদ্ধতি বিলুপ্তি ঘটলে ঋণ আদায়ের রেকর্ডে ভাটা পড়তে বাধ্য । তিন, পূর্ব প্রদত্ত-তথ্য থেকে দেখা গেছে যে, এই ব্যাংকের ঋণ প্রকৃত পক্ষে শুধুমাত্র অকৃষি কাজের জন্যে ব্যবহৃত হচ্ছে আসলে পল্লী উন্নয়ন নির্ভর করছে কৃষি বা শস্য উৎপাদনের উপর । অতএব শস্য উৎপাদন বৃদ্ধি না করে এবং তার বৃদ্ধির সাথে সম্পৃক্ত অকৃষি কাজের সম্প্রসারণ করার চেষ্টা না করলে সত্যিকারের পল্লী উন্নয়ন অসম্ভব । চার, সাধারণতঃ এ ধরনের কর্মসূচী বাস্তবায়নে যে

সমস্ত সমস্যা প্রকট হয়ে দেখা দেয় তার মধ্যে সঠিক ও সৎ নেতৃত্ব উল্লেখযোগ্য । জানা গেছে শুধুমাত্র উচুঁ পর্যায়ে নয়, সংশ্লিষ্ট অফিসারদের বাছাই ও প্রশিক্ষণসহ নিম্ন পর্যায়ের কাজেও ব্যবস্থাপনা পরিচালক স্বয়ং নেতৃত্ব দিচ্ছেন । তাঁর 'সৎ' নেতৃত্বের জন্যই এখনও নীচের পর্যায়ের প্রায় সব অফিসারই উন্নত নৈতিক মানের পরিচয় দিয়ে মোটামুটি নিঃস্বার্থভাবেই কাজ করে যাচ্ছে। কে জানে যখন এর পরিধি আরও বিস্তার লাভ করবে এবং /অথবা উচুঁ পর্যায়ের নেতৃত্ব ঢিলা হয়ে যাবে এবং/অথবা মাঠ পর্যায়ের কর্মীরা অন্যান্য সরকারী কর্মচারীদের "ষ্টাইলে" কাজ করার দাবী জানাতে থাকবে, তখন এর সার্বিক অবস্থা কি হবে ? গ্রামীণ ব্যাংকের বিপক্ষে সবচাইতে গুরুত্বপূর্ণ সমালোচনা হলো এর মাধ্যমে পল্লী উন্নয়নের জন্য কোন প্রক্রিয়ার সৃষ্টি হয়নি । ঋণ গ্রহণকারীরা কেবলমাত্র তাদের খুশী মত ঋণ নিচ্ছে, ব্যবহার করছে এবং তা ফেরৎ দিচ্ছে। মনে রাখতে হবে কেবল মাত্র টাকাই সব কিছু করতে পারে না, আরও যা দরকার তা হলো প্রযুক্তি প্রশিক্ষণ যার ব্যবস্থা এই ব্যাংকের এখনও করা হয়নি ।

এ সব সমালোচনা সত্ত্বেও দারিদ্র্য নিরসনের নিরিখে গ্রামীণ ব্যাংক পদ্ধতিটিকে এক ফলপ্রসু কৌশল হিসেবে অভিহিত করা যায় ।

২.৭ পরিপূরক আয় বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের নিরিখে পল্লী উন্নয়নের কৌশল বিবেচনায় উৎপাদনের সাথে সাথে ভোগও সমান গুরুত্ব পাবার অধিকারী । যেহেতু পল্লী এলাকার অধিকাংশ জনগণের আয় 'প্রবেশ দ্বার আয়ের' (Threshold income) নিম্নে অবস্থিত, সেহেতু নিম্ন আয়ের ভোক্তাদের উন্নয়নের অংশ পৌছিয়ে দেবার ব্যবস্থা হিসেবেই উপরোক্ত কৌশলের আবির্ভাব । অনুমান করা হয় যে, নিম্ন আয়ের লোকদের যদি অপেক্ষাকৃত কম দামে খাদ্য যোগান দেয়া হয়, তাহলে এক দিকে পরোক্ষভাবে তাদের আয় বেড়ে যাবে এবং ধনী গরীবদের মধ্যে দৃশ্যমান আয় বৈষম্যেরও অবসান ঘটবে । অন্যদিকে বিপদের সময় অল্প দামে খাদ্য শস্য কিনতে পারলে তারা ঐ সময় তাদের বিভিন্ন সম্পদ বিক্রির হাত থেকেও বেঁচে যাবে । এতে পল্লী উন্নয়ন ত্বরান্বিত না হলেও তা ব্যহত হবে না—এটিই সরকারী খাদ্য বন্টন ব্যবস্থা কৌশলের অন্তর্নিহিত যুক্তি ।

ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে এই ব্যবস্থা চালু হয় ১৯৪৩ এর মন্বন্তরের সময়ে । বর্তমানে এই ব্যবস্থায় আট রকমের গ্রহীতাদের খাদ্য দেয়া হচ্ছে। যেমনঃ (ক) বিধিবদ্ধ রেশনিং (এস আর-এর আওতায় রয়েছে রাংগামাটি ও নারায়নগঞ্জসহ দেশের ৪টি বিভাগীয় শহর, (খ) সংশোধিত রেশনিং (এন আর—শহরাঞ্চলের বাহিরের এলাকাসমূহ), (গ) রিলিফ (বিপদের সময় বিনা মূল্যে খাদ্য), (ঘ) প্রয়োজনীয় অগ্রগন্য গ্রুপ (যেমনঃ পুলিশ, সেনা বাহিনী, ছাত্র) (ঙ) অন্যান্য গ্রুপ (যেমন সরকারী ও বেসরকারী কর্মচারীগণ) (চ) খোলা বাজারে বিক্রি, (ছ) টেষ্ট রিলিফ (রেশনের জন্য লোকজন কাজ করতে আগ্রহী কিনা তা যাচাই করা) এবং (জ) দুঃস্থ মাতাদের খাওয়ানো গ্রুপ (ভি এফ জি)। সংগ্রহ কর্মসূচীর মাধ্যমে প্রাপ্ত খাদ্য শস্য এবং বিদেশ থেকে বিভিন্ন ভাবে প্রাপ্ত খাদ্য শস্য এই সকল গ্রুপের লোকদের জন্যে ব্যবহার করা হয় । প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে, ৬০ দশক থেকে দ্বিতীয় পরিকল্পনার শেষ বছর নাগাদ মোটামুটি প্রতি বছরে ৬

থেকে ২৬ লাখ টন খাদ্য শস্য উক্ত ব্যবস্থায় বিতরণ করা হয়েছে । এই সর্বোচ্চ পরিমাণ বিতরণ করা হয় ১৯৭২-৭৩ এবং ১৯৮৪-৮৫ সালে । আমাদের প্রশ্ন ঃ এই খাদ্য বন্টন, ব্যবস্থার মাধ্যমে পল্লী দারিদ্র্য নিরসন করা কতখানি সম্ভব হয়েছে ? নীচের আলোচনা থেকে এর জবাব পাওয়া যাবে ।

পল্লী জনগণের দারিদ্র্য লাঘব করাই যদি মূল উদ্দেশ্য হয়, তাহলে এই কর্মসূচীর মাধ্যমে যথেষ্ট পরিমাণ খাদ্য শস্য 'টারগেট' গ্রুপের কাছে পৌঁছুতে হবে । বিভিন্ন তথ্য থেকে জানা যায় যে, মোট বিতরণকৃত ঋণের সিংহভাগই শহর এলাকায় দেয়া হয়, পল্লী এলাকায় নয় । উদাহরণ স্বরূপ ইসলাম তাঁর এক প্রবন্ধে দেখিয়েছেন যে, ১৯৭৩-৭৪ সালের মোট বিতরণকৃত খাদ্য শস্যের দুই-তৃতীয়াংশই দেয়া হয়েছিল শহরের জনগণকে যেখানে মোট জনসংখ্যার মাত্র ৯% লোক বাস করত [২৩] । বাকী ৯১% লোক পেয়েছিল মোট খাদ্য শস্যের মাত্র এক-তৃতীয়াংশ। এই তথ্য থেকেই বুঝা যায়, পল্লীর জনগণ সার্বিকভাবে এই ব্যবস্থা থেকে কতটুকু উপকার পেয়েছে ।

যে পরিমাণ খাদ্য শস্য পল্লী এলাকায় বন্টন করা হয়, তা কি আয়ের বৈষম্য দূর কিংবা উপশম করতে সক্ষম ? উক্ত লেখক ১৯৭৩—৭৪ সালের জাতীয় ব্যয় জরীপের তথ্য ব্যবহার করে দেখিয়েছেন যে, সরকারী খাদ্য বন্টন ব্যবস্থা আয় বৈষম্য দূর করতে কোন উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পারেনি । এছাড়া ইদানিং অনেকেই মনে করছেন এই ব্যবস্থায় বিলিকৃত খাদ্য মূলতঃ রাজনৈতিক উদ্দেশ্যেই ব্যবহৃত হচ্ছে, দারিদ্র্য নিরসনের জন্যে নয় ।

সুতরাং ; যুক্তিসংঙ্গতভাবেই বলা যায় যে, উক্ত কৌশল দারিদ্র্য নিরসনের হাতিয়ার হিসেবে চিহ্নিত হতে ব্যর্থ হয়েছে । এটি বরং রাজনৈতিক উদ্দেশ্যে অথবা বড় জোড় দারিদ্র জিইয়ে রাখবার জন্যে উপযুক্ত কৌশল, পল্লী উন্নয়নের জন্যে নয় ।

২.৮ প্রশাসন বিকেন্দ্রীকরণ

বাংলাদেশের পল্লী উন্নয়ন কর্মকাণ্ড সংক্রান্ত আদেশ-নির্দেশ-উপদেশ সব কিছুই ঢাকা কেন্দ্রিক । এ ধরনের প্রশাসনিক ব্যবস্থায় বেশ ক'টি এটি লক্ষণীয় । (ক) স্থানীয় পর্যায়ে যে সমস্ত সম্পদ (আবাদি ও অনাবাদি জমি, ভূ-উপরিভাগ ও ভূ-গর্ভস্থ পানি, পুকুর-নালা-খাল-বিল, রাস্তা-ঘাট ইত্যাদি) ছড়িয়ে ছিটিয়ে রয়েছে তাদের প্রকৃতি ও পরিধি সম্পর্কে না জেনেই সমষ্টিগত তথ্যের উপর নির্ভর করে উন্নয়ন পরিকল্পনা তৈরী হয়; (খ) স্থানীয় সম্পদ ব্যবহারে যে সমস্ত আর্থ-সামাজিক, প্রাতিষ্ঠানিক, রাজনৈতিক, প্রযুক্তিগত এবং ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যা রয়েছে তার সঠিক রূপ নির্ধারণ করা সম্ভব হয় না; (গ) যত ছোটই হোক অনেক অঞ্চলেই স্থানীয় জনগণের বিশেষ ধরনের সামাজিক ও সাংস্কৃতিক চরিত্র লক্ষ্য করা যায় যা বিবেচিত হয় না এবং (ঘ) উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে ও তা বাস্তবায়নে স্থানীয় জনগণের কোন অংশগ্রহণ নিশ্চিত করা যায় না । পল্লী উন্নয়নের ক্ষেত্রে এগুলোকে বাধা হিসেবেই চিহ্নিত করা হয় [৫ ; ১৫৫] । এ ধরনের বাধা দূরীকরণের উদ্দেশ্যেই স্থানীয় পরিকল্পনাকে একটি কৌশল হিসেবে বিবেচনা করা হচ্ছে। সম্ভবতঃ এরই প্রথম পদক্ষেপ হিসেবে উপজেলা পদ্ধতির মাধ্যমে প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে । এই কৌশলের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ তথা পল্লী উন্নয়ন

কতখানি ত্বরান্বিত হচ্ছে, সে সম্পর্কে চূড়ান্ত কোন মন্তব্য এখনই করা উচিত হবে না, তবে এর প্রয়োগযোগ্যতা সম্পর্কে দু-চারটি কথা বলা উচিৎ ।

প্রশাসন বিকেন্দ্রীকরণ কর্মসূচী ১৯৮২ সাল থেকে বাস্তবায়িত হচ্ছে। এ পর্যন্ত বেশ কয়েকটি পদক্ষেপ গৃহীতও হয়েছে । নির্বাচিত ও মনোনীত সদস্যদের দ্বারা উপজেলা পরিষদকে ঢেলে সাজান হয়েছে । উচুঁ ক্ষমতাসম্পন্ন পদস্থ কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসার (ইউ, এন, ও) হিসেবে নিয়োগ করা হয়েছে । এই পরিষদকে পল্লী উন্নয়ন সংক্রান্ত কর্মকাণ্ডের কিছু কিছু দায়িত্বও দেয়া হয়েছে । এর মধ্যে রয়েছে উফশী প্রযুক্তির ব্যবহার, পরিবার পরিকল্পনা, পল্লী পূর্ত কর্মসূচী ইত্যাদি । পাশাপাশি সরকারী উদ্যোগে অন্যান্য কর্মকাণ্ড যেমন দালান-কোঠা নির্মাণ, রাস্তা-ঘাট তৈরী ইত্যাদিরও বন্দোবস্ত করা হয়েছে । বিচার বিভাগ উপজেলাতে নিয়ে যাওয়া হয়েছে । স্থানীয় পরিষদকে কর আদায়ের ক্ষমতা ছাড়াও অনুদান-সাহায্য দেবার বন্দোবস্ত আছে । উন্নয়ন পরিকল্পনা তৈরী করার দায়িত্ব এখন মূলতঃ স্থানীয় পরিষদের । এর জন্য জাতীয় পরিকল্পনা কমিশন কিছু কিছু নীতিমালাও তৈরী করেছেন । সমন্বয়ের জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হচ্ছে বলে জানা গেছে । দ্বিতীয় পরিকল্পনা নাগাদ উপজেলা পদ্ধতি বাস্তবায়নের খাতে ৫২৫.৩০ কোটি টাকা ব্যয় করা হয়েছে । ভৌত অবকাঠামো নির্মাণের জন্যে ৩৭০.৯৫ কোটি টাকার অনুদানও দেয়া হয়েছে । এর উপরও রয়েছে পল্লী পূর্ত কর্মসূচীর খাতে ৮.৪৫ লাখ টন খাদ্য শস্য । তৃতীয় পরিকল্পনার অবকাঠামো তৈরীর জন্য টাকা ১,০০০ কোটি এবং উন্নয়নের জন্য টাকা ১,২৫০ কোটি বরাদ্দ রয়েছে [১০] ।

পাঠকের কৌতুহল জাগার কথা যে, এত কিছু করার পরে দারিদ্র্য নিরসনে আলোচ্য কৌশলটির ভূমিকা কতখানি ? ইতিপূর্বে বলা হয়েছে, এ ব্যাপারে চূড়ান্ত কোন মন্তব্য এখন দেয়া উচিত হবে না । তবে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে, পল্লী উন্নয়নের ভিত্তি হিসেবে স্থানীয় পর্যায়ের পরিকল্পনা বাস্তবায়নের কোন কার্যকরী পদক্ষেপ এখনও নেয়া হয়নি । জানা যায় উপজেলা ম্যাজিস্ট্রেটই সরকারী কমিশনার হিসেবে উক্ত পদের দায়িত্ব পালন করছেন কিংবা দায়িত্বে আছেন । পরিকল্পনা তৈরীর ব্যাপারে খুঁটি-নাটি বিষয়াদি সম্পর্কে তাঁদের কোন অভিজ্ঞতা আছে বলে অনেকেই মনে করেন না । ঠিক একথাটিই তৃতীয় পরিকল্পনায় একটু ঘুরিয়ে বলার চেষ্টা করা হয়েছে । এতে বলা হয়েছে, উপজেলায় পরিকল্পনা প্রণয়নের উপযুক্ত কোন অফিসার নেই কিংবা তাদের কোন প্রশিক্ষণ দেবারও ব্যবস্থা নেয়া হয়নি [১০;১২৫] । পরিকল্পনা প্রণয়নের জন্যে যে বিস্তারিত তথ্যের প্রয়োজন তা সংগ্রহ কিংবা মনিটরিং সম্পর্কে কোন চিন্তা-ভাবনা করা হয়নি । বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোও এ পর্যন্ত কোন কার্যকরী পদক্ষেপ হাতে নেয়নি । এতে আরও উল্লেখ করা হয় যে পল্লী উন্নয়ন একটি সমষ্টিগত কর্মসূচী । অন্যান্য কর্মসূচীর সাথে সংযোগ স্থাপন না করে শুধুমাত্র প্রশাসন বিকেন্দ্রীকরণ করে কোন সুফল পাওয়া যাবে না । ভূমি সংস্কারের পদক্ষেপগুলো বাস্তবায়ন একান্ত প্রয়োজন [১০; ১২৫] । অবশ্য প্রশাসন বিকেন্দ্রীকরণ পল্লী উন্নয়নের একটি অত্যাবশ্যক শর্ত হিসেবে বিবেচিত হতে পারে । তবে পর্যাপ্ত শর্ত হিসেবে জনগণকে উন্নয়ন কাজে অংশগ্রহণের জন্যে উদ্বুদ্ধ করতে হবে ।

প্রশাসন বিকেন্দ্রীকরণের পদক্ষেপ হিসেবে বিচার ব্যবস্থা জনগণের দোর গোড়ায় নিয়ে যাওয়ায় দারিদ্র্য নিরসনের ক্ষেত্রে কি প্রতিক্রিয়া হচ্ছে, সে সম্পর্কে দু'একটা মন্তব্য করা যায় । আগে জেলা পর্যায়ে কিংবা আরও দূরে বিচার ব্যবস্থা থাকায় জনগণের বিচার পেতে অনেক সময় লাগত এবং অনেক অর্থও ব্যয় করতে হতো ।•এ দুটো কারণে অনেকেই বিচারের জন্য অগ্রসরই হতো না । এখন দোর গোড়ায় বিচার ব্যবস্থা যাবার দরুন সেই অবস্থার পরিবর্তন হয়েছে, "খাসির পরিবর্তে মুরগী দিয়ে" বিচার পাচ্ছে এবং সময় বাঁচিয়ে, খরচা বাঁচিয়ে তা উন্নয়ন মূলক কাজে লাগাচ্ছে। আসলেই কি তাই ? কিছুদিন আগে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার উকিলদের ক্লাবে একটি পুরো দিন কাটবার সুযোগ হয়েছিল এই প্রবন্ধকারের । তাদের বক্তব্য থেকে যা জানা গেল তা হলোঃ বিচার বিভাগ দোর গোড়ায় এনে মানুষে মানুষে কলহের জের আরও দীর্ঘায়িত করা হয়েছে এবং বিচারের খরচ আরও বেড়ে গেছে । প্রতিযোগিতায় পড়ে "খাসির পরিবর্তে মুরগী তো দূরে থাক, গরু দিয়েও" বিচারের খরচ মিটানো সম্ভব হচ্ছে না । আরও জানা গেল, তাদের সবারই উপার্জন বেশ ভালই হচ্ছে। ঐ উপজেলাতেই তখন (১৯৮৬ সালে) মোট ৩৪ জন উকিল কাজ করছিলেন, সবার আনুমানিক মাসিক আয় ৩,০০০ টাকা থেকে ১০,০০০ টাকা ।

৩. বিকল্প কৌশলের মর্মবাণী

আমরা পূর্ববর্তী সেকশনে যে সব পল্লী উন্নয়ন কৌশল মূল্যায়ন করেছি তার ফলাফলের মধ্যেই নিহিত রয়েছে বিকল্প কৌশলের মর্মবাণী । এখানে সেই আলোচনার সংক্ষিপ্তসার উল্লেখ করে অনুসৃতব্য কৌশলের স্বরূপ তুলে ধরার চেষ্টা করা হয়েছে ।

মূল্যায়নকালে দেখা গেছে উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে যেসব কৌশল ব্যবহৃত হচ্ছে তার মধ্যে সব চাইতে গুরুত্বপূর্ণ হলো উফশী প্রযুক্তি । দেখা গেছে সীমিত এলাকায় হলেও এই প্রযুক্তির মাধ্যমে জমির উৎপাদনশীলতা বেড়েছে নিঃসন্দেহে; কিন্তু বন্টনের ক্ষেত্রে, বিশেষ করে দারিদ্র্য নিরসনের নিরিখে এর ভূমিকা একেবারেই নগণ্য । সমস্যা হিসেবে প্রচলিত ভূমি ব্যবস্থাকে আপাততঃ বাদ রাখলে, মূল দায়িত্ব বর্তায় কৃষি উৎপাদনশীলতার সাথে অকৃষি খাতের কার্যকর সংযোগ স্থাপনে এর ব্যর্থতার ওপর । উদ্যোক্তার অভাবকেই অনেকে এই ব্যর্থতার জন্যে দায়ী করে থাকেন । কিন্তু মাঠ তথ্য থেকে জানা যায়, এর জন্য মূলতঃ দায়ী উদ্যোক্তাদের অভাব নয় বরং তাঁদের সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞান ও অভিজ্ঞতার অভাব এবং সর্বোপরি, যাঁরা বিদেশী দাতাদের চাপে পড়ে এই অভাব পূরণে এগিয়ে আসেন তাঁদের নিরুদ্যম অদক্ষ নেতৃত্ব । অতএব পল্লী উন্নয়নের কৌশল হিসেবে উফশী প্রযুক্তির শুধু 'সহযোগী' নয় বরং 'জ্যেষ্ঠ ভাতা' হিসেবে কৃষি ও অকৃষি খাতের মধ্যে কার্যকরী সংযোগ স্থাপনের উদ্দেশ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা থাকা বাঞ্ছনীয় । এটিই এ ক্ষেত্রে পর্যাপ্ত শর্ত । উৎপাদন বৃদ্ধির দ্বিতীয় কৌশলটি (উৎসাহব্যঞ্জক মূল্য) মূল্যায়নকালে দেখা গেছে এটি একদিকে ব্যয় সাপেক্ষ অন্যদিকে উৎপাদন বৃদ্ধির ব্যাপারে এর অতি দুর্বল ভূমিকা । এ কারণে উৎসাহব্যঞ্জক মূল্যকে বর্তমান অবস্থায় পল্লী উন্নয়নের কৌশল হিসেবে বিবেচিত না করাই অধিকতর যুক্তি সংগত ।

শুষ্ক মৌসুমে কর্মসংস্থান সৃষ্টি আর একটি কৌশল । আলোচনায় দেখা গেছে দারিদ্র্য নিরসনের ক্ষেত্রে এর সম্পর্ক নিবিড় । অর্থাৎ এর সুবিধা যত কিঞ্চিতই হোক কিংবা যত স্বল্প সময়ের জন্যেই হোক, এর একটি অংশ ভূমিহীন ও গরীব জনগণই পাচ্ছে। কিন্তু এর সমস্যা অন্যত্রঃ (এক) সৃষ্ট কর্মসংস্থান নিতান্তই ক্ষণস্থায়ী, (দুই) সৃষ্ট কর্মের সাথে পল্লী এলাকায় সার্বিক কর্মকাণ্ডের সংযোগ নেই বললেই চলে এবং (তিন) এ ধরনের প্রকল্পে কোনরূপে কৈফিয়ত দেবার শর্ত না থাকায় দুর্নীতির অবাধ বিচরণ। অতএব প্রকৃত কৌশলটি হওয়া উচিত শুধুমাত্র 'কর্মসংস্থান' নয় বরং পল্লী জনগণের জন্যে স্থায়ী এবং উৎপাদনমুখী কর্ম 'সৃষ্টি' । পর্যাপ্ত শর্ত হিসেবে মানুষ গড়ার বিষয়টি এর সাথে যুক্ত থাকা বাঞ্ছনীয় ।

আর্থ-সামাজিক উন্নয়নে ঋণের ভূমিকা যে সন্দেহাতীত তা আদিকাল থেকেই স্বীকৃত । অন্যদিকে এই ঋণই যে মানুষকে অর্থনৈতিকভাবে পংগু করে দেয়, তাদের সর্বনাশ করে, সে কথাও আজ সর্বজনবিদিত । ঋণের এই অর্ন্তদ্বন্দ্বমুখী সমস্যা নিরসনের লক্ষ্যেই চালু করা হচ্ছে প্রাতিষ্ঠানিক পল্লী ঋণ। কিন্তু আজও কি পল্লীর জনগণ এর অভিশাপের কবল থেকে সম্পূর্ণ মুক্ত ? আলোচ্য অভিজ্ঞতার ফলাফলের ভিত্তিতে এর জবাব ঋণাত্বক বৈ ধণাত্বক নয় । এর কারণ একই জাতেরঃ পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নের চাইতে রাজনৈতিক উদ্দেশ্যের প্রাধান্য, বন্টনে বৈষম্য এবং সর্বস্তরে দাতা গ্রহীতার দুর্নীতি ও স্বজনপ্রীতি । তাই বলা যায় যে পল্লী উন্নয়নের জন্যে প্রাতিষ্ঠানিক ঋণের যোগান একটি আবশ্যিক শর্ত হতে পারে, কিন্তু পর্যাপ্ত নয় । এই পর্যাপ্ত শর্তটি হবে জনগণের চাহিদা মোতাবেক তদারকী ঋণ সরবরাহ এবং এই ঋণের সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে সংশ্লিষ্ট সবাইকে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান । অন্যান্য অবস্থা অপরিবর্তনীয় থাকা সাপেক্ষে, সমবায় ঋণের ক্ষেত্রে এই পর্যাপ্ত শর্তটির গুরুত্ব আরও অনেক বেশী । সৎ নেতৃত্বের মাধ্যমে উপযুক্ত তদারকী ঋণ প্রদান করলে যে ফলাফল শুভ হয় তার প্রকৃষ্ট নজীর গ্রামীণ ব্যাংক । তবে যেহেতু এই প্রতিষ্ঠানটি গ্রামের শুধুমাত্র একটি বিশেষ শ্রেণীর লোকদের নিয়ে কারবার করে এবং যেহেতু তাদের কর্মকাণ্ডের সাথে পল্লী উন্নয়নের সার্বিক কর্মকাণ্ডের, বিশেষ করে কৃষি উৎপাদনশীলতার সংগে কোন কার্যকর সম্পর্ক এখনও গড়ে উঠেনি কিংবা সার্বিক পল্লী উন্নয়নের উপলব্ধি করা যায় এমন কোন প্রক্রিয়া এখনও চালু করা সম্ভব হয়নি, সেহেতু একে এখনও পল্লী উন্নয়নের আদর্শ কৌশল হিসেবে গণ্য করা যায় না । তবে গ্রামের জনগণকে উন্নয়ন কর্মকাণ্ডে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে এবং তাদের সংগঠিত করার ব্যাপারে গ্রামীণ ব্যাংকের মডেল অনন্য; একটি যথোপযুক্ত কৌশল ।

পরিপূরক আয় বৃদ্ধির প্রচেষ্টাকে কেউ কেউ দারিদ্র্য নিরসনের একটি প্রত্যক্ষ হাতিয়ার হিসেবে চিহ্নিত করে থাকেন । আমাদের আলোচনায় দেখানো হয়েছে যে, যেভাবে খাদ্য শস্য বিভিন্ন শ্রেণীর লোকজনের মধ্যে বন্টিত হচ্ছে, তাতে আয় বৈষম্য হ্রাসের সম্ভাবনা তো নেই বরং দারিদ্র্যকে জিইয়ে রাখবার প্রচেষ্টা চলছে । অতএব পরিপূরক আয় বৃদ্ধির প্রচেষ্টাকে পল্লী উন্নয়নের কৌশল হিসেবে বিবেচনা না করাই বুদ্ধিমানের কাজ ।

পল্লী উন্নয়নের ইতিহাসে প্রশাসন বিকেন্দ্রীকরণ আর একটি বলিষ্ঠ পদক্ষেপ। কিন্তু

পল্লী উন্নয়নের নিরিখে মানসিকতা পরিবর্তনের অভাবে এই কৌশলটি আজও কার্যকরী ভূমিকা পালনের প্রস্তুতি নিতে সক্ষম হয়নি । উপযুক্ত প্রশিক্ষণসহ আদর্শ মানুষ গড়াই হবে এই ধরনের কর্মসূচী বাস্তবায়নের যথোপযুক্ত কৌশল ।

৪. সমাপ্তি মন্তব্য

দারিদ্র্য নিরসনে পল্লী উন্নয়নের ভূমিকা এখানেই, কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধির সাথে সম্পর্ক রেখে অকৃষি খাতের উন্নয়ন । অন্য কথায়, কৃষি প্রক্রিয়াকরণ ও কৃষি সহায়ক শিল্পের বিকাশ। উফশী প্রযুক্তি, ভূমি সংস্কার, কর্মসৃষ্টি, প্রাতিষ্ঠানিক ঋণ যোগান, স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রশাসন বিকেন্দ্রীকরণ, এ সবই ঐ সংযোগ স্থাপনের অত্যাবশ্যকীয় শর্তগুলো পূরণ করে বটে কিন্তু এ গুলো পর্যাপ্ত নয় । এ গুলো প্রত্যাশিত কার্যকরী সম্পর্কের একটি পক্ষ মাত্র । অন্য পক্ষে রয়েছে যাদের জন্য এবং যাদের দ্বারা উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়িত হয়, তাদের কর্মদক্ষতা, বিচক্ষণতা এবং নৈতিক চরিত্র । আমাদের আলোচনায় এই পক্ষটিরই নানা রকম অসম্পূর্ণতার চিত্রই পরিষ্কারভাবে ফুটে উঠেছে । তাই পল্লী উন্নয়নের যে কোন স্বাভাবিক কৌশল প্রয়োগের ক্ষেত্রে এই অপর পক্ষটির অসম্পূর্ণতাগুলো দূরীকরণ বা উপশম একান্ত আবশ্যক এবং এ গুলো পল্লী উন্নয়নের কৌশল মালায় অন্তর্ভুক্ত করার জোর সুপারিশই এই প্রবন্ধের অন্যতম লক্ষ্য ।

অনেকেই মনে করেন, উক্ত সুপারিশকৃত "মানুষ উন্নয়নের ব্যবস্থা" বর্তমানে বাংলাদেশে কার্যকর । চারটি সংস্থার মাধ্যমে এ জাতীয় কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। সেগুলো হলোঃ কুমিল্লায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় পল্লী উন্নয়ন একাডেমী, সিলেটে পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনষ্টিটিউট এবং জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট । তৃতীয় পরিকল্পনায় দাবী করা হয়েছে ১৯৮৪-৮৫ সাল নাগাদ উক্ত প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে বিভিন্ন জাতি গঠন বিভাগ/সংস্থার এবং স্থানীয় সরকারের সর্বমোট ২৩,০০০ কর্মীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে [১০;২১৫] । এর উপরেও রয়েছে অগণিত আদর্শ কৃষক, সেচ সংগঠনের ম্যানেজার এবং অন্যান্য স্থানীয় লোকজনের প্রশিক্ষণ। এই হিসাবটি যদি সত্য হয় তা হলে এর সরল অর্থ অনুযায়ী প্রতি উপজেলায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মীদের সংখ্যা দাঁড়ায় গড়ে ৫০ জন অর্থাৎ কোন উপজেলাতেই কোন অপ্রশিক্ষণ প্রাপ্ত কর্মী না থাকারই কথা । অথচ এই পরিকল্পনাবিদরাই স্থানীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে এই পর্যায়ের কর্মীদের অপর্যাপ্ত অভিজ্ঞতা, অদক্ষতা এবং অক্ষমতাকে দায়ী করেছেন । তাহলে সহজেই অনুমান করা যায় যে, উক্ত হিসেবটি অতিরঞ্জিত করে দেখান হয়েছে অথবা প্রশিক্ষণের বিষয়বস্তুর মধ্যে কিংবা প্রশিক্ষকদের দক্ষতার মধ্যে মারাত্মক ধরনের গলদ রয়েছে ।

এই গলদ অন্যভাবেও থাকতে পারে । এই প্রবন্ধে অন্যান্য মানুষের বিভিন্ন দিক উন্নয়নের কথা বলতে গিয়ে তাদের নৈতিক উন্নয়নের ওপরও গুরুত্ব আরোপ করা হয়েছে । বলা বাহুল্য, পরিকল্পনাবিদদের কাছে এটিও কোন নতুন কথা নয় । যথাঃ "For Bangladesh particularly, morality should be considered as an essential input for development. Though invisible, it is the only element which can stop leakage and ensure effective utitisation of visible

development inputs." [১০;৩৫১] । তবে হাসি পায় তাঁদের উক্ত চিন্তা ধারা বাস্তবায়নের কৌশল দেখে। তাঁরা মনে করেন, জনগণের নৈতিকতা উন্নয়নের মূল বাহন হচ্ছে দেশের সর্বত্র ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন করা, মসজিদে মসজিদে পাঠাগার গড়ে তোলা, বায়তুল মোকাররমে মিনার তৈরী করা এবং সর্বোপরি ইমামদের কয়েক সপ্তাহ প্রশিক্ষণের ব্যবস্থা করা [১০;৩৫২-৩] । আসলে কি তাই ? এ সবের সংশ্লিষ্ট লোকজন কি বাস্তবিকই অধিকতর হারে নৈতিকতা বিরোধী কাজে লিপ্ত ? কি করা হচ্ছে তাদের নৈতিকতা উন্নয়নের ব্যাপারে যারা সরকারী ঋণ নেয়া ও দেয়ার কাজে লিপ্ত ? যাঁরা উৎপাদনমূলক কাজে ঋণ নিয়ে অনুৎপাদন কাজে ব্যয় করছেন ? যাঁরা ঋণ নিয়ে ক্ষমতা থাকা সত্ত্বেও ফেরৎ দিতে অনীহা প্রকাশ করছেন ? যাঁরা সরকারী টাকা লুটে নিয়ে সম্পদের পাহাড় গড়ে তুলছেন ? সমস্ত সমস্যার গোড়া এখানেই । ইসলাম ধর্মকে যেমন আজ মসজিদের ভেতর কিংবা দু-চারটা ইসলামী নামের সংস্থার মধ্যে আটকিয়ে রাখার অপচেষ্টা করা হচ্ছে, ঠিক তেমনি গাছের গোড়া বাদ দিয়ে অন্যত্র পানি ঢেলে গাছ বাঁচানোর কথা মহা সোরগোল করে সবাইকে অবহিত করা হচ্ছে। দারিদ্র্য নিরসনের নিরিখে পল্লী উন্নয়ন কৌশল নির্ধারণের ক্ষেত্রে আমরা উপরোক্ত বক্তব্যটির অন্তর্নিহিত সত্য যত তাড়াতাড়ি উপলব্ধি করতে পারব ততই মংগল ।

গ্রন্থপঞ্জী

1. Ahmed, Q.K. and M. Hossain : An Evaluation of Selected Policies and Programmes for the Alleviation of Rural Poverty in Bangladesh, In Strategies for Alleviating Poverty in Rural Asia, Edited by R. Islam, BIDS, Dhaka and ARTEP, Bangkok, 1985.
2. Ahmed, R. : Foodgrain Supply, Distribution and Consumption Policies within a Dual Pricing Mechanism; A Case Study of Bangladesh, Research Report No. 8. IFPRI, Washington D.C, USA, 1979.
3. Alamgir, M. : The Experiences of Rural Works Programme (RWP) in Bangladesh, Institute for International Economic Studies, Stockholm, 1977.
4. Ali, A.K.M. Shawkat : Role of BKB in Rural Development, Inaugural Address at the Seminar Organised by RDA, Bogra, May 1986.
5. Planning Commission : The First Five Year Plan, 1973-78, Government of Bangladesh, Dhaka, 1973.
6. World Bank : Bangladesh : Current Trends and Development Issues, 1979.
7. Bangladesh Bureau of Statistics : Statistical Year Book, 1981, Government of Bangladesh, Dhaka, 1981.
8. Bangladesh Bureau of Statistics : Statistical Year Book of Bangladesh, 1982, Government of Bangladesh, Dhaka, 1982.
9. World Bank : Bangladesh Bank and Bangladesh Economic and Social Development Prospects, Report No. 5409, 1985.
10. Planning Commission : The Third Five Year Plan, 1985-90, Government of Bangladesh, Dhaka, 1985.
11. Bangladesh Bureau of Statistics : The Bangladesh Census of Agriculture Livestock : 1983-84. Vol. 1, Structure of Agricaltural Holdings and Livestock Population, Government of Bangladesh, Dhaka, 1986.

12. Grameen Bank : Monthly Report, February, 1987.

13. Hamid. M.A. : Irrigation Development in Bangladesh : Achievements, Potential and Constraints, In Resources, Environment and Economic Development, ICIOS—II, Perth, Western Australia, 1984.

14. Grameen Bank in Bangladesh. Is it an Anti-Poverty Programme, COMMERCE (Weekly), November, Bombay, India, 1986.

15. Hamid M.A : And Spend Out of What We Have Provided for Them : Its Significance in Dealing with Economic Inequality in Bangladesh, Presented at the National Seminar on Distribution of Wealth and Income in Islam, Organised by IERB, Dhaka, April, 1987.

16. Hamid, M.A. et al : Integrated Rural Development Programme : An Evaluation of Natore and Gaibandha Projects, Department of Economics, Rajshahi University, Rajshahi, 1975.

17. Hamid M.A. et al : Shallow Tube-wells Under IDA Credit in North West Bangladesh : An Evaluation Study, Rural Development Studies Series No. 10, Department of Economics, Rajshahi University, Rajshahi, 1982.

18. Hamid M.A. et al : Survey on Privatization of Repair and Maintenance Facilities for Irrigation, Rural Development Studies Series No. 13, Department of Economics, Rajshahi University, Rajshahi, 1984.

19. Hamid M.A. : Low Lift Pump Under IDA Credit in South East Bangladesh, Rural Development Studies, Series No. 12, Deparment of Economics, Rajshahi University, Rajshahi, 1984.

20. Haq, Ataul. : Public Expenditure Policies and Regional Distribution in Bangladesh, The Bangladesh Journal of Political Economy, Regional Development Seminar, Rajshahi University, 1984.

21. Hoque, A, and Islam T.S. : Regional Disparity in Investment in Human Capital : The Case of University Education, The Bangladesh Journal of Political Economy, Regional Development Seminar, Rajshahi University, 1984.

22. Hossain, M. : Institutional Credit for Rural Development : An Overview of the Bangladesh Case, The Bangladesh Journal of Agricultural Economics, Dhaka, 1985.

23. Islam, R, : Foodgrain Procurement, Input Subsidy and the Public Food Distrbution System in Bangladesh : An Analysis of the Policy Package, The Bangladesh Development Studies, Winter— Summar, Dhaka, 1980.

24. Islam R. : Strategies for Alleviating Poverty in Rural Asia, in Strategies for Alleviating Poverty in Rural Asia, Edited by R, Islam, BIDS, Dhaka and ARTEP, Bangkok, 1985.

25. Yunus, M. : Rural/Agricultural Credit Operation in Bangladesh, The Bangladesh Journal of Political Economy, Conference Issue, Dhaka, 1981.

উত্তর-পশ্চিম বাংলাদেশের প্রেক্ষিতে শিক্ষা উন্নয়নে আঞ্চলিক বৈষম্য ঃ একটি অর্থনৈতিক বিশ্লেষণ

শাহ্ মুহাম্মদ হাবীবুর রহমান *
মুহম্মদ রফিকুল ইসলাম *

ভূমিকা

আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে শিক্ষা উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রসংগ। বিশেষজ্ঞদের মতে অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে শিক্ষার সম্পর্ক অচ্ছেদ্য। শিক্ষা জনশক্তির দক্ষতা বৃদ্ধিতে শুধু সহায়কই নয়, সার্বিক উন্নয়ন কর্মকাণ্ডকে জনগনের কাছে বোধগম্য করে তুলতে এবং উন্নয়নের কর্মধারায় প্রাণশক্তির সঞ্চার করতে এর চেয়ে শ্রেষ্ঠতর উপকরন আর নেই। জনশক্তির যে অংশ শিক্ষার আলোক হতে বঞ্চিত, স্বাভাবিক কারণেই সেই অংশ শিক্ষা-কৃষি-বাণিজ্য প্রভৃতি ক্ষেত্রে যথাযোগ্য ভূমিকা রাখতে বা কার্যকর অংশগ্রহনে অক্ষম। পক্ষান্তরে যারা শিক্ষিত, বিশেষতঃ পেশাগত দক্ষতা অর্জন করেছে তারা যে কোন ধরণের কর্মসংস্থান মূলক তৎপরতায় অংশ গ্রহনে সক্ষম। এই প্রেক্ষিতে দ্ব্যর্থহীন ভাবেই বলা যায়, যে কোন দেশের যে অঞ্চলের জনগন যত বেশী শিক্ষিত এবং পেশাগত প্রশিক্ষণ লাভের যত বেশী সুযোগ তাদের জন্যে উন্মুক্ত তারা তত বেশী কর্মসংস্থান লাভের সুযোগ পায় এবং স্বভাবতঃই জাতীয় আয়ে তাদের অংশ থাকে তুলনামূলকভাবে যথেষ্ট বেশী।

বাংলাদেশের প্রেক্ষিতে এ সত্য যে কত বড় বাস্তব তার প্রকৃষ্ট নজীর দেশের উত্তর-পশ্চীমাঞ্চল। এই অঞ্চলের মধ্যে রয়েছে সাবেক বৃহত্তর রাজশাহী,রংপুর,বগুরা, দিনাজপুর ও পাবনা জেলা। দেশের মোট জনসংখ্যার ২৪% বাস করে এই অঞ্চলে। পক্ষান্তরে জনসংখ্যার ৫০% বাস করে দেশের পূর্বাঞ্চলে। শিক্ষা খাতে দেশের পূর্বাঞ্চলে সরকারী ব্যয়ের পরিমাণ ১৯৭৭-৭৮ সালে ছিল মাথাপিছু টাকা ৩.৫০, অথচ একই সময়ে আলোচ্য অঞ্চলে এই ব্যয়ের পরিমাণ ছিল মাথাপিছু মাত্র টাকা ০.৯০। এর ফলে এ অঞ্চলে শিক্ষার সুযোগ যে সংকুচিত এবং ফলশ্রুতিতে কর্মসংস্থানের পরিমাণও যে তুলনামূলকভাবে কম জাতীয় আয়ের দিকে তাকালেই তা পরিষ্কার উপলব্ধি হয়। ১৯৮২ সালে এই অঞ্চলে মাথাপিছু আয় ছিল জাতীয় গড়ের তুলনায় ১০% কম। শিক্ষার ক্ষেত্রে বিদ্যমান বৈষম্যের জন্যেই যে এই অবস্থা তা বলাই বাহুল্য।

---

* অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

শিক্ষা ও জনশক্তি উন্নয়নে বিনিয়োগের ক্ষেত্রে এদেশে দীর্ঘকাল ধরে যে আঞ্চলিক বৈষম্য চলেছে সে বিষয়েই বক্ষ্যমান প্রবন্ধে সমীক্ষার চেষ্টা করা হয়েছে । দেশের চারটি বিভাগ বা অঞ্চলের মধ্যে রাজশাহী বিভাগ বা দেশের উত্তর-পশ্চিমাঞ্চল অপেক্ষা পূর্বাঞ্চল বা ঢাকা ও চট্টগ্রাম বিভাগ যে শিক্ষার ক্ষেত্রে বিশেষ ও বাড়তি সুযোগ পেয়ে আসছে সে বিষয়ে ইতিমধ্যেই কোন কোন আলোচনায় দৃঢ় অভিমত ব্যক্ত হয়েছে [৮] । দেশের বিভাগ চতুষ্টয়ের মধ্যে রাজশাহীই তুলনামূলক ভাবে অনুন্নত । অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন কর্মকাণ্ডে এই বিভাগ যেমন সব সময়ে সর্বাপেক্ষা কম সরকারী সহায়তা পেয়েছে শিক্ষার ক্ষেত্রেও তার ব্যত্যয় ঘটেনি । অর্থ-বিনিয়োগ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৃতি ও সংখ্যা এবং শিক্ষক-ছাত্রের অনুপাতের সাহায্যে এই বক্তব্যই সপ্রমাণের চেষ্টা করা হয়েছে পরবর্তী আলোচনায় তিনটি অংশে বিভক্ত প্রবন্ধের প্রথম অংশে দেশের বিদ্যমান শিক্ষা পদ্ধতির আলোচনা রয়েছে । দ্বিতীয় অংশে দেশের অন্যান্য অঞ্চলের সাথে এই বৈষম্যের তুলনা করা হয়েছে প্রধানতঃ পরিসংখ্যান তথ্যের ভিত্তিতে । সব শেষে রয়েছে অনুসৃতব্য সুপারিশ মালা ।

শিক্ষার স্তরের শ্রেণী বিন্যাস

এদেশের আনুষ্ঠানিক শিক্ষা পদ্ধতিকে প্রধানতঃ চারটি বড় ভাগে ভাগ করা যেতে পারে । যথা-- প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর । স্নাতক পর্বেই যেহেতু পেশাগত ও বৃত্তিমূলক শিক্ষার শুরু সেহেতু এই স্তরকে কয়েকটি সমান্তরাল পর্বে বিন্যাস করা যায় । যথা-- প্রকৌশল, চিকিৎসা, কৃষি, বাণিজ্য, আইন, শিক্ষক প্রশিক্ষণ এবং বিশেষ বৃত্তিমূলক প্রশিক্ষণ। এই সকল ধরনের শিক্ষার ক্ষেত্রেই উত্তর-পশ্চিমাঞ্চল দেশের বাকী অন্যান্য অঞ্চল অপেক্ষা অনেক বেশী পশ্চাৎপদ । তার মূখ্য কারণ শিক্ষার সুযোগ-সুবিধা এখানে আশানুরূপ সম্প্রসারিত হয়নি । উপরন্তু সংখ্যা সাম্যের প্রতি নজর দিয়ে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক বা পেশাদারী শিক্ষার প্রতিষ্ঠানও এ অঞ্চলে স্থাপিত হয়নি ।

এমনিতে বিদ্যমান ব্যবস্থার অন্তর্নিহিত দূর্বলতা মারাত্মক সামাজিক ভারসাম্য হীনতার সৃষ্টি করেছে । এর জন্যে তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনায় যে সমস্ত কারণকে দায়ী বলে চিহ্নিত করা হয়েছে সে সবের মধ্যে রয়েছে ঃ (ক) শিক্ষিত এবং অশিক্ষিতের মধ্যে বিরাজমান দুস্তর ব্যবধান । ১৯৬১ সালে দেশের শিক্ষিতের হার ছিল ১৭.০% । দুই দশকে বৃদ্ধি পেয়ে এই হার ১৯৮১ সালে দাঁড়িয়েছে ১৯.৭%-এ; (খ) উদার শিক্ষা গ্রহণকারী লোকের সংখ্যা বেড়েছে বিপুল ভাবে, অথচ দক্ষ জনশক্তির তীব্র সংকট বিরাজমান; (গ) শহর ও গ্রামাঞ্চলের মধ্যেও শিক্ষিতের হারের ব্যবধান দুস্তর । ১৯৮১ সালের শুমারী অনুযায়ী শহরাঞ্চলের শিক্ষিতের হার ছিল ৩৫.০%, পক্ষান্তরে গ্রামাঞ্চলে এই হার ছিল জাতীয় হারেরও নীচে--মাত্র ১৭.০% ।

জনসংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে এই বৈষম্য বিচার করলে যে ফলাফল পাওয়া যাবে তা আরও হতাশাব্যঞ্জক । এই সংগে যদি উত্তর-পশ্চিমাঞ্চলের সাথে দেশের সামগ্রিক জনসংখ্যা বৃদ্ধির হারের তুলনা করা হয় এবং সেই নিরিখে আলোচ্য অঞ্চলের শিক্ষিতের হার বিবেচনা করা হয় তা হলে যে চিত্র পাওয়া যাবে তা আরও নৈরাশ্যজনক ।

সারণী-১

জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ মাইলে)

বছর	বাংলাদেশ	উত্তর-পশ্চিমাঞ্চল
১৯৫১	৭৬১	৭১৩
১৯৬১	৯২২	৯৪২
১৯৭৪	১,২৮৬	১,২৯৭
১৯৮১	১,৫৬৭	১,৫৯৮

উৎস ঃ [৬ ; ৬৩]

সারণী-১ এ বিভিন্ন আদমশুমারীতে ১৯৫১ হতে ১৯৮১ পর্যন্ত বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের জনসংখ্যার ঘনত্ব বৃদ্ধির সাথে সমগ্র দেশের জনসংখ্যা বৃদ্ধির তুলনা দেখানো হয়েছে । দেখা যাবে শুধুমাত্র ১৯৫১ সালের শুমারী ছাড়া পরবর্তী সকল শুমারীতেই গোটা দেশের তুলনায় এই এলাকার জনসংখ্যা বৃদ্ধির ঘণত্ব ক্রমশঃই বৃদ্ধি পেয়েছে ।

প্রাতিষ্ঠানিক শিক্ষা ক্ষেত্রে বৈষম্য

শিক্ষা সম্পর্কে আলোচনার ক্ষেত্রে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার প্রসংগই সর্বাগ্রে গণ্যতার দাবী রাখে। এক্ষেত্রে স্কুলের সংখ্যা, ছাত্রবৃদ্ধির হার এবং শিক্ষকের সংখ্যার তুলনার দ্বারা এই স্তরে কী হারে বা কীভাবে শিক্ষার হার বৃদ্ধি পাচ্ছে তা সহজেই নিরুপণ করা যায় । সারণী-২ এ ১৯৮৩-৮৪ সালে অঞ্চল ভিত্তিক সরকারী মাধ্যমিক স্কুলের সংখ্যা ও শিক্ষকের সংখ্যা দেখানো হয়েছে ।

সারণী-২

এলাকা ভিত্তিক সরকারী মাধ্যমিক স্কুল ও শিক্ষকের বিবরণ, ১৯৮৩-৮৪

এলাকা	স্কুলের সংখ্যা	শিক্ষকের সংখ্যা
চট্টগ্রাম	৪৮(২৪.৭৪%)	৯০৭(২১.৬৭%)
ঢাকা	৭৪(৩৮.১৪%)	১,৬৪১(৩৯.২১%)
খুলনা	৩৪(১৭.৫৩%)	৭৯০(১৮.৮৮%)
রাজশাহী	৩৮(১৯.৫৯%)	৮৪৭(২০.৩৪%)

উৎস ঃ [৬ ; ৭৪০-১]

উপরের সারণীতে দেখা যাচ্ছে মোট সরকারী মাধ্যমিক স্কুলের প্রায় ৬৩% ঢাকা ও চট্টগ্রাম বিভাগে অবস্থিত । পক্ষান্তরে খুলনা ও রাজশাহী বিভাগে এই পরিমাণ মাত্র ৩৭% যদিও এই দুই অংশের জনসংখ্যা দেশের মোট জনসংখ্যার অর্ধেক । শিক্ষকের সংখ্যা সম্পর্কেও একই কথা প্রযোজ্য । তবে কলেজ পর্যায়ের শিক্ষার ক্ষেত্রে এ জাতীয় বৈষম্য তেমন লক্ষ্য করা যায় না । কিন্তু তার কারণ ভিন্নতর । সারণী—৩ হতে কলেজ পর্যায়ের শিক্ষার একটা চিত্র পাওয়া যাবে ।

সারণী-৩

এলাকা ভিত্তিক কলেজের ছাত্র ও শিক্ষকের বিবরণ, ১৯৮৩-৮৪

এলাকা	কলেজের সংখ্যা		শিক্ষকের সংখ্যা		ছাত্র/ছাত্রীর সংখ্যা	
	সরকারী	বেসরকারী	সরকারী	বেসরকারী	সরকারী	বেসরকারী
১	২	৩	৪	৫	৬	৭
চট্টগ্রাম	৩১	১১০	১৪২৯	১৮৯৯	২৬,২০৯	৬৪,৮১৭
ঢাকা	৩৩	১৬৪	১১৩৫	২৭৪২	৩৬,১৭৯	৭৭,০৮৪
খুলনা	২৫	১১১	১০৩৭	১৯৬৮	৩৪,৬৫৮	৮০,১০২
রাজশাহী	৩৩	১৪৯	১৩৫৭	২৪২৪	৩১,৯৫০	৬৫,৭৭৮

উৎস ঃ [৬ ; ৭৩২]

উপরের সারণীতে ১৯৮৩-৮৪ সালে বাংলাদেশের এলাকা ভিত্তিক সরকারী ও বেসরকারী কলেজের সংখ্যা, ছাত্র/ছাত্রীর সংখ্যা এবং শিক্ষক/শিক্ষিকার বিবরণ তুলে ধরা হয়েছে । সারণীটিতে দেখা যাচ্ছে, খুলনা বিভাগ ছাড়া অন্যান্য বিভাগের সরকারী কলেজ, ছাত্র/ছাত্রীর সংখ্যা এবং শিক্ষকের সংখ্যা প্রায় সমান । দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে সরকারী কলেজের সংখ্যা বৃদ্ধির পশ্চাতে অর্থনৈতিক বা সামাজিক কারণ অপেক্ষা রাজনৈতিক ফায়দা হাসিলের উদ্দেশ্যই অধিক কার্যকর । বিভিন্ন সময়ে ক্ষমতাসীন মহলের পক্ষ হতে ক্ষমতায় টিকে থাকার জন্যে জনসমর্থন আদায়ের লক্ষ্যে রাতারাতিই বহু কলেজকে "জাতীয়করণ" করা হয়েছে । বিশেষতঃ গত দুই-তিন বছরে এই হার অতি দ্রুত সম্প্রসারিত হয়েছে এবং ফলে শিক্ষার মান যে উঁচু হয়েছে কিংবা ঐসব কলেজে ছাত্র/ছাত্রীর সংখ্যা বেড়েছে তার কোন প্রমাণ নেই ।

পেশাদারী ও বৃত্তিমূলক কলেজ বা ইনষ্টিটিউটের ক্ষেত্রে এই চিত্র সম্পূর্ণ ভিন্নতর । প্রকৌশল, চিকিৎসা, বাণিজ্য, কৃষি প্রভৃতি বিষয়ের কলেজ এবং বিশেষ ধরনের পেশায় প্রশিক্ষণ ও ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট প্রভৃতি ক্ষেত্রে আলোচ্য অঞ্চল যে কত পশ্চাৎপদ তথা সরকারী "নেক নজর" হতে বঞ্চিত নীচের সারণী হতে তা সহজেই উপলব্ধি হবে ।

সারণী—৪

পেশাদারী ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কলেজ/ইনষ্টিটিউটের বিবরণ

কলেজ/ইনষ্টিটিউট	বাংলাদেশ		উত্তর-পশ্চিমাঞ্চল	
	১৯৭৫	১৯৮৫	১৯৭৫	১৯৮৫
১. চিকিৎসা	৮	১০	১	২
২. আইন	২২	২৭	৫	৮
৩. প্রকৌশল	৩	৪	১	১
৪. বাণিজ্য	২	২	–	–
৫. কৃষি	১	১	–	–
৬. চারু ও কারুকলা	১	২	–	১
৭. হোম ইকনমিক্স্	১	১	–	–
৮. গ্রাফিক আর্টস	১	১	–	–
৯. লেদার টেকনোলজী	১	১	–	–
১০. টেক্সটাইল টেকনোলজী	১	১	–	–
১১. গ্লাস ও সিরামিক	১	১	–	–
১২. শরীর চর্চা প্রশিক্ষণ	১	২	–	১
১৩. শিক্ষক প্রশিক্ষণ	৬	১০	১	২
১৪. প্রাথমিক প্রশিক্ষণ	৪৭	৪৭	১২	১২
১৫. পলিটেকনিক	১৭	১৭	৫	৫
১৬. ভকেশনাল প্রশিক্ষণ	২৩	৫৪	৯	১৩
১৭. হোমিওপ্যাথি	১৬	২১	৫	৭
১৮. ইউনানী ও তিব্বিয়া চিকিৎসা	১	১	–	–

উৎস ঃ [৬,৩] এবং সংশ্লিষ্ট কলেজ ও ইনষ্টিটিউট সমূহের অধ্যক্ষ ও অধিকর্তাগণ।

সারণী—৪ হতে লক্ষ্য করা যাবে যে, প্রকৌশল, চিকিৎসা, আইন, শিক্ষক-প্রশিক্ষণ, প্রাথমিক প্রশিক্ষণ, ভকেশনাল্ প্রশিক্ষণ, হোমিওপ্যাথি ও পলিটেকনিক ইনষ্টিটিউটের ক্ষেত্রে উত্তর-পশ্চিমাঞ্চলের সংগত হিস্সা রয়েছে। তাও ১৯৮৫ সালের হিসাব অনুসারে। ১৯৭৫ সালের চিত্রটি অনেকখানি নিষ্প্রভ। অপর দিকে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বৃত্তিমূলক বা পেশাদারী প্রশিক্ষণ লাভের সুযোগ এই অঞ্চলে আদৌ নেই। এসবের মধ্যে রয়েছে কৃষি, বাণিজ্য, লেদার টেকনোলজী, টেকসটাইল টেকনোলজী, গ্লাস

ও সিরামিক টেকনোলজী, গ্রাফিক আর্টস, হোম ইকনমিক্স্, ইউনানী ও তিব্বিয়া চিকিৎসা প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয় ।

প্রসংগত উল্লেখযোগ্য, দেশে উদার শিক্ষা ব্যবস্থার আওতায় শিক্ষিত লোকের সংখ্যা বৃদ্ধি পেলেও তাদের ক্ষেত্রেই বেকারত্বের হার সব চেয়ে বেশী । অথচ দক্ষ জনশক্তির অভাব আমাদের দেশে তীব্র। আন্তর্জাতিক নির্দেশিকা অনুযায়ী প্রতি জন প্রকৌশলীর জন্যে পাঁচ জন টেকনিশিয়ান ও পনের জন দক্ষ শ্রমিকের প্রয়োজন হয় । বাংলাদেশে এর বর্তমান অনুপাত ২:১:৩ ।সুতরাং দক্ষ শ্রমিকের অভাব যে খুবই প্রকট তা সহজেই অনুমেয় । বাংলাদেশে কারিগরী শিক্ষার যে সীমিত সুযোগ রয়েছে তাও নানাবিধ সমস্যায় জর্জরিত । এ কারণেই দক্ষ জনশক্তি কাংখিত মাত্রায় তৈরী হচ্ছে না [৪ ;৩১] । দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্ষেত্রে একথা যে কত বেশী সত্য এবং এর তাৎপর্য যে কত সুদুর প্রসারী উপরের সারণীর আলোকে তা বোঝা মোটেই দুরুহ নয় ।

শিক্ষার বিভিন্ন স্তরে সরকারী ব্যয়ের গতি প্রকৃতিও বিশেষ মনোযোগের দাবী রাখে। এ সম্পর্কে একটা সুষ্ঠু ধারণা পাওয়া যাবে সারণী—৫ হতে ।

সরণী—৫
শিক্ষা খাতে সরকারী ব্যয়

(কোটি টাকায়)

প্রতিষ্ঠান	১৯৬৭-৬৮	১৯৮২-৮৩
বিশ্ববিদ্যালয়	৫.৪২ (২২.৬৩%)	৩৬.০০ (১৩.৯৯%)
কলেজ	২.৩৫ (৯.০০%)	২৭.৬১ (১০.৭৩%)
মাধ্যমিক স্কুল	৬.০৬ (২৫.২৪%)	৫১.৬৯ (২০.০৯%)
প্রাথমিক স্কুল	১০.১৫ (৪২.৩৩%)	১৪২.০০ (৫৫.১৯%)

উৎস ঃ [৬; ৫০৩-৪]

উপরের সারণী হতে দেখা যাবে, ১৯৬৭-৬৮ সালে শিক্ষা খাতে মোট সরকারী ব্যয়ের ৩২.০০% এর মত ব্যয় হয়েছে উচ্চ শিক্ষার জন্যে (কলেজ ও বিশ্ববিদ্যালয় সহ)। পক্ষান্তরে ১৯৮২-৮৩ সালে সেই পরিমাণ কমে এসে দাঁড়িয়েছে ২৪.৭২% এ । উপরন্ত ১৯৬৭-৬৮ সালে বিশ্ববিদ্যালয়সমূহ সরকারী ব্যয়ের ২২.৬৩% পেয়েছিল, কিন্তু ১৯৮২-৮৩ সালে তার পরিমাণ কমিয়ে আনা হয়েছে ১৩.৯৯% এ । এর মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অংশ– যেটি উত্তর-পশ্চিমাঞ্চলের একমাত্র বিশ্ববিদ্যালয়-- যে কত নগণ্য তা সহজেই অনুমেয় । এ সম্পর্কে আরও বিস্তারিত জানা যাবে সারণী—৭ হতে । মাধ্যমিক পর্যায়েও সরকারী ব্যয়ের হ্রাস ঘটেছে । বিগত পনের বছরে এই হ্রাসের পরিমাণ দাঁড়িয়েছে ৫.০০% এরও বেশী । আলোচ্য সারণী এবং বাংলাদেশ সরকারের দ্বিতীয় ও তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনায় শিক্ষাখাতে সরকারী বরাদ্দের

পরিমাণ থেকে এটা সুস্পষ্টতঃই প্রমাণ হয় যে, মাধ্যমিক শিক্ষাসহ উচ্চ শিক্ষার মান উন্নয়নের জন্যে সরকারী ভূমিকা নেতিবাচক ।

উচ্চতর শিক্ষা, বিশেষতঃ বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে আলোচ্য এলাকার অবস্থা যে আরও নাজুক সে বিষয়ে ইতিপূর্বেই ইংগিত করা হয়েছে । বাংলাদেশের মোট ছটি বিশ্ববিদ্যালয়ের মধ্যে পাঁচটিই দেশের পূর্বাঞ্চলে অবস্থিত । রাজশাহী ও খুলনা বিভাগের জন্যে উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ই সবেধন নীলমণি। দেশের অর্ধেক জনগোষ্ঠীর প্রতিনিধিত্বশীল এই বিদ্যাপীঠও সাংঘাতিকভাবে অবহেলিত । উদাহরণ স্বরূপ সারণী—৬ এ দেশের ছয়টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-ছাত্রের অনুপাত দেখানো হয়েছে ।

সারণী—৬

বিশ্ববিদ্যালয় সমূহে শিক্ষক-ছাত্রের অনুপাত

বিশ্ববিদ্যালয়	১৯৭৩	১৯৭৭	১৯৭৯	১৯৮৩
ঢাকা	১ঃ১৮	১ঃ১৫	১ঃ১৪	১ঃ১৪
জাহাংগীর নগর	১ঃ৭	১ঃ৮	১ঃ৭	১ঃ৮
চট্টগ্রাম	১ঃ১৩	১ঃ১১	১ঃ১৩	১ঃ১৩
বাংলাদেশ কৃষি	১ঃ৯	১ঃ৫	১ঃ৬	১ঃ১০
বাংলাদেশ প্রকৌশল	১ঃ৮	১ঃ৭	১ঃ১০	১ঃ১০
রাজশাহী	১ঃ২৫	১ঃ২১	১ঃ১৯	১ঃ২২

উৎস ঃ [২]

উপরের সারণীতে দেখা যাবে রাজশাহী বিশ্ববিদ্যালয়েই শিক্ষক-ছাত্রের অনুপাত সবচেয়ে কম । ১৯৭৩ সালে এই বিশ্ববিদ্যালয়ে যখন প্রতি পঁচিশ জন ছাত্র/ছাত্রীর জন্যে একজন শিক্ষক ছিলেন তখন জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রতি সাতজন ছাত্র/ছাত্রীর জন্যেই একজন করে শিক্ষক ছিলেন । একই সময়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এই অনুপাত ছিল ১ঃ১৩ । দীর্ঘ এক দশক পরেও এই অবস্থার তেমন কোন উল্লেখযোগ্য উন্নতি হয়নি । ১৯৮০ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/ছাত্রের অনুপাত ১ঃ২২ যখন জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়ে এই অনুপাত ১ঃ৮ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পূর্বের অনুপাতই বহাল রয়েছে । ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই অনুপাত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চেয়ে অনেক উন্নত । কৃষি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রসংগ না তোলাই উত্তম । এই আলোচনার সরলার্থ দাঁড়ায় পশ্চিমাঞ্চলের একমাত্র বিশ্ববিদ্যালয়টিতে যখন শিক্ষক সম্পদকে মাত্রাতিরিক্ত ব্যবহার করা হচ্ছে সেই সময়েই দেশের অন্য বিশ্ববিদ্যালয় গুলিতে এই সম্পদকে ক্ষমতার তুলনায় কম ব্যবহার করা হচ্ছে। অন্য কথায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীরা শিক্ষকদের নিকট হতে সর্বাধিক উপযোগ প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। উচ্চতর শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে এই বৈষম্য অপনোদনের যে কার্যকর প্রচেষ্টা

চালানো হয়েছে এমনও নয়। ফলশ্রুতিতে এই অঞ্চলের শিক্ষার মান উন্নয়ন ও কর্মসংস্থানের ক্ষেত্রে যে প্রতিকূল প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে তার ধারা অব্যাহত রয়েছে।

শিক্ষার ক্ষেত্রে সরকারের বৈষম্যমূলক আচরণ আরও পরিস্ফুট হয়ে উঠবে যদি বাংলাদেশের বিশ্ববিদ্যালয় সমূহে শিক্ষার্থী পিছু বার্ষিক পৌনঃপুনিক ব্যয় বিশ্লেষণ করা হয়। সারণী—৭ এ সন্নিবেশিত তথ্য হতে দেখা যাচ্ছে যে, ১৯৮৪ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জন্যে শিক্ষার্থী পিছু বার্ষিক পৌনঃপুনিক ব্যয় সবচেয়ে কম (টাকা ৭,২১৩/-)। অথচ জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়ে এই ব্যয় ছাত্র পিছু টাকা ২৪,২০০/- যা কিনা পূর্বোক্ত বিশ্ববিদ্যালয়ের চেয়ে তিন গুণেরও বেশী। ১৯৭৪ সাল থেকে ১৯৮৪ পর্যন্ত দীর্ঘ দশ বছরের কোন সময়েই এর ব্যতিক্রম ঘটেনি। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এই পার্থক্য দ্বিগুণ, এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে দেড়গুণ বা তার কাছাকাছি।

সারণী—৭

বিশ্ববিদ্যালয় সমূহে শিক্ষার্থী পিছু বার্ষিক পৌনঃপুনিক ব্যয়

বিশ্ববিদ্যালয়	১৯৭৪	১৯৭৭	১৯৮০	১৯৮৪
ঢাকা	২,২২৫	৪,১৭৪	৫,৬৯৪	১০,৬৬৬
জাহাংগীরনগর	৭,২২৮	১০,৮৬৩	১৬,১৯১	২৪,২০০
চট্টগ্রাম	৩,৩৮৬	৬,৯৬৮	৭,১৯২	১১,৩৭৯
বাংলাদেশ কৃষি	৬,০৩০	১৫,১৮৮	১৪,৮৯০	২৪,০৫৯
বাংলাদেশ প্রকৌশল	৫,৩২৬	৯,১২৫	১০,৭৩৭	১৮,৪০৯
রাজশাহী	২,১৯৫	৩,৭৭৮	৪,৬৫২	৭,২১৩

উৎস ঃ [২]

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মত প্রতিষ্ঠানও বিশ্ববিদ্যালয় ভিত্তিক অর্থ বন্টনে আঞ্চলিক বৈষম্য পরিহার করতে ব্যর্থ হয়েছে, এই লজ্জা রাখার জায়গা কোথায় ? যদি মোট বন্টনকৃত অর্থ বিশ্ববিদ্যালয় ভিত্তিক বিচার না করে আঞ্চলিক ভিত্তিতে বিচার করা হয় তাহলে দেখা যাবে পূর্বাঞ্চাল ও পশ্চিমাঞ্চলের অনুপাত দাঁড়িয়েছে ১০ঃ১। অর্থাৎ, পূর্বাঞ্চলের শতকরা পঞ্চাশ জন লোকের জন্যে যখন দশ টাকা ব্যয় করা হচ্ছে তখন দেশের বাকী পঞ্চাশ জন লোকের (খুলনা ও রাজশাহী বিভাগ একত্রে) জন্যে ব্যয় করা হচ্ছে মাত্র এক টাকা। কিন্তু নগ্ন বাস্তবতা হলো উত্তর-পশ্চিম এলাকার জন্যে (যেখানে জনসংখ্যার ২৪% লোক) উচ্চ শিক্ষার খাতে এক টাকা ব্যয় করা হলেও দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের (খুলনা বিভাগের) জন্যে আদৌ কোন টাকাই ব্যয় করা হয়নি। প্রসংগতঃ সমর্তব্য, দীর্ঘদিন ধরে খুলনা বিভাগে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্যে ক্রমাগত চাপ ও চেষ্টা অব্যাহত থাকা সত্বেও আজ অবধি কার্যকর ইতিবাচক ফলোদয় ঘটেনি।

অনুসৃতব্য পদক্ষেপ

পূর্ববর্তী আলোচনা হতে সুস্পষ্ট ভাবে প্রমাণিত হচ্ছে যে, জনশিক্ষা বিস্তারের এবং জনশক্তি উন্নয়নের ক্ষেত্রে দেশের উত্তর-পশ্চিমাঞ্চল নিদারুণ ভাবে অবহেলিত ও পশ্চাৎপদ। এই অবস্থা আরও চলতে দেয়া সমীচিন নয়। ইতিমধ্যেই যে ভারসাম্যহীনতার সৃষ্টি হয়েছে তার ফল মোটেই শুভ নয়। সুতরাং, কার্যকর ভাবে এই বৈষম্য দূর করতে হলে প্রয়োজন সুচিন্তিত, দীর্ঘ মেয়াদী ও পরিকল্পিত পদক্ষেপ। যেসব পদক্ষেপ বা কর্মসূচী গ্রহণ করা বাঞ্ছনীয় সেগুলি সম্পর্কে নীচে সংক্ষেপে আলোকপাতের চেষ্টা করা গেল।

ক) প্রথমেই যে পদক্ষেপটি গ্রহণ করা দরকার তা হ'ল এই অঞ্চলে শিক্ষা খাতে সরকারী ব্যয় বৃদ্ধি। এ ক্ষেত্রে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের ব্যয়ের বিদ্যমান অনুপাত অবশ্যই কমিয়ে আনতে হবে। এ জন্যে প্রতিষ্ঠানিক অবকাঠামো গড়ে তোলা ছাড়াও ইতিমধ্যে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলির সংস্কার, প্রয়োজনীয় সম্প্রসারণ এবং পাঠদানে সহায়ক উপকরণ সমূহের যোগান নিশ্চিত করতে হবে। ছাত্রাবাস গড়ে তুলতে হবে এবং শিক্ষক সংখ্যা বৃদ্ধির বাস্তব কর্ম কৌশল গ্রহণ করতে হবে।

খ) এই অঞ্চলের জনগণ তথা শিক্ষার্থীদের জনশক্তিতে রূপান্তরিত করতে এবং প্রকৃতই কর্ম সংস্থানমুখী করে গড়ে তোলার স্বার্থে সাধারণ উদার শিক্ষা সম্প্রসারণ অপেক্ষা বিভিন্ন পেশা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণের উপায় আরও উদার ও সুগম করতে হবে। সারণী—৪ হতে দেখা যাবে এই জাতীয় সুযোগ হতে এ অঞ্চল নিদারুন ভাবে বঞ্চিত। এই বঞ্চনা দূর করার স্বার্থে এবং জাতীয় আয়ে এই অঞ্চলের অবদান বৃদ্ধির জন্যে যেসব পদক্ষেপ গৃহীত হওয়া উচিৎ সে সবের মধ্যে থাকবে ঃ

১) বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজী (সাবেক প্রকৌশল মহাবিদ্যালয়), রাজশাহীর মান ও সুযোগ আরও সম্প্রসারণ করা, আসন সংখ্যা বৃদ্ধি সহ বিভিন্ন বিভাগ চালু করা এবং একই সংগে বগুড়া/রংপুরে আরও একটি সমমানের ইনষ্টিটিউট প্রতিষ্ঠা করা ;

২) এই অঞ্চলে কৃষি কলেজের অভাব দূর করার জন্যে অবিলম্বে বৃহত্তর পাবনা, রাজশাহী বা দিনাজপুরের কোন এলাকায় পশু সম্পদের উপর প্রশিক্ষণের সুযোগসহ একটি কৃষি কলেজ প্রতিষ্ঠা করা ;

৩) দেশের ক্রমপ্রসারমান ব্যবসা বাণিজ্যের জন্যে যে পরিমাণ প্রশিক্ষণপ্রাপ্ত বাণিজ্য গ্রাজুয়েট প্রয়োজন এই অঞ্চল তার সামান্য ভগ্নাংশই মাত্র যোগান দেবার সুযোগ পায়। এই অবস্থা নিরসনের এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্যে একটি বাণিজ্য মহাবিদ্যালয় স্থাপন করা ;

৪) ঢাকাস্থ গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট, লেদার টেকনোলজী, টেকসটাইল টেকনোলজী, গ্লাস এ্যান্ড সিরামিক টেকনোলজী প্রভৃতি বিষয়ক কলেজে এই অঞ্চলের ছাত্র/ছাত্রীদের জন্যে সংরক্ষিত আসনের ব্যবস্থা করা ;

৫) শিক্ষক প্রশিক্ষণ কলেজ, হোমিওপ্যাথি কলেজ, ভকেশনাল প্রশিক্ষণ ইনষ্টিটিউট প্রভৃতির সংখ্যা আরও বৃদ্ধি করার বাস্তব পদক্ষেপ গ্রহণ ; এবং

৬) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুরুপ প্রশাসন ইনষ্টিটিউট প্রতিষ্ঠানসহ অনতিবিলম্বে অন্যান্য বিভাগ (যেমন--- সাংবাদিকতা, মৃত্তিকা বিভাগ, পুষ্টি বিজ্ঞান) চালু করা ।

গ) সর্বোপরি খুলনাতে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়টি ত্বরিৎ প্রতিষ্ঠা করে এই অঞ্চলের উপর চাপ হ্রাসের জন্যে সকল মহলের তৎপরতা চালানো প্রয়োজন । এর ফলে এই এলাকায় সরকারী ব্যয়ের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে শিক্ষা বিনিয়োগের ক্ষেত্রে কিছুটা হলেও ভারসাম্য সৃষ্টি হবে ।

উপরের পদক্ষেপগুলি একই সংগে বা এক বছরেই বাস্তবায়িত হতে হবে এমন দাবী করা অযৌক্তিক । কিন্তু আগামী পাঁচ বছরের মধ্যেই পর্যায়ক্রমে এবং ক্ষেত্র বিশেষে যুগপৎ এই সব পদক্ষেপ বাস্তবায়িত হওয়া জরুরী । অন্যথায় বিদ্যমান বৈষম্যই শুধু বৃদ্ধি পাবে না, আর্থ-সামাজিক দিক দিয়ে এই এলাকা যে পশ্চাৎপদ রয়েই যাবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই ।

উপসংহার

নাতিদীর্ঘ এই আলোচনায় বাংলাদেশের বর্তমান প্রচলিত শিক্ষা ব্যবস্থায় বিদ্যমান স্তরের শ্রেণী বিন্যাস হতে শুরু করে প্রাতিষ্ঠানিক শিক্ষা ক্ষেত্রে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে সৃষ্ট বৈষম্য, সরকারী বিনিয়োগের বৈষম্য, সরকারী ও বেসরকারী কলেজ সমূহের সংখ্যায় দুস্তর ব্যবধান, বিশেষ করে যে বৃত্তিমূলক ও পেশাদারী শিক্ষা লাভের মাধ্যমে কর্মসংস্থান ও আয়গত ব্যবধান দূর হতে পারে, দেশের এই অঞ্চলে অন্য অঞ্চলের মতই কর্মচাঞ্চল্যের জোয়ার আসতে পারে সেক্ষেত্রেও বিরাজমান মারাত্মক বৈষম্যের চিত্র তুলে ধরার প্রয়াশ চালানো হয়েছে । উপরন্ত বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে এই এলাকার উপর যে বৈষম্যমূলক ও অবহেলাপূর্ণ আচরণ করা হয়েছে সংক্ষেপে তারও বিশ্লেষণধর্মী চিত্র তুলে ধরার চেষ্টা করা হয়েছে ।

একই সংগে সমাধানের ইংগিত বা পথ নির্দেশেরও চেষ্টা করা হয়েছে । এই অঞ্চলে শিক্ষাখাতে সরকারী ব্যয় বৃদ্ধি, কারিগরী, পেশাদারী ও বৃত্তিমূলক প্রশিক্ষণ লাভের সুযোগ সৃষ্টি, শিক্ষক-ছাত্রের অনুপাত বৃদ্ধি প্রভৃতি কার্যকর ও সময়োপযোগী কর্মসূচী গ্রহণের সুপারিশ করা হয়েছে । এসব পদক্ষেপ যত দ্রুত গৃহীত ও বাস্তবায়িত হবে ততই এই অঞ্চলের বেদনাদায়ক অবস্থার পরিসমাপ্তি ঘটবে । দেশের অন্যান্য এলাকার মতই এই এলাকাও কর্মমুখর ও হাসি-খুশীতে প্রাণোচ্ছল হয়ে উঠবে ; জাতীয় আয় বৃদ্ধিসহ উন্নয়নমূলক কর্মসূচীতে তার যথোপযুক্ত ভূমিকা রাখতে সমর্থ হবে । এক মাত্র এভাবেই গোটা দেশের সুসামঞ্জস্য অর্থনীতির উন্নয়ন নিশ্চিত হতে পারে ।

গ্রন্থপঞ্জী

১ । বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ঃ শিক্ষা ও পরিকল্পনা, ঢাকা, ১৯৮১ ।

২ । বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ঃ বার্ষিক রিপোর্ট, ১৯৮১-১৯৮৪, ঢাকা ।

৩। রাজশাহী বিশ্ববিদ্যালয় ঃ বার্ষিক রিপোর্ট, ১৯৮১-৮৫, রাজশাহী।

৪। পরিকল্পনা কমিশন ঃ দ্বিতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনা, ১৯৮০-৮৫, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, ১৯৮০।

৫। Planning Commission : The Third Five Year Plan, 1985-90, Government of Bangladesh, Dhaka, 1985.

৬। Bangladesh Bureau of Statistics : Statistical Year Book of Bangladesh, 1984-85, Government of Bangladesh, Dhaka, 1985.

৭। Bangladesh Bureau of Statistics : Statistical Pocket Book of Bangladesh, 1983, Government of Bangladesh, Dhaka, 1984.

৮। Hoque, Asraul and Tariq Saiful Islam : Regional Disparity in Investment in Human Capital : The Case of University Education, The Bangladesh Journal of Political Economy. Regional Development Seminar, Rajshahi University, Rajshahi, 1984.

Problems and Prospects of Small and Cottage Industries in North-West Bangladesh : A Case Study of Brass and Bell Metal Industry

M. AZHAR-UD-DIN *

1. Introduction

The brass and bell-metal industry is one of the most important small and cottage industries of Bangladesh. This industry is located at Rajshahi, Dhaka, Mymensingh and Faridpur districts. In the district of Rajshahi, the villages of Kalam (Singra), Budhpara (Rajshahi) and Kansari Patti under Chapai-Nawabganj Upazila have been famous as the oldest centres of this industry. The important products of this industry are pitchers, jugs, plates, glasses, bowls, water pots, spoons, ash-trays, and flower-vasses of different sizes and shapes. The products are very essential in the day-to-day life of the people. These are solid and durable compared to those of other metals.

During the riots of the Bargees (at the time of Nawab Alibardi Khan of Murshidabad), a class of brass and bell-metal artizans were displaced from various parts of Murshidabad and came to settle at the above villages. The present owners of the factories of brass and bell-metal industry are the descendants of those artizans and workers. About two hundred years ago more than a thousand families of Kansari lived around Nawabganj. Their number has now come down to three hundred only. Thus the glorious days of brass and bell-metal are almost over. In recent years, brass and bell-metal utensils, both used as well as the newly produced have been smuggled to India. The producers are thus deprived of getting enough raw materials. Consequently they are giving up their profession. Some skilled labourers have already migrated from Chapai-Nawabganj to other places in search of alternative jobs. Many of them are now engaged in agriculture. Some of them are, for want of capital, involved in repair work. In fact the industry is now in a decaying condition.

* Professor, Department of Economics, Rajshahi University

2. Survey Findings

In this study, we report the findings of a survey of the brass and bell-metal industry. The survey was conducted by us in two phases as a part of a Research Project sponsored by the Social Science Research Council of Bangladesh. In Phase I, we collected primary information depending upon a pilot survey, and in Phase II a sample survey was conducted depending upon a questionnaire method for detailed investigation. The factory-owners, the artizans, the mahajans as well as the dealers of the bell-metal products were interviewed for the purpose of the present study.[1]

The factories belonging to the industry may be divided into various categories according to the different types of utensils made by them such as plates, glasses, bowls, pitchers and spoons. Most of these factories belong to and are run by the individual entrepreneurs. There is, however, another category of factories that are run by the artizans under the auspices of the mahajans. The mahajans themselves do not directly go for production. They are well-to-do people and have enough knowledge in this line of production. They procure raw materials including breakings and supply them to the artizans and take delivery of goods from them as per their own specifications. The artizans only get a making charge from the mahajans at the prevailing rates. The mahajans directly market their products (brass and bell goods) and earn the entire profit. They are, therefore, just like an intermediary class in this business.

The industry as a whole is a very old one. Out of the thirty units of different categories under investigation, most of them were established in or before 1950. Only 2 glass and 2 bowl factories run by the independent artizans and 3 general manufacturing units run by the mahajans were set up during the 1950s. Most of the factories of the above categories are of single ownership. Only 50% of glass and 33% of bowl producing units are run as joint ventures. Our study shows that the industry has no formal recognition and as such it does not belong to any registered society. None of the entrepreneurs of the firms under investigation have any formal education. Most of them are even illiterate. The workshops are run for only one shift daily and for 3 to 6 months in a year. It is also evident from the study that all of the entrepreneurs manufacture brass and bell-metal goods as their main occupation. Only

---

1. The author is indebted to the SSRC for their sponsorship of the project. He also expresses his gratitude to two of his colleages, Mr. Md. Rafiqul Islam and Mr. Md. Abu Baker Siddique of the Department of Economics, Rajshahi University, for their assistance and cooperation as members of the research team in the collection of data.

very few of the bell, bowl and pitcher manufacturers have agriculture as the socondary occupation. The annual average income from the main occupation (i.e.) brass and bell-metal is Taka 14,252 in the case of the owners of the workshops established before or in 1950s. The average income of the two groups from the subsidiary occupation (i.e. agriculture) is Tk. 1,675 and Tk. 1,850 respectively.

One important feature of this industry is that it does not employ any female labour, although both family and hired labour is engaged. Number of hired labourers is more than that of the family labourers in almost all the categories of manufacturing units under investigation. Table-1 shows the overall picture of the employment situation of the firms. It can be seen from the Table that the average number of labourers in each category of the manufacturing units excepting mahajans category declined between the initial and the current period. For the industry as a whole the average number of workers per manufacturing unit fell from 3.54 to 2.64 between the two periods. The cause of the decrease in the number of workers may be explained by their migration from the manufacture of brass goods to agriculture and other occupations because of the reasons mentioned before.

All the categories of firms consume raw materials and fuel available from the local market. Although some raw materials (e.g. copper, zinc, rankta) used to have been formerly imported from foreign countries by the importers of Dhaka, these were generally available to the factory owners of Nawabganj through the mahajans and other businessmen of the locality. Only a very negligible quantity of the above raw materials was imported direct by the manufacturers themselves. Moreover, since the inception of Bangladesh, the import of such raw materials has almost stopped. Thus at present the factory-owners have to depend solely on the raw materials in the form of breakings available from the local market. As already mentioned, available evidence shows that a huge quantity of the breakings of brass and bell-metal goods of different kinds is being smuggled out of the country. Thus the manufacturers have to face the problem of shortage of raw materials for the production of such goods.

Table-1
Trends in the Employment of Labour in Different Categories of Brass and Bell-Metal Industory (Number of Workers)

Category of Firms	Year of Establish-ment	Employment in Initial Period	Employment in Current Period	Current as % of Initial Period
Plate	Before 1950	24 (4.8)	14 (2.8)	58.30
Glass	Before 1950	11 (3.6)	7 (2.3)	64.00
"	1950-55	7 (3.6)	5 (2.5)	71.00
Bowl	Before 1950	14 (4.6)	8 (2.6)	57.00
"	1950-55	8 (4.0)	6 (3.0)	75.00
Pitcher	Before 1950	19 (3.8)	13 (2.6)	68.00
Spoon	Before 1950	18 (3.6)	13 (2.6)	72.00
Mahajans	Before 1950	4 (2)	5 (2.5)	125.00
"	1950-55	6 (2)	9 (2.9)	150.00
Average for all categories	—	3.54	2.64	—

Source : Survey data.
Note : Figures in the parantheses indicate average number of workers per firm in the respective category of firms.

The fixed assets of the industry consist of land, buildings and machinery. Almost all the workshops are situated on the premises of the homestead of the artizans. As most of the owners of the workshops live in thatched houses, their workshops are also made of straws and bamboos. Some of the mahajans have buildings which are used either as workshops by hired artizans or as shops by themselves for the business of the brass and bell products. Generally, ovens, hammers

ironstands and forceps (pincers) are used by the artizans as machinery.

Table-2
Average Value of Fixed Capital and Annual Average Consumption of Raw Materials and Fuel.

(Figures are in Taka)

Categories of factories	Year of establishment	Fixed Capital	Raw Materials and Fuel Consumption
Plate	before 1950	7,860	2,176
Glass	Before 1950	6,300	1,400
"	1950-55	12,500	3,000
Bowl	Before 1950	7,400	2,333
"	1950-55	9,000	4,525
Pitcher	Before 1950	6,356	2,660
Spoon	Before 1950	7,420	2,800
Mahajan	Before 1950	75,000	1,25,400
"	1950-55	98,000	1,66,267

Source : Survey data.

The life of all these machinery except oven varies from 20 to 35 years. As the ovens are made of earth, their life span is comparatively short and have to be replaced by the new ones every 3 to 4 years. It is also evident from our investigation that the machinery used in this industry is all indegenous.

Table-2 shows the average value of fixed capital and the annual average consumption of raw materials and fuels per firm in each category of firms. It is evident from the table that the average value of fixed capital is the highest in the case of factories run by the mahajans. Also, since the mahajans have larger funds, they use much larger quantities of raw materials. In other words, the mahajans can be seen to run their business on a much larger scale compared to the artizan-entrepreneurs.

Table-3 shows the annual average production of various types of utensils in quantity terms. It is evident from the table that the production of brass and bell goods have declined to a considerable extent, i.e. by 50% to 60%, over the years. This is because of the non-availability of raw materials such as zinc, brass, bell-metal, breakings of bell and brass goods, and the migration of the artizans from their main occupation as Kansari to other occupations.

Table-3
Annual Average Quantity of Production of Bell and Brass Goods

(in Maunds)

Category of Industry	Period of Establishment	Production in Initial Period	Production in Current Period
Plate	Before 1950	67	23
Glass	Before 1950	53	16
"	1950-55	32	18
Bowl	Before 1950	68	21
"	1950-55	53	25
Pitcher	Before 1950	68	21
Spoon	Before 1950	49	20
Mahajan	Before 1950	85	48
"	1950-55	92	55
Average of all categories		64	25

Source : Survey data.

Two types of costs — direct and indirect are included in the analysis of costs and profits of the brass and bell-metal industry. Direct costs include those in respect of raw materials, purchased machine parts and labour. Indirect costs, on the other hand, consist of factory overheads including fuel, electricity, water, rent, depreciation charges, repairing expenses and taxes if any.

Table-4 shows the costs and sales proceeds and thereby the gross profit in value terms of the different categories of firms in the industry. It is clear from the table that although sufficient raw materials are not available and cost of production is high enough, gross profit is also high. This profit varies from, 40 to 112 percent of the total cost except in the case of mahajans where it is about 30%. Thus we can easily come to the conclusion that the industry is still a profitable concern and not a losing one.

3. Problems of the Industry and policy package

The sky-high price of raw materials is the main problem faced by the industry at present. There is a chronic crisis of raw materials, specially since the black-marketeers smuggle the breakings of brass and

bell-metal goods to the neighbouring country. During the Ayub regime, a liberal policy was pursued for this industry and sufficient quantitles of raw materials were imported. Subsequently, and specially after the inception of Bangladesh, the import of raw materials for the industry was stopped. Now only breakings are used as raw materials. This source too, is going to be exhausted.

Table-4
Annual Average Costs, Sales Proceeds & Profit

(Figures are in Taka)

Category of Industry	Perid of Establish-ment	Numb-ers of Firms	Total Costs	Total Sales Proceeds	Gross Profit	Gross profit as % of total cost
Plate	Before 1950	5	9,252	19,600	10,348	112
Glass	Before 1950	3	6,800	14,000	72,000	105
"	1950-55	2	11,408	16,000	4,593	40
Bowl	Before 1950	3	12,583	20,400	7,817	62
"	1950-55	2	16,018	25,000	8,975	56
Pitcher	Before 1950	5	8,692	15,000	6,308	73
Spoon	Before 1950	5	9,205	17,200	7,991	87
Mahajan	Before 1950	2	1,89,150	2,42,500	53,350	28
"	1950-55	3	1,95,700	2,55,000	59,300	30

Source : Survey data.

The factory-owners are deficient of capital to purchase machinery and raw materials. They often take loan from the mahajans, but the rate of interest is so high that it does not give them any net return. They do not get any financial assistance either from the government or from any other financial organization; nor have they been able to form any cooperative credit society of their own which could provide cheap loan. The problem of fuel for this industry is also acute. Bangladesh badly lacks in the supply of coal, the high price of which is a serious problem.

The product of this industry is also facing competition with the goods made of steel, aluminium, tin etc. which are produced in the modern manufacturing industry at a lower cost and as such can be sold at a more competitive price. Furthermore, unlike the manufacturers in the modern

তার মত প্রভাবশালী অর্থনীতিবিদ ইংরেজী ভাষা প্রভাবিত দুনিমায় সম্ভবতঃ এডাম সিম্নথ ছাড়া আর কেউ নেই । প্রাথমিকভাবে তার যে বিষয়ে অনুসন্ধিৎসা ছিল তা হল মুদ্রা ব্যবস্থা (বৈদেশিক মুদ্রাসহ)। এ সময়ে তার সৃজনধর্মী লেখা হল Indian Currency and Finance. কিন্তু ১৯১৪-১৮ সালের যুদ্ধের পরে তিনি অর্থসংকোচন ও ব্যবসায় মন্দা নিয়ে ভাবতে শুরু করেন এবং তার ফলশ্রুতিতে শ্রমবিনিয়োগে ও উৎপাদন কর্মের উপর বিভিন্ন অর্থনৈতিক প্রভাব সম্পর্কে আলোচনার সূত্রপাত হয়, এবং তিনি এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন যে, উৎপাদন সম্পদের পূর্ণ ব্যবহার নিশ্চিত করতে একটি কেন্দ্রীয় সংস্থাকে সুদের হার নিয়ন্ত্রণ করতে হবে এবং সরকারকে কখনও কখনও সচেতনভাবে পুঁজি বিনিয়োগ ও পুঁজি সৃষ্টি করতে হবে । এই সিদ্ধান্তগুলো অর্থনৈতিক পদ্ধতির একটি সামগ্রিক অথচ নাজুক বিশ্লেষণের ফলশ্রুতি । অর্ধশতাব্দি পরেও অর্থনীতিবিদেরা কেইন্সীয় বিশ্লেষণের বিন্যাস ও পদ্ধতির যৌক্তিকতা, পুনঃর্বিবেচনা, সম্প্রসারণ নিয়ে অনেক সময়ই ব্যাপৃত থাকেন ।

অনেকে তার লেখায় অসংলগ্নতার অভিযোগ করেছেন । তার মতবাদের পরিবর্তন হয়েছে এবং তার চিন্তার বিবর্তন ঘটেছে এই অর্থে যে, তিনি তার তত্ত্বের বৃহত্তর সমন্বয় সন্ধান করেছেন । তার পুরোনো ধারনাকে বিশ্লেষণ করেই নতুন ধারণার জন্ম হয়েছে এবং তার তত্ত্বের বিবর্তিত অবস্থার প্রেক্ষিতে অনুসরণযোগ্যতা তিনি বৃদ্ধি করতে প্রয়াসী হয়েছেন । এ যেন সযত্নে লালিত তারুণ্যকে চিরায়ত করবার চেষ্টা ।

তার Treatise on Probability দর্শনের একটি উল্লেখযোগ্য কাজ । যদিও বইটিতে অংকের সংকেত চিহ্ন বহুল ব্যবহৃত হয়েছে তবুও Probability-র অংক নয় বরং তার দার্শনিক ভিত্তিই তাকে আকৃষ্ট করেছে । বইটিতে তার জ্ঞান, পাঠ ও পাণ্ডিত্য পরিস্ফুট হয়ে উঠেছে ।

কেইন্স ইতিহাসের ধারায় তার প্রভাব ফেলতে সক্ষম হয়েছিলেন । প্যারীস শান্তি মিশনের আলোচনা থেকে পদত্যাগ করে তিনি শান্তি চুক্তি সম্পর্কে বিশ্ব মতকে প্রভাবিত করেছিলেন, যুদ্ধের ক্ষতিপূরণ সম্পর্কে তার মত গ্রহণীয় না হয়েও তার যুক্তি সমাদৃত হয়েছে । ১৯২৫ সালে অনেক দেশ স্বর্ণমানে ফিরে গেলেও এসম্পর্কে কেইন্সের মত ইতিহাস যথার্থ বলে চিহ্নিত করেছে । ১৯২৯ সালে তিনি বেকারত্বকে প্রথম সমস্যা বলে নির্দিষ্ট করে রাজনৈতিক মত সংগঠন করতে সমর্থ হন ।

দ্বিতীয় মহাযুদ্ধের সময় মেনার্ড কেইন্স ট্রেজারীর সাথে যুক্ত ছিলেন । ১৯৪৩ সাল থেকে যুক্তরাষ্ট্রের সাথে যুদ্ধাবস্থার পরে পূর্ব যুদ্ধের ভুলভ্রান্তি এড়িয়ে নতুন পৃথিবী সংগঠনের জন্য আন্তর্জাতিক সংগঠন গড়ার বিষয়ে দীর্ঘ আলোচনা চালিয়েছেন । সংগতভাবেই বৃটিশ পরিকল্পনার পরিচিতি তার নামানুসারেই হয়েছিল । ১৯৪৪ সালে ব্রেটন উডস যেখানে একটি আন্তর্জাতিক মুদ্রা ব্যবস্থা সম্পর্কে সর্বসম্মত সিদ্ধান্ত হয় সেখানেও কেইন্স সক্রিয় ভূমিকা পালন করেন । ১৯৪৫ সালে মার্কিন ঋণ চুক্তির ব্যাপারে তিনমাস ধরে দীর্ঘ আলোচনাও তিনি তীক্ষ্ণ বুদ্ধি ও যুক্তি সহকারে চালিয়েছেন । হাউজ অব লর্ডস-এ এ চুক্তিকে তিনি যুক্তির সাথে সমর্থন করেছেন । আন্তর্জাতিক মুদ্রা তহবিল ও বিশ্ব ব্যাংকের বোর্ড অব গভর্ণরস-এর মিটিং শেষ করে লণ্ডনে ফেরার দু'সপ্তাহের মধ্যেই ২১শে এপ্রিল ১৯৪৬-এ কেইন্স হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন ।

কেইন্সীয় চিন্তাধারার ঐতিহাসিক পটভূমি

১৯২০ ও ৩০-এর দশকে ইউরোপীয় সমাজে অনেক পরিবর্তন এসেছিল । কেইন্সের দীর্ঘ জীবনে তিনি অনেক পরিবর্তন দেখেছেন । ইটন অফিসার ট্রেনিং দলের সদস্য হিসেবে তিনি মহারাণী ভিক্টোরিয়ার শেষকৃত্য অনুষ্ঠানে যোগ দেন । আর মৃত্যুর পূর্বে তিনি বিশ্ব ব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিল গঠনে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন । তার অনেকের মতই আশা ছিল যে, এর ফলে শান্তি এবং সমৃদ্ধির নতুন দিগন্ত উন্মোচিত হবে ।

কেইন্সের কেম্ব্রিজ ও তার ব্লুমসবেরী বন্ধুবর্গ ভিক্টোরিয়ান ইংল্যাণ্ডের মধ্যবিত্তের মূল্যবোধকে প্রশ্নের সম্মুখীন করেছিল । প্রথম মহাযুদ্ধের পরে সে নৈতিকতা ও রীতিনীতি সম্পর্কে সপ্রশ্নবোধ প্রায় সর্বজনগ্রাহ্য হয়ে উঠে । Economic Consequence of the Peace বইয়ের দ্বিতীয় অধ্যায়ে কেইন্স মধ্যবিত্তের স্বচ্ছল জীবনের একটি ছবি তুলে ধরেছেন । খুব কম লোকই বুঝতে পেরেছিল যে, প্রথম মহাযুদ্ধ এক অস্বাভাবিক, অস্থিতিশীল, জটিল, অনির্ভরশীল ও ক্ষণিক অবস্থার সৃষ্টি করেছে যা থেকে পিছনে প্রত্যাবর্তন সম্ভব নয় । সমস্ত দেশ সম্পদহীনতায় ভুগছিল, দুর্ভিক্ষাবস্তায় পতিত হয়েছিল, বেকারত্ব বেড়েছিল, শ্রমিকের মনোবল ভেংগে গিয়েছিল । মূল্যস্ফীতি আয়কে নিঃশেষ করে দিয়েছিল এবং সে সাথে ব্যবসায়ী ও পেশাদার শ্রেণীর মূলধন নিঃশেষিত হয়ে পড়েছিল । কেইন্স এ সময় জার্মানীতে মূল্যস্ফীতি প্রত্যক্ষভাবে দেখেছিলেন আর সেখানে এটাও লক্ষ্য করেছিলেন যে মুদ্রার মানের অস্থিতি

জনসাধারণের বিশ্বাসকে বিধ্বস্ত করে দেয় । তার লেখায় কেইন্স বিশ্লেষণ করে তুলে ধরেছেন যে, মূল্যস্ফীতি কি করে অবিবেচকভাবে কিছু লোকের ধন আত্মসাৎ করে আর অন্যদিকে আরেক দলকে অভাবনীয় মুনাফা এনে দেয় ।

১৯১৯ সালে কেইন্স চেয়েছিলেন ইউরোপীয় সমাজের পুনর্গঠনকে সম্ভব করে তুলতে । মাঞ্চেষ্টার গার্ডিয়ানে ইউরোপের পুনর্গঠন সম্পর্কে কেইন্সের নিজের লেখায় তিনি মূল্যস্ফীতি, মুদ্রাসংকোচন ও বৈদেশিক মুদ্রা ব্যবস্থা সম্পর্কে যে দীর্ঘ আলোচনা করেছেন সেগুলোই পরবর্তীতে A Tract on Monetary Reform হিসেবে প্রকাশিত হয় । এ প্রবন্ধাবলীতে কেইন্স রক্ষণশীল মতবাদ ব্যক্ত করেছেন এবং মুদ্রার পূর্ণ নিয়ন্ত্রণ চেয়েছেন । এ সময় তিনি ইংল্যাণ্ডকেও ইউরোপের অবিচ্ছেদ্য অংগ বলে ভেবেছেন । কিন্তু ১৯২০ সালে লিবারাল পার্টির শিল্প সম্পর্কে সমীক্ষায় অংশ গ্রহণ করার পর তার এই ইউরোপীয় দৃষ্টিভঙ্গী হারিয়ে যায় এবং তিনি অনেক বেশী বৃটিশ সচেতনতা প্রকাশ করেন । তাৎক্ষণিক সমস্যা ছিল বেকারত্ব যার সমাধান কেইন্স তার লেখায় খুঁজেছিলেন এবং তারই ফলশ্রুতিতে General Theory লেখা হয়েছে । কেইন্স বেকারত্বের সাথে সম্পদের অসম এবং স্বেচ্ছাচারী বন্টনকেও জাতীয় সমস্যা বলে গণ্য করেছেন ।

১৯২০ সালে কেইন্সের লেখা কিছু প্রবন্ধে তার চিন্তাধারার পরিচয় মেলে । তিনি মনে করতেন আর্থ-সামাজিক সংস্কারের জন্য রাজনৈতিক সম্ভাবনা সে সময়ে বিরাজ করছিল । The End of Laissez Faire প্রবন্ধে তিনি বেন্থামের দর্শন যে ব্যক্তি স্বার্থ জনস্বার্থের পরিপন্থি নয় বরং ও দু'টির একমুখী প্রবণতা রয়েছে তার সমালোচনা করেন । কেইন্স তার প্রবন্ধে লিখেছিলেন লম্বা গলার জিরাফগুলোই উঁচু ডালের কচিপাতা ভোগ করে আর ছোট গলার জন্তুরা ঝরে যাওয়া পায়ে দলা পাতার উপর নির্ভর করে ।

কেইন্স চেয়েছিলেন এমন এক সমাজ যেটি অর্থনীতিগতভাবে দক্ষ এবং সামাজিক অর্থে ন্যায় সম্মত । এদিক থেকে তিনি সরকারীভাবে সে উদ্যোগ গ্রহণের পক্ষপাতি ছিলেন যেগুলো বেসরকারী বা আধাসরকারীভাবে করা হয় না বা করা যায় না । তবে সরকারের জন্য সঞ্চয় ও বিনিয়োগের সজ্ঞান ব্যবস্থাপনাকে তিনি প্রাথমিক কাজ বলে গণ্য করেছেন । তিনি ব্যবসাকে নিরুৎসাহিত করতে চান নি এবং ব্যবসায়ীর মুনাফাকে ছোট করতে চান নি কিন্তু শ্রমজীবীর জন্য তিনি সরকারী খরচে শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, বিনোদন ও পেনশন চেয়েছেন যার মূল অর্থ ব্যবসায়ের উপরে কর থেকে আসবে । এসবের কারণে অনেকে তাকে সমাজতন্ত্রী বলে ভেবেছেন । কিন্তু তিনি নিজেকে বামপন্থী উদারনৈতিক বলে ভাবতেই পছন্দ করতেন ।

১৯৩০-এর দিকে ইউরোপে অর্থনৈতিক কারণে সংকীর্ণ জাতীয়তাবাদের উদ্ভব হয় । সে সময় ইউরোপীয় দেশসমূহ অন্তর্মুখী হয়ে পড়েছিল নিজেদের সমস্যা সমাধানের তাগিদে । আর স্বৈরাচারী দেশসমূহ Regimentation-এর আশ্রয় নিয়েছিল । এসময় কেইন্সের চিন্তাধারায় জাতীয় আত্মনির্ভরশীলতার ধারা ছায়াপাত করে । তিনি রাষ্ট্রীয় অর্থ যোগান ও দেশে উৎপাদনের স্বার্থে শুল্ক বসানোর পক্ষে মতামত দেন । কিন্তু ব্যক্তি স্বাধীনতাকে সবচেয়ে মূল্যবান মনে করেছেন এবং এক অর্থে The General Theory এবং How to Pay for the War স্বৈরাচার বিরোধী মনোবৃত্তিরই প্রকাশ।

১৯২০ সালে কেইন্স বিলেতের লিবারাল পার্টির রাজনীতিতে সক্রিয় ছিলেন । তিনি তাদের পক্ষে বক্তৃতা করেছেন, Nation পত্রিকা সম্পাদনা করেছেন এবং নির্বাচনী দলীলে সরকারী ব্যয়ের মাধ্যমে বেকারত্ব লাঘবের ঘোষণা দিয়েছেন । ১৯২৮ সালে এক বক্তৃতায় মূল্যস্তর সম্পর্কে আলোচনায় তিনি মুদ্রা ও ঋণ নীতি সম্পর্কে দেশে যা ঘটছে তার নিরিখে নতুন আলোচনার আহ্বান জানান । এসময় তিনি Treatise on Money নিয়ে কাজ করছিলেন । যদিও তিনি রাজনীতি নিয়ে তখন আলোচনায় মেতে ছিলেন, তবুও সর্বক্ষণ অর্থনীতিই তার লক্ষ্য ছিল ।

তিনি সরকারের বিশেষজ্ঞ অর্থনীতিবিদদের একটা ভূমিকা অনুধাবন করেছিলেন । ১৯২৯ সালে শ্রমিক সরকারের অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের অধীনে Economic General Staff সৃষ্টির সুপারিশ করে তিনি বলেছিলেন যে, সরকারী কর্ম সম্পর্কে ধারণার বিবর্তন হওয়া প্রয়োজন এবং সরকারকে অর্থনৈতিক জীবনধারার পথ প্রদর্শক ও সে পথে উত্তরণে সহায়ক হতে হবে । কিন্তু তিনি নিজেকে কখনই পেশাদারী দক্ষতা আর রাজনৈতিক দায়িত্বশীল অবস্থার চাপে পড়তে চাননি । তিনি শিক্ষাঙ্গনে অবস্থিত ক্ষুদ্র পরিসরে অর্থনীতি বিজ্ঞানে আত্ম নিবেদিত হয়ে থাকতে চান নি । তার মানসিকতা ছিল কর্মমুখী এবং বৃহত্তর অর্থে সমাজ সচেতন ব্যক্তি হিসাবে অর্থনীতি ক্ষেত্রে রাষ্ট্রীয় নীতিমাধ্যম নিয়ে ব্যাপৃত থাকতে চেয়েছেন। এজন্য তার শিক্ষাগত যোগ্যতা ছিল মার্শালের অর্থনীতি পাঠ এবং সমষ্টিগত অর্থনীতির তত্বগত আলোচনা তার পুরোপুরি জানা ছিলনা । তবুও তীক্ষ্ন বুদ্ধি ছাত্র-সহকর্মীর সাথে দীর্ঘ আলোচনা এবং স্বতঃস্ফূর্তজ্ঞান এক্ষেত্রে তার কাজের ভিত্তি রচনা করেছিল । আজীবন বাধা-বন্ধনহীন দার্শনিক আলোচনা, তার সুস্থ স্থিত স্বচ্ছল পারিবারিক জীবনধারা, অনুশীলনমুখী বিদ্যাভ্যাসে ও ক্ষমতাসীন লোকের সাথে জানাশোনা তাকে এক আত্মবিশ্বাসপূর্ণ মানসিকতা দিয়েছিল যেখানে অসম্ভবের সীমানা ছিল অপরিচিত । এবং তার অনন্যসাধারণ ক্রিয়াকর্ম তাকে এমনভাবে বহুল পরিচিত করে রেখেছিল যে তার নীতি নির্দ্ধারণী লেখা ও প্রচারণার দিকে সরকারকে কর্ণপাত করতে হত । সে কারণে ১৯২৯ সালে যখন তিনি সরকারী ব্যয়ের মাধ্যমে বেকারত্ব কমাবার কথা বলেছেন তখন লিবারাল সরকারকে দীর্ঘ শ্বেতপত্র ছাপিয়ে এ প্রস্তাবের সম্ভব্যতা সম্পর্কে সন্দেহ ব্যক্ত করতে হয়েছে ।

মেনার্ড কেইন্সের মানসিকতায় সমাজের ভাগ্যহতদের জন্য একটি তীব্র দায়িত্ববোধের পরিচয় পাওয়া যায় যার মূল হল খৃস্টিয় নৈতিকতা ও বিত্তবানের সমাজ চেতনায় । মেনার্ড কেইন্সের একটি অবিশ্বাস্য ক্ষমতা ছিল, তিনি অল্প সময়ে যে কোন বিষয়ে একটি কর্মপন্থা দাঁড় করাতে পারতেন এবং তিনি বিশ্বাস করতে ও করাতে পারতেন যে ঐ কর্মপন্থা অনুসরণ করলে অনেক আর্থ-সামাজিক সমস্যার তাৎক্ষণিক সহজ সমাধান সম্ভব হবে ।

মেনার্ড কেইন্সের দু'জন শিক্ষক তার সমাজ দর্শনকে প্রভাবিত করেছিলেন । একজন হলেন আলফ্রেড মার্শাল যিনি ছিলেন তার শিক্ষাক্ষেত্রে প্রধান গুরু, আর একজন হলেন মার্শালের প্রধানতম শিষ্য এ,সি, পিগু যিনি মার্শালের সমাজ দর্শনকে প্রকাশ করেছিলেন

তার The Economics of Welfare বইতে । এ দু'জনের দার্শনিক ও মতাদর্শগত প্রভাব কেইন্সের জীবনে সর্বদা বিদ্যামান ছিল । কেইন্সের General Theory-তে যে সামাজিক দর্শন মাঝেমাঝেই ফুটে উঠেছে সেটা প্রধানতঃ মার্শাল-পিগুর সমাজ দর্শন । যদিও প্রথম মহাযুদ্ধের পরে ভিক্টোরীয় সমাজ ব্যবস্থা মুদ্রাব্যবস্থার অস্থিতির মধ্যে ভেংগে পড়ে এবং আয়বৈষম্য বিদূরণের চাইতে বেকারত্ব অধিক গুরুতর সমস্যা হয়ে দেখা দেয় এবং কেইন্স মূলতঃ আয় সৃষ্টি ও শ্রমনিয়োগকে প্রাধান্য দিয়েছেন তবুও তার লেখায় সুষম সমাজ, বিত্তবানের সামাজিক দায়িত্ববোধ যেটা সরকারের দায়িত্ববোধে বিস্তৃত হয়েছে এবং নৈতিকতার ধারণা সর্বত্র বিধৃত ।

মেনার্ড কেইন্স তার লেখায় আলফ্রেড মার্শাল দিয়েই প্রভাবিত হয়েছিলেন । মার্শাল অবশ্য তার লেখা মূলতঃ মাইক্রোইকনমিকস এর ক্ষেত্রেই সীমাবদ্ধ রেখেছেন এবং সেখানেও তিনি আংশিক ভারসাম্য সম্পর্কেই বিস্তৃত আলোচনা করেছেন । এব্যাপারে মার্শালের কৃতিত্ব অত্যন্ত ব্যাপক, যদিও সেখানে কিছু কিছু ফাঁক থেকে গিয়েছিল যেগুলো পরে পিগু, জোন রবিনশন ও এডওয়ার্ড চেম্বারলিন শুধরাবার চেষ্টা করেছেন । কিন্তু মাইক্রোইকনমিকসের দৃষ্টিকোণ থেকে মার্শালের আংশিক ভারসাম্যের সবচেয়ে বড় বিষয় হল ক্যাপিটাল থিওরির মূল বিষয় নিয়ে আলোচনার অনুপস্থিতি এবং প্রয়োজনীয় সাধারণ ভারসাম্যের বিষয়ে অনুচ্চারণ। তবুও কেইন্স তার আলোচনায় মার্শাল নির্দেশিত বিশ্লেষণ অনুসরণ করেছেন, তার চাহিদা ও সরবরাহের অনুশীলনকে ব্যবহার করেছেন, অবিমিশ্র মূল্য নির্দ্ধারণে প্রতিযোগীতাকে নাতিদ্বিধায় গ্রহণ করেছেন । তেমনিভাবে শ্রমবিনিমোগের সাথে তাদের প্রকৃত প্রান্তিক উৎপাদন কমে যাওয়ার মার্শেলীয়তত্বও তিনি ব্যবহার করেছেন । অর্থাৎ মার্শালের অর্থনীতি থেকে মুক্ত হতে পারেন নি এবং মার্শালের অর্থনৈতিক বিশ্লেষণের কাঠামোকে আংশিক ভারসাম্যের বাইরে সমষ্টিগত ভারসাম্যের ক্ষেত্রে ব্যবহার করেছেন । অবশ্য মার্শেলীয় অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ যে পদ্ধতি কেইন্স অবলম্বন করেছেন সেটি হল মজুরীকে তিনি পরিমাপের একক হিসাবে ব্যবহার করেছেন । ফলে মুদ্রার পরিমাপে মূল্য প্রকৃত মূল্যের সমান হয়ে পড়েছে আর সে কারণে মার্শালের মাইক্রোইকনমিকসের অনেকটাই কেইন্সের মাইক্রোকনমিকসে ব্যবহার সম্ভব হয়েছে । ফলে কেইন্সকে অনেক মৌলিক বিষয় উপেক্ষা করতে হয়েছে । মাইক্রোইকনমিকসের একটি অনুমান হল প্রাথমিক স্তরে মুদ্রাঘটিত পরিবর্তনকে উপেক্ষা করে চলা । উনবিংশ শতকের শেষার্দ্ধে বা প্রথম মহাযুদ্ধের আগে এরকম একটা অনুমান অসংগত ছিল না তখন ব্যবসাচক্র ছোট এবং তীব্র ছিল, এটা মূলতঃ ব্যবসা বাণিজ্যকে ব্যাহত করত । এবং শিল্পোৎপাদনকেও শ্রমবিনিয়োগকে তেমন প্রভাবিত করত না । কিন্তু প্রথম মহাযুদ্ধের পরে এটা আর সত্য ছিল না ।

মার্শাল মুদ্রা বিষয়ে কোন বই লেখেননি, যদিও তিনি তার Principles of Economic-এর মতই আরেকটি বই লিখবেন বলে পরিকল্পনা করেছিলেন । সেকারণে Quantity Theory of Money-এর একটি কেম্ব্রিজ ভাষ্য রেখে গেছেন যেখানে মুদ্রাকে এক জাতীয় সম্পদ হিসাবে গণ্য করে Marginal Utility তত্ত্ব ব্যবহার করা হয়েছে । কেইন্স পরবর্তী পর্যায়ে Treatise ও General Theory-তে এই বিচিন্তাকে মুদ্রার চাহিদা তত্ত্বের নতনুরূপ দিতে সক্ষম হয়েছেন ।

কেইন্সীয় চিন্তাধারার বিবর্তন

মেনার্ড কেইন্স অংকশাস্ত্রে দক্ষ হয়েও, এমনকি প্রাথমিক জীবনে Probability তত্ত্বের উপর সন্দর্ভ লিখেও গণিত নির্ভর অর্থনীতি বিষয়ে কাজ করেন নি । তার সারা জীবনের কাজ রাষ্ট্রীয় অর্থনৈতিক প্রশ্ন নিয়েই ব্যাপৃত । তবুও তিনি রাজনীতি করেন নি, যদিও রাজনীতির অংগনে তিনি অপরিচিত ছিলেন না এবং সকল রাজনীতিকের ক্ষমতার সন্ধান ও অজানা ছিল না । কেইন্স ছিলেন একনিষ্ঠ বুদ্ধিজীবী যিনি মুক্ত বুদ্ধির সাহায্যে সমস্যা বিশ্লেষণ করে তার মতামত ব্যক্ত করতে ভালবাসতেন; কোন দল, ব্যক্তি বা গোষ্ঠীর প্রতি তার প্রশ্নহীন আনুগত্য ছিল না । অনেকে মনে করতেন যে, এরকম মানসিকতা নিয়ে তিনি হয়তবা সিভিল সার্ভিসে সুনাম করতে পারতেন । কিন্তু রুটিন মাফিক বাধা ধরা কাজে তার ছিল অসহনীয় বিতরাগ, আর দাপ্তরিক অর্থহীন স্তরবিন্যাস ও নিয়মাবলীতে তিনি ছিলেন বিতশ্রদ্ধ । সেকারণেই বুদ্ধির সীমাহীন প্রকাশের সুযোগ যে কর্মে তিনি তার সমস্ত কিছুতেই নিজেকে ব্যাপৃত করেছিলেন— অধ্যাপনা, বিতর্ক, লেখা, সম্পাদনা ও পরামর্শদান ।

মেনার্ড কেইন্স ১৯৩৬ সালে তার General Theory লিখে তার মুখবন্ধে বলেছেন যে, তার চিন্তার স্বাভাবিক বিবর্তনের মাঝে General Theory-র উদ্ভব । স্মতর্ব্য যে, তার প্রথম বই ছিল ভারতীয় মুদ্রা ও অর্থ ব্যবস্থা সম্পর্কে সেখানেও কি General Theory-র বিচিন্তা লক্ষ্য করা যায় ? সে সম্পর্কে আপাততঃ কিছু না বলেও বিনা দ্বিধায় একথা বলা চলে ইংরেজী ভাষায় স্বর্ণমান সম্পর্কে যে সমস্ত লেখা রয়েছে মেনার্ড কেইন্সের প্রথম বইটি তার মধ্যে সবচেয়ে সুলিখিত । শুধু তাই নয় পরবর্তীকালে Treatise on Money-তে যে সমস্ত বিষয় আলোচনা করা হয়েছে তার কিছু কিছু মেনার্ড কেইন্সর প্রথম বইটিতে লক্ষণীয় এবং General Theory-তারই পরবর্তী অনুশীলন । একথা বলা চলে এজন্য যে কেবল মুদ্রা ব্যবস্থার বিষয় নিয়ে স্বল্প পরিচিত পরিসরে মেনার্ড কেইন্স ভারতীয় মুদ্রা ব্যবস্থার আলোচনা করেন নি । তার সজ্ঞানতা ছিল আরও বিস্তৃত । তিনি সমস্যার রূপ, সম্ভাব্যতা ও সম্ভাবনা অনুধাবন করেছেন । তিনি লক্ষ্য করেছেন যে, মুদ্রা ব্যবস্থার প্রভাব কেবল মূল্যস্তরের উপরে পরে তা নয় বরং আমদানী, রপ্তানী, উৎপাদনেও শ্রমনিয়োগের উপর তার প্রভাব ক্রিয়াশীল । লণ্ডন স্কুল অব ইকনমিকসে ১৯১০-১১ সালে ভারতীয় অর্থ ব্যবস্থার উপরে বক্তৃতা দিতে গিয়ে এ সমস্তই তিনি তুলে ধরেছিলেন । এই অনুধাবনই তিনি প্রথম মহাযুদ্ধোত্তর বৃটেনের অভিজ্ঞতার আলোকে বিচার করেই তত্বীয় যে উত্তরণ ঘটান তারই শেষ ফলশ্রুতি হল General Theory.

এর মাঝে তিনি অবশ্য The Economic Consequence of Peace (১৯১৯) লিখেছেন । বইটি অসাধারণ সাফল্য অর্জন করে । এই অসাধারণ সাফল্যের মূলে ছিল অসাধারণ ব্যবহারিক জ্ঞান, শানিত যুক্তি, আন্তরিক মানবিক আবেদন, তথ্যের বাস্তব উপস্থাপন এবং সুস্থির বিশ্লেষণ। আর ছিল প্রাঞ্জল ভাষার কারিগরী । এই বই-এর পরেই তিনি লিখেছেন A Revision of the Treaty (১৯২২) । বই দু'টিতে তিনি তাত্বিক উপস্থাপনা পরিহার করেছেন । এসময়ে তার আর্থ-সামাজিক উপলবিদ্ধকে তিনি ব্যক্ত করেছেন এভাবেঃ Laissez Faire ধনতন্ত্রের অসাধারণ যুগের অবসান হয়েছে ১৯১৪

সালের আগষ্ট মাসে। সে সময়ের অবসান হয়েছে যখন ব্যবসায়ী উদ্যোক্তাদের উদ্যোগী কর্মকাণ্ডে একের পর এক সাফল্য অর্জন করেছে জনসংখ্যা বৃদ্ধি, বিনিয়োগের অপরিমেয় সুযোগ, উৎপাদন কৌশল উন্নয়ন এবং অন্যদেশ থেকে আনা সস্তা কাঁচামাল ও খাদ্যের কারণে। সে অবস্থায় বিত্তবানের উদ্ধৃত্ত বিনিয়োগের সমস্যা ছিল না। কিন্তু মেনার্ড কেইন্স লক্ষ্য করলেন যে প্রথম মহাযুদ্ধের পরে সে অবস্থার গুণগত পরিবর্তন হয়েছে।

বিনিয়োগের সুযোগ কমে আসছে এবং বিত্তবানের সঞ্চয় তার সামাজিক উন্নয়নে সহায়ক না হয়ে অবনতির কারণ হয়ে দাঁড়িয়েছে। এখানেই অর্থনৈতিক স্থবিরতা সম্পর্কে নতুন তত্ব পাওয়া যায় যেটি রিকার্ডোর মতামত থেকে ভিন্ন এবং যেটি পরে General Theory-তে পূর্ণতা লাভ করেছে। অর্থনৈতিক অবস্থা সম্পর্কে প্রতিটি পূর্ণ তত্বের দু'টি দিক থাকে একটি হল সমাজ ও সামাজিক অবস্থার নিরক্ষীত জ্ঞান অর্থাৎ এক সময় কোন বিষয়টি গুরুত্বপূর্ণ আর কোন বিষয়টি গুরুত্বপূর্ণ নয়। অন্যটি হল বিশ্লেষণের শৈলী যার মাধ্যমে তার বোধিকে সংগঠিত করা যায় এবং তত্ব সৃষ্টি হয়। Economic Consequence of Peace-এ তত্ব নেই, আছে সমাজদৃষ্টি। আর General Theory হল সে সমাজদৃষ্টির রূপান্তরিত তাত্ত্বিক রূপ।

যারা অর্থনীতির "বৈজ্ঞানিক" রূপে আকৃষ্ট তাদের কাছে General Theory-র লেখক মেনার্ড কিইন্স অনেক বেশী আকর্ষণীয়। কিন্তু Economic Consequence of Peace থেকে General Theory-র দিকে এই যে অগ্রগমন, যদিও এটা অনেকাংশে সরলরৈখিক, তবু তার উত্তরণ আছে বিভিন্ন পর্যায়ে। তারই একটি পর্যায় হল A Tract on Monetary Reform (১৯২৩)। কেইন্স চেয়েছিলেন বাস্তবতার নিরিখে সম্ভাব্য নীতির নির্দেশনা দিতে। তিনি প্রথমতঃ অভ্যন্তরীণ মূল্যস্তরকে স্থিতিশীল করে অভ্যন্তরীণ ব্যবসা, বাণিজ্য, বিনিয়োগ তথা অর্থনীতিকে স্থিতিশীল করতে চেয়েছিলেন। এবং এরই সাথে বৈদেশিক মুদ্রা মূল্যে অস্থিতির দরুন অভ্যন্তরীণ অর্থনীতিতে যে সাময়িক অস্থিরতা দেখা যায় সেটা বিদূরণ করতে চেয়েছিলেন। এই দুই লক্ষ্যে পৌছাবার জন্য তিনি মুদ্রা সৃষ্টিকে (Note Issue) কেন্দ্রিয় ব্যাংকের স্বর্ণ সঞ্চয় থেকে বিযুক্ত করে পূর্ণ নিয়ন্ত্রণ করতে চেয়েছিলেন, যদিও স্বর্ণ সঞ্চয়ের প্রয়োজনীয়তা তিনি উপলব্ধি করেছিলেন। লক্ষ্যণীয় যে, মেনার্ড কেইন্সের বিশ্লেষণ ও উপদেশ বৃটিশ অবস্থার বিশেষ প্রেক্ষিতে করা হয়েছিল। এটি তার স্বদেশ প্রেম, রক্ষণশীলতা ও নিঃসঙ্গতা থেকে এসেছিল। এবং সে কারণে তিনি অন্য দেশের দৃষ্টি ভংগি, অবস্থা, স্বার্থ এবং বিশ্বাস অনুধাবনে ব্যর্থ হয়েছেন। এখানে এটাও সমর্তব্য তিনি কোন রাজনৈতিক দলের সদস্য ছিলেন না, শ্রেণী নির্দিষ্ট মতবাদেও নাম লেখান নি, তিনি ছিলেন মহাযুদ্ধের পূর্বে বৃটিশ মুক্তবুদ্ধির প্রতীক যাদের আদর্শ ছিল লক এবং মিল।

ইংল্যাণ্ড নেপলিয়ানের সাথে যুদ্ধ জয় করে যে অবস্থায় ছিল প্রথম মহাযুদ্ধের পরে সে অবস্থায় ছিল না। তার সম্পদ ক্ষয় হয়েছিল, অনেক সুযোগ নষ্ট হয়েছিল, তার সামাজিক অবস্থা দুর্বল হয়ে পড়েছিল এবং সর্বক্ষেত্রে অনমনীয়তা পরিলক্ষিত হচ্ছিল। তার কর ও মজুরীর হার দ্রুত উন্নয়নের পরিপন্থি হয়ে পড়েছিল, কিন্তু সেগুলো পরিবর্তন রাজনৈতিকভাবে সম্ভব ছিল না। কেইন্স যা সম্ভব নয়, তা নিয়ে ভাবতে অভ্যস্ত ছিলেন

না। তিনি একক সমস্যা সমাধানের দিকে— যেমন কয়লা, বস্ত্র, লোহা, জাহাজ নির্মাণ— মনোযোগ না দিয়ে, সামগ্রিক অর্থনীতিকে নিরিখ করতে চেয়েছেন। যা সম্ভব এবং যা সামগ্রিক অর্থনীতির জন্য কার্যকর— সেই মুদ্রাব্যবস্থাপনা— তার মনযোগ আকর্ষণ করে। তিনি জানতেন বৃটেন যুদ্ধপূর্ব স্বর্ণমানে ফিরে যেতে পারে না। এবং মুদ্রাব্যবস্থাপনা কিছু অসুবিধা ও সমস্যাকে অন্ততঃ সহজতর করে তুলতে পারে। কেইন্স যেহেতু বৃটিশ অবস্থার প্রেক্ষিতে তার নীতিমালা ও বিশ্লেষণের অগ্রগমন ঘটিয়েছেন, সে জন্য এটাও মনে রাখা প্রয়োজন যে, কেইন্সীয় অর্থনীতি অন্যত্র স্থাপন করতে গেলে পরিবেশের পরিপূর্ণ বিচার বিশ্লেষণ প্রয়োজন। Tract of Mometary Reform-এ নতুন কিছু ছিলনা, ছিল উপস্থাপনার প্রাসংগিকতা এবং অর্থনৈতিক অবস্থার সামগ্রিক সমস্যার সমাধানে মুদ্রা ব্যবস্থাপনার ব্যবহার। আর ছিল মুখবন্ধ ও প্রথম অধ্যায়ে সঞ্চয় ও বিনিয়োগ সম্পর্কে তার উদ্বেগ যা ছিল Economic Consequence of Peace-এ তার উপস্থাপনার চাইতে আরও একটু সুসংবদ্ধ।

কেইন্স বিশ্লেষণের জন্য Quantity Theory of Money-কে মূলসূত্র হিসেবে গ্রহণ করেছিলেন। এখানে অবশ্য বিনিময় সমীকরণ (Equation of Exchange) এবং মুদ্রার সংখ্যা তত্বের মধ্যে পার্থক্য কেইন্স অনুধাবন করতে পারেন নি। যেটি কেইন্স গ্রহণ করতে চেয়েছেন তা হল কেম্ব্রিজ ভাষ্যের বিনিময় সমীকরণ, যেটি identity বা ভারসাম্যের শর্ত হিসেবে যা নির্দেশ করে তার সাথে মুদ্রার সংখ্যাতত্বের প্রতিজ্ঞাগুলোর মিল নেই। সে কারণেই মেনার্ড কেইন্স মুদ্রার ভেলসিটিকে মুদ্রা ব্যবস্থাপনার একটি পরিবর্তনীয় রূপ হিসাবে গণ্য করেছেন। এবং এখানেই General Theory-র Liquidity Preferance তত্বের প্রাথমিক বিকাশ লক্ষ্যণীয়। তার বইটিতে অন্যান্য উল্লেখযোগ্য দিক ও রয়েছে। তিনি বিনিময়ের আগাম বাজার সম্পর্কে অত্যন্ত বিশ্লেষণধর্মী ও মনোজ্ঞ আলোচনা করেছেন। তিনি গ্রেট বৃটেনের অর্থনৈতিক অবস্থা সম্পর্কেও আকর্ষণীয় আলোচনা করেছেন।

কেইন্সের চিন্তাধারার উত্তরণের দ্বিতীয় পর্যায় হল Treatise on Money, এমন উদ্দীপক বই কেইন্স সম্ভবতঃ দ্বিতীয়টি লেখেন নি। এ বইতে তিনি দ্বিতীয় মহাযুদ্ধের চিন্তা ধারার প্রাককথনও রেখেছেন ভূয়োদর্শী হিসেবে। দু'খণ্ডে সমাপ্ত এ বইটি কেইন্সের উচ্চাভিলাসী কর্ম এবং এখানেই কেইন্সের প্রকৃত গবেষণার পরিচয় রয়েছে। অনেক অর্থনীতিবিদের মতে কেইন্স যদি মার্শালের মত লেখায় চরমোৎকর্ষ ও পূর্ণতার সন্ধান করতেন তা'হলে এত সম্ভাবনাময় ও অর্থবহ একটি কাজ এত কম সমাদৃত হতো না। তবুও এ বইটি মেনার্ড কেইন্সের চিন্তার উৎসারণ ক্ষেত্রে একটি উজ্জ্বল পথ নির্দেশ।

এ বইতেই মুদ্রা যে অর্থনীতির প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করে সে তত্বটিই প্রাথমিকভাবে তুলে ধরা হয়েছে। এবং অর্থনৈতিক অবস্থার বিশ্লেষণে মুদ্রার এই কেন্দ্রিয় অবস্থান Economic Consequence of Peace থেকেই উপ্ত হয়ে কেইন্সীয় আলোচনায় প্রাধান্য লাভ করেছে। উপরন্তু সঞ্চয় ও বিনিয়োগ সিদ্ধান্ত সম্পূর্ণভাবে পৃথক করে দেখা হয়েছে এবং ব্যক্তিক বা বেসরকারী মুনাফা সমস্ত অস্থিতির প্রতিকার হিসেবে ধরা পড়েছে। যদিও কেইন্স এ বইতে উইকসেলের স্বাভাবিক ও আর্থিক সুদের হারের

তারতম্য নিয়ে কথা বলেছেন, তবুও আর্থিক হার পরবর্তিতে General Theory-তে যে সুদের হারের উল্লেখ করেছেন তার সাথে সমার্থক নয় এবং স্বাভাবিক হার বা মুনাফা সম্পর্কে তিনি যে marginal efficiency of capital-এর আলোচনা করেছেন তার মধ্যেও একার্থক নয় । এ ছাড়াও তিনি প্রত্যাশাজনিত পরিবর্তন সম্পর্কে আলোচনা করেছেন যেটি পরবর্তীতে ঝুঁকি নেওয়ার প্রবণতায় মুদ্রার চাহিদা সম্পর্কে তার মৌলিক মতবাদের অগ্রচিন্তা মাত্র ।

তবুও Treatise of Money গ্রন্থ হিসাবে অপক্ক ও অসফল । সবাই কেইন্সের প্রচেষ্টাকে অভিনন্দিত করেছেন এবং হানসেন বা হায়েক যারা এর মূল সমীকরণ বা তাত্বিক কাঠামো নিয়ে প্রশ্ন তুলেছেন তারাও সশ্রদ্ধভাবেই তাদের আলোচনার উপস্থাপনা করেছেন । তবুও কেইন্স নিজেও বুঝতে পেরেছিলেন যে তার প্রচেষ্টা পূর্ণসমাদর পায়নি এবং তিনি যা বলতে চেয়েছেন তা পাঠকের কাছে পরিস্ফুট করে তুলতে পারেন নি । ঐ বইতে মূল্যসূচক, ব্যাংক রেট, ডিপোজিট তৈরী, স্বর্ণ সঞ্চয় ইত্যাদি সম্পর্কে যে আলোচনা আছে তাতে নতুন তত্ব বা দৃষ্টি ভংগির তেমন পরিস্ফুট কোন পরিচয় নেই । কেইন্স চেয়েছিলেন নীতি নির্দ্ধারণে সহায়ক বিশ্লেষণের নতুন শৈলী সৃষ্টি করতে যেটা তার পূর্বসূরীদের থেকে ভিন্ন। কিন্তু যতবারই তিনি এ চেষ্টা করেছেন ততবারই ঐ শৈলী তাকে কাঙ্খিত ফল দেয়নি ।

এ ব্যর্থতাই তাকে General Theory রচনায় অনুপ্রেরণা যুগিয়েছে । তিনি তার সমস্ত প্রতিভাকে নিয়োজিত করেন এমন এক শৈলীর উদ্ভাবন করতে যা পূর্বসূরীদের থেকে ভিন্ন অথচ যা থেকে প্রয়োজনীয় বিশ্লেষণ সম্ভব হয়ে উঠবে । এ জন্য তার প্রয়োজন হয়েছিল অর্থনৈতিক ধারণাগুলোকে নতুনভাবে বিচার করা । আর এ কাজে তার সহায়ক হয়েছিলেন একদল গুণগ্রাহী ছাত্র ও সহকর্মী যারা কিংস কলেজে কেইন্সের সানিধ্যে তার মতামত ও বিশ্লেষণ নিয়ে দিনের পর দিন উদ্দীপ্ত আলোচনা করেছেন ।

Economic Consequence of the Peace-এ কেইন্স প্রথম যে অর্থনৈতিক বাস্তবতার কথা বলেছিলেন— যেখানে বিনিয়োগের সুযোগ কমে যায় অথচ সঞ্চয়ের স্বভাব থেকে যায়— সেটাই তিনি General Theory-তে পরিস্ফুট করলেন তিনটি concept-এর মাধ্যমে একটি হল ভোগ সম্পর্কে (consumption function), অন্যটি হল বিনিয়োগ সম্পর্কে (efficiency of capital funcition) এবং তৃতীয়টি হল মুদ্রার চাহিদা সম্পর্কে (liquidity preference function). এগুলোই স্থির মজুরী এবং স্থির মুদ্রা সরবরাহ সহযোগে আয় এবং শ্রমবিনিয়োগ (employment) নির্ধারণ করে; আয়ের সাথে শ্রম নিয়োগের সম্পর্ক একরৈখিক । এত অল্প তত্ব নিয়ে এত বড় সমস্যা সমাধান সম্ভব হল কি করে ?

প্রথমতঃ কেইন্স সমষ্টিকৃত variable নিয়ে আলোচনা করেছেন । শ্রম নিয়োগ ছাড়া অন্য সমস্ত variable-ই অর্থমাত্রায় বিবেচিত । অর্থাৎ কেইন্স মূলতঃ মুদ্রাভিত্তিক বিশ্লেষণকে প্রাধান্য দিয়েছেন, এবং জাতীয় আয় হল তার বিশ্লেষণের মূল কেন্দ্র । এদিক থেকে তার আলোচনার সাথে Quesnay এবং Cantillon-এর সাদৃশ্য লক্ষ্যণীয় ।

দ্বিতীয়তঃ প্রক্রিয়ার বিবর্তনে যে সমস্ত জটিলতা দেখা দেয় কেইন্স তা এড়িয়ে গেছেন । তিনি 'স্থির' অবস্থার চিত্র একেছেন পরিবর্তনের মধ্যে না গিয়ে । যদিও তার লেখায় অনেক পরিবর্তনশীল factors ও Variable -এর পরিচয় মেলে ।

তৃতীয়তঃ কেইন্স তার 'মডেল' স্বল্পকালীন করে রেখেছেন । যদিও তার আলোচনায় দীর্ঘকালীন প্রেক্ষিত কখনও কখনও উপস্থাপিত হয়েছে । আর এই স্বল্পকালীনতার জন্য তার মডেলে উৎপাদন কার্য্য, উৎপাদন প্রক্রিয়া এবং উৎপাদনের জন্য ব্যবহৃত যন্ত্রপাতির সংখ্যা ও গুণ অপরিবর্তনীয় রাখা হয়েছে । ফলে অনেক সহজীকরণের পথ উন্মুক্ত হয়েছে যা অন্যথায় সম্ভব ছিল না, এরই ফলে শ্রমনিয়োগ আয়ের সাথে আনুপাতিক সম্পর্কে সম্পর্কিত হয়ে পড়েছে । ফলে কেইন্সের মডেল দীর্ঘকালীন প্রেক্ষিতে ব্যবহারযোগ্য হয়ে উঠে নাই । অবশ্য স্মরণ রাখা প্রয়োজন যে কেইন্স যে সময় General theory লিখছিলেন সেটি মহামন্দার কাল এবং ঐ রকম সময় উৎপাদন প্রক্রিয়া, শৈলী ও যন্ত্রপাতিকে অপরিবর্তনীয় বলে মনে করা যায় এবং ঐ সময় Liquidity preference তার প্রভাব বিস্তার করতে পারে । সে কারণে হিকস কেইন্সার তত্ত্বকে মন্দানির্ভর অর্থনীতি বলেছেন । যদিও কেইন্সীয় তত্ত্ব সম্ভবতঃ অর্থনীতির স্থবিরতা থেকেই অধিকতর সমর্থন লাভ করে ।

চতুর্থতঃ কেইন্স আরও শ্রমনিয়োগের প্রত্যক্ষ নিয়ামকের বাইরে আলোচনা দীর্ঘায়িত করতে চাননি অত্যন্ত সজ্ঞানভাবে । তিনি অবশ্য স্বীকার করেছেন যে এই প্রত্যক্ষ নিয়ামকগুলোরও বিচার বিশ্লেষণ সম্ভব যার ফলে এর পেছনে যে কারণগুলো রয়েছে সেগুলো অনুধাবন করা যায় । তবে কেইন্স এটা করেছিলেন মূলতঃ তার যুক্তিকে তীক্ষ্ণতায় তুলে ধরতে ।

পঞ্চমতঃ কেইন্স তার যুক্তিকে অনেক সময়ই অতিরঞ্জনের মাধ্যমে তুলে ধরেছেন । এই অতিরঞ্জনের প্রয়োজন হয়েছিল অপ্রয়োজনীয় থেকে তার যুক্তি ধারাকে লক্ষণীয় করে তুলে ধরার জন্য । তা ছাড়া এই অতিরঞ্জনই হয় তো বা এত সহজে কেইন্সের মূল যুক্তির দিকে দৃষ্টি আকর্ষণ সম্ভব করেছে । অবশ্য অতিরঞ্জনের যে দিকটি অনেকেই মাত্রাধিক্য মনে করেন সেটি হল কেইন্সীয় তত্ত্বের General theory নামকরণ।

তা সত্ত্বেও এ কথা বলতেই হবে কেইন্স তার প্রয়োজনে যে সমস্ত ধারণার সমাহার ঘটিয়েছিলেন তার সবটাই তার তত্ত্বের জন্য প্রয়োজনীয় ও যথার্থ । এবং সেখানেই সম্ভবতঃ কেইন্সীয় চিন্তাধারার সামগ্রিক উৎকর্ষ । যুক্তি নির্ভর বই হিসেবে General Theory তাৎক্ষণিক সাফল্য লাভ করে । শুধু তাই নয় অর্থনীতিতে কেইন্সীয় স্কুল বলে এক দল অর্থনীতিবিদের আবির্ভাব ঘটে । যারা এই স্কুলে অন্তর্ভুক্ত নন, তাদের মধ্যেও অনেকেই সহজভাবে অথবা অনুপায় হয়ে বিশ্লেষণের জন্য কেইন্সীয় তত্ত্বের এক বা একাধিক ধারণা গ্রহণ করেছেন । তা ছাড়াও আছে অগণিত সহানুভূতিশীল অর্থনীতি গবেষক ও নীতি প্রণয়কারী যারা কেইন্সীয় তত্ত্ব পরিবর্ধন ও পরিমার্জনা করতে প্রয়াসী হয়েছেন । লর্ড জন মেনার্ড কেইন্সের সাফল্য এখানেই ।

কেইন্সীয় অর্থনীতির কিছু আলোচনা

লর্ড কেইন্স নিঃসন্দেহে এ শতাব্দীর সব চেয়ে খ্যাতিমান ও বিতর্কিত অর্থনীতিবিদ। তিনি এ্যাডাম সিমথ, ডেভিড রিকার্ডো এবং জন স্টুয়ার্ট মিলের মতই ক্ষুদ্র পরিসরে বিশেষজ্ঞ না হয়ে পৃথিবীর বিভিন্ন বিষয়ে তার প্রতিভার স্বাক্ষর রেখেছেন এবং বিভিন্ন ব্যাপারে নিজেকে ব্যাপৃত করেছেন। একদিকে যেমনি তার বিশেষ জ্ঞানের অভাব ছিল না, অন্যদিকে তিনি জ্ঞানের পরিধি টেনে নিজেকে ক্ষুদ্র পরিধিতে বিচ্ছিন্ন করতে চাননি। লর্ড কেইন্সকে বুঝতে হলে অন্য অর্থনীতিবিদ ও অন্য অর্থনীতি মতবাদের পরিপ্রেক্ষিতে তার আলোচনা করতে হবে। আধুনিক অর্থনীতি অর্থাৎ শিল্পভিত্তিক ধনতান্ত্রিক অর্থব্যবস্থা ও বিশ্বব্যাপী বাজার-এর গোড়াপত্তন ঘটে সপ্তাদশ শতকে। তার পরবর্তী দেড়শ বছর ধরে ইংল্যাণ্ডেই আধুনিক অর্থনীতির তাত্ত্বিক অগ্রগতি ঘটেছে। এবং সে কারণে রিকার্ডো ও তার সমসাময়িক বৃটিশ রাষ্ট্রীয় অর্থনীতি পাশ্চাত্যে অবিসংবাদী সম্মান অর্জন করে এবং আধিপত্য বিস্তার করে। উনবিংশ শতকের শেষার্ধে ক্লাসিক্যাল ধারার সমন্বিত পরিচিতি বিনষ্ট হয়। আগে অর্থনীতির একটি ধারার নানা উপধারা সংযোজিত ও সমন্বিত হত, কিন্তু পরে দুটো পৃথক ধারার সৃষ্টি হয় তার একটি হল মার্কসবাদী এবং অন্যটি নিউ-ক্লাসিকাল। যদিও দুটি ধারাই ক্লাসিকাল অর্থনীতির উত্তরসুরী বলে দাবী করতে পারে, তবুও এদুটি ধারার মধ্যে কোন সম্পর্ক ছিলনা বা গড়ে ওঠেনি। তার কারণ অবশ্য দুটি ধারা নিজের প্রয়োজনে ক্লাসিকাল অর্থনীতির বিভিন্ন তত্ত্ব গ্রহন বা বর্জন করেছে, পরিবর্তন বা পরিমার্জনা করেছে। তারাও কারণ হল মার্কসীয় অর্থনীতি উন্মুক্ত ভাবে এবং নিউ ক্লাসিকাল অর্থনীতি প্রচ্ছন্নভাবে দুটি বিরোধী ও বিবাদমান মতাদর্শের ভিত রচনা করেছে এবং আরও রয়েছে অন্য একটি ঐতিহাসিক কারণ, সেটি হল জাতীয়তার কারণে, মার্কসীয় অর্থনৈতিক মতবাদ বহুদিন ইংরেজী ভাষাভাষী বুদ্ধিজীবীদের মাঝে অর্থবহ কোন আলোড়ন সৃষ্টি করতে পারেনি।

যখন মেনার্ড কেইন্স বিংশ শতকের শুরুতে আলফ্রেড মার্শালের কাছে অর্থনীতির পাঠ নিতে শুরু করেন, তখন নিউ ক্ল্যাসিকাল অর্থনীতিই ইংরেজী ভাষাভাষী দেশে তার প্রভাব বিস্তৃত করেছে। মার্শাল তার প্রতিভার সাহায্যে গ্রহণযোগ্য সমস্ত তত্ত্বের একটি সার্বিক সমন্বয় সাধন করেছিলেন। এই সমন্বিত অর্থনীতির ধারাকেই কেইন্স গ্রহণ করেছিলেন। মার্শালও তার এই ছাত্রকে প্রতিভাধর উত্তরসুরী হিসেবে চিহ্নিত করেছিলেন বলেই ট্রেজারী থেকে কিংস কলেজে তার প্রত্যাবর্তনকে তিনি সোৎসাহে স্বাগত জানিয়ে নিজের আয় থেকে অতিরিক্ত বার্ষিক ১০০ পাউণ্ডের ব্যবস্থা করেছিলেন। মেনার্ড কেইন্স শিক্ষাগত দিক থেকে নিউ-ক্লাসিকাল অর্থনীতির ধারক ছিলেন।

মেনার্ড কেইন্স এই নিউ-ক্লাসিকাল মতবাদের সংস্কারক মাত্র। আর এ সংস্কারের মূল লক্ষ্য হল অর্থনীতিকে বাস্তবতার মুখোমুখী নিয়ে আসা এবং একে রাষ্ট্রীয় নীতি প্রণয়নে অর্থবহ করে তোলা। এ কারণেই তিনি কখনই নিউ-ক্লাসিকাল অর্থনীতির গণ্ডি বা সীমাবদ্ধতা পার হতে পারেননি। এবং সে সীমাবদ্ধতার মূলে রয়েছে ঐতিহাসিক প্রেক্ষিত ছাড়াই অর্থনৈতিক জীবন ও প্রবাহকে স্বীকার করে নেয়া। এ কারণেই বলা হয়ে থাকে নিউ ক্লাসিকাল অর্থনীতি সামাজিক ক্রিয়াকর্মের বিশ্বস্ত দিকনির্দেশ দিতে ব্যর্থ হয়।

মেনার্ড কেইন্সের General Theory শুরু হয় গোড়া অর্থনৈতিক মতবাদকে আক্রমণ করে এবং সমস্ত বইটি জুড়ে এ আক্রমণ অব্যাহত থাকে । এ আক্রমণের প্রাথমিক লক্ষ্য ছিল জে, বি, সের বাজারনীতি যার মূল কথা হল উৎপাদনের তুলনায় চাহিদা কখনই কম হতে পারে না । এর প্রতিপক্ষে ক্ষীণ প্রতিবাদ সত্ত্বেও সমস্ত ক্লাসিকাল ও নিউ ক্লাসিকাল অর্থনীতি জুড়েই এই বাজার নীতি প্রত্যক্ষ বা প্রচ্ছন্নভাবে ক্রিয়াশীল । অর্থনীতিবিদদের আলোচনায় এর প্রভাব অর্থনীতিকে প্রায়ঃশই বাস্তবতাবর্জিত করে তুলেছে । মেনার্ড কেইন্স ক্লাসিকাল ও নিউ ক্লাসিকাল অনেক তত্ত্বেরই সমালোচনা করে অগ্রসর হয়েছেন, কিন্তু সমস্ত সমালোচনার কেন্দ্রে ছিল জে, বি, সের বাজারতত্ত্ব । ঐ বাজার তত্ত্ব গ্রহণ করলে কেইন্সের অন্য সমালোচনাও অসার হয়ে পড়ে । একবার এ বাজার তত্ত্ব অগ্রহণীয় বলে সিদ্ধান্ত করে তাকে সমস্ত ক্লাসিকাল ও নিউ ক্লাসিকাল তত্ত্বের আগাগোড়া খুঁজে বেড়াতে হয়েছে সে সমস্ত তত্ত্বের খোঁজে যেগুলো জে,বি, সের বাজার তত্ত্বের উপর নির্ভরশীল আর যেগুলো তেমন নির্ভরশীল নয় । একথাই মেনার্ড কেইন্স তার General Theory -র ভূমিকায় ব্যাক্ত করেছেন এই বলে যে পুরানো ধারণা থেকে যুক্তিই কষ্টকর, নতুন ধারণা তেমন কষ্টকর নয় । মেনার্ড কেইন্সের সর্বশ্রেষ্ঠ কীর্তি সম্ভবতঃ সমস্ত পাশ্চাত্যের অর্থনীতিকে একটি পীড়াদায়ক সীমাবদ্ধকারী তত্ত্ব থেকে মুক্তি যার ফলে তার পরের অনেক অর্থনীতিবীদ নতুনভাবে অর্থনীতি নিয়ে চিন্তাভাবনা ও পরীক্ষা-নিরীক্ষা করেছেন ।

একদিক থেকে বলা চলে যে কেইন্স গতানুগতিক অর্থনীতির সংকটকালে তার প্রতিভা নিয়ে উপস্থিত হয়েছিলেন মহামন্দার সময় যখন এই সংকট অত্যন্ত তীব্রভাবে অনুভূত হয়েছিল । তিনি অত্যন্ত স্পষ্ট করে তুলে ধরেছিলেন যে জে,বি,সের বাজার তত্ত্বের অবশ্যসম্ভাব্যতা গ্রহণ করে মহামন্দার মত বাস্তবতাকে তাত্ত্বিক ভাবে অসম্ভব বিবেচনা করা হয়ে থাকে । এখান থেকেই তার ধনতান্ত্রিক অর্থব্যবস্থার সুতীক্ষ্ম বিশ্লেষণের সূচনা যার ফলে তিনি মন্দা, সম্পদের অপূর্ণ ব্যবহার, বেকারত্ব ইত্যাদির সম্ভাবনার বাস্তবতা তুলে ধরেন । তিনি ব্যক্তিস্বার্থ ও জনস্বার্থের দ্বন্দ্বও এরই সাহায্যে চিত্রিত করেন । উনবিংশ শতকের যে উদারনৈতিক তত্ত্ব যার ফলে বিশ্বাস জন্মেছিল যে ব্যক্তি স্বার্থের optimisation-এর মাঝেই জনস্বার্থ রক্ষিত হয়, সে উদারনৈতিক তত্ত্বকেই মেনার্ড কেইন্স অস্বীকার করলেন । কিন্তু কেইন্স ব্যক্তি ও জনস্বার্থের বৈষম্যকে সরকারের বদান্যতা বা বুদ্ধিমত্তা দিয়ে সারিয়ে নিতে চাইলেন; তিনি ক্ষমতার বিন্যাস, শ্রেণীগত বৈষম্য বা সমাজ ব্যবস্থা নিয়ে প্রশ্ন তোলা থেকে বিরত থাকলেন । অর্থাৎ কেইন্স ধনতান্ত্রিক ব্যবস্থার সামগ্রিক বিষয় নিয়ে প্রশ্ন তোলেননি, তিনি ইতিহাসের বিচারে অর্থনৈতিক ব্যবস্থাকে দেখেননি, অর্থনৈতিক অবস্থার সাথে রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও প্রযুক্তিগত অবস্থার সম্পর্কিত বিবেচনা করে দেখেননি । অর্থাৎ কেইন্স ধনতন্ত্রের সমস্যাকে অনুধাবন করেছিলেন আংশিকভাবে এবং তার সংস্কার মূলক সমাধানই তিনি আলোচনা করেছেন যেখানে ব্যক্তির সীমাবদ্ধতাকে সমষ্টি উত্তরণ করে সরকারী প্রচেষ্টার মাধ্যমে ।

এখানে স্মরণযোগ্য যে, মার্কস শুরু থেকেই জে,বি,সের বাজার তত্ত্বকে বাতিল বলে চিহ্নিত করেছিলেন এবং মার্কসের অনুসারীরা ১৯০০ সালের আগেই বিতর্কে নেমে

ছিলেন এই নিয়ে যে ধনতান্ত্রিক ব্যবস্থা স্থায়ী ও chronic মন্দাবস্থায় পতিত হবে কিনা। কেইন্স উৎপাদন কৌশলে পরিবর্তন এবং সেই কারণে বেকারত্ব উপেক্ষা করেছেন, অন্যদিকে মার্কসীয় আলোচনায় সেটি প্রাধান্য পেয়েছে কারণ মার্কস মনে করতেন যে উৎপাদন কৌশলে পরিবর্তনের মধ্যদিয়েই ধনপতিরা শ্রমিকের উপর নিয়ন্ত্রণ বজায় রাখে। মেনার্ড কেইন্স একচেটিয়া ব্যবসা, তার কারণে আয় বন্টনের বৈষম্য এবং উৎপাদনের উপাদান ব্যবহারের সমস্যা নিয়ে আলোচনা করেননি এবং এ কারণেই তিনি বলতে পেরেছিলেন যে এ কথা মনে করবার কোন কারণ নেই যে, বর্তমানে ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার উৎপাদনের উপাদানগুলোর অব্যবহার বা অপব্যবহার হচ্ছে যদিও তখন বেকারত্ব প্রকট হয়ে বিরাজমান ছিল। এ কারণেই কেইন্স রাষ্ট্রকে ব্যবহার করতে চেয়েছিলেন সমস্যার সমাধানের সহায়ক হিসেবে যখন ধনতান্ত্রিক বাজার ব্যবস্থা অন্য কোন সমাধান দিতে অপারগ। কিন্তু কেইন্স রাষ্ট্রের শ্রেণী চরিত্র ও সে কারেণ তার ক্ষমতার বৈশিষ্ট্য সঠিকভাবে অনুধাবন করতে পারেননি। অবশ্য এ কথার অর্থ এই নয় যে কেইন্সের বিশ্লেষণ সম্পূর্ণ ভ্রান্ত অথবা মার্কসীয় অর্থনীতি সর্বত্র সর্বদা অভ্রান্ত। বরং একথা মনে করবার যথেষ্ট কারণ রয়েছে যে কেইন্সীর অর্থনীতির আলোকে মার্কসের Das capital -এর অসমাপ্ত খণ্ড, বিশেষ করে Theorien Uber den Mahrwert নতুনভাবে অর্থবহ হয়ে উঠে। কেইন্সীয় অর্থনীতির সীমাবদ্ধতা সত্ত্বেও অর্থনীতির বিশ্লেষণে এটি একটি ঐতিহাসিক দিক চিহ্ন, শুধু তাই নয়,কেইন্সের কারণেই সম্ভবতঃ মার্কসীয় ও নিউ ক্লাসিকাল অর্থনীতির মধ্যে আলোচনা ও বিতর্ক নতুন করে সম্ভব হয়েছে যার কিছু পরিচয় আমরা জোন রবিনসনের লেখায় পেয়ে থাকি।

মানুষ কেইন্স

জন মেনার্ড কেইন্স কেমন লোক ছিলেন ? যৌবনে রসিকতায় মোহনীয়, বুদ্ধিমত্তায় উদ্দীপ্ত, সহানুভূতিতে উদ্বেল, কর্মে নিবেদত এবং স্বীয়দক্ষতায় বিশ্বাসীর দম্ভও তার ছিল। এ সমস্তই তার কাজে, কথায়, লেখায়, চিঠিপত্রে ফুটে উঠেছে। তার কর্মনিষ্ঠার একটা পরিচয় হল তার নিজের কথায় তিনি দিনে অন্ততঃ ১০০০ শব্দ লিখেছেন সে যুগে যখন টাইপ রাইটার, ষ্টেনোগ্রাফার, ডিক্টাফোন বা রেকর্ডার, ওয়ার্ড প্রসেসর কিছুরই চল ছিল না। ১৯২০ থেকে ১৯৩০ সাল পর্যন্ত তিনি গড়ে সপ্তাহে সংবাদপত্রের জন্য একটি নিবন্ধ লিখেছেন। এ ছাড়া ছিল তার শিক্ষকতা, সম্পাদনা কর্ম, বই লেখা, বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানে তার মতামত জানানো এবং অন্যান্য শিল্প সাহিত্য ব্যবসা সম্পর্কীয় কাজ।

এতসব তিনি কখন করতেন ? তিনি সকালে ঘুম থেকে উঠেই বিছানায় নাস্তা করবার আগেই অনেক কাজ সেরে নিতেন। বিশেষ করে অর্থ সংক্রান্ত কাজগুলো তিনি সকালেই সারতেন, আর করতেন বাধাধরা দৈনন্দিন কাজগুলো। তিনি বেশ গোছালো ছিলেন বলেই তার কাজের সময়ে সাশ্রয় হত, হাতের কাছেই প্রয়োজনীয় কাগজপত্রগুলো পেতেন। চিঠিপত্র লেখাও বিছানায় সারতেন, অশব্য প্রথম মহাযুদ্ধের পর যখন টাইপিষ্ট ব্যবহার করতেন তখন অফিসেও চিঠি লিখেছেন। পরে যখন অনেক চিঠি লিখতে হয়েছে কাজে, অনুরোধে, প্রতিক্রিয়ায় তখন অবশ্য সেক্রেটারীকে ডিক্টেশন দিয়েছেন।

তিনি ঘনিষ্ঠ বন্ধুবান্ধবের সাথে কথা বলতে অথবা ব্যবসার কাজ ছাড়া টেলিফোন ব্যবহার অপছন্দ করতেন এবং অচেনা অজানা লোকের টেলিফোনকে উৎপাত বলে মনে করতেন ।

মেনার্ড কেইন্স কাজ শুরু করেছিলেন ইণ্ডিয়া অফিসের সামরিক বিভাগে। তবে সে কাজে তার মন ছিল না এবং সময়ও তেমন লাগাতো না দৈনন্দিন কাজ শেষ করতে । সে সময়ই তিনি Probability-র উপরে তার গবেষণা সন্দর্ভ রচনায় নিরত হন । অবশ্য অবসরের এই সুযোগ শেষ হয়ে যায় রাজস্ব, পরিসংখ্যান ও বাণিজ্য বিভাগে বদলী হবার সাথে সাথে, এখানেই তিনি ভারতীয় মুদ্রা ও অর্থ ব্যবস্থা সম্পর্কে গভীর জ্ঞান লাভ করেন । এবং এ ব্যাপারে তার অনুসন্ধিৎসা কেম্ব্রিজে ফিরে গিয়েও বর্তমান ছিল । ১৯১১ সালে তিনি এই কাজের ফলশ্রুতি স্বরূপ Recent Development of the Indian Currency System শীর্ষক দীর্ঘ নিবন্ধ রয়াল ইকনমিক সোসাইটিতে পাঠ করেন এবং পরবর্তীতে এটিই তার Indian Currency and Finance বইতে রূপান্তরিত হয় ।

ভারতীয় মুদ্রা ব্যবস্থা তুলনামূলকভাবে জটিল ছিল এবং সময়ের অতিবাহনে এটি জটিলতর হয়ে উঠে । মেনার্ড কেইন্স-এর লেখা থেকে তার এ জটিল পদ্ধতির অনায়াস জ্ঞান ও বিশ্লেষণ পাঠককে আকৃষ্ট করে । সে আলোচনার কোন তথ্যের অবহেলা সেই । কোন বিষয়ের সহজীকরণ নেই, অথচ সমস্ত বিষয়টি বোধগম্য ও সহজপাঠ্য হিসেবে উপস্থিত হয়েছে; একারণেই তিনি ১৯১৩-১৪ সালে Royal Commission on Indian and Finance -এর কনিষ্ঠতম সদস্য হন । কমিশনের অন্যান্য সদস্যরা তার চেয়ে বয়োজেষ্ঠ্য ছিলেন, অনেকেই ব্যক্তি অথবা অর্থ সংক্রান্ত সংস্থায় কাজ করেছেন এবং বৃটিশ ভারতে দীর্ঘদিন অবস্থান করেছেন । তবুও কমিশননের সামনে উপস্থাপিত মতামত, স্বাক্ষ্য, আলোচনা এবং রিপোর্টের মুসাবিদা থেকে সহজেই অনুমেয় যে একমাত্র মেনার্ড কেইন্স এবং সম্ভবতঃ লাওনেল আব্রাহামস (ICS) ছাড়া আর কেউ জটীল মুদ্রা ব্যবস্থা ও তার ভারতীয় জটিলতা তেমন বুঝতে পারতেন না ।

মেনার্ড কেইন্স অতি সহজে বিভিন্ন বিষয়ের বিভিন্ন দিকের সামান্যতম বিষয়ও পর্যালোচনা করতে পারতেন । এ কারণে একমাসের মধ্যে মোটামুটি এককভাবে কাজ করে তিনি বৃটিশ ভারতের জন্য দীর্ঘ ৬০ পৃষ্ঠার একটি কেন্দ্রীয় ব্যাংকের পরিকল্পনা তৈরী করেছিলেন । আলফ্রেড মার্শাল, যিনি অর্থনৈতিক ক্ষেত্রে তখন একজন নন্দিত ব্যক্তিত্ব এবং মুদ্রাব্যবস্থা সম্পর্কে তারও গবেষণা প্রসূত লেখা ছিল, মেনার্ড কেইন্সের ভারতীয় মুদ্রা ব্যবস্থা সম্পর্কিত মতামত ও বিশ্লেষণ দেখে মুগ্ধ হয়ে বলেছিলেন তরুণ অর্থনীতিবিদেরা যদি এমন সুন্দর ও সহজভাবে অল্পপরিসরে জটিল ব্যাপার ব্যাখ্যা দিতে গ্রহণযোগ্য করে তুলে ধরতে পারে তবে বয়স্ক অর্থনীতিবিদদের বিদায় নেবার সময় প্রত্যাসন্ন হয়েছে । একথা বললে অত্যুক্তি হবে না যে একমাত্র মেনার্ড কেইন্সের প্রতিভাই রয়েল কমিশনের সদস্যদের অপরিচ্ছন্ন চিন্তাধারা ও পরস্পরবিরোধী মতামত থেকে ঐ রিপোর্টকে রক্ষা করেছিল । এটি তিনি করেছিলেন তার যুক্তি নির্ভর মনের সাহায্যে, যদিও তিনি কেবল কয়েকটি শব্দের পরিবর্তন করতেন মাত্র তবুও তারই মাধ্যমে তিনি নীতিগত পরিবর্তন ও সামঞ্জস্য সাধন করেছেন অতি সহজে । এখানে তার ইংরেজী ভাষাজ্ঞান যথার্থই সাহায্য করেছে ।

১৯১৫ সালে তিনি ট্রেজারীতে চাকুরী নিলেন, তখন বিভিন্ন বিষয়ের খুটিনাটি সম্পর্কিত জ্ঞান ও আগ্রহ তাকে প্রভূত সাহায্য করেছিল । ট্রেজারী তখন জনাকীর্ণ ছিল না, বিশেষজ্ঞ দিয়ে পরিচালিত । প্রতিদিন মেনার্ড কেইন্সকে নতুন তথ্য পরিচ্ছন্ন ভাবে বুঝতে হত এবং অনেক নতুন ব্যাপারে তাকে বিশ্লেষণ বা নির্দেশনামা লিখতে হত । ১৯১৬ সালের সেপ্টেম্বরে তার বাবাকে লেখা এক চিঠি থেকে জানা যায় যে, তিনি সে সপ্তাহে তিনটি বিশ্লেষণমূলক দলিল (memoranda) লিখেছেন যার একটি মন্ত্রী পর্যায়ে আলোচিত হয়েছে । এ ছাড়াও প্রায় একডজন কম গুরুত্বপূর্ণ বিষয়ে মেমোরাণ্ডা লিখেছেন; এ ছাড়াও করেছেন বাজেটের কাজ, রুটিন কাজ এবং Economic Journal সম্পাদনার কাজ । একজন সাধারণ মানুষ এই তালিকা দেখে বিষয়ে শ্রদ্ধায় হতবাকই হতে পারে । মেনার্ড কেইন্সের পরে যারা দ্বিতীয় মহাযুদ্ধের আমলে ট্রেজারীতে কাজ করেছেন তারা জানান কেইন্সের মেমোরাণ্ডা কেবলমাত্র একজন স্থায়ী যুগ্ম সচিবের নূন্যতম শাব্দিক পরিবর্তনের পর অর্থমন্ত্রীর কাছে সরাসরী উপস্থাপিত হয়েছে এবং অর্থ মন্ত্রীও বিশেষ কোন পরিবর্তন না করে এগুলোকেই সরকারী দলিলের মর্যদা দিয়েছেন । পয়ত্রিশ বছর বয়স্ক একজন মানুষের জন্য এ ছিল এক অকল্পনীয় মর্যাদা ।

মেনার্ড কেইন্স প্যারীস শান্তি আলোচনায় গিয়েছিলেন ট্রেজারীর পক্ষ থেকে প্রধান প্রতিনিধি হিসাবে, তিনি আলোচনা চলাকালেই মত পাথর্ক্যের জন্য পদত্যাগ করেন । ফলে তিনি সরকারী কর্মচারী না থেকে একজন বিদগ্ধ সমালোচকের ভূমিকায় অবতীর্ণ হন । এ ভূমিকায় যেমনি বেসরকারী লোকের স্বাধীনতা ছিল, তেমনি ছিল সরকারী পদ্ধতি ও চিন্তার অভ্যন্তরীণ জ্ঞান । প্রথম মহাযুদ্ধের অভিজ্ঞতা ও শান্তি আলোচনাকে নিয়েই তিনি The Economic Consequences of the Peace বইটি লেখেন । বইটি ছাপা হয়েছিল ১৯১১ সালের ১২ই ডিসেম্বরে এবং অতিদ্রুত বইটি বিক্রি হয়ে যায় । বইটিতে মেনার্ড কেইন্সের আন্তরিক অনুভূতি বিমূর্ত হয়ে উঠেছে, কিন্তু তথ্য বা বিশ্লেষণকে অস্বীকার করে নয় । তিনি এ বইতে মিত্রদেশের মধ্যকার ঋণ মওকুফ ও ইউরোপের পূণনির্মাণ সম্পর্কে স্পষ্ট বক্তব্য রাখেন । তার মত লয়েড জর্জ সমর্থন করেছিলেন কিন্তু প্রেসিডেন্ট উইলসন তা প্রত্যাখ্যান করেন । তিনি জার্মানীর ক্ষতিপূরণ দেয়ার ক্ষমতা সম্পর্কেও তব্যবহুল আলোচনা করেন যার ফলে পোলিশ সরকার ক্ষুব্ধ হন ।

ট্রেজারীর অভিজ্ঞতা এবং প্যারিস আলোচনা মেনার্ড কেইন্সের ভূমিকায় গুণগত প্রভাব ফেলে । মেনার্ড কেইনন্স পরবর্তী জীবনে তাত্ত্বিক অর্থনীতিবিদ হয়েও, রাষ্ট্রীয় অর্থনৈতিক প্রশ্ন ও নীতিমালার প্রতি আকৃষ্ট হন । তিনি এক অর্থে সাংবাদিক ও প্রচারকের ভূমিকায় অবতীর্ণ হন এবং একই সাথে সংবাদপত্র ও একাডেমিক পত্রিকায় নিবন্ধের পর নিবন্ধ লিখে মানবিকতা, নমনীয়তা, যুক্তি নির্ভরতাকে তুলে ধরেছেন । মেনার্ড কেইন্সের পত্রাবলী থেকে দেখা যায় তার লেখার কারণে প্রথম মহাযুদ্ধের পরে ভার্সাই চুক্তির ফলশ্রুতিতে যে সমস্ত আন্তর্জাতিক মতদ্বৈধতা দেখা দিয়েছিল বৃটিশ সরকার সে সমস্ত ব্যাপারে পরিশেষে অনেক নমনীয় মনোভাব গ্রহণ করেছিলেন । এখানে স্মরণ করা যেতে পারে যে ১৯২২ সালে তারই সম্পাদনায় Manchester Guardian পত্রিকা Reconstruction of Europe শিরনামে ১২টি খণ্ডে ৭৮২ পৃষ্ঠায় সে

সময়কার বিশেষজ্ঞ ব্যক্তিগণ সমস্যা ও সমাধান সম্পর্কে খোলামনে আলোচনা প্রকাশ করেন । তিনি এ ব্যাপারে যে সমস্ত মনীষার মতামত একত্রিত করেছিলেন তার মধ্যে ছিলেন গোর্কি, ক্রোচে, কার্ল মেলকিওর, এসকুইথ, লর্ড সেসিল প্রমুখ। তিনি এই বিশাল প্রকাশনার সমস্ত বিষয়ে গভীর আগ্রহ সহকারে সময় দিয়েছেন । তিনি নিজে ১৪টি নিবন্ধ লিখেছিলেন । যদিও বৃটিশ সরকার তার মতামতকে উগ্রপন্থী মনে করেছিলেন তবুও বৈদেশিক মুদ্রায় আগাম বাজার সম্পর্কে তার সুপারিশকে বৃটিশ সরকারের পক্ষ থেকে জেনোয়া সম্মেলনে উত্থাপন করা হয়েছিল ।

যখন মেনার্ড কেইন্স এমন ব্যস্ত, Nation পত্রিকার জন্য প্রতি সপ্তাহে লিখছেন, তখনই তিনি তার অর্থনীতির তাত্বিক বইগুলোও রচনা করেছেন । ম্যানচেষ্টার গার্ডিয়ানের জন্য লিখতে লিখতে রচনা করেছেন A Tract on Monetory Roform. আর এ সময় কেম্ব্রিজে পড়াতে পড়াতে A Treatise on Money এবং The General Theory of Employment, Interest and Money লিখেছেন । এখানে তাড়া নেই, এখানে তাত্ত্বিক নিরীক্ষা অনেক গভীর, এখানে যুক্তির আবহ অনেক উৎকীর্ণ । তাই পড়িয়েছেন, আলোচনা করেছেন, তর্কে নেমেছেন, যুক্তি খুঁজেছেনে । তার সহায়ক ছিলেন একদল তরুন ছাত্র আর শিক্ষক । এ বই দুটি লিখতে প্রচুর সময় লেগেছে । Treatise লিখেছেন ছ'বছর ধরে, ১৯২৪ থেকে ৩০ । লেখার সময় ও লেখার শেষে পিয়েরো শ্রাফা, রিচার্ড কান, জেনস মিড, জোন রবিনশন ও অষ্টিন রবিনশন মেনার্ড কেইন্সের সাথে আলোচনায় নিরত হয়েছেন । এরা সবাই পরে স্বনাম খ্যাত অর্থনীতিবীদ ও অর্থনীতির শিক্ষক হয়েছেন । Treatise বেরুবার পর ঐ বইটিই একটি কোর্সে কেইন্স পড়িয়েছেন । কেইন্স নিজে Treatise নিয়ে তুষ্ট ছিলেন না, শেষ হয়েও যেন শেষ হল না এমন একটা অসন্তষ্টিতে তিনি ভুগছিলেন । এই আলোচনা ও অসন্তষ্টি থেকেই উদ্ভূত হয় General Theory. তখন থেকেই মেনার্ড কেইন্স General Thoery-র উপর কাজ শুরু করেছেন, মানসিক প্রস্তুতি নিয়েছেন, যুক্তি নির্ভরতা খুঁজেছেন; এবং আগে যে বিশ্লেষণ করেছেন তার উন্নয়ন সন্ধান করেছেন । ১৯৩৪ সালেই তিনি তার লেখা প্রাথমিকভাবে শেষ করে General Theory পড়াতে শুরু করেন । তার সে লেখার উপরে যারা ক্রমাগত আলোচনায় অংশগ্রহণ করেছিলেন তারা হলেন রিচার্ড কান, জোন রবিনশন, রয় হ্যারড ও র‍্যালফ হটরে । ফলে General Theory -র বেশ পরিবর্তন সাধিত হয় । (এ সম্পর্কে উল্লেখ্য যে ডেনিস রবার্টশন General Theory-র মতাদর্শকে সমর্থন করেননি ।)

মেনার্ড কেইন্সের বিশাল ব্যক্তিত্বের মধ্যে যৌবনের তাৎক্ষণিককতা যথেষ্ট পরিমাণে ছিল, ছিল সংবেদনশীল হৃদয়ের মহানুভবতা । সমাজের অসুবিধাগ্রস্থদের প্রতি তার একটা তাত্ত্বিক টান ছিল । তিনি কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে ভারতীয় ছাত্রদের জন্য সংখ্যা নির্ধারণের বিরোধীতা করেছেন, মেয়েদের বিশ্ববিদ্যালয়ে প্রবেশাধিকার এবং অন্যত্র সমানধিকারের সমর্থক ছিলেন, তিনি যুদ্ধবিরোধী বিবেকের তাড়নায় যারা সৈনিক হতে অস্বীকার করেছে তাদের পক্ষ নিয়ে সোচ্চার হয়েছিলেন এই বলে যে, সামরিক কার্যে নিয়োজিত হওয়ার মত গুরুত্বপূর্ণ প্রশ্নে নিজের মতামতের স্বাধীনতা বিলিয়ে দিতে তিনি রাজী নন ।

তিনি কখনই তার মতামত ও সিদ্ধান্ত গ্রহণের অধিকারকে খর্ব হতে দেননি । সে কারণেই তিনি নাটকীয়ভাবে আদর্শগত কারণে প্যারীস শান্তি সম্মেলন থেকে ট্রেজারীর প্রধান প্রতিনিধির পদ থেকে পদত্যাগ করেছিলেন । তিনি যথার্থ ও ন্যায়সংগত সমাধান খুঁজেছিলেন,পরাজিত শক্তিকে দোহন করে বিজয়ী শক্তিকে আর্থিক সমস্যার সমাধান তার কাম্য ছিল না । তিনি ডক্টর মেলকিওর-এর কাছ থেকে জার্মানীর প্রকৃত অর্থনৈতিক অবস্থা ও শক্তি বুঝবার চেষ্টা করেছেন অত্যন্ত আগ্রহ ও সহানুভূতির সাথে।

মেনার্ড কেইন্স এক অর্থে সুবিধাবাদী ছিলেন, তিনি সুযোগের সদ্ব্যবহার করতে পিছ পা হননি এবং শুরুতে পিতৃ-মাতৃ সম্পর্কে পরিচিত উচ্চ পদস্থদের ব্যবহার করেছেন বলে অভিযোগও রয়েছে (যেমন অষ্টিন চেম্বারলীন বা এশকুইথ)। ট্রেজারীতে তার নিরলস কর্ম একদিকে তার নিজেকে প্রতিষ্ঠা করতে অন্যদিকে তার মতামতকে প্রতিষ্ঠা করতে সুযোগ করে দিয়েছে এবং তিনি একাজ অত্যন্ত সজ্ঞানতার সাথে সুযোগ্যতার ভিত্তিতে সদম্ভে করেছেন বলে অনেকের বিশ্বাস। তার প্রাথমিক সাফল্য তাকে দর্পী করে তুলেছিল । তিনি চটপট কাজ করতেন । তিনি অশান্ত এবং অসহনশীলও হতে পারতেন । যেহেতু তিনি অতি সহজে অনেক জটিল ব্যাপার হৃদয়ংগম করতে পারতেন, সেহেতু যারা ধীরে কাজ করে তাদের প্রতি তার সহানুভূতি ছিল কম । তার এই বুদ্ধিমত্তা ও অসহনশীলতা তাকে এক রকম বিচ্ছিন্নতা এনে দিয়েছিল । কেম্ব্রিজ-লণ্ডন-সাসেক্স ছিল তার পৃথিবী । ভারতীয় মুদ্রা ব্যবস্থায় তার আগ্রহ ও জ্ঞান থাকা সত্বেও তিনি ভারতবর্ষে যেতে অস্বীকার করে কমিশন থেকে পদত্যাগ করেন । যদিও ছুটি কাটাতে বিত্তশালী বৃটিশদের মত ইউরোপ এমনকি মরোক্কো ও মিশরে তিনি গিয়েছিলেন । তবুও কাজের জন্য কেম্ব্রিজ-লণ্ডন-সাসেক্স-এর বাইরে যেতে চাননি । কেবল মাত্র জীবনের শেষ প্রান্তে এসে দীর্ঘদিন আমেরিকায় তাকে কাটাতে হয়েছে যুদ্ধবিধ্বস্ত পৃথিবীতে নতুন আন্তর্জাতিক মুদ্রা ব্যবস্থার সন্ধানে । তার বিচ্ছিন্নতার আরেকটি দিক ছিল তার উচ্চবিত্তের জীবন ধারা । তিনি শ্রমিক শ্রেণীর জীবনের মান উন্নীত করতে চেয়েছেন কিন্তু শ্রমিক শ্রেণীর জীবন সম্পর্কে তার কোন পরিচ্ছন্ন ধারণাই ছিল না ।

কেইন্সের রচনাশৈলী

এটা মনে হওয়া স্বাভাবিক যে, অর্থনীতিবিদের লেখা কি রচনাশৈলীর কারণে বিচার্য; অবশ্য একথা শাস্ত্র নির্বিশেষে বলা হয়ে থাকে যে, রুচীই মানুষের পরিচয় আর রচনাশৈলী রুচীর পরিচায়ক । কেইন্স সম্পর্কে একথা অত্যন্ত জোর দিয়ে বলা যায় যে, লেখার মাঝের তার মৌল মনোভংগি, তার বৈশিষ্ট্য ও তার স্বভাব পরিস্ফুট হয়ে ধরা পড়েছে ।

অর্থনীতি শাস্ত্রে অপরিচ্ছন্ন, অসুন্দর এবং সাধারণ লেখার কমতি নেই । বেশীর ভাগ অর্থনীতিবিদদের লেখাই সহজপাঠ্য নয় এবং সেগুলোতে কাঙ্খিত সাবশীলতা থাকে না । কেইন্সের সব লেখাও এক পর্যায়ের নয় । তবুও The Economic Consequences of the Peace কিংবা Eassys in Persuation অথবা Eassys in Biography আকর্ষণীয় পাঠ । তার মৃত্যুর পরে প্রকাশিত তার জীবন স্মৃতি (Two Memoirs) সাহিত্যিক কেইন্সের অপূর্ব পরিচয় বহন করে । অবশ্য স্মরণ রাখতে হবে এ বইগুলো

কেইন্স সাধারণ পাঠকের জন্য লিখেছিলেন এবং অনেক লেখার মধ্য থেকে বাছাই করে গ্রন্থিত করেছেন । এখন অনেকেরই মনে পড়বে না যে, কেইন্স তিন শতাধিক প্রবন্ধ লিখেছিলেন এবং এর অনেকগুলোই সাধারণ পাঠকের জন্য পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছিল ।

রচনাশৈলীর আলোচনায়, একথাও মনে রাখা প্রয়োজন যে, তিনি সাংবাদিকতা ও সম্পাদনায় দক্ষ ও নিবেদিত ছিলেন । তিনি বর্তমানের জন্য লিখেছেন, বর্তমান সমস্যা নিয়ে লিখেছেন, অনেক সময় তাৎক্ষণিক সমাধান বা পরিকল্পনা তুলে ধরেছেন । কেইন্স দ্রুত লিখতেন, তার দুর্বোধ্য হাতের লেখায় কমই কাটাকাটি বা পরিবর্তন করতেন; যখন তিনি আবেগে নিন্দামন্দ করতেন, তখনই কেবল তার লেখায় পরিবর্তন তিনি করেছেন । তিনি পরিশ্রমী ছিলেন এবং লেখা তার সহজেই আসত; নিজেকে লেখায় প্রকাশ করতে তার অসুবিধা ছিল না । পরিচ্ছন্ন ঝরঝরে চিন্তা তার লেখাকেও পরিচ্ছন্নতা দান করেছিল । তার লেখার আরেকটি দিক ছিল তার চিন্তার ক্রমাগত বিকাশ এবং তার চিন্তার অভিযোজন । কেইন্স ছিলেন যোদ্ধা, তিনি তার মতবাদকে যুক্তির সাথে সজোরে উত্থাপন করতেন । তিনি প্রচারকও ছিলেন সে অর্থে আর তার শিক্ষকতার রেশ তার লেখায়ও গিয়ে পড়েছে । তার নীতিবোধজাত ঘৃণা ও সংস্কারের উৎসাহ যেমনি তাকে সাংবাদিক করেছে তেমনি তার পারদর্শিতা তাকে লেখার নিয়ত রেখেছে । তিনি তাকে এমন এক বুদ্ধিজীবী মনে করতেন যার কাজ হচ্ছে উদ্বুদ্ধ করা, কাঙ্খিত কর্মে প্ররোচিত করা । তিনি ছিলেন স্বভাব সম্মোহনকারী, এমনকি প্রলুব্ধকারী । তিনি শব্দের ইন্দ্রজাল রচনা করতে পারতেন, আর শব্দগুলো যুক্তির সূত্রে গ্রন্থিত হয়ে কখন আবেগ কখন অনুভূতি সহজে গ্রহণীয় করে উপস্থাপিত করত । শব্দই ছিল তার বীনা, আর শিল্পীর মত তিনি তার ব্যবহার করেছেন । সেজন্য তার লেখা সজ্ঞান আর শব্দের ব্যবহার তার শক্তি ও নৈপুণ্যের পরিচায়ক । তিনি শব্দের সঠিক অর্থ জানতেন আর শব্দের ব্যবহারেই তিনি তার রসবোধ, কল্পনা এমনকি যুক্তির ঝোক সুন্দর করে তুলে ধরতেন ।

নৈপুণ্য এসে ছিল কালক্রমে কিন্তু সজ্ঞানতা তার চিরকালের সম্পদ । সিভিল সার্ভিসে কাজ করবার সময় তিনি যে মেমোরাণ্ডা তৈরী করতেন তাতে বিবেচনাগুলো কিভাবে বিন্যস্ত করা ভাল সে সম্পর্কে তিনি ভাল প্রশিক্ষণ পেয়েছিলেন, এজন্য বিপক্ষের যুক্তি খণ্ডন এবং নিজের যুক্তির আলোচনা সহজ যুক্তিযুক্ত ও সাধারণ জ্ঞানের মতই মনে হয় । সাধারণের জন্য লেখায় জটিল কোন বিষয় তুলে ধরতে হলে কেইন্স পরিচিত রূপকের সাহায্যে নিয়েছেন । কেইন্সের লেখার ধরন অনেক সময় পাঠকের সাথে কথপোকপনের মত ছিল, প্রশ্ন করা ও তার উত্তর খুঁজে বের করা এবং এমন একটা আলাপ চারিতায় সেটা পূর্ণ হত যে অনেক সময় মনেই থাকে না যে, এটা একপক্ষীয় কথাবার্তা ।

তার লেখায় অনেক সময় ভার্জিনিয়া উলফ (যিনি ব্লুমসবেরী ক্লাবের সদস্য ছিলেন) এর মত এক লাইনে একজন জীবন্ত মানুষের চারিত্রকে চিত্রন করতে পারতেন । লয়েড জর্জ ও উড্রু উইলনের চরিত্র স্মরণ করা যেতে পারে । এমনকি আলফ্রেড মার্শাল সম্পর্কে তার স্মৃতিকথাও স্মরণীয় । তার কল্পনাও অনেক সময় বল্গাহীন হতে

পারত । যেমন রাশিয়ার কম্যুনিষ্টদের তিনি আটিল্লার নেতৃত্বে প্রথম যুগের খৃস্টান বলে বর্ণনা করেছিলেন । তার মৌলিক রসালাপ অনেক সময় বিদ্রূপের মত শোনাত । অসম্ভবের জ্ঞান তাকে ব্যংগ সম্পর্কে সচেতনতা দিয়েছিল আর তার লেখায় এই ব্যাংগ কায়িক রূপ পরিগ্রহ করত (যেমন আমেরিকানরা বিশ্বের স্বর্ণসম্ভারে হোচট খেয়ে পড়ে আকাশমুখী স্বর্ণবাছুর তৈরী করছে)। স্তুতিচ্ছলে নিন্দাও তার লেখায় প্রচুর পাওয়া যায় । (যেমন তিনি বলেছেন ইউরোপীয় অধমর্নের ভালবাসা ও কৃতজ্ঞতা আমেরিকানরা সদয়ভাবে গ্রহণ করে তাদেরকে ক্ষমা দিয়ে অভিভূত করে দেয়)।

কেইন্সের সংবাদপত্রের জন্য প্রথম লেখাগুলো অত্যন্ত কার্যকর, বাহুল্যবর্জিত ও স্তিতধী । তবে পরবর্তীকালে তার লেখায় দ্রুততাজনিত অসাবধানতা, কিছু অতিরঞ্জন, কিছু আনাড়িসুলভ শৈলী পরিলক্ষিত হয়েছে ।' কিন্তু তার লেখার পরিমাণ লক্ষ্য করলে, এটা অবশ্য তেমন উল্লেখ্য নয় ।

তার লেখার উপস্থাপনায় দু'টি জিনিসের সংমিশ্রণ ছিল । প্রথমেই তিনি উদ্‌ঘাটিত গোপন তথ্যের সংক্ষিপ্ত সার দিতেন যেখানে অমংগলের পূর্ব সূচনা চিহ্নিত হয়েছে এবং ভবিষ্যৎ বাণীও লিপিবদ্ধ হয়েছে, এর পরে থাকত ইতিহাসের আলোচনা যেটি তার অন্তর্দৃষ্টিতে উজ্জল হয়ে উঠত । দ্বিতীয় যে জিনিস তিনি তুলে ধরতেন সেটি একপ্রস্ত পরিসংখ্যান, সহজে যাদের বিশ্বাস হয় না তাদের জন্য । এই দুই জিনিসের মিশ্রণ কেবল যে কার্যকরী ছিল তা নয় বরং সেটা আকর্ষণীয়ও ছিল ।

এতসব সত্ত্বেও কেইন্স অনেক অর্থনীতিবিদদের হতবুদ্ধি করেছেন তার রচনা দিয়ে । শব্দের নতুন যোজনায়; কোন কোন অর্থনীতিবিদকে তিনি হতবাক ও হতদৃষ্টিও করে ফেলেছেন । এজন্য এ.সি. পিগু তার বিরুদ্ধে সহমতের চাইতে ভিন্ন মতকে তুলে ধরে কুজ্ঝটিকা সৃষ্টির অভিযোগ এনেছেন । কেউ বা বলেছেন তিনি কেবল শব্দাধুনীক মাত্র । তবুও একথা সত্য যে, জন মেনার্ড কেইন্স তার লেখায় নতুন তত্ত্বের স্বচ্ছ যোজনা করেছেন আর পুরাতন তত্ত্বের যৌক্তিক বিশ্লেষণ তুলে ধরেছেন ।

ECONOMIC AND MANAGEMENT PROBLEMS OF DEVELOPMENT BANKING

Central Banking, Monetary Management and Related Issues with Special Reference to Bangladesh Experience

A. M. A. RAHIM*
MOHAMMAD SOHRAB UDDIN**

1. Introduction

This paper is an attempt to discuss some of the issues of the central banks in monetary management and economic development with special reference to Bangladesh experience, in policy measures. It is written from the perspective of our experience of dealing with central banking problems for a number of years. We have, therefore, placed emphasis on the practical problems and the key policy issues that the central bankers are often confronted with in actual situation.

The functions of central bank are carried out within the framework of a nation's overall economic policy objectives, the most important of which are (a) sustained economic growth, (b) reasonable price stability and (c) a stable balance of payments position. Central banks are required to pursue policies in a manner which helps attain the above policy objectives. However, simultaneous attainment of all the above objectives is not an easy task since the policy goals are often in conflict with each other. Policy pursued to achieve price stability and an improved balance

---

* Secretary to the Government of the Peoples' Republic of Bangladesh.
** General Manager, Bangladesh Bank.

The views expressed in the paper are the authors' own and do not, in any way, reflect the views of the institutions for which they work.

of payments situation may slow down the economic growth. Therefore, while formulating monetary policy, efforts are made to maintain proper balance between these objectives. Since the central bank of a country, in general, regulates the financial system of the country, it is the responsibility of the central bank to formulate and implement monetary policy in line with the overall economic policies pursued by the Government. Though the central bank's major responsibilities are to frame the monetary policy, in practice, the authority exercised by central banks in the discharge of responsibilities differ from country to country. In general, the central banks are expected to carry out their duties in consultation with the relevant government agencies.

